Baboo Hurro Kali Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Sixth Grade, is promoted temporarily to the Fifth Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Gunga Nund Mookerjee

Baboo Jodu Nath Chowdhry, Deputy Magistrate and Deputy Collector, Jessore, is confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Otool Chunder Chatterjee

Baboo Bhobotosh Banerjee, Deputy Magistrate and Deputy Collector, on special duty, is confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Gunga Nund Mookerjee

Baboo Kristo Kumar Sen, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, on leave, is confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Lolit Mohun Chatterjee, resigned

Baboo Probhath Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, Seventh Grade, is promoted temporarily to the Sixth Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Jodu Nath Chowdhry

Mr T J Mendes, Deputy Magistrate and Deputy Collector, Seventh Grade, is promoted temporarily to the Sixth Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Bhobotosh Banerjee

Baboo Soshi Sikar Dutt, Deputy Magistrate and Deputy Collector, Seventh Grade, is promoted temporarily to the Sixth Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Kristo Kumar Sen

Baboo Khetter Gopal Roy, Officiating Deputy Magistrate and Deputy Collector, Kishoregunge, Mymensing, is confirmed in the Seventh Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Jodu Nath Chowdhry

Baboo Aushootosh Gupta, Officiating Deputy Magistrate and Deputy Collector, Pubna, is confirmed in the Seventh Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Bhobotosh Banerjee

Baboo Okhoy Coomar Bose, Officiating Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is confirmed in the Seventh Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Kristo Kumar Sen

The following Officiating and Temporary Deputy Magistrates and Deputy Collectors are confirmed in the Seventh Grade of the Subordinate Executive Service —

Name	Station
Baboo Komulnath Ghose	Pooree
„ Chunder Narain Gupta	Deoghur, Sonthal Pergunnahs
„ Sant Prosad	Sarun
„ Prankissen Roy	Cuttack
„ Gopal Chunder Mookerjee	Balasore
„ Saroda Prosad Sircar	Noakholly
„ Gunga Nath Roy	Employed under the Public Works Department, Irrigation Branch.
Moulvi Zakir Hossein	Chittagong
Baboo Tarini Lal Chowdry	Ditto
„ Khetter Mohun Mookerjee	Maldah
„ Nilmoney Coowar	Lohardugga.
„ Gossain Das Dutt	Pubna
„ Poorno Chunder Roy	Manbhoom
„ Umesh Chunder Batabyal	Barripore, 24-Pergunnahs
„ Kader Nath Dutt	Officiating Personal Assistant to the Commissioner of the Rajshahye and Cooch Behar Division.
„ Umullo Churn Mullick	Julpigoree
Mr C G M Shircore	Furreedpore
Baboo Nobin Chunder Mitter	Sarun
„ Shama Churn Mitter	Noakholly
Moulvi Muizuddin Ahmed	Ditto

[*Government Gazette*, 24*th February* 1880]

শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে ষষ্ঠ শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরকালী মুখোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে সবর্ডিনেট একসিকিটিব সর্ব্বিসের পঞ্চম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু অতুলচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ চৌধুরী সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের ষষ্ঠ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায়ের পরিবর্ত্তে বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায়, সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের ষষ্ঠ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ললিতমোহন চট্টোপাধ্যায় কর্ম্মত্যাগ করাতে ছুটীপ্রাপ্ত বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকুমার সেন, সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের ষষ্ঠ শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু যদুনাথ চৌধুরীর পরিবর্ত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রভাতনাথ রায় কিয়ৎকালের নিমিত্তে সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের ষষ্ঠ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি, জে, মেণ্ডিস সাহেব কিয়ৎকালের নিমিত্তে সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের ষষ্ঠ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কৃষ্ণকুমার সেনের পরিবর্ত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শশীশেখর দত্ত কিয়ৎকালের নিমিত্তে সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের ষষ্ঠ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু যদুনাথ চৌধুরীর পরিবর্ত্তে ময়মনসিংহের অন্তর্গত কিশোরগঞ্জের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ক্ষেত্রগোপাল রায় সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের সপ্তম শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে পাবনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু আশুতোষ গুপ্ত সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের সপ্তম শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কৃষ্ণ কুমার সেনের পরিবর্ত্তে মানভূমের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অক্ষয়কুমার বসু সবর্ডিনেট একসেকিটিব সর্ব্বিসের সপ্তম শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত একটিং ও কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরেরা সবর্ডিনেট একসেকিটিব সির্ব্বিসের সপ্তম শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কমল নাথ ঘোষ ...	পুরী।
,, ,, চন্দ্র নারায়ণ গুপ্ত	সাঁওতাল পরগনার অন্তর্গত দেবগড়।
,, শান্ত প্রসাদ বাবু	... সারণ।
,, ,, প্রাণকৃষ্ণ রায়	কটক।
,, ,, গোপাল চন্দ্র মুখোপাধ্যায়	বালেশ্বর।
,, ,, শারদা প্রসাদ সরকার	নওয়াখালী।
,, ,, গঙ্গানাথ রায়	পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখার অধীনে নিযুক্ত
,, মৌলবী জাকের হুসেন	চট্টগ্রাম।
,, বাবু তারিণী লাল চৌধুরী	ঐ।
,, ,, ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়	ময়মনসিংহ।
,, ,, নীলমণি কুমার	মেদিনীপুর।
,, ,, গোঁসাই দাস দত্ত	পাবনা।
,, ,, পূর্ণচন্দ্র রায়	মালদহ।
,, ,, উমেশচন্দ্র বটব্যাল	২৪ পরগনার অন্তর্গত বারুইপুর।
,, ,, কেদারনাথ দত্ত	রাজশাহী ও কুচবিহার খণ্ডের কমিশনার সাহেবের পর্সোনাল আসিষ্টাণ্ট।
,, ,, অমূল্যচরণ মল্লিক	.. জলপাইগুড়ি।
,, সি, জি, এম, পার্কার সাহেব	ফরীদপুর।
,, বাবু নবীনচন্দ্র মিত্র	সারণ।
,, ,, শ্যামাচরণ মিত্র	নওয়াখালী।
,, মৌলবী মুইজুদ্দীন আহম্মদ ...	ঐ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৪ ফেব্রুয়ারি।]

Baboo Bissessor Banerjee	Midnapore
„ Tarini Sunker Roy	Dacca
„ Koylash Chunder Chatterjee	Midnapore
Mr J Ellison	24-Pergunnahs and Jessore
Baboo Bhoirab Nath Palit	Chittagong

The following Officiating Deputy Magistrates and Deputy Collectors are appointed temporarily to be Deputy Magistrates and Deputy Collectors of the Seventh Grade —

Moulvi Abdool Wahab	Julpigoree
„ Faizuddeen Hossein	Rajshahye
Baboo Bogola Prosanno Mozoomdar	Tipperah
„ Ram Narain Banerjee	Dinagepore

Mr A Forbes, Officiating Magistrate and Deputy Collector, Howrah, is appointed to act as Junior Secretary to the Board of Revenue, during the absence, on deputation, of Mr C P L Macaulay, or until further orders

Mr C C Quinn, Joint-Magistrate and Deputy Collector, Bankoora, is appointed to act as Magistrate and Deputy Collector of Howrah, during the absence, on deputation, of Mr D R Lyall, or until further orders

LEGISLATIVE —*The* 13*th February* 1880 —With the sanction of His Excellency the Viceroy and Governor-General, the Lieutenant-Governor appoints Maharaja Luchmessur Sing Bahadur of Durbhunga, under the provisions of the 29th, 30th and 45th Sections of the Indian Council's Act of 1861, to be a member of the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William, *vice* Baboo Mohini Mohan Roy

The 17*th February* 1880 —With the sanction of His Excellency the Viceroy and Governor-General, the Lieutenant-Governor reappoints the Hon'ble J O'Kinealy, under the provisions of the 29th, 30th and 45th Sections of the Indian Council's Act of 1861, to be a member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William, with effect from the 23rd instant

POLICE —*The* 12*th February* 1880 —Mr M F Beamish, Assistant Superintendent of Police, Pubna, is reappointed to act in the First Grade of Assistant Superintendents of Police, with effect from the 30th ultimo, the date on which he ceased to act as District Superintendent of Police, Dinagepore

The 13*th February* 1880 —Mr R H G Irvine, District Superintendent of Police, Durbhunga, is posted temporarily to Midnapore

The 14*th February* 1880 —The following promotions in the Police Department are sanctioned with effect from the 1st March 1880, *vice* Mr J H Reily —

Mr E I Shuttleworth, District Superintendent of Police, 24-Pergunnahs, to the First Grade of District Superintendents of Police, *vice* Mr J H Reily

Lieutenant-Colonel H E Waller, District Superintendent of Police, on leave, to the Second Grade of District Superintendents, *vice* Mr E I Shuttleworth

Mr R H G Irvine, District Superintendent of Police, posted temporarily to Midnapore, to the Third Grade of District Superintendents, *vice* Lieutenant-Colonel H E Waller

Mr H N Harris, District Superintendent of Police, Burdwan, to the Fourth Grade of District Superintendents, *vice* Mr R H G Irvine

Mr E M Showers is appointed to be a District Superintendent of Police of the Fifth Grade, *vice* Mr H N Harris, and will continue to act, until further orders, as District Superintendent of Police, Nuddea

Mr R A D Bignell, Assistant Superintendent of Police in charge of the Police of City of Patna, is promoted to the First Grade of Assistant Superintendents, *vice* Mr Showers

Mr F T Platts, District Superintendent of Police, Chittagong, is transferred to Dacca, *vice* Mr J H Reily

Mr G M M. Ridsdale, District Superintendent of Police, Rungpore, is transferred to Chittagong

Mr H N Harris, District Superintendent of Police, Burdwan, is transferred to Rungpore

[*Government Gazette*, 24*th February* 1880]

শ্রীযুক্ত বাবু বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায় ... মেদিনীপুর।
" " তারিণী শঙ্কর রায় ... ঢাকা।
" " কৈলাস চন্দ্র চট্টোপাধ্যায় ... মেদিনীপুর।
" জে, এলিসন সাহেব ... ২৪ পরগনা ও যশোহর।
" বাবু ভৈরবনাথ পালিত ... চট্টগ্রাম।

নিম্নলিখিত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা কিয়ৎকালের নিমিত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহেব ... জলপাইগুড়ি।
" " মযজুদ্দীন হুসেন ... রাজশাহী।
" বাবু বগলাপ্রসন্ন মজুমদার ... ত্রিপুরা।
" " রামনাথ য়ণ বন্দ্যোপাধ্যায় ... দিনাজপুর।

বাঙ্গবাগোপলক্ষে শ্রীযুত সি, পি, এল, মেকলে সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, হাবড়ার একটিং মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, ফর্ব্বস সাহেব রেবিনিউ বোর্ডের দ্বিতীয় সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বাঙ্গবাগোপলক্ষে শ্রীযুত আর, ডি, লায়ল সাহেবের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আদেশ না হয়, বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, সি, কুইন, সাহেব হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ব্যবস্থাপন সম্পর্কীয়।—১৮৮০ সাল ১৩ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু মোহিনী মোহন রায়ের পরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে দ্বারভাঙ্গার মহারাজা শ্রীযুত লক্ষ্মীশ্বর সিংহ বাহাদুরকে ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক ১৮৬১ সালের আইনের ২৯ ও ৩০ ও ৪৫ ধারার বিধানমতে ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গদেশ খণ্ডে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভাপদে বরণ করিলেন।

১৮৮০ সাল ৭ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনেরল সাহেবের অনুমোদনক্রমে মান্যবর শ্রীযুত জে, ওকীনিলী সাহেবকে ভারতবর্ষীয় মন্ত্রিসভা-বিষয়ক ১৮৬১ সালের আইনের ২৯ ও ৩০ ও ৪৫ ধারার বিধানমতে ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গদেশ খণ্ডে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভাপদে এই মাসের ২৩ তারিখ অবধি পুনর্ব্বার বরণ করিলেন।

পোলীস বিষয়ক।— ৮৮০ সাল ১২ ফেব্রুয়ারি।—পাবনার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এম, এস, বীমিস সাহেব গত মাসের ৩০ তারিখ অবধি পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন। ঐ তারিখে তিনি দিনাজপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্মকরণ হইতে নিরৃত্ত হইয়াছেন।

১৮৮০ সাল ১৩ ফেব্রুয়ারি।—দ্বারভাঙ্গার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এচ, জি, অর্ব্বিন সাহেব কিয়ৎকালের নিমিত্তে মেদিনীপুরে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১৪ ফেব্রুয়ারি।—শ্রীযুত জে, এচ, রাইলী সাহেবের পরিবর্ত্তে ১৮৮০ সালের ১ মার্চ অবধি পোলীস কার্য্যবিভাগে নিম্নলিখিত পদবৃদ্ধি অনুমোদিত হইল।

শ্রীযুত জে, এচ, রাইলী সাহেবের পরিবর্ত্তে ২৪ পরগনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, আই, শটলওয়ার্থ সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণী ভুক্ত হইলেন।

শ্রীযুত ই, আই, শটলওয়ার্থ সাহেবের পরিবর্ত্তে ছুটী প্রাপ্ত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এচ, ই, ওয়ালর সাহেব ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এচ, ই, ওয়ালর সাহেবের পরিবর্ত্তে কিয়ৎকালের নিমিত্ত মেদিনীপুরে অবস্থাপিত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এচ, জি, অর্ব্বিন সাহেব ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত আর এচ, জি, অর্ব্বিন সাহেবের পরিবর্ত্তে বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এম, হারিস সাহেব ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত এচ, এম, হারিস সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ই, এম, শৌযার্স সাহেব, পোলীসের পঞ্চম শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইলেন, ও যাবৎ অন্য আজ্ঞা না হয় নদীয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত শৌযার্স সাহেবের পরিবর্ত্তে পাটনা শহরের পোলীসের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এ, ডি, বিগনেল সাহেব আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণী ভুক্ত হইলেন।

শ্রীযুত জে, এচ, রাইলী সাহেবের পরিবর্ত্তে চট্টগ্রামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, টি, প্লাউস সাহেব, ঢাকায় প্রেরিত হইলেন।

রঙ্গপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, এম, এম, রিডসডেল সাহেব, চট্টগ্রামে প্রেরিত হইলেন।

বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এম, হারিস সাহেব রঙ্গপুরে প্রেরিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৪ ফেব্রুয়ারি।]

Mr W R Green, Assistant Superintendent of Police, Burdwan, is appointed to act, until further orders, as District Superintendent of Police of that district.

OPIUM —*The 17th February* 1880 —Mr R Drake, Sub-Deputy Opium Agent of Tirhoot, is appointed to be Sub-Deputy Opium Agent of Hajeepore

Mr H J Lloyd, Officiating Sub-Deputy Opium Agent of Hajeepore, is appointed to act, until further orders, as Sub-Deputy Opium Agent of Tirhoot

MEDICAL —*The 31st January* 1880 —The undermentioned gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Hitampur, in the district of Beerbhoom —

Baboo Brindabun Chunder Roy
„ Dhone Kristo Sen
„ Doorga Dass Roy

Baboo Hari Nath Bhattacharjee
„ Juggobundhoo Roy Chowdhury
„ Tinkari Banerjee

The 2nd February 1880 —The undermentioned gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Manickgunge, in the district of Dacca —

Baboo Brindabun Chunder Das, Court Sub-Inspector
„ Hara Kisore Chatterjee, Muktear and Talookdar

The 4th February 1880 —The undermentioned gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Julpigoree —

The Inspector of Police in charge of the Sudder sub-district, *ex-officio*
Baboo Shama Churn Sen, Nazir, Deputy Commissioner's Office

The 11th February 1880 —Assistant Surgeon Onoocool Chunder Chatterjee, a Supernumerary at the Campbell Hospital, having returned to duty on the 17th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 29th April last, is cancelled

The 17th February 1880 —Dr W F Murray is appointed to be Civil Surgeon of Durbhunga, but will continue to act, until further orders, as Civil Surgeon of Burdwan

Dr B Gupta, Officiating Civil Surgeon of Pooree, is confirmed in that appointment

Dr. H W Hill, Civil Surgeon of Monghyr, on leave, is appointed to be Civil Surgeon of Hazaribagh

Dr E Bovill, Officiating Civil Surgeon of Monghyr, is confirmed in that appointment

JAILS —*The 13th February* 1880 —Mr W Leonard is appointed to be Superintendent of the Buxar Central Jail, with effect from the date of the death of Dr N Jackson, Mr Leonard will, however, continue to act, until further orders, as Superintendent of the Central Jail, Bhagulpore

Mr H. Tucker, Officiating Personal Assistant to the Inspector-General of Jails, is confirmed in that appointment, *vice* Mr W Leonard

Mr F Graves, Officiating District Superintendent of Police, Midnapore, is appointed to act, until further orders, as Superintendent of the Buxar Central Jail

MARINE —*The 12th February* 1880 —Mr E Good, Port Officer, Chittagong, is allowed leave for four days, under the rules in Chapter VII of the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 9th ultimo

ECONOMIC MUSEUM —*The 17th February* 1880 —The following gentlemen are appointed to be members of the Central Committee of management for the Calcutta Economic Museum —

The Hon'ble A B Inglis
Major J Eckford, R E
Mr J S Gamble

Mr W H Cogswell
„ G W Strettell
Baboo Doorga Churn Law.

MUNICIPAL —*The 31st January* 1880 —The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Biddibatty Municipality of Baboo Gobindo Chunder Mookerjee to be their Vice-Chairman for the rest of the current financial year, *vice* Baboo Monohur Mookerjee, deceased

Mr G A Bramall, District Traffic Superintendent, East Indian Railway, Sahebgunge, is appointed to be a Commissioner of the Sahebgunge Municipality, *vice* Mr W C Bagnall, resigned

[*Government Gazette, 24th February* 1880]

বর্দ্ধমান জিলার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ আর, গ্রীম্‌ সাহেব, যাবৎ অন্য আজ্ঞা না হয়, উক্ত জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আফীম বিষয়ক।—১৮৮০ সাল ১৭ ফেব্রুয়ারি।—ত্রিহুতের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর ডেক্‌ সাহেব হাজীপুরের আফীমের সব-ডেপুটী এজেণ্টের পদে নিযুক্ত হইলেন।

হাজিপুরের আফীমের একটিং সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, জে, লযড সাহেব, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ত্রিহুতের আফীমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮০ সাল ৩১ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা বীরভূম জিলার অন্তর্গত হেতমপুরস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র রায়।	শ্রীযুত বাবু হরিনাথ ভট্টাচার্য্য।
„ „ ধনকৃষ্ণ সেন।	„ „ জগবন্ধু রায় চৌধুরী।
„ „ দুর্গাদাস রায়।	„ „ তিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

১৮৮০ সাল ২ ফেব্রুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা জিলার অন্তর্গত মাণিকগঞ্জস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

কোর্টসব-ইনিস্পেকটর শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র দাস।

মোক্তার ও তালুকদার শ্রীযুত বাবু হরকিশোর চট্টোপাধ্যায়।

১৮৮০ সাল ৪ ফেব্রুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা জলপাইগুড়িস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

সদর সব-ডিষ্ট্রিকটের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত পোলীসের ইনিস্পেকটর। } পদাপলক্ষে।

ডেপুটী কমিশনরের আফিসের নাজীর শ্রীযুত বাবু শ্যামাচরণ সেন।

১৮৮০ সাল ১১ ফেব্রুয়ারি।—কাম্বেল হস্পাতালের অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত অনুকূল চন্দ্র চট্টোপাধ্যায় গত মাসের ১৭ তারিখে কর্ম্মে প্রত্যাগমন করাতে গত আপ্রিল মাসের ২৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৮০ সাল ১৭ ফেব্রুয়ারি।—ডাক্তর শ্রীযুত ডবলিউ, এফ, মবে সাহেব দারভঙ্গার সিবিল চিকিৎসকের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, বর্দ্ধমানের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে থাকবেন।

পুরীর একটিং সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি, গুপ্ত সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

ছুটীপ্রাপ্ত মুঙ্গেরের সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এচ, ডবলিউ, হিল সাহেব, হাজারীবাগের সিবিল চিকিৎসকের পদে নিযুক্ত হইলেন।

মুঙ্গেরের একটিং সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত ই, বর্বিল সাহেব, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

জেলসম্পর্কীয়।—১৮৮০ সাল ১৩ ফেব্রুয়ারি।—ডাক্তর এম, জাকসন সাহেবের মৃত্যু হওয়াতে শ্রীযুত ডবলিউ, লেনার্ড সাহেব বক্সারের সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইলেন। যাবৎ অন্য আজ্ঞা না হয় তিনি ভাগলপুরের সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে থাকেন।

ডবলিউ, লেনার্ড সাহেবের পরিবর্ত্তে জেলসমূহের ইনস্পেক্টর জেনরল সাহেবের একটিং স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত এ, টকর সাহেব, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

মেদিনীপুরের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, ক্রেবস সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় বক্সারের সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সমুদ্র সম্পর্কীয়।—১৮৮০ সাল ১২ ফেব্রুয়ারি।—চট্টগ্রাম বন্দরের বর্ত্তপক্ষ শ্রীযুত ই, উড সাহেব, গত মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধান পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে চারি দিনের ছুটী পাইলেন।

ইকনমিক মিউজিয়ম বিষয়ক।—১৮৮০ সাল ১৭ ফেব্রুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা কলিকাতার ইকনমিক মিউজিয়মের কার্য্য নির্ব্বাহক সদর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মাননীয় শ্রীযুত এ, বি, ইংলিস সাহেব।	শ্রীযুত ডবলিউ, এচ, কগসওয়েল সাহেব।
মেজর শ্রীযুত জে, একফর্ড সাহেব, আর, ই।	„ জি, ডবলিউ, ট্রেটেল সাহেব।
শ্রীযুত জে, এস, গাম্বেল সাহেব।	„ বাবু দুর্গাচরণ লাহা।

মুনিসিপাল বিষয়ক।—১৮৮০ সাল ৩১ জানুয়ারি।—বাবু মনোহর মুখোপাধ্যায়ের মৃত্যু হওয়াতে বৈদ্যবাটী মুনিসিপালিটীর কমিশনরেরা রাজস্ব সম্পর্কীয় চলিত বৎসরের অবশিষ্ট কালের নিমিত্ত শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায়কে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

শ্রীযুত ডবলিউ, সি, বাগনল সাহেব কর্ম্ম ত্যাগ করাতে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের সাহেবগঞ্জের ডিষ্ট্রিক্ট ট্রাফিক সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, এ, আয়ন সাহেব, সাহেবগঞ্জ মুনিসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৪ ফেব্রুয়ারি।]

The 17th February 1880 —Mr H Beverley, C S, is appointed to be a Commissioner for the Town of Calcutta, *vice* the Hon'ble Syed Ameer Hossein, resigned

The following notifications are republished from the *Assam Gazette* —

No 26 —*The 5th February* 1880 —Mr F St Clair Grimwood, B A, Assistant Commissioner, Third Grade, Sibsagar, is transferred to Lakhimpur, and is posted at the head-quarters station of that district

No 27 —Mr J D Anderson, Assistant Commissioner, Third Grade, who reported his arrival at Sylhet, is appointed to be in charge of the sub-division of Habiganj

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th February 1880 —Under Section 8 of Act V (B C.) of 1875, the Lieutenant-Governor has determined that a survey shall be made of the lands on the banks of the river Jamuna or Brahmaputra, in the district of Mymensingh The boundaries of all mouzahs will be demarcated, and those of estates where considered necessary by the Superintendent of Survey

H J REYNOLDS,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 16th February 1880 —The amended bye-law No 4, for landing and delivery of goods at the jetties of the Commissioners for making Improvements in the Port of Calcutta, having been published for three successive weeks in the *Calcutta Gazette*,* it is hereby notified for general information that, under the provisions of section 83, Act V (B C) of 1870, the Lieutenant-Governor is pleased to approve of the amended bye-law

* Of 10th December 1879, Part I, page 1220
" 17th " " " " 1243
" 24th " " " " 1263

H J REYNOLDS,
Secy to the Govt. of Bengal

[Second Publication.]

NOTIFICATION

The 26th January 1880.—In exercise of the powers conferred upon him by section 314 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant-Governor is pleased to confirm the following Bye-laws, which were made by the Commissioners of the Pubna Municipality at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given, and in exercise of the powers conferred by section 315 of the same Act, the Lieutenant-Governor is pleased to sanction the penalties which have been declared by the said Commissioners for the breach of the said Bye-laws —

For regulating the conduct of business at meetings

1 A list of business to be transacted at any meeting of the Commissioners shall accompany the notice calling the meeting, and no matter which is not contained in such list shall be brought forward for discussion at any meeting, unless with the consent of the majority of the Commissioners present at the meeting

2 Any member wishing to bring any proposition before the Commissioners at a meeting shall give written notice to the Chairman or Vice-Chairman of his intention to do so, and such proposition shall be included in the next list of business which may be prepared after the receipt of the notice.

For regulating the mode of collecting taxes

3 Every collecting officer shall be provided with a certificate of his authority to collect which shall bear the seal of the Municipality and the signature of the Chairman Every collecting officer at the time of demanding payment shall be bound to show this certificate if required

১৮৮০ সাল ১৭ ফেব্রুয়ারি।—মাননবর শ্রীযুত সৈয়দ আমীর হুসেন কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত এচ, বেবর্লী সাহেব, সি, এস, কলিকাতা নগরের কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

২৬ নম্বর।—১৮৮০ সাল ৫ ফেব্রুয়ারি।—শিবসাগরের তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এক, সেণ্ট, ক্লের গ্রিমউড সাহেব বি, এ, লক্ষ্মীপুরে প্রেরিত হইয়া ঐ জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

২৭ নম্বর।—তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত জে, ডি, আণ্ডরসন সাহেব শ্রীহট্ট পঁহুছিবার রিপোর্ট করিয়া হবিগঞ্জ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৭ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনের ৩ ধারামতে ময়মনসিংহ জিলার অন্তর্গত যমুনা বা ব্রহ্মপুত্র নদের তটস্থ ভূমি জরীপ করিতে স্থির করিয়াছেন। সকল মৌজার ও জরীপের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যেং মহালের সীমার চিহ্ন দেওয়া আবশ্যক বোধ করেন তাহতে সীমার চিহ্ন দেওয়া যাইবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৬ ফেব্রুয়ারি।—কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের জেটীতে মাল নামাওন ও তথাহইতে মাল দেওন বিষয়ক উপবিধির যে ৪ নং ধারা বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে* একবার প্রকাশ করা গিয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৮৩ ধারার বিধানমতে সেই সংশোধিত ধারা অনুমোদন করিলেন, সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

* ১৮৭৯ সালের ১৬ ডিসেম্বরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১১৮১ পৃষ্ঠা।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ জানুয়ারি।—পাবনা মুন্সিপালিটীর কমিশ্যনরেরা উপযুক্তমত নোটিস দিয়া সভা করিয়া এই জ্ঞাপনপত্রের নিম্নভাগের লিখিত যেং উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরর্ণর সাহেব বঙ্গদেশের মুনসিপল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহা দৃঢ় করিলেন। এবং উক্ত কমিশ্যনরেরা উক্ত উপবিধি লঙ্ঘন হইলে যেং দণ্ড ধার্য্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরর্ণর সাহেব উক্ত আইনের ৩১৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেইং দণ্ড অনুমোদন করিলেন।

সভায় কার্য্য চালাইবার বিধান।

১। কমিশ্যনরদের কোন সভায় যে কার্য্যকরা যাইবে সভাহ্বান করিবার নোটিসের সঙ্গে তাহার নির্ঘণ্ট পত্র থাকিবে। উক্ত নির্ঘণ্টপত্রে যাহা লেখা না থাকে, সভাগত কমিশ্যনরদের অধিকাংশের সম্মতি বিনা তাহা বিবেচনা করিবার জন্য উপস্থিত করা যাইবে না।

২। কোন ব্যক্তি সভাগত কমিশ্যনরদের সম্মুখে কোন প্রস্তাব করিবার ইচ্ছা করিলে, সভাপতির বা প্রতিনিধি সভাপতির নিকট আপনার সেই অভিপ্রায় লিখিয়া জানাইবেন। নোটিস পাইবার পর আগামি সভার কার্য্যের যে নির্ঘণ্টপত্র প্রস্তুত করা যাইবে উক্ত প্রস্তাব তন্মধ্যে গৃহীত হইবে।

টাক্স আদায় করিবার নিয়মের বিধান।

৩। টাক্স আদায়কারি প্রত্যেক কর্ম্মকারক টাক্স আদায় করিবার ক্ষমতাসূচক সর্টিফিকেট পাইবেন, ও উক্ত প্রত্যেক সর্টিফিকেটে মুনিসিপালিটীর মোহর ও সভাপতির স্বাক্ষর থাকিবে। টাক্স আদায়কারি প্রত্যেক জন কার্য্যকারকের টাকা চাহিবার সময়ে তাঁহার ঐ সর্টিফিকেট দেখাইবার আদেশ হইলেই তাঁহাকে তাহা দেখাইতেই হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৪ ফেব্রুয়ারি।]

4 Payment of purchase-money for property sold and delivery of the property shall be made immediately after the sale, and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer at his discretion to sell the property again on the same or any other day, and the former purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them

5 Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition, in the manner described in section 367 of the Act Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rs 5 for the omission, and to a penalty not exceeding Rs 2 for every day the omission shall after warning continue

For regulating the conduct of persons employed by the Commissioners

6 All persons employed by the Commissioners whose services may be no longer required shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month, and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month on pain of forfeiture of one month's salary.

7 All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix, and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment and may be removed from office

For regulating the disposal of offensive matter, rubbish, and dead bodies of animals

8 Every person within whose premises any animal may die shall, within six hours after death, or if death occurs at night, within six hours of daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass, or report its death to the Tax Daroga, and in such latter case shall pay to the Tax Daroga the expense of removing the carcass at such rate as the Commissioners may determine, and in cases where the said person is not the owner of the animal and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

9 No person shall deposit or cause to be deposited any carcass or any part of a carcass in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

For the regulation and management of privies

10 Every owner or occupier of any house, land, or premises from which offensive matter is not removed by the said owner or occupier, shall give free access to the servants of the municipality to his house, land, or premises for the removal of night-soil or filth within such hours as may have been fixed by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5.

11 Every person within such limits as the Commissioners may hereafter provide shall construct his privy above ground, and shall provide his privy or premises with a suitable moveable receptacle of metal or earthenware

The penalty for infringement after notice shall be a fine not exceeding Rs 20.

12 No owner or occupier of any house, land, or premises in or on which any privy may be situated shall allow night-soil or filth of any kind to flow or be discharged from such privy into any drain, water-course, river, tank, hollow or excavation (or any place containing waste and stagnant water) or into any other than a moveable metal or earthenware receptacle provided for that purpose.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20.

13 On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises in or on which any noxious or improperly constructed privy may be situated shall fill up, close, or otherwise alter the construction of the

said privy as may be directed in the notice, and if the orders contained in the notice be not carried out within 15 days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners

14 No person shall throw, deposit, or discharge any night-soil, sewage, or the contents of any drain, privy, or cesspool into any river, tank, khal, water-course or receptacle for water or dispose of the abovementioned kinds of offensive matters in any other way than as the Municipal Commissioners may from time to time direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

15 The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or premises if at any time it seems to them necessary for the preservation of public health, or for the prevention of infection or spread of disease, provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants, &c, at cost price, and the price shall be recoverable as a debt due to the Commissioners

16 No person shall carry night-soil through the streets otherwise than in a closely covered receptacle of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners, and between such hours as the Municipal Commissioners may from time to time direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

17 Every carriage or cart plying or elephant travelling between dusk and dawn on any public road within the Municipality shall carry a light

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 5

18 No person shall carry long bamboos through the streets on carts or otherwise after dark

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

For regulating or prohibiting the use of fire-balloons, fire-works, fire-arms, or missiles in the vicinity of public roads

19 No one shall let off any fire-balloons, fire-works, fire-arms, or any missiles in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10

General Bye-laws

20 No person shall put or cause to be put on any house or other building any spout or other thing intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and it shall be lawful to the Commissioners to issue a notice to the owner or occupier of any house or building directing him to remove or alter any such spout or other thing, and if the orders contained in the notice be not carried out within eight days, the Commissioners may remove or alter any such spout or other thing in the manner directed in the notice, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

21 No person shall construct or place over or by the side of any public drain any bridge, platform, building, or structure of any kind except by and with the written permission of the Commissioners and in such manner as they shall direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10, and for continued infringement after notice a fine not exceeding Rs 3 daily.

22 If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within a reasonable time to be prescribed by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs. 5 daily

23 No person shall prepare any channel or convey water by any channel across any public thoroughfare except in such manner as shall have been first approved by the Commissioners.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs. 2 daily.

[*Government Gazette*, *24th February* 1880.]

ঐ নোটিসের লিখিত আদেশমতে পনের দিনের মধ্যে কার্য্য করা না গেলে কমিশ্যনরেরা ঐ পাইখানা ভরাট কি বন্দ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ হয় কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

১৪। কোন ব্যক্তি বিষ্ঠা কি আবর্জ্জনা কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কি ময়লার গর্ত্তের মলিন দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি খালে কি জলস্রোতে কি জলাধারে ফেলিবেন না কি রাখিবেন না কি পড়িতে দিবেন না অথবা মুনিসিপল কমিশ্যনরেরা বা সময়েং যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে উপরোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৫। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যরক্ষার্থে কিম্বা রোগের সঞ্চার কিম্বা বিস্তার নিবারণার্থে আবশ্যক বোধ করিলে কোন পাইখানায় কি বাড়ীর মধ্যে চূণের আলকাতারার কি কারবলিক আসিডের কিম্বা দুর্গন্ধনাশক কিম্বা রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমনস্থলে মুনিসিপল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক দ্রব্য প্রভৃতি যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেইং দ্রব্য দিতে হইবে ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐং দ্রব্যের মূল্য আদায় হইতেপারিবে।

১৬। মুনিসিপল কমিশ্যনরেরা সময়েং দৃষ্টমতে যে যে আধারের অনুমতি করেন তদ্ভিন্ন অন্য আধারে অথবা তাঁহারা সময়েং যেং ঘণ্টার আদেশ করেন তদ্ভিন্ন অন্য ঘণ্টায় কোন ব্যক্তি কোন পথ দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

১৭। সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয়ের মধ্যে মুনিসিপালিটীর অন্তর্গত পথে যে প্রত্যেক ঘোড়গাড়ী বা গরুর গাড়ী বা হস্তী গমনাগমন করে তাহাতে আলো লইতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

১৮। কোন ব্যক্তি সন্ধ্যার পর পথ দিয়া গরুর গাড়ী করিয়া বা অন্যরূপে লম্বা বাঁশ লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

আগুনের বেলুন ও আতশবাজী ও আগ্নেয় অস্ত্র কি অন্য ক্ষেপণীয় দ্রব্য সরকারী রাস্তার নিকটে ছুড়িবার বিধান ও নিষেধ।

১৯। মুনিসিপল কমিশ্যনরদের অনুমতি না পাইলে কোন ব্যক্তি রাস্তায় কি রাস্তার নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি কোন প্রকারের ক্ষেপণীয় দ্রব্য ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

সাধারণ উপবিধি।

২০। কোন ঘরের কি অন্য গাঁথনীর ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তায় কি লোকজনের গমনাগমনের পথে জল পড়িতে পারে কোন ব্যক্তি এমত নল বসাইবেন না কিম্বা অন্যকে বসাইতে দিবেন না। কমিশ্যনরেরা উক্ত গৃহাদির স্বামিকে বা প্রজাকে নোটিস দিয়া তাহা তুলিয়া ফেলিবার কি পরিবর্ত্তন করিবার আদেশ করিতে পারিবেন। নোটিসের লিখিত মত কার্য্য আটদিনের মধ্যে করা না গেলে, কমিশ্যনরেরা ঐ নোটিসের লিখিত মতে তাহা পরিবর্ত্তন করিয়া দিয়া কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় সেই খরচ আদায় করিতে পারিবেন।

২১। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে সরকারী কোন নর্দ্দমার উপর কি তৎপার্শ্বে সাঁকো কি রোয়াক কি ঘর কিম্বা কোন প্রকারের গাঁথনী নির্ম্মাণ করিবেন না, অনুমতি পাইলে ও তাঁহারা যে রূপে আজ্ঞা করেন কেবল সেই রূপে গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩৲ তিন টাকার অনধিক দণ্ড।

২২। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনী কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, কমিশ্যনরেরা নোটিস দিয়া যুক্তিসঙ্গত যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনীর স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

২৩। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেই রূপে তাহা করিতে পারিবেন, অন্যথা নয়।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৪ ফেব্রুয়ারি।]

24 No person shall steep in any river, khall tank, or ditch within municipal limits any jute hemp, bamboos, or other vegetable matter likely to render the water of such river, khall, tank, or ditch offensive or noxious to the neighbourhood

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 2 daily

25 No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any *nullah* or water-course, and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 4 daily

26 The owner or occupier of any part of the bank, of any *nullah* or water-course, shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners or any of their servants duly authorised to have access to such *nullah* or water-course for any purpose of public conservancy.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10; the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 5 daily

27 No person shall tether or graze cattle goats, or other animals on any public highway, or cause them to be tethered or allow them to stray on any such highway

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 5.

28 No person shall allow any diseased or worn-out animal to stray into any highway

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

29 No person shall, without the written permission of the Commissioners, take earth from, or excavate or deposit earth or other substance in any drain, nor take turf or grass from the sides of banks of any public road or drain

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

30 No person shall picket animals or collect carts or form any encampment upon any public ground without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

31 No person shall wash in any tank or ditch or river or well within the Municipality the clothes and bedding or furniture used by any person suffering from cholera, small-pox or from any other contagious disease.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 50

32 Any person contravening any directions of the Commissioners made under section 276 of the Act shall be liable to a fine not exceeding Rs 20, and a further fine of Rs 5 daily after the receipt of notice from the Commissioners requiring him to comply with such directions

33. No person shall bury or cause to be buried in any burial ground any corpse or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than six feet deep

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

34 No person shall build or dig or cause to be built or dug any grave in any burial-ground at a less distance than two feet from any other existing grave.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20

35 No one shall carry a corpse or part of a corpse through any highway unless it be decently covered and totally concealed from public view

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

36 No person when burning or causing to be burnt any corpse or part of a corpse in any burning ground shall permit the same or any part thereof to remain without being completely reduced to ashes or shall permit the clothes or other articles connected with the burning of such corpse to remain at or near such burning ground unless the same be completely reduced to ashes

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10.

37 No person shall sink or cause to be sunk any boat within the river Ichamati between the two municipal bunds.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 5, and for continued infringement after notice, a fine not exceeding Re. 1 daily.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 24th February* 1880]

২৪। কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত কোন নদীতে কি খালে কি পুষ্করিণীতে কি গর্ত্তে পাট কি শণ কি বাঁশ কি উদ্ভিজ্জ অন্য যে দ্রব্য ভিজাইয়া রাখিলে ঐ নদীপ্রভৃতি দুর্গন্ধজনক বা নিকট বাসিদের অনিষ্টজনক হয় তাহা ভিজাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

২৫। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি কোন নালার কি জল প্রণালীতে বাধক কোন বিষয় রাখিবেন না, রাখিলে কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্য রক্ষার নিমিত্তে সেই অবরোধক বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৪৲ চারি টাকার অনধিক দণ্ড।

২৬। কোন নালার কি জলপ্রণালীর তীরের কোন অংশের স্বামী কি দখিলকার সেই অংশ সকল প্রকারের ময়লা দ্রব্য কি ঘন জঙ্গল কি অবরোধ জনক অন্য দ্রব্য হইতে মুক্ত রাখিবেন। ও সাধারণের পক্ষে পরিষ্কার করণের কোন কার্য্যহেতু কমিশ্যনরদিগকে বা উপযুক্ত ক্ষমতাপন্ন তাঁহাদের চাকরদিগকে ঐ নালায় কি জলপ্রণালীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

২৭। কোন ব্যক্তি সরকারী পথে গবাদি কি ছাগল কি অন্য জন্তু দিগডাইয়া কি চরিতে দিবেন না কিম্বা দিগডাইয়া দেওয়াইবেন না কিম্বা এলোভাবে যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

২৮। কোন ব্যক্তি কোন রাজপথে কোন রুগ্ন বা জীর্ণ জন্তুকে এলোভাবে যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

২৯। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা কোন নর্দ্দমা হইতে মাটি লইবেন না বা খুঁড়িবেন না কিম্বা মাটি বা অন্য দ্রব্য তাহাতে ফেলিবেন না, অথবা সরকারী কোন পথের বা নর্দ্দমার পার্শ্ব হইতে ঘাসের চাপড়া বা ঘাস লইবে না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩০। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না পাইলে সরকারী কোন ভূমিতে কোন জন্তু বাঁধিবেন না কি গাড়ী সংগ্রহ করিয়া রাখিবেন না কি তাম্বু ফেলিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড।

৩১। মুনিসিপল সীমার মধ্যে কোন ব্যক্তি কোন পুকুরে কি গর্ত্তে কি নদীতে কি কূপে ওলাউঠা কি বসন্ত কি অন্য কোন সংক্রামক রোগগ্রস্ত ব্যক্তির কাপড় ও বিছানা কি তাহার ব্যবহৃত অন্য দ্রব্য কাচিবেন কি ধুইবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক দণ্ড।

৩২। কমিশ্যনরেরা আইনের ২৫৬ ধারামতে যে আদেশ করেন কোন ব্যক্তি তাহা অবজ্ঞা করিলে তাহার ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও উক্ত আদেশ পালন করিবার আদেশসূচক কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে পর তাহা পালন না করিলে দিন প্রতি আর ৫৲ পাঁচ টাকা দণ্ড হইতে পারিবে।

৩৩। কোন ব্যক্তি গোর স্থানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোতাইলে কবর ছয় ফুটের কম গভীর হইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩৪। কোন ব্যক্তি গোরস্থানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবর হইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকার অনধিক দণ্ড।

৩৫। কোন ব্যক্তি কোন শব কি শবের অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টিহইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন রাজ পথ দিয়া লইয়া যাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩৬। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে শব কি শবের কোন অংশ দাহ করিলে কি করাইলে, যতক্ষণ সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা যায় ততক্ষণ তাহা কি তাহার কোন অংশ ত্যাগ করিতে দিবেন না ও সেই শব দাহ করণ সম্পর্কে যে কাপড় কি অন্য দ্রব্য ব্যবহার হইয়া থাকে, তাহা সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা গেলে ঐ দাহ করিবার স্থানে কি তন্নিকটে পড়িয়া থাকিতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩৭। কোন ব্যক্তি দুই মুনিসিপল বাঁধের মধ্যগত ইচ্ছামতী নদীতে কোন নৌকা জলমগ্ন করিয়া রাখিবেন বা রাখাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৪ ফেব্রুয়ারি।]

[Second Publication]

NOTIFICATION

The 26th January 1880 —In exercise of the powers conferred upon him by section 314 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant-Governor is pleased to confirm the following Bye-laws, which were made by the Commissioners of the Serajgunge Municipality at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given; and in exercise of the powers conferred by section 315 of the same Act, the Lieutenant-Governor is pleased to sanction the penalties which have been declared by the said Commissioners for the breach of the said Bye-laws —

For regulating the conduct of business at meetings

1 A list of business to be transacted at any meeting of the Commissioners shall accompany the notice calling the meeting, and no matter which is not contained in such list shall be brought forward for discussion at any meeting, unless with the consent of the majority of the Commissioners present at the meeting

2 Any member wishing to bring any proposition before the Commissioners at a meeting shall give written notice to the Chairman or Vice-Chairman of his intention to do so, and such proposition shall be included in the next list of business which may be prepared after the receipt of the notice

For regulating the mode of collecting taxes

3. Every collecting officer shall be provided with a certificate of his authority to collect which shall bear the seal of the municipality and the signature of the Chairman Every collecting officer at the time of demanding payment shall be bound to show this certificate if required

4 Payment of purchase-money for property sold and delivery of the property shall be made immediately after the sale, and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer at his discretion to sell the property again on the same or any other day, and the former purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them

5 Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner described in section 367 of the Act Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rs 5 for the omission, and to a penalty not exceeding Rs 2 for every day the omission shall after warning continue

For regulating the conduct of persons employed by the Commissioners

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১০ মার্চ।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত ই, ডবলিউ, কলিন সাহেব বঙ্গভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ১০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৩ মার্চ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৮০ সালের মে মাসের ১০ তারিখ সোমবারে আইনের অধীন ও আইন বহির্ভূত জিলার আসিস্টাণ্ট ও ডেপুটী মাজিষ্ট্রেটদের এবং পোলীস ও চিকিৎসা কার্য্য বিভাগের কার্য্যকারকদের আগামি ষাণ্মাসিক পরীক্ষা আরম্ভ হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৫ মার্চ।—ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের বলণ্টিয়রদের রাইফল অভ্যাসের নিমিত্তে হুগলী জিলার অন্তর্গত হাবড়া ও শালিখা গ্রামে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭৯ সালের ৬ ডিসেম্বরের যে বিজ্ঞাপন ঐ মাসের ১৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১১৮৭ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা রহিত করা গেল। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে।

এচ, জে, রেনল্ডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৫ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ২৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি লোহারডগা জিলার অন্তর্গত রাঞ্চির মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রবল হইবার আজ্ঞা করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৫ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বাগজালা ও কাদিহাটী মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে, এই আজ্ঞা করিলেন যে, ঐ২ মুনিসিপালিটী এই অবধি ক্রমান্বয়ে “দক্ষিণ দমদমা মুনিসিপালিটী” ও “উত্তর দমদমা মুনিসিপালিটী” নামে খ্যাত হইবে।”

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ মার্চ।]

[Second Publication]

NOTIFICATION

The 1st March 1880 —In the exercise of the powers conferred on him by section 38, Act IV (B C) of 1871, as amended by Act II (B C) of 1879, the Lieutenant-Governor is pleased to approve and confirm the bye-laws published at foot of this notification framed by the Magistrate of Gya with the assent of the Health Officer of the town appointed under the Act for the management of all matters necessary for the due enforcement of the Act within the town of Gya

A MACKENZIE,
Secy, to the Govt of Bengal

PART I

ON THE APPOINTMENT AND CONSTITUTION OF A COMMITTEE TO AID IN CARRYING OUT ACT IV (B C) OF 1871 IN THE TOWN OF GYA

1 For the purpose of this Act, as amended by Act II (B C) of 1879, the town of Gya shall be considered all the land within the municipal limits of that town

2 A Committee consisting of three official and three non-official members shall be appointed to assist the Magistrate and Health Officer in carrying out the provisions of the Act

3 On the 1st of March in each year the Magistrate shall nominate the members to serve on the Committee during the ensuing official year, and shall report the nomination for the sanction of the local Government

4 In the event of the death, removal, or resignation of any member of the Committee during his year of office, an official member shall be succeeded by the successor to his appointment or any other official, and in the case of a non-official member, his successor shall be appointed by the remainder of the Committee

PART II

RULES FOR THE CONDUCT OF BUSINESS

5 That a meeting of the local Committee appointed by the local Government to assist the Magistrate and the Health Officer to carry out the provisions of the Act, shall be held for the transaction of business and inspection of accounts at the office of the Magistrate on the fifteenth of every month, not being a Sunday or holiday, in which case the meeting shall be held on the next open office day, provided that it shall be lawful for the Magistrate to call a meeting at any other time during the month, recording his reasons for doing so

6 That notice of every meeting shall be given to each member at least four clear days before the day appointed for the meeting

7 No question shall be finally decided on the first occasion it is brought before the Committee, unless the nature of the question has been fully described in the notice prescribed by the last bye law

8 That the subject or subjects brought before the Committee shall be decided by a majority of votes In the event of divisions the Magistrate, or, in his absence, the Health Officer, shall have a casting vote

9 The Health Officer shall be ex-officio Secretary to the Committee and the Magistrate President The proceedings of every meeting shall be recorded by the Secretary in a book kept for the purpose

PART III

ON THE RECEIPT AND DISBURSEMENT OF MONEYS UNDER THE ACT

10 On the 15th October in each year a budget of probable receipts and of proposed expenditure during the ensuing year shall be submitted for the sanction of the Government

11 It shall be competent for the Committee, subject to the orders of Government, to transfer sums from one item of the budget to another, provided that the total expenditure be not exceeded, and provided that an annual review of the same be submitted to the Commissioner

12 In forming every annual estimate an amount not exceeding 25 per cent shall be reserved for emergent contingencies, such as a sudden outbreak of cholera and sickness, and necessity for employment of extra and special establishment

[*Government Gazette*, 23*rd March* 1880.]

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১ মার্চ।—১৮৭৯ সালের বঙ্গীয় ৯ আইনক্রমে সংশোধিত ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ৩৮ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, গয়ানগরে উক্ত আইন উপক্রমে প্রবল করণার্থে যং বিষয় আবশ্যক তাহার কার্য্য নির্ব্বাহার্থে উক্ত আইনমতে নিযুক্ত গয়া নগরের স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে গয়ার মাজিস্ট্রেট সাহেবের প্রণীত এই বিজ্ঞাপনের তলভাগে প্রকাশিত উপবিধি অনুমোদন ও দৃঢ় করিলেন।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১ প্রথম খণ্ড।

১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের উদ্দেশ্য সিদ্ধির সহায়তা করণার্থ গয়া নগরে কমিটীর নিয়োগ ও সংগঠনের কথা।

১। ১৮৭৯ সালের বঙ্গীয় ৯ আইনক্রমে সংশোধিত এই আইনের কার্য্য পক্ষে গয়ানগর শব্দে উক্ত নগরের মুনিসিপাল সীমার অন্তর্গত সকল ভূমি জানিতে হইবে।

২। এই আইনের বিধান সফল করণ যোগে মাজিস্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের সাহায্য করণার্থে রাজকীয় তিন জন কার্য্যকারককে ও যাঁহারা রাজকীয় কার্য্যকারক নহেন এমত তিন জনকে লইয়া কমিটী হইবে।

৩। রাজকীয় কোন বৎসরে যেং ব্যক্তি কমিটীর অন্তর্গত থাকিবেন মাজিস্ট্রেট সাহেব প্রতি বৎসরের মার্চ মাসের ১ তারিখে তাঁহাদের নাম লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের জন্যে প্রেরণ করিবেন।

৪। কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি যে বৎসর পদস্থ থাকেন সেই বৎসরে মরিলে কি স্থানান্তরে গেলে কি পদ ত্যাগ করিলে, তিনি রাজকীয় কার্য্যকারক হইলে যে ব্যক্তি তাঁহার পদপ্রাপ্ত হন তিনি কিম্বা রাজকীয় অন্য কার্য্যকারক তৎস্থানে কমিটীর মেম্বর হইবেন। রাজকীয় কার্য্যকারক না হইলে কমিটীর অবশিষ্ট ব্যক্তিরা তাঁহার পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

দ্বিতীয় খণ্ড।

কার্য্য চালাইবার বিধি।

৫। আইনের বিধান সফল করণ কার্য্যে স্থানীয় গবর্ণমেণ্ট মাজিস্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের সাহায্য করণার্থ যে স্থানীয় কমিটী নিযুক্ত করেন তাঁহারা প্রতি মাসের ১৫ তারিখে কার্য্য নিষ্পাদন করিবার ও হিসাব দেখিবার জন্যে মাজিস্ট্রেট সাহেবের কাছারীতে অধিবেশন করিবেন। সেই ১৫ তারিখ রবিবার কিম্বা বন্দের দিন হইলে তৎপশ্চাৎ যে দিনে কাছারী খোলা হয়, সেই দিনে অধিবেশন করিবেন। কিন্তু মাজিস্ট্রেট সাহেব মাসের মধ্যে অন্য কোন দিনে কমিটীর অন্তর্গত ব্যক্তিদিগকে আহ্বান করিতে চাহিলে কারণ লিখিয়া অধিবেশন করাইতে পারিবেন।

৬। অধিবেশনের যে দিন নিরূপণ হয়, তাহার সম্পূর্ণ চারি দিন থাকিতে প্রত্যেক জন মেম্বরকে ঐ অধিবেশনের নোটিস দেওয়া যাইবে।

৭। ইহার পূর্ব্ব ধারায় যে নোটিস দিবার বিধান হইয়াছে তন্মধ্যে অধিবেশনকালীন বিবেচ্য কোন বিষয়ের ভাব সম্পূর্ণরূপে নির্দ্দিষ্ট না থাকিলে, কোন বিষয় প্রথমবার কমিটীর সম্মুখে উপস্থিত করা গেলেই চূড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে না।

৮। কমিটীর সম্মুখে যে কোন বিষয় উপস্থিত করা যায় কমিটীর অন্তর্গত অধিকাংশ ব্যক্তিদের মত অনুসারে সেই বিষয়ের নিষ্পত্তি হইবে। মত ভেদ হইয়া সম সংখ্যক ব্যক্তিদের ভিন্ন মত হইলে মাজিস্ট্রেট সাহেবের ও তাঁহার অনুপস্থানে স্বাস্থ্যরক্ষক সাহেবের মত প্রবল হইবে।

৯। স্বাস্থ্যরক্ষক সাহেব স্বীয় পদোপলক্ষে কমিটীর সেক্রেটরী ও মাজিস্ট্রেট সাহেব সভাপতি হইবেন। সেক্রেটরী একখান বহী রাখিয়া তন্মধ্যে প্রত্যেক অধিবেশনকালীন কার্য্যের বিবরণ লিখিবেন।

তৃতীয় খণ্ড।

আইনমতে টাকা জমা ও খরচ করিবার বিধি।

১০। প্রতি বৎসর অক্টোবর মাসের ১৫ তারিখে আগামি বৎসরের সম্ভাবিত জমার ও প্রস্তাবিত খরচের অনুমানপত্র গবর্ণমেণ্টের অনুমোদনার্থে অর্পণ করা যাইবে।

১১। কমিটী গবর্ণমেণ্টের অনুমতি লইয়া অনুমান পত্রলিখিত কোন টাকা এক দফা হইতে উঠাইয়া অন্য দফায় খরচ করিতে পারিবেন, কিন্তু মোট টাকার অধিক খরচ না হয়, ও বৎসরং তাহার বর্ণনাপত্র কমিশ্যনর সাহেবের সম্মুখে অর্পণ করা যায়।

১২। বৎসরের মধ্যে ওলাউঠা কিম্বা অন্য রোগের সঞ্চার হইবার সম্ভাবনা প্রযুক্ত অতিরিক্ত ও বিশেষ আমলাগণ নিযুক্ত করা আবশ্যক হইতে পারে ইত্যাদি কারণে বৎসরের অনুমানপত্র প্রস্তুত করিতে গেলে অত্যাবশ্যক স্থলের নৈমিত্তিক খরচ বলিয়া শত করা ২৫ টাকার অনধিক ধরিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ মার্চ।]

13 At the close of every year the Magistrate shall submit a report on the working of the Act during the year, showing the works of improvement and conservancy carried out, and a detailed account of the receipts and expenditure during the year, and the balance in hand at its close. This report shall be forwarded through the Commissioner to Government

PART IV

14 The Hindu members of the Committee shall constitute a standing sub-committee for the purpose of inspecting the interior of the temple and bringing to notice any infringement of the laws and bye-laws that may be committed within it, and for proposing any measures for sanitation and proper conservancy within the temple Provided that the Magistrate shall carry out all works of sanitation or conservancy inside the temple through the Superintendent thereof

PART V

MISCELLANEOUS.

15 Every lodging-house keeper taking out a license under this Act shall provide himself with a copy of the Act and with a printed copy of the notice prescribed in section 14, which notice shall be in the form shown in Appendix A of these bye-laws.

16 The register referred to in section 15 of the Act shall be in the form shown in Appendix B of these bye-laws

17 There shall be hung up in each compartment of a lodging-house a board on which shall be legibly written in Hindustanee and Bengali the dimensions of such compartment and the number of pilgrims it can properly accommodate, and this board shall bear the signature of the Health Officer

18 Every lodging-house keeper shall be bound on requisition by the Health Officer to provide himself with tickets or tokens bearing consecutive numbers, and to furnish each of his lodgers with one of such tickets or tokens

19 For the purpose of this Act the year shall be considered to commence from 1st April and all licenses shall run from that date

20 Every panda or other person who brings pilgrims to Gya shall be bound to furnish the Magistrate or Health Officer with any information they may require as to the disposal of such pilgrims in the town of Gya, any refusal to furnish such information shall be punished with a fine not exceeding Rs 20, and any false information as to such disposal of pilgrims shall render the person giving it liable to prosecution under section 177 of the Indian Penal Code.

APPENDIX A.

Form of Notice under Section 14.

Lodging-house No

Proprietor (or Manager) A B

Licensed to accommodate lodgers.

Signature

APPENDIX B

Form of Inspection Register under Section 15

Date of inspection and name of inspecting officer	Number and name of lodging house	Result of inspection	Orders by Magistrate or Health Officer

[*Government Gazette*, 23rd *March* 1880.]

১৩। বৎসরের মধ্যে আইনমত বার্ষিক নিরূপণ চলিয়াছে ও নগর উৎকৃষ্ট ও সৌষ্ঠব করণের কিং কার্য্য করা গিয়াছে ও কত টাকা জমা ও খরচ হইয়াছে ও বৎসরের অবসানে কত টাকা উদ্বৃত্ত থাকিল ম্যাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসরের শেষে এই সকল কথার রিপোর্ট অর্পণ করিবেন। ঐ রিপোর্ট কমিশ্যনর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টের নিকট পাঠান যাইবে।

চতুর্থ খণ্ড।

১৪। কমিটীর অন্তর্গত যে ব্যক্তিরা হিন্দু, তাঁহারা মন্দিরের অন্তর্ভাগ দৃষ্টি করিবার ও তন্মধ্যে আইন ও উপবিধি লঙ্ঘনপূর্ব্বক কোন কার্য্য করা গেলে তাহা জানাইবার ও মন্দিরের মধ্যে স্বাস্থ্যরক্ষার ও উপযুক্তমতে সৌষ্ঠব করণের কোন উপায়ের প্রস্তাব করিবার নিমিত্ত স্থায়ি সবকমিটী হইবেন। পরন্তু মন্দিরের মধ্যে স্বাস্থ্যরক্ষার কিম্বা সৌষ্ঠব করণের কোন কার্য্য করিতে হইলে ম্যাজিষ্ট্রেট সাহেব মন্দিরের অধ্যক্ষ দ্বারা সেইং কার্য্য করাইবেন।

পঞ্চম খণ্ড।

বিবিধ বিষয়ের বিধি।

১৫। যে ব্যক্তি বাসাবাড়ী রাখিবার জন্য এই আইনমতে লাইসেন্স লন তিনি এই আইনের এক কেতা ও ১৪ ধারা নির্দ্দিষ্ট এক কেতা ছাপা নোটিস ক্রয় করিবেন। সেই নোটিস এই উপবিধির A চিহ্নিত ক্রোড়পত্রের পাঠানুসারে লেখা যাইবে।

১৬। আইনের ১৫ ধারায় যে রেজিষ্টরের উল্লেখ হইয়াছে তাহা এই উপবিধির B চিহ্নিত ক্রোড়-পত্রের পাঠানুসারে লিখিতে হইবে।

১৭। বাসাবাড়ীর প্রত্যেক ঘর কত লম্বা ও চৌড়া ও তাহার মধ্যে কত জন যাত্রী স্বচ্ছন্দে থাকিতে পারে এইং কথা উড়িয়া হিন্দুস্থানী ও বাঙ্গলা ভাষার অক্ষরে স্পষ্ট লিখিত হইয়া সেইং ঘরে লটকান থাকিবে। ও সেই তক্তায় স্বাস্থ্যরক্ষক সাহেবের স্বাক্ষর থাকিবে।

১৮। স্বাস্থ্যরক্ষক সাহেব আজ্ঞা দিলে বাসাবাড়ীর প্রত্যেক জন রক্ষক একখানি টিকিট লইয়া নিকট রাখিবেন, সেই সকল টিকিটে একাদিক্রমে নম্বর দেওয়া যাইবে। বাসাবাড়ীর মধ্যে যত জন [illegible] থাকে তাহাদের প্রত্যেক জনকে একং টি টিকিট দিতে হইবে।

১৯। এই আইনের বাহ্যপক্ষে এপ্রিল মাসের ১ তারিখ অবধি বৎসরের আরম্ভ হইবে। লাইসেন্স সকল সেই তারিখ অবধি চলিবে।

২০। কোন পাণ্ডা কি অন্য ব্যক্তি যাহাতে যাত্রিদিগকে আনিলে তাহাদিগকে নগরের কোন্ স্থানে থাকিতে দেওয়া গেল এই কথা ম্যাজিষ্ট্রেট কিম্বা স্বাস্থ্যরক্ষক সাহেব জানিতে চাহিলে তাঁহাকে ঐ পাণ্ডা প্রভৃতির জানাইতে হইবে। তাহা জানাইতে অস্বীকার করিলে ২০০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও যাত্রিদিগকে যে স্থানে রাখা গেল এই বিষয়ের কোন মিথ্যা সন্ধান জানান গেলে ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের ৭৭ ধারামতে ঐ ব্যক্তির নামে অভিযোগ হইতে পারিবে।

A চিহ্নিত ক্রোড়পত্র।—১৪ ধারামতে নোটিসের পাঠ।

বাসাবাড়ী　　　　নম্বর।
মালিক (বা কার্য্যাধ্যক্ষ)　　　　ক, খ।
যাত্রিদের স্থান দিবার লাইসেন্স পত্র।

স্বাক্ষর।

B চিহ্নিত ক্রোড়পত্র। ১৫ ধারামত পরিদর্শনের রেজিষ্টারের পাঠ।

পরিদর্শনের তারিখ ও পরিদর্শনকারি কার্য্যকারকের নাম।	বাসাবাড়ীর নম্বর ও নাম।	পরিদর্শনের ফল।	ম্যাজিষ্ট্রেট বা স্বাস্থ্যরক্ষক সাহেবের আজ্ঞা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ মার্চ।]

JUDICIAL DEPARTMENT

No 1663A

The 9th March 1880 —Baboo Shosi Bhusun Chatterjee, Moonsif of Diamond Harbour, 24 Pergunnahs, is allowed leave for one month under Section 4, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 11th December last

Mr A C Tute, Officiating Joint Magistrate and Deputy Collector, Dacca, is vested with powers under Section 142 of the Criminal Procedure Code

The 11th March 1880 —The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Begooserai Bench in the district of Monghyr, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Moonshi Arshad Ali, Pleader	Moulvi Mahomed Hossein, Pleader
„ Gur Sahoy, Do	Baboo Musahib Lall, Do
Baboo Jagadeo Narain, Zemindar	Moulvi Shah Mahomed Masraf Zemindar

The 16th March 1880 —In supersession of the orders of the 6th instant, Baboo Poorno Chunder Banerjee L L, is appointed to act as a Moonsif in the district of Rungpore, during the absence, on leave, of Baboo Prem Chand Pal, or until further orders Baboo Poorno Chunder Banerjee will be ordinarily stationed at Julpigoree

Baboo Gour Churn Roy is appointed to act as a Moonsif in the district of Jessore, during the absence, on leave of Baboo Monmotho Nath Chatterjee, or until further orders. Baboo Gour Churn Roy will be ordinarily stationed at Bagirhaut

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 15th March* 1880 —Baboo Monmotho Nath Chatterjee, Moonsif of Bagirhaut, in the district of Jessore, has been allowed privilege leave of absence for two months, with effect from the 4th March 1880, under Rule 1, Section 43 of the Civil Leave Code

Baboo Prem Chand Pal, Moonsif of Julpigoree, in the district of Rungpore has been allowed privilege leave of absence for three months, under Rule I, Section 43 of the Civil Leave Code, with effect from the 17th March 1880, or such later date as he may avail himself of it

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

COMMUNICATIONS

The 15th March 1880.

No 42 —*Declaration under Section* 4 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is likely to be required to be taken by Government at the public expense for a public purpose, viz for a tramway from Kurigram to Panchgachi Ghât on the river Dhurla, running through the villages of Kismut Madhabram Khamar and Arazi Bhagdanga Khamar, thana Ulipur, zillah Rungpore, it is hereby declared that for the above purpose a piece of land about 100 feet wide and about 2½ miles long, more or less, measuring, more or less, 30 acres of standard measurement, is required within the aforesaid villages of Kismut Madhabram Khamar and Arazi Bhagdanga Khamar

This declaration is made, under the provisions of Section 4 of Act X of 1870, to all whom it may concern

ESTABLISHMENT

The 15th March 1880

No 43 —*Notification* – Mr J C White, Assistant Engineer, Second Grade, joined the 2nd Calcutta Division on the 28th February 1880, before-noon

No 44 —*Appointment* —Baboo Kally Sunker Chatterjee, Assistant Engineer, Second Grade, officiated as Executive Engineer of the Chittagong Division from the 27th December 1879 to the 9th February 1880, both days inclusive.

[*Government Gazette,* 23*rd March* 1880]

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

১১৬৩ A নম্বর।

১৮৮০ সাল ৯ মার্চ।—২৪ পরগনা জিলার অন্তর্গত কলাগাছীর মুনসেফ শ্রীযুত বাবু শশীভূষণ চট্টোপাধ্যায় গত ডিসেম্বর মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

ঢাকার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এ, সি, টুট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৪২ ধারামত ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১১ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা মুঙ্গের জিলার অন্তর্গত বেগু সরাই বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

উকীল শ্রীযুত মুনশী আর্শদ আলি।
" " " গৌরশহায়।
জমীদার শ্রীযুত বাবু জগদেব নারায়ণ।
উকীল শ্রীযুত মৌলবী মহম্মদ হুসেন।
" " বাবু মসাহেব লাল।
জমীদার শ্রীযুত মৌলবী শাহ মহম্মদ মসরুক।

১৮৮০ সাল ১৬ মার্চ।—এই মাসের ৬ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। শ্রীযুত বাবু প্রেমচাঁদ পালের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম, এল, রঙ্গপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ জলপাই গুড়িতে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু মন্মথ নাথ চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু গৌরচরণ রায় যশোহর জিলায় মুনসেফের কর্ম্মকরিতে নিযুক্ত হইলেন তিনি সামান্যতঃ বাগিরহাটে অবস্থাপিত হইবেন।

মুনসফদের ছুটী।—১৮৮০ সালের ১৫ মার্চ।—যশোহর জিলার অন্তর্গত বাগিরহাটের মুনসেফ শ্রীযুত বাবু মন্মথনাথ চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৩ ধারার ১ প্রকরণমতে ১৮৮০ সালের ৪ মার্চ অবধি দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

রঙ্গপুর জিলার অন্তর্গত জলপাইগুড়ির মুনসেফ শ্রীযুত বাবু প্রেমচাঁদ পাল, ১৮৮০ সালের ১৭ মার্চ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৩ ধারার ১ প্রকরণমতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন,

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বর্ত্মাদি বিষয়ক।

১৮৮০ সাল ১৫ মার্চ।

৪২ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রঙ্গপুর জিলার অন্তর্গত অলিপুর থানার সামিল কিসমৎ মাধবরাম খামার ও আরাজী ভাগ ডাঙ্গা খামার গ্রামের মধ্য দিয়া কলিগ্রাম অবধি ধরলা নদীর ধারে পাঁচগাছি পর্য্যন্ত ট্রামওয়ের জন্য রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতৎসংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কিসমৎ মাধবরাম খামার ও আরাজিভাগডাঙ্গা খামার গ্রামে প্রায় ১০০ ফুট প্রস্ত ও প্রায় ২৷৷০ মাইল দীর্ঘ অর্থাৎ কমিমতে ন্যূনাধিক ৩০ একর পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

সিবিলশ্রেণী বিষয়ক।

১৮৮০ সাল ১৫ মার্চ।

৪৩ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, ওয়াইট সাহেব, ১৮৮০ সালের ২৮ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্নে কলিকাতার দ্বিতীয় খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

৪৪ নম্বর।—নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালীশঙ্কর চট্টোপাধ্যায়, ১৮৭৯ সালের ২৭ ডিসেম্বর অবধি ১৮৮০ সালের ৯ ফেব্রুয়ারি পর্য্যন্ত চট্টগ্রাম খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ মার্চ।]

The 16th March 1880.

No 46 —*Promotions* —In continuation of orders noted in the margin, the Lieutenant-Governor is pleased to make the following permanent promotions in the Provincial Engineer Establishment in Bengal, with effect from the 1st January 1880 —

Bengal Government (Public Works Department) Notification No 24 of the 1\<th February 1880

To be Executive Engineer, First Grade

Mr T E Owen, Executive Engineer, Second Grade, on special duty in the Julpigoree Division.

To be Executive Engineer, Second Grade

Captain A. D. McArthur, R E, Executive Engineer, Third Grade, attached to the Buxar Division

To be Executive Engineer, Third Grade

Mr J. F. Williamson, Executive Engineer, Fourth Grade, attached to the Eastern Sone Division.

To be Executive Engineer, Fourth Grade.

Mr E. W. P. Foster, Assistant Engineer, First Grade, attached to the Eastern Sone Division

To be Assistant Engineer, First Grade

Mr C. Taylor, Assistant Engineer Second Grade, attached to the Arrah Division

No 47 —*Reversion* —Mr A J Hughes, Executive Engineer (temporary rank), First Grade, Gunduk Division, will revert to the Second Grade from the 1st January 1880

No 48 —*Leave of absence* —The undermentioned officer has been allowed an extension of his leave* by the Secretary of State for India —

* Government of Bengal (Public Works Department) Notification No 98 of 19th April 18 9

Mr A H Tyndall, Executive Engineer, Third Grade, Bengal, for 12 months.

F S STANTON, *Lieut -Col*, R E,
Offg Secy to the Govt of Bengal,
P W Dept

IRRIGATION.

NOTIFICATION—ESTABLISHMENT.

Dated the 15th March 1880.

No 28.—*Transfers.*—Mr E W P. Foster, Executive Engineer, Fourth Grade, is transferred, in the interests of the public service, from the Eastern Sone to the Arrah Division

2 Mr Foster to be Executive Engineer of the Arrah Division, during the absence, on furlough, of Mr C W Odling, or until further orders

No 29 —Mr J P Cleghorn, Assistant Engineer, Second Grade, is transferred from the Buxar Division of the Sone Circle to the Cossye Division of the South-Western Circle

No 30 —Mr T M L Thompson, Assistant Engineer, Second Grade, Cossye Division, is transferred, in the interests of the public service, to the Buxar Division of the Sone Circle

Dated the 16th March 1880

No 31 —*Notification* —Mr R B Buckley, Executive Engineer, Third Grade, has been granted an extension of four months and 15 days' furlough by Her Majesty's Secretary of State for India.

H C. LEVINGE,
Jt.-Secy to the Govt. of Bengal,
P. W. Dept, Irrigation Branch.

[*Government Gazette*, 23*rd March* 1880.]

১৮৮০ সাল ১৬ মার্চ।

৪৬ নম্বর।—পদবৃদ্ধির কথা।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পশ্চালিখিত আজ্ঞার অতিরিক্ত ১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি বঙ্গদেশের প্রবিন্স্যাল ইঞ্জিনিয়র সিবিশ্তার নিম্নলিখিত স্থায়ি পদবৃদ্ধি করিলেন।

বঙ্গদেশে গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ১৭ ফেব্রুয়ারির ২৪ নং বিজ্ঞাপন।

জলপাইগুড়ি খণ্ডে বিশেষ কর্ম্মে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত টি, ই, ওয়েন সাহেব।

প্রথম শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র হইবেন।

বক্তার খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত এ, ডি, মাকার্থর সাহেব আর, ই,

দ্বিতীয় শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র হইবেন।

পূর্ব্ব সোণ খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এফ, উলিয়মসন সাহেব

তৃতীয় শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র হইবেন।

পূর্ব্ব সোণ খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, ডবলিউ, পি, ফষ্টর-সাহেব,

চতুর্থ শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র হইবেন।

আরা খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এস, টেলর সাহেব,

প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র হইবেন।

৪৭ নম্বর।—পদে প্রত্যাগমনের কথা।—গণ্ডক খণ্ডের কিছু কালীন প্রথম শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, হিউস সাহেব ১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি দ্বিতীয় শ্রেণীর পদে প্রত্যাগমন করিবেন।

৪৮ নম্বর।—ছুটী।—ভারতবর্ষের পক্ষে মহিমান্বিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব নিম্নলিখিত কার্য্যকারককে অতিরিক্ত ছুটী দিয়াছেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ১৯ আগষ্টের ৯৮ নং বিজ্ঞাপন।

বঙ্গদেশের তৃতীয় শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এচ টিণ্ডল সাহেবকে বার মাসের।

এফ, এস, ষ্ট্যান্টন, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিবিশতা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৫ মার্চ।

২৮ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—চতুর্থ শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, ডবলিউ, পি, ফষ্টর সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে পূর্ব্ব সোণ খণ্ড হইতে আরা খণ্ডে প্রেরিত হইলেন।

২। শ্রীযুত সি, ডবলিউ, অডলিং সাহেবের নিয়মিত ছুটীপ্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত ফষ্টর সাহেব আরা খণ্ডের এক্সেকিউটিব ইঞ্জিনিয়র হইবেন।

২৯ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, ক্রমর্ণ সাহেব সোণচক্রের অন্তর্গত বক্সার খণ্ড হইতে দক্ষিণ-পশ্চিম চক্রের অন্তর্গত কংসাই খণ্ডে প্রেরিত হইলেন।

৩০ নম্বর।—কংসাই খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, এস, এল, তামসন সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে সোণচক্রের অন্তর্গত বক্সার খণ্ডে প্রেরিত হইলেন।

১৮৮০ সাল ১৬ মার্চ।

৩১ নম্বর।—বিজ্ঞাপন।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব, তৃতীয় শ্রেণীর এক্সেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর, বি, বক্‌লে সাহেবকে আর চারিমাস পনের দিনের নিয়মিত ছুটী দিয়াছেন।

এফ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার বঙ্গদেশের,
গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ মার্চ।]

RAILWAY.

DECLARATION

The 11*th March* 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for railway purposes in the mouzahs of Chur Pollundo, Ag Pollundo, Majhial, Bhabuil, Dhobagati, Chur Esal Sibrampur and Bathur, pergunnahs Shazapur, Sujabad and Ameerabad, zillah Furreedpore, it is hereby declared that for the above purpose eight pieces of land measuring, more or less, 79 biggahs 12 cottahs 4 chittacks of standard measurement, bounded as follows, are required within the aforesaid mouzahs of Chur Pollundo, Ag Pollundo, Majhial, Bhabuil, Dhobagati, Chur Esal Sibrampur and Bathur —

Plot No 1 —In mouzah Chur Pollundo, measuring, more or less, 21 biggahs 15 cottahs 15 chittacks of land bounded on the north by land belonging to Eastern Bengal Railway Company, on the south by a portion of the northern boundary of mouzah Ag Pollundo; on the east by land occupied by Mokim Shaik, Jan Mahmood Shaik, Issur Chunder Dhur, Bolai Sirdar, Ketoo Majee, Dhurma Narain Majee, Hadan Shaik, Rutton Mony Dassy, Prollad Majee, Raj Koomar Majee, Kirti Narain Majee, Rakhal Dass Mistry, Nundo Kumar Chaki, Sook Chand Majee, Chunder Kanto Kur, Koorman Shaik, Gobindo Chunder Ghosh and Nussurruddy Mollah, and on the west by land occupied by Essin Chunder Roy, Jan Mahmood Shaik, Nilloo Shaik, Bolai Sirdar, Ketoo Majee, Kedoo Shaik, Petoo Shaik, Hadan Shaik, Redhoy Behara Prollad Majee, Kasi Majee, Kirti Narain Majee, Rakhal Dass Mistry, Koylash Soor, Gopi Nauth Soor, Sook Chand Majee, and Issur Chunder Dhur.

Plot No 2 —In mouzah Ag Pollundo, measuring, more or less, 3 biggahs 1 cottah of land bounded on the north and south by portions of the northern and southern boundaries of mouzahs Ag Pollundo, on the east by land occupied by Luckhee Kanto Kur, and on the west by land occupied by Luckhee Kanto Kur, Ram Soondar Sircar, Rakhal Dass Mistry, and Pran Nath Chuckerbutty

Plot No 3 —In mouzah Majhial, measuring, more or less, 11 biggahs 5 cottahs 15 chittacks of land bounded on the north and south by portions of the northern and southern boundaries of mouzah Majhial, on the east by land occupied by Jonmenjoy Dutt, Dhonnonjoy Dutt, Neemy Pramanic, Goojar Mullick, Kristo Pramanic, Nobo Coomar Chuckerbutty, Gowoor Soonder Bhoomic, Shama Churn Burdan, Chunder Nath Kur, Addo Nath Kur, Haran Chunder Kur, Anando Chunder Kur, Nussoorai Mollah, Ram Kanai Sircar, Dhonnonjoy Soor, Gunga Gobindo Soor, Bhoyrub Chunder Ghose, Issur Chunder Dhur, Porashoola Shaik and Mokim Shaik, and on the west by land occupied by Shama Churn Burdan, Chunder Nath Kur, Addo Nath Kur, Haran Chunder Kur, Anando Chunder Kur, Nocheeruddy Mollah, Ram Kanai Sircar, Dhonnonjoy Soor, Gunga Gobindo Soor, Bhyrub Chunder Ghose, Issur Chunder Dhur, Porashoola Shaik, Mokim Shaik, Woodoy Kajee, Rackhal Dass Mistry, Meertoonjoy Soor, Ramanundo Bose, and Radha Gobindo Bhoomic

Plot No 4 —In mouzah Chur Pollundo, measuring, more or less, 8 biggahs 14 cottahs 7 chittacks of land bounded on the north and south by portions of the northern and southern boundaries of mouzah Chur Pollundo, on the east by land occupied by Modu Pramanic, Buddun Shaik, Goonbula Kajee, Bissoo Mullick, Momen Shaik, Woodoy Kajee, Buddiruddy Shaik, Woozeer Shaikh, Chullim Kajee, Kalloo Shaik, Malloo Shaik, Kedoo Shaik, Soobundi Shaik, Delbur Khan, Jomeer Shaik, Modu Shaik, and Kachi Shaik, and on the west by land occupied by Momen Shaik, Woodoy Kajee, Buddirbuddy Shaik, Woojer Shaik, Chullim Kajee, Kalloo Shaik, Malloo Shaik, Kedoo Shaik, Soobundi Shaik, Delbar Kan, Joweer Shaik, Modu Shaik, and Kachi Shaik

Plot No 5 —In mouzah Bhabuil, measuring, more or less, 13 biggahs 17 cottahs 13 chittacks of land bounded on the north by a portion of the northern boundary of mouzah Bhabuil, on the south by land belonging to Eastern Bengal Railway Company, on the east by land occupied by Meajan Shaik, Ketoo Shaik, Jomeer Shaik, Bassy Mollah, Kohmuddy Shaik, Ichoo Sirdar, Kepoo Sirdar, Soonaoola Shaik, Chullimuddy Shaik, Gadoo Shaik,

কেনু সেখের ও জমীর সেখের ও বানী মোল্লার ও কলিমদ্দী সেখের ও ইসু সর্দ্দারের ও কেপু সর্দ্দারের ও সোনাউল্লা সেখের ও চলিমদ্দী সেখেরও গহু সেখের ও জোবি সেখের ও মধু সেখের ও গোপাল সেখের ও জমালদী সেখের ও রাধামোহন ঘোষের ও খেক সেখের ও অছরদ্দী সেখের ও চটু সেখের ও মের্জাগাজী সেখের ও আমু সেখের ও আসুরি বেপারীর ও স্বরূপ সেখের দখলী ভূমি।

৬ নং খণ্ড।—ধোবাগাছি মৌজার ন্যূনাধিক ৩।।১৲৴ ছটাক পরিমিত ভূমি, তাহার উত্তর সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির ভূমি, দক্ষিণ সীমা ধোবাগাছি মৌজার দক্ষিণ সীমার কিয়দংশ, পূর্ব্ব সীমা খাল, ও পশ্চিম সীমা কৃষ্ণচন্দ্র মণ্ডলের ও দ্বারকানাথ পালের ও গোবিন্দচন্দ্র মণ্ডলের ও দীননাথ দাসের ও রাধামোহন রক্ষিতের ও মদেরচাঁদ মণ্ডলের দখলী ভূমি।

৭ নং খণ্ড।—চর ইশাল শিবরামপুর মৌজার ন্যূনাধিক ৮।।২।। ছটাক পরিমিত ভূমি, তাহার উত্তর ও দক্ষিণ সীমা চর ইশাল শিবরামপুর মৌজার উত্তর ও দক্ষিণ সীমার কিয়দংশ পূর্ব্ব সীমা খাল, ও পশ্চিম সীমা মদেরচাঁদ মণ্ডলের ও প্রাণনাথ চক্রবর্ত্তীর ও মহিমচন্দ্র দাসের ও নিলু সেখের ও রাম কৃষ্ণ বসুর ও ইচু মল্লিকের ও আসমান মল্লিকের ও ভুতুই সেখের ও মফজদ্দী বেপারির ও শ্যামাচরণ বর্দ্ধনের ও সুলতান মল্লিকের ও ধনঞ্জয় দত্তের ও জন্মেজয় দত্তের বিন্দু সর্দ্দারের দখলি ভূমি।

৮ নং খণ্ড।—বাথর মৌজার ন্যূনাধিক ৮।।০৴ ছটাক পরিমিত ভূমি, তাহার উত্তর সীমা বাথর মৌজার উত্তর সীমার কিয়দংশ, দক্ষিণ সীমা রামরতন অধিকারির দখলী ভূমি, পূর্ব্ব সীমা খাল এবং পশ্চিম সীমা রামগতি প্রামাণিকের ও কোকারাম প্রামাণিকের ও ধর্ম্মনারায়ণ প্রামাণিকের ও আনন্দ প্রামাণিকের ও তিনকড়ি প্রামাণিকের ও রামচাঁদপ্রামাণিকেরও রাজচন্দ্র প্রামাণিকের ও নারায়ণ প্রামাণিকের ও হরিবুল্লা প্রামাণিকের ও ক্ষুদিরাম বড়াহর ও পূর্ণিমা দাসীর ও দয়ারাম প্রামাণিকের ও রাজমণি দাসীর ও ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তীর ও রামরতন অধিকারির ও লালচাঁদ প্রামাণিকের ও কালাচাঁদ প্রামাণিকের দখলী ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, এস, ষ্টান্টন, লেপ্টেনেন্ট-কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের রেলওয়ের শাখার
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী

রেলওয়ে বিষয়ক।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ফরীদপুর জিলার অন্তর্গত পাতাপুর ও সুজাবাদ ও আমীরাবাদ পরগনার চর পোলন্দ ও আগ পোলন্দ ও মঝিয়াল ও ডাবুইল ও ধোবাগাতি ও চর ইশাল শিবরামপুর ও বাথর মৌজার রেলওয়ের নিমিত্তে গবর্ণমেণ্টের খরচে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত চর পোলন্দ ও আগ পোলন্দ ও মঝিয়াল ও ডাবুইল ও ধোবাগাতি ও চর ইশাল শিবরামপুর ও বাথর মৌজায় কমিবেশী ন্যূনাধিক ৭৯।১২। ছটাক পরিমিত আট খণ্ড ভূমির প্রয়োজন উক্ত ভূমি সীমা এইরূপ,—

১ নং খণ্ড।—চর পোলন্দ মৌজায় ন্যূনাধিক ২১৮৫৮/ ছটাক পরিমিত ভূমি, তাহার উত্তর সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির ভূমি, দক্ষিণ সীমা আগ পোলন্দ মৌজার উত্তর সীমার কিয়দংশ পূর্ব্ব সীমা মোকীম সেখের ও জানমহম্মদ সেখের ও ঈশ্বরচন্দ্র ধরের ও বলাই সর্দ্দারের ও কেতু মাজির ও ধর্ম্মনারায়ণ মাজির ও হাদন সেখের ও রতনমণি দাসীর ও প্রহ্লাদ মাজির ও রাজকুমার মাজির ও কীর্ত্তিনারায়ণ মাজির ও রাখালদাস মিস্ত্রির ও নন্দকুমার চাকর ও সুকচাঁদ মাজির ও চন্দ্রকান্ত করের ও কুর্ম্মান সেখের ও গোবিন্দচন্দ্র ঘোষের ও নসরুদ্দী মোল্লার দখলী ভূমি, পশ্চিম সীমা ঈশানচন্দ্র রায়ের ও জান মহম্মদ সেখের ও নিলু সেখের ও বলাই সর্দ্দারের ও কতু মাজির ও কেতু সেখের ও পেতু সেখের ও হাদন সেখের ও হৃদয় বেহারার ও প্রহ্লাদ মাজির, ও কাশী মাজির ও কীর্ত্তিনারায়ণ মাজির ও রাখালদাস মিস্ত্রির ও কৈলাস সুরের ও গোপীনাথ সুরের ও সুকচাঁদ মাজির ও ঈশ্বরচন্দ্র ধরের দখলী ভূমি।

২ নং খণ্ড।—আগ পোলন্দ মৌজায় ন্যূনাধিক ৩/১ কাটা পরিমিত ভূমি; তাহার উত্তর ও দক্ষিণ সীমা আগপোলন্দ মৌজার উত্তর ও দক্ষিণ সীমার কিয়দংশ, পূর্ব্ব সীমা লক্ষ্মীকান্ত করের দখলী ভূমি ও পশ্চিম সীমা লক্ষ্মীকান্ত করের ও রামসুন্দর সরকারের ও রাখালদাস মিস্ত্রির ও প্রাণনাথ চক্রবর্ত্তীর দখলী ভূমি।

৩ নং খণ্ড।—মঝিয়াল মৌজায় ন্যূনাধিক ১১।০৮৶ ছটাক পরিমিত ভূমি, তাহার উত্তর ও দক্ষিণ সীমা মঝিয়াল মৌজার উত্তর ও দক্ষিণ সীমার কিয়দংশ, পূর্ব্ব সীমা জন্মেজয় দত্তের ও ধনঞ্জয় দত্তের ও নিমাই প্রামাণিকের ও গুজাব মল্লিকের ও কৃষ্ণ প্রামাণিকের ও নবকুমার চক্রবর্ত্তীর ও গৌরসুন্দর ভূমিকের ও শ্যামাচরণ বর্দ্ধনের ও চন্দ্রনাথ করের ও আদ্যনাথ করের ও হরিণচন্দ্র করের ও আনন্দচন্দ্র করের ও নসুরুদ্দী মোল্লার ও রামকানাই সরকারের ও ধনঞ্জয় সুরের ও গঙ্গাগোবিন্দ সুরের ও ভৈরবচন্দ্র ঘোষের ও ঈশ্বরচন্দ্র ধরের ও পরশুল্লা সেখের ও মকিম সেখের দখলী ভূমি, এবং পশ্চিম সীমা, শ্যামাচরণ বর্দ্ধনের ও চন্দ্রনাথ করের ও আদ্যনাথ করের ও হরিণচন্দ্র করের ও আনন্দচন্দ্র করের ও নোচীরুদ্দী মোল্লার ও রামকানাই সরকারের ও ধনঞ্জয় সুরের ও গঙ্গাগোবিন্দ সুরের ও ভৈরবচন্দ্রর ঘোষের ও ঈশ্বরচন্দ্র ধরের ও পরশুল্লা সেখের ও মোকিম সেখের ও উদয় কাজীর ও রাখালদাস মিস্ত্রির ও মৃত্যুঞ্জয় সুরের ও রামানন্দ বসুর ও রাধ গোবিন্দ ভূমিকের দখলী ভূমি।

৪ নং খণ্ড।—চর পোলন্দ মৌজায় ন্যূনাধিক ৮।।৪।৶ ছটাক পরিমিত ভূমি, তাহার উত্তর ও দক্ষিণ সীমা চর পোলন্দ মৌজার উত্তর ও দক্ষিণ সীমার কিয়দংশ, পূর্ব্ব সীমা মধু প্রামাণিকের ও মদন সেখের ও গরিবুল্লা কাজির ও বিন্দু মল্লিকের ও মোমিন সেখের ও উদয় কাজির ও বাদিরুদ্দী সেখের ও উজীর সেখের ও চালম কাজির ও কালু সেখের ও মল্লু সেখের ও কেতু সেখের ও সুবদ্দি সেখের ও দেলবর খাঁর, ও জমির সেখের ও মধু সেখের ও কাচি সেখের দখলী ভূমি, ও পশ্চিম সীমা মোমিন সেখের ও উদয় কাজির ও বদিরুদ্দী সেখের ও উজীর সেখের ও চালম কাজির ও কালু সেখের ও মল্লু সেখের ও কেতু সেখের ও সুবদ্দি সেখের ও দেলবর খাঁর ও জোহর সেখের ও মধু সেখের ও কাচি সেখের দখলী ভূমি।

৫ নং খণ্ড।—ডাবুইল মৌজায় ন্যূনাধিক ১৩৮১৮/ ছটাক পরিমিত ভূমি, তাহার উত্তর সীমা, ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির ভূমি, পূর্ব্ব সীমা ডাবুইল মৌজার উত্তর সীমার কিয়দংশ, দক্ষিণ সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির ভূমি, পূর্ব্ব সীমা মিজ্রাজান সেখের ও কেতু সেখের ও জমীর সেখের ও বাসী মোল্লার ও কলন্দর সেখের ও চুনু সর্দ্দারের ও কেপু সর্দ্দারের ও সুনাউল্লা সেখের ও চমিরুদ্দী সেখের ও গফু সেখের ও দাগি সেখের ও মধু সেখের ও গোপাল সেখের ও জাওয়ালদী সেখের দখলী ভূমি, এবং পশ্চিম সীমা মিজাজান সেখের ও

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ মার্চ।]

Doby Shaik, Modu Shaik, Gopaul Shaik, and Jawaldi Shaik, and on the west by land occupied by Menjan Shaik, Ketoo Shaik, Jomeer Shaik, Bassy Mollah, Kalimuddy Shaik, Iehoo Sirdar Kepoo Sirdar, Soonaoola Shaik, Chulimuddy Shaik, Gadoo Shaik, Dooby Shaik, Modu Shaik, Gopal Shaik, Jamaldi Shaikh, Radha Mohun Ghose, Kheroo Shaikh, Johurruddy Shaik, Chattoo Shaik, Merjagazee Shaik, Janoo Shaikh, Asoori Bepari and Sooroop Shaik.

Plot No 6.—In mouzah Dhobagati, measuring, more or less, 3 biggahs 11 cottahs 7 chittacks of land bounded on the north by land belonging to Eastern Bengal Railway Company, on the south by a portion of the southern boundary of mouzah Dhobagati, on the east by khal, and on the west by land occupied by Kristo Chunder Mundle, Dwarka Nath Paul, Gobindo Chunder Mundle, Deno Nath Dass, Radha Mohun Rokhit, Nodeer Chand Mundle

Plot No 7.—In mouzah Chur Esal Sibrampur, measuring, more or less, 8 biggahs 12 cottahs 8 chittacks of land bounded on the north and south by portions of northern and southern boundaries of mouzah Chur Esal Sibrampur, on the east by khal, and on the west by land occupied by Nodeer Chand Mundle, Pran Nath Chuckerbutty, Mohim Chunder Dass, Neloo Shaik, Ram Kristo Bose, Ichoo Mullick, Assman Mullick, Bhoodhai Shaik, Moisuddy Bepari, Shama Churn Burdan, Sooltan Mullick, Dhonnonjoy Dutt, Jonmenjoy Dutt, and Bissoo Sirdar.

Plot No. 8.—In mouzah Bathur, measuring, more or less, 8 biggahs 18 cottahs 3 chittacks of land bounded on the north by a portion of the northern boundary of mouzah Bathur, on the south by land occupied by Ram Ruttun Adicary, on the east by khal, and on the west by land occupied by Ramgoti Pramanic, Kokaram Pramanic, Dhurma Narain Pramanic, Anando Pramanic, Tincory Pramanic, Ram Chand Pramanic, Raj Chunder Pramanic, Narain Pramanic, Haribolla Pramanic, Dhukhiram Barai, Purnima Dassy, Moyaram Pramanic, Raimoney Dassy, Issur Chunder Chuckerbutty, Ram Rottun Adicary, Lal Chand Pramanic, and Kalla Chand Pramanic.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

F S STANTON, *Lieut.-Col.*, R E,
Offg Secy to the Govt of Bengal,
P W Dept., Railway Branch

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 30, 1880

মঙ্গলবার ১৮৮০ সাল ৩০ মার্চ।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No 1867 A.

GENERAL —*The* 17*th March* 1880 —Mr A Smith, Officiating Commissioner of the Orissa Division, and Superintendent of the Tributary Mehals, Cuttack, is confirmed in his appointment with effect from the 6th October last, *vice* Mr F R Cockerell, retired

Mr E G Glazier, Magistrate and Collector, Dinagepore, is appointed to be a Magistrate and Collector of the First Grade, with effect from the 6th October last, *vice* Mr A Smith.

Mr H J Newbery, Magistrate and Collector, of Bhagulpore, is appointed to be a Magistrate and Collector of the Second Grade, with effect from the 6th October last, *vice* Mr E G Glazier

Mr E J Barton, Officiating Magistrate and Collector, Gya, is appointed to be a Magistrate and Collector of the Third Grade with effect from the 6th October last, *vice* Mr H J Newbery Mr Barton will continue to act, until further orders, in the Second Grade of Magistrates and Collectors

Mr G M Currie, Joint-Magistrate and Deputy Collector, Chumparun, is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the First Grade, with effect from the 22nd November 1879

Mr P Nolan is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, with effect from the 1st February 1880, but will continue to act, until further orders, in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors

The 18th *March* 1880 —Mr C S Bayley, Assistant Magistrate and Collector, Raneegunge, Burdwan, is appointed to have charge of the Barh division of the Patna district

Mr C P Caspersz, Assistant Magistrate and Collector, Cutwa, Burdwan, is appointed to have charge of the Raneegunge division of that district

Mr G G Dey is re-appointed to act, until further orders, as a Joint Magistrate and Deputy Collector of the First Grade, with effect from the afternoon of the 1st instant

The 19*th March* 1880 —Mr W Cornell, District and Sessions Judge of Midnapore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 10th April next.

Mr J Whitmore, Officiating District and Sessions Judge, Mozufferpore, is appointed to act as District and Sessions Judge of Midnapore, during the absence, on leave, of Mr W Cornell, or until further orders

Mr E McL Smith, Officiating Deputy Magistrate and Deputy Collector, Jamtara, Sonthal Pergunnahs, is appointed temporarily to be a Deputy Magistrate and Deputy Collector of the Seventh Grade

Moonshee Buzlal Karim, Officiating Deputy Magistrate and Deputy Collector, Purneah, is appointed temporarily to be a Deputy Magistrate and Deputy Collector of the Seventh Grade

Mr A Weekes, Officiating Magistrate and Collector, Chumparun, is allowed furlough for six months, under Section 21, Chapter IV of the Civil Leave Code, with effect from the 1st May next

Mr G M Currie, Joint Magistrate and Deputy Collector, Chumparun, is appointed to act as Magistrate and Collector of that district, during the absence, on deputation, of Mr W M Clay, or until further orders

Mr R M Waller, Deputy Commissioner, Darjeeling, is appointed to act, until further orders, in the Second Grade of Deputy Commissioners with effect from the 3rd instant, *vice* Major E G Lillingston

Major W L Samuells, Officiating Deputy Commissioner, Hazareebagh, is appointed to act, until further orders, in the Third Grade of Deputy Commissioners with effect from the 3rd instant, *vice* Mr R M Waller

[*Government Gazette*, 30*th March* 1880]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশ।

১৮৬১ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ১৭ মার্চ।—শ্রীযুত এস, আর, কক্রেল সাহেব কর্ম্ম হইতে অবসর গ্রহণ করাতে উড়িষ্যা খণ্ডের একটিং কমিশনর ও কটকের পেশকশী মহালের সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ. স্মিথ সাহেব, গত অক্টোবর মাসের ৬ তারিখ অবধি স্বীয় পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, স্মিথ সাহেবের পরিবর্ত্তে দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই, জি, গ্লেজিয়র সাহেব, ৬ অক্টোবর মাসের ৬ তারিখ অবধি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ই, জি, গ্লেজিয়র সাহেবের পরিবর্ত্তে ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, জে, নিউবেরি সাহেব গত অক্টোবর মাসের ৬ তারিখ অবধি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, জে নিউবেরি সাহেবের পরিবর্ত্তে গয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই, জে, বার্টন সাহেব গত অক্টোবর মাসের ৬ তারিখ অবধি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। শ্রীযুত বার্টন সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে থাকিবেন।

চাম্পারনের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, এম, কবি সাহেব, ১৭৯ সালের ২২ নবেম্বর অবধি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত পি, নোলান সাহেব, ১৮৮০ সালের ১ ফেব্রুয়ারি অবধি দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ আজ্ঞা না হয়, জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৮০ সাল ১৮ মার্চ।—বর্দ্ধমানের অন্তর্গত রাণীগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, এস, বেলী সাহেব পাটনা জেলার অন্তর্গত বাড় মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

বর্দ্ধমানের অন্তর্গত কাঁটওয়ার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, পি, কাম্পার্জ সাহেব উক্ত জিলার অন্তর্গত রাণীগঞ্জ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জি, জি, দে যাবৎ অন্য আজ্ঞা না হয়, এই মাসের ১ তারিখের অপরাহ্ন অবধি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

৮৮০ সাল ১৯ মার্চ।—মেদিনীপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত ডবলিউ, কর্ণেল সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি আপ্রিল মাসের ১০ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত ডবলিউ, কর্ণেল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মজফরপুরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জে, উইটমোর সাহেব মেদিনীপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত জামতারার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, মকলস্কিন সাহেব কিয়ৎকালের নিমিত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

পুরুলিয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী নজলুল করিম কিয়ৎকালের নিমিত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

চাম্পারনের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, উইক্স সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ২১ ধারামতে আগামি মে মাসের ১ তারিখ অবধি ছয় মাসের নিয়মিত ছুটী পাইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত ডবলিউ, এম, ক্লে সাহেবের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় চাম্পারনের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, এম, কবি সাহেব, উক্ত জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মেজর শ্রীযুত ই, জি, লিলিংষ্টন সাহেবের পরিবর্ত্তে দার্জ্জিলিঙ্গের ডেপুটী কমিশনর শ্রীযুত আর, এম, ওয়ালর সাহেব এই মাসের ৩ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী কমিশনরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মেজর শ্রীযুত আর, এম, ওয়ালর সাহেবের পরিবর্ত্তে হাজারীবাগের একটিং ডেপুটী কমিশনর মেজর শ্রীযুত ডবলিউ, এল, সামুয়েলস সাহেব এই মাসের ৩ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী কমিশনরদের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩০ মার্চ।]

Mr R H Renny, Assistant Commissioner, Palamow, Lohardugga, is appointed to act temporarily until further orders, in the First Grade of Assistant Commissioners, with effect from the 29th ultimo, *vice* Major W L Samuells

Mr W N Campbell, Officiating Assistant Commissioner, Pakour, Sonthal Pergunnahs, is appointed to act, until further orders, in the Second Grade of Assistant Commissioners, with effect from the 29th ultimo

The 22nd March 1880 —Mr J Kennedy, Assistant Magistrate and Collector in charge of the Begoo Serai division of the Monghyr district, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 7th proximo, or any subsequent date on which he may be relieved

Mr H F J T Maguire, Assistant Magistrate and Collector, Bhagulpore, is appointed to have charge of the Begoo Serai division of the Monghyr district during the absence, on leave, of Mr J Kennedy, or until further orders This cancels the orders of the 19th February last, transferring Mr Maguire to Sarun

Mr F W Badcock, Officiating Joint-Magistrate and Deputy Collector, Howrah, is appointed to act temporarily as Magistrate and Deputy Collector of that district

Mr J White Deputy Magistrate and Deputy Collector, Barh, Patna, is allowed leave for 18 months, under Section 4, Supplement F of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it

The 23rd March 1880 —Moulvi Sobban Hyder, Sub-Deputy Collector, Palamow, Lohardugga, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the afternoon of the 21st ultimo

Mr T Smith, District and Sessions Judge, Backergunge, is appointed to act, until further orders, in the First Grade of District Judges, with effect from the 11th instant, *vice* Mr H Beverley

The orders of the 8th January last, transferring Baboo Gaaendro Nath Pal, temporary Sub-Deputy Collector, Furreedpore, to Tipperah, are cancelled

Moonshee Fazlul Rahman, temporary Sub-Deputy Collector, Rajshahye and Cooch Behar Division, is posted to Rungpore

Baboo Sitanath Mookerjee is appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade, and is posted to Dinagepore

Baboo Gour Das Bysack, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, was on leave from the 1st to the 26th January 1880, inclusive, under the rules in Chapter VII of the Civil Leave Code

The services of Captain L J H Grey, Assistant Commissioner in charge of the Burkagurh Estate in Chota Nagpore, are replaced at the disposal of the Government of India in the Military Department

Mr C N Banerjee, Deputy Magistrate and Deputy Collector in charge of the Chooadanga division of the Nuddea district, is allowed furlough for one year, under Section 8, Supplement F to the Civil Leave Code, with effect from the 10th proximo, or any other date on which he may be relieved

Mr C J O'Donnell, Officiating Joint-Magistrate and Deputy Collector, Burdwan, is allowed special leave for six months, under Section 31 of the Civil Leave Code, with effect from the 15th instant

Mr D J Macpherson, Assistant Magistrate and Collector, Dacca, is transferred to the Sudder Station of the Backergunge district.

Baboo Hurry Mohun Sen, Deputy Magistrate and Deputy Collector, Ghattal, Midnapore, is appointed to have charge of the Cutwa division of the Burdwan district

Baboo Shamapudo Chowdhry, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is appointed to have charge of the Ghattal division of the Midnapore district

POLICE —*The 16th March* 1880.—Mr E. W. Payne, Officiating Assistant Superintendent of Police, Monghyr, is allowed leave for 28 days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 11th instant.

[*Government Gazette*, 30*th March* 1880.]

মেজর শ্রীযুত ডবলিউ, এল, সামুয়েলস সাহেবের পরিবর্ত্তে, লোহারডগার অন্তর্গত পালামৌয়ের আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত আর, এচ, বেণী সাহেব গত মাসের ২৯ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, কিয়ৎকালের জন্যে আসিষ্টান্ট কমিশ্যনরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত পাকুড়ের একটিং আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত ডবলিউ, এন কাম্বেল সাহেব গত মাসের ২৯ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, আসিষ্টান্ট কমিশ্যনরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২০ মার্চ।—মুঙ্গের জিলার অন্তর্গত বেগুসরাই মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, কেনেডি সাহেব, আগামি মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে অন্যের প্রতি কার্য্যের ভার অর্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, কেনেডি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ভাগলপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, এফ, জে, টি মাগুার সাহেব, মুঙ্গের জিলার অন্তর্গত বেগুসরাই মহকুমার কার্য্যের ভার গ্রহণ করণার্থে নিযুক্ত হইলেন। শ্রীযুত মাগুার সাহেবের সারণে প্রেরিত হওন বিষয়ক গত ফেব্রুয়ারি মাসের ১৯ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

৯ধারা। আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত থাকিলে, অন্য জাহাজে যে২ আলোক জ্বালিয়া রাখিতে হয় সেই২ আলোক জ্বালিয়া রাখিবে না, কিন্তু দিঙ্মণ্ডলের সকল দিক্ হইতে দেখা যায় এরূপ একটি শাদা আলোক মাস্তুলের মাথায় জ্বালিয়া রাখিবে, এবং পনের মিনিটের অনধিক সময়ান্তরে এক বা একাধিক অত্যুজ্জ্বল আলোকও দেখাইবে।

আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত না থাকিলে, অন্যান্য জাহাজের ন্যায় আলোক জ্বালিয়া রাখিবে।

১০ধারা। মৎস্যধরিবার খোলা নৌকা ও অন্য প্রকারের খোলা নৌকা যৎকালে চলিতে থাকে, অন্য জাহাজাদির ন্যায়, তাহাতে পার্শ্বালোক জ্বালিয়া রাখিতে হইবে না, কিন্তু উহার পরিবর্ত্তে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে, এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থ যথাকালে ঐ লাণ্ঠন এরূপে দেখাইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা যাইবে না।

(খ) মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা লঙ্গর ফেলিয়া থাকিলে একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

(গ) মৎস্য ধরিবার জাহাজাদি মৎস্য ধরণার্থে জাল ফেলিয়া গড়াইয়া দিয়া যাইবার সময়ে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি লাল আলোক জ্বালিয়া রাখিবে।

(ঘ) ট্রলর অর্থাৎ যে জাহাজাদি টানা জাল ফেলিয়া যায় তাহা যৎকালে উক্ত কার্য্যে নিযুক্ত থাকে তাহাতে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি আলোক জ্বালিয়া রাখিতে হইবে। উপরের আলোকটি লাল ও নীচের আলোকটি সবুজ রঙ্গের হইবে। আর তাহাতে অন্য জাহাজাদির ন্যায় পার্শ্বালোকও রাখিতে হইবে, অথবা পার্শ্বালোক রাখিতে না পারা গেলে, ৭ ধারার বিধানমতে রঞ্জিত আলোক অথবা এই ধারার (ক) প্রকরণমত লাল ও সবুজ রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩০ মার্চ।]

(e)—Fishing vessels and open boats shall not be prevented from using a flare-up in addition if they desire to do so

(f)—The lights mentioned in this Article are substituted for those mentioned in the 12th, 13th, and 14th Articles of the Convention between France and England scheduled to the British Sea Fisheries Act, 1868

(g)—All lights required by this Article, except side lights, shall be in globular lanterns so constructed as to show all round the horizon

ART 11 A ship which is being overtaken by another shall show from her stern to such last-mentioned ship a white light or a flare-up light

Sound Signals for Fog, &c

ART 12 A steam-ship shall be provided with a steam whistle, or other efficient steam sound signal, so placed that the sound may not be intercepted by any obstructions, and with an efficient fog horn to be sounded by bellows or other mechanical means, and also with an efficient bell A sailing ship shall be provided with a similar fog horn and bell

In fog, mist, or falling snow, whether by day or night, the signals described in this Article shall be used as follows, that is to say—

(a)—A steam-ship under way shall make with her steam whistle, or other steam sound signal, at intervals of not more than two minutes, a prolonged blast

(b)—A sailing ship under way shall make with her fog horn, at intervals of not more than two minutes, when on the starboard tack one blast, when on the port tack two blasts in succession, and when with the wind abaft the beam three blasts in succession

(c)—A steam ship and a sailing ship when not under way shall, at intervals of not more than two minutes, ring the bell

Speed of Ships to be moderate in Fog, &c

ART 13 Every ship, whether a sailing ship or steam-ship, shall in a fog, mist, or falling snow go at a moderate speed

Steering and Sailing Rules

ART 14 When two sailing ships are approaching one another, so as to involve risk of collision, one of them shall keep out of the way of the other as follows, viz —

(a)—A ship which is running free shall keep out of the way of a ship which is close-hauled

(b)—A ship which is close hauled on the port tack shall keep out of the way of a ship which is close-hauled on the starboard tack

(c)—When both are running free with the wind on different sides the ship which has the wind on the port side shall keep out of the way of the other

(d)—When both are running free with the wind on the same side, the ship which is to windward shall keep out of the way of the ship which is to leeward

(e)—A ship which has the wind aft shall keep out of the way of the other ship

ART 15 If two ships under steam are meeting end on, or nearly end on, so as to involve risk of collision, each shall alter her course to starboard, so that each may pass on the port side of the other

This Article only applies to cases where ships are meeting end on, or nearly end on, in such a manner as to involve risk of collision, and does not apply to two ships which must, if both keep on their respective courses, pass clear of each other

The only cases to which it does apply are, when each of the two ships is end on, or nearly end on to the other, in other words, to cases in which by day each ship sees the mast of the other in a line, or nearly in a line, with her own, and by night, to cases in which each ship is in such a position as to see both the side lights of the other

It does not apply by day to cases in which a ship sees another ahead crossing her own course, or by night, to cases where the red light of one ship is opposed to

[*Government Gazette*, 30*th March* 1880.]

(ঙ) মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটী অত্যুজ্জ্বল আলোক ব্যবহার করিতে চাহিলে, তাহা নিবারণ করা যাইবে না।

(চ) সমুদ্রে মৎস্য ধরণ বিষয়ক ১৮৬৮ সালের ইঙ্গলণ্ডীয় আইনের তফসীলে ফ্রান্সের সহিত ইঙ্গলণ্ডের যে সন্ধিপত্র প্রদত্ত হইয়াছে, তাহার ১২ ও ১৩ ও ১৪ ধারায় লিখিত আলোকের পরিবর্ত্তে এই ধারায় লিখিত আলোক দিতে হইবে।

(ছ) পার্শ্বালোক ছাড়া এই ধারার আদেশমত সমুদয় আলোক এপ্রকার নির্ম্মিত গোলাকার লাণ্ঠনে দিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে দেখা যায়।

১১ ধারা। পশ্চাদ্দিক্ হইতে অন্য একখান জাহাজ আসিয়া যে জাহাজকে ধরে, সেই জাহাজের পশ্চাদ্ভাগ হইতে প্রথমোক্ত জাহাজকে একটি শাদা আলোক বা অত্যুজ্জ্বল আলোক দেখাইবে।

কুয়াসা প্রভৃতিতে শব্দের সিকনেলের বিধি।

১২ ধারা। কলের জাহাজে বাষ্পঘটিত বাঁশী অথবা অন্য কার্য্যকর বাষ্পঘটিত শব্দের সিকনেল থাকিবে। তাহা এরূপে রাখিতে হইবে যে কোন বাধা দ্বারা শব্দে বিস্তারের প্রতিবন্ধকতা না হয় এতদ্ব্যতীত কুয়াসাকালীন কার্য্যকর শিঙ্গা থাকিবে, তাহা জাঁতা বা অন্য যন্ত্রদ্বারা বাজাইতে হইবে, আর একটি কার্য্যকর ঘণ্টা থাকিবে। পাইল ভরে গামি জাহাজেও তদ্রূপ কুয়াসাকালীন শিঙ্গা ও ঘণ্টা থাকিবে।

অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়, দিনেই হউক বা রাত্রিতেই হউক, এই ধারার বর্ণিত সিকনেল গুলি পশ্চ লিখিত মত ব্যবহার করিতে হইবে, যথা,

(ক) কলের জাহাজ চলিবার সময়ে বাষ্পঘটিত বাঁশী বা অন্য বাষ্পঘটিত শব্দের সিকনেল দিয়া দুই মিনিটের অনধিক কালান্তর দীর্ঘস্থায়ি শব্দ করিবে।

(খ) পাইল ভরে গামী জাহাজ চলিবার সময়ে কুয়াসাকালীন শিঙ্গা দ্বারা দুই মিনিটের অনধিক কাল অন্তর, ডাহিন দিকে গমন কালে একটিশব্দ ও বামদিকে গমন কালে ক্রমিক দুইটি শব্দ ও বায়ুর প্রতিকূলে গমন কালে ক্রমিক তিনটি শব্দ করিবে।

(গ) কলের জাহাজ ও পাইলভরে গামি জাহাজ যৎকালে না চলে, দুইমিনিটের অনধিক কালান্তর ঘণ্টা বাজাইবে।

কুয়াসা প্রভৃতিতে জাহাজের বেগ অল্প হইবার বিধি।

১৩ ধারা। কোন জাহাজ পাইলভরে গামি জাহাজই হউক বা কলের জাহাজই হউক, অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়ে অল্পবেগে চলিবে।

দূর হইতে দেখিবার ও পাইল তুলিয়া যাইবার বিধি।

১৪ ধারা। পাইলভরে গামি দুইখান জাহাজ যদি এরূপে পরস্পরের নিকটবর্ত্তী হইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে তন্মধ্যে একখান নিম্ন লিখিত মতে অন্য খানির পথ হইতে সরিয়া যাইবে, যথা,

(ক) কোন জাহাজ অনুকূল বায়ু পাইয়া চলিতে থাকিলে, বায়ুর প্রতিকূলগামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(খ) যে জাহাজ বায়ুর প্রতিকূলে বাম দিকে যাইতেছে, তাহা বায়ুর প্রতিকূলে ডাইন দিক্‌গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(গ) ভিন্ন২ পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, যে জাহাজের বাম পার্শ্ব হইতে বায়ু বহে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঘ) একই পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, বাতাসের দিকে যে জাহাজ থাকে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঙ) যে জাহাজের পিছে বাতাস লাগে, তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৫ ধারা। বাষ্পবলে গামি দুইখান জাহাজ যদি এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে প্রত্যেক জাহাজই এরূপে ডাইনে সরিয়া যাইবে যে একটি অন্যটির বাম দিকে চলিয়া যাইতে পারে।

যে স্থলে জাহাজদ্বয় এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কেবল সেই স্থলে এই ধারার বিধান খাটে, এবং যে স্থলে দুইখান জাহাজ আপন২ পথে থাকিলে পাশ দিয়া চলিয়া যাইবে, সেই স্থলে খাটে না।

যে স্থলে একখান জাহাজ অন্য আর একখান জাহাজের সহিত প্রান্তে২ অথবা প্রায় প্রান্তে২ মিলে অর্থাৎ যে স্থলে দিবাভাগে এক জাহাজের লোক অপর জাহাজের মস্তুল আপন জাহাজের মস্তুলের সহিত সমসূত্রে বা প্রায় সমসূত্রে দেখিতে পায়, এবং যে স্থলে রাত্রিকালে প্রত্যেক জাহাজ এরূপ স্থানে আইসে যে তাহাহইতে অন্য জাহাজের উভয় পার্শ্বালোক দেখা যায়, কেবল সেই স্থলেই এই ধারার বিধান খাটে।

দিবাভাগে যে স্থলে এক জাহাজ হইতে দেখা যায় যে সম্মুখদিকে তাহার পথ পার হইয়া অন্য জাহাজ যাইতেছে, অথবা রাত্রিকালে যে স্থলে এক জাহাজের লাল আলোক অন্য জাহাজের লাল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩০ মার্চ।]

the red light of the other, or where the green light of one ship is opposed to the green light of the other, or where a red light without a green light, or a green light without a red light is seen ahead, or where both green and red lights are seen anywhere but ahead.

ART 16 If two ships under steam are crossing so as to involve risk of collision, the ship which has the other on her own starboard side shall keep out of the way of the other

ART 17 If two ships, one of which is a sailing ship and the other a steam-ship, are proceeding in such directions as to involve risk of collision, the steam-ship shall keep out of the way of the sailing ship

ART 18 Every steam ship when approaching another ship, so as to involve risk of collision, shall slacken her speed, or stop and reverse if necessary

ART 19 In taking any course authorized or required by these Regulations a steam-ship under way may indicate that course to any other ship which she has in sight by the following signals on her steam whistle, viz —

One short blast to mean—" I am directing my course to starboard "

Two short blasts to mean—" I am directing my course to port "

Three shorts blasts to mean—" I am going full speed astern "

The use of these signals is optional, but if they are used the course of the ship must be in accordance with the signal made

ART 20 Notwithstanding anything contained in any preceding Article every ship, whether a sailing ship or steam-ship overtaking any other, shall keep out of the way of the overtaken ship

ART 21. In narrow channels every steam ship shall, when it is safe and practicable, keep to that side of the fairway or midchannel which lies on the starboard side of such ship

ART 22 Where by the above rules one of two ships is to keep out of the way the other shall keep her course

ART 23 In obeying and construing these rules due regard shall be had to all dangers of navigation, and to any special circumstances which may render a departure from the above rules necessary in order to avoid immediate danger

No Ship under any circumstances to neglect proper precautions

ART 24 Nothing in these rules shall exonerate any ship, or the owner, or master, or crew thereof, from the consequences of any neglect to carry lights or signals, or of any neglect to keep a proper look out, or of the neglect of any precaution which may be required by the ordinary practice of seamen, or by the special circumstances of the case

Reservation of Rules for Harbours and Inland Navigation

ART 25 Nothing in these rules shall interfere with the operation of a special rule duly made by local authority relative to the navigation of any harbour, river, or inland navigation

Special Lights for Squadrons and Convoys

ART 26 Nothing in these rules shall interfere with the operation of any special rules made by the Government of any nation with respect to additional station and signal lights for two or more ships of war, or for ships sailing under convoy

---

SECOND SCHEDULE

Austria Hungary	Italy
Belgium	Netherlands
Chili.	Norway
Denmark.	Portugal
France.	Russia.
Germany.	Spain
Great Britain.	Sweden
Greece	United States.

[*Government Gazette*, 30*th March* 1880.]

আলোকের সম্মুখে পড়ে, কিম্বা এক জাহাজের সবুজ আলোক অন্য জাহাজের সবুজ আলোকের সম্মুখে পড়ে, কিম্বা সবুজ আলোক বিনা লাল আলোক বা লাল আলোক বিনা সবুজ আলোক সম্মুখ দিকে দেখা যায়, কিম্বা সম্মুখ দিকে না হইয়া অন্যত্র সবুজ ও লাল উভয় আলোকই দেখা যায়, সেই স্থলে এই ধারার বিধান খাটে না।

১৬ ধারা। যদি বাষ্পবলে গামি দুইখান জাহাজ পরস্পরের পথ এরূপে কাটিয়া যায় যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে যে জাহাজের ডাহিন দিকে অন্য জাহাজ থাকে সেই জাহাজ সেই অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৭ ধারা। যদি এক খান পাইলভরে গামি জাহাজ ও এক খান কলের জাহাজ এরূপে কোন দিকে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কলের জাহাজ পাইলভরে গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৮ ধারা। কোন কলের জাহাজ যখন এরূপে অন্য কোন জাহাজের নিকটে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তখন আপন বেগ কমাইবে অথবা আবশ্যক হইলে বেগ বন্ধ করিবে ও উল্টাইয়া দিবে।

১৯ ধারা। এই বিধিমতে যে পথে যাইবার অনুমতি বা আদেশ আছে সেই পথে যাইবার সময়ে কোন কলের জাহাজ হইতে অন্য যে জাহাজ দেখা যায় সেই জাহাজের লোকদিগকে উক্ত পথ জ্ঞাপন করিবার নিমিত্ত বাষ্পঘটিত বাঁশীতে নিম্ন লিখিত সিকনেল দেওয়া যাইতে পারিবে, অর্থাৎ

একবার শব্দ করিবার অর্থ এই—“আমি ডাহিন দিকে যাইতেছি”।
দুইবার শব্দ করিবার অর্থ এই—“আমি বাম দিকে যাইতেছি।”
তিনবার শব্দ করিবার অর্থ এই—“আমি পূর্ণবেগে পশ্চাদ্দিকে যাইতেছি।”

এই সকল সিকনেল ব্যবহার করা স্বেচ্ছাধীন। কিন্তু সিকনেল ব্যবহার করা গেলে, ঐ সিকনেল অনুসারে জাহাজ চালাইতে হইবে।

২০ ধারা। পূর্ব্ব কোন ধারায় ভাবান্তরের কথা থাকিলেও পাইলভরে গামী জাহাজই হউক বা কলের জাহাজই হউক, যে জাহাজ অন্য কোন জাহাজকে যাইয়া ধরে, সেই জাহাজ ধৃত জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

২১ ধারা। সঙ্কীর্ণ জলপ্রণালীতে নির্ব্বিঘ্ন ও সাধ্য হইলে, কলের জাহাজের ডাহিন দিকে জল-পথের বা মধ্যনালার যে পার্শ্ব পড়ে, উক্ত জাহাজ সেই পার্শ্ব দিয়া চলিবে।

২২ ধারা। উপরি লিখিত বিধানক্রমে যে স্থলে দুইখান জাহাজের মধ্যে এক খানের পথ হইতে সরিয়া যাইতে হইবে, অপর খান আপন পথে চলিতে থাকিবে।

২৩ ধারা। এই বিধি পালন করিবার ও তাহার অর্থ করিবার সময়ে নৌ যাত্রার সমুদয় বিপদের প্রতি ও উপস্থিত বিপদ এড়াইবার নিমিত্ত যে২ বিশেষ অবস্থায় উপরি লিখিত বিধান লঙ্ঘন করা আবশ্যক হয় সেই অবস্থার প্রতি যথোচিত মনোযোগ দিতে হইবে।

কোন অবস্থায় কোন জাহাজের যথোচিত সাবধান হইতে উপেক্ষা না করিবার কথা।

২৪ ধারা। আলোক বা সিকনেল লইতে উপেক্ষা করাতে, কিম্বা উপযুক্ত দৃষ্টি রাখিতে উপেক্ষা করাতে, কিম্বা নাবিকদের প্রচলিত রীতিক্রমে বা বিশেষ অবস্থানুসারে যে রূপ সাবধানতা আবশ্যক হয় তৎপ্রতি উপেক্ষা করাতে, যে ফলভোগ হয়, এই বিধির কোন কথায় কোন জাহাজ বা তাহার স্বামী বা কাপ্তেন বা মাল্লারা সেই ফলভোগ হইতে মুক্ত হইবে না।

বন্দরের ও আভ্যন্তরিক নৌযাত্রার বিধি সংরক্ষণের কথা।

২৫ ধারা। কোন বন্দরে বা নদীতে জল পথে গমনাগমন বা আভ্যন্তরিক নৌযাত্রা সম্বন্ধে স্থানীয় কর্ত্তৃপক্ষ নিয়মিতরূপে যে বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

যুদ্ধ জাহাজের বহরে ও রক্ষিত জাহাজে বিশেষ আলোক দিবার বিধি।

২৬ ধারা। দুই কিম্বা তদধিক যুদ্ধ জাহাজের নিমিত্ত কিম্বা নৌসেনা রক্ষিত পাইলভরে গামি জাহাজের নিমিত্ত কোন দেশের গবর্ণমেণ্ট অতিরিক্ত ষ্টেশন ও সিকনেল আলোক সম্পর্কীয় যে কোন বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

দ্বিতীয় তফসীল।

অষ্ট্রিয়া হঙ্গেরী	ইতালী।
বেলজিয়ম।	নেদরলণ্ড।
চিলি।	নরওয়ে।
ডেনমার্ক।	পর্ত্তুগাল।
ফ্রান্স।	রুসিয়া।
জর্ম্মণি।	স্পেন।
গ্রেটব্রিটেন।	সুইডেন।
গ্রীস।	ইউনাইটেড ষ্টেটস।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩০ মার্চ।]

JUDICIAL DEPARTMENT

No 1868A

The 12th March 1880 —Baboo Brojolall Dutt is appointed to be an Honorary Magistrate for the Sealdah Bench in the district of the 24-Pergunnahs, and is vested with the powers of a Magistrate of the Third Class

The 15th March 1880 —Mr J Blackburn, Honorary Magistrate of the Sealdah Bench, 24-Pergunnahs, is vested with the powers of a Magistrate of the Second Class

The 18th March 1880 —In supersession of the orders of the 6th instant, Baboo Nundo Lall Dey, B L, is appointed to act as a Moonsif in the district of Rungpore, during the absence, on leave, of Baboo Ashootosh Addy, or until further orders. Baboo Nundo Lall Dey will be ordinarily stationed at the Sudder Station of Rungpore

Baboo Prosonno Coomar Sen, M A, B L, Second Moonsif of Jessore, is appointed to act as First Moonsif of Serampore, during the absence, on leave, of Baboo Kader Nath Chatterjee, or until further orders

Baboo Chandee Churn Sen, First Moonsif of Muradnugger, Tipperah, on leave, is appointed to act as a Moonsif in the district of Jessore Baboo Chandee Churn Sen will be ordinarily stationed at the head quarters station of that district

The 20th March 1880 —Mr G Godfrey, Officiating Joint-Magistrate and Deputy Collector, Cuttack, is appointed, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control

Mr T L L Jenkins, Assistant Magistrate and Collector, Pachumba, Hazareebagh, is appointed, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control

The 22nd March 1880 —Mr E B Harris, Assistant Magistrate and Collector, Mymensingh, is vested with the powers of a Magistrate of the First Class, and with the power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

The 23rd March 1880 —Mr J Weston is appointed to be Judge of the Principal Courts of Small Causes in Nuddea and Jessore, and Judge of the Courts of Small Causes at Kishnaghur, Ranaghat, and Meherpore Mr Weston will continue to act, until further orders, as Judge of the Courts of Small Causes at Magoora, Jhenida, and Narail, in addition to his duties as Judge of the Principal Courts

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 16th March* 1880 —Baboo Kedar Nath Chatterjee, Moonsif of Serampore, in the district of Hooghly, has been allowed privilege leave of absence for three months, under Rule I, Section 43 of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

The 18th March 1880 —Baboo Hurnath Ghose, Moonsif of Thakoorgong, in the district of Dinagepore, has been allowed leave of absence for nine months, under Sections 4 and 16, Supplement F of the Civil Leave Code, with effect from the 10th October 1879

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th March 1880 —Under the authority vested in him by Section 641 of Act X of 1877, the Lieutenant-Governor exempts Maharajah Luchmessur Singh Bahadoor of Durbhunga from personal appearance in civil courts

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th March 1880 —Under the provisions of Section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the abolition of the registration sub-districts of Raigunge and Baloorghat, in the district of Dinagepore The thanas Hemtabad, Kaliyagunge, Ranisankail, and Bansibari, comprised within the sub-district of

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট

১৮৬৮ A নম্বর।

১৮৮০ সাল ১২ মার্চ।—শ্রীযুত বাবু ব্রজলাল দত্ত ২৪ পরগনা জিলার অন্তর্গত শিয়ালদহ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়, তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০সাল ১৫ মার্চ।—২৪ পরগনার অন্তর্গত শিয়ালদহ বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেট শ্রীযুত জে, ব্লাকবর্ণ সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ৮ মার্চ।—এই মাসের ৬ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। শ্রীযুত বাবু আশুতোষ আচ্যের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু নন্দলাল দে, বি, এল, রঙ্গপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সাধারণতঃ রঙ্গপুরের সদর মোকামে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু কেদারনাথ চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় যশোহরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন, এম, এ, ও বি, এল, শ্রীরামপুরের প্রথম মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ত্রিপুরার অন্তর্গত মুরাদনগরের ছুটীপ্রাপ্ত প্রথম মুনসেফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ সেন যশোহর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ উক্ত জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

১৮৮০ সাল ২০ মার্চ।—কটকের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, গডফ্রি সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারামতে শান্তি রক্ষার্থ জষ্টিসের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

হাজারিবাগের অন্তর্গত পচম্বার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত টি, এল, এল, জেনকিন্স সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীনদেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ য় ধারা বিধানমতে শান্তি রক্ষণার্থ জষ্টিসের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২২ মার্চ।—ময়মনসিংহের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ই, বি, হারিস সাহেব, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সংক্ষেপে বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২৩ মার্চ।—শ্রীযুত জে, ওয়েষ্টন সাহেব নদীয়া ও যশোহরের প্রধান ছোট আদালতের জজের এবং কৃষ্ণনগর ও রাণাঘাট ও মেহেরপুরের ছোট আদালতের জজের পদে নিযুক্ত হইলেন। যাবৎ অন্য আজ্ঞা না হয়, তিনি উক্ত প্রধান আদালতের জজস্বরূপ আপন কর্ম্মাতিরিক্ত মাগুরা ও ঝিনদহ ও নড়াইলের ছোট আদালতের জজের কর্ম্ম করিতে থাকিবেন।

মুনসেফদের ছুটী।—১৮৮০ সাল ১৬ মার্চ।—হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুরের মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ চট্টোপাধ্যায় যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৩ ধারার ১ প্রকরণমতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ১৮ মার্চ।—দিনাজপুর জিলার অন্তর্গত ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু হরনাথ ঘোষ সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ও ১৬ ধারামতে ১৮৭৯ সালের ১০ অকটোবর তদবধি নয় মাসের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০সাল ১৭ মার্চ।— শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৭ সালের ১০ আইনের ৬৪১ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, দ্বারভাঙ্গার মহারাজা শ্রীযুত লক্ষ্মীশ্বর সিংহ বাহাদুরকে দেওয়ানী আদালতে প্রবেশন হইতে মুক্ত করিলেন।

হরেস, এ কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৭ মার্চ — শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে রেজিষ্টরীকরণ সম্পর্কে দিনাজপুর জিলার অন্তর্গত রাইগঞ্জ ও বালুরঘাট নব, ডিষ্ট্রিক্ট উঠাইয়া দিবার অনুমতি করিলেন। রাইগঞ্জ সব-ডিষ্ট্রিক্টের মধ্যে হেমতাবাদ ও কল্যাণগঞ্জ ও রাণীশঙ্কৈল ও বাঁশীহারী যে থানা এবং বালুরঘাট সব-ডিষ্ট্রিক্টের

Raigunge, and thanas Patiram, Patnitola, Mahadevpore, Parsa, and Gangarampore constituting the sub district of Baloorghat, will revert to the sudder sub district of Dinagepore This notification will take effect on and from 1st April 1880

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

DECLARATION

The 23rd March 1880 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for a new jail garden in the village of Rampore-Maigra, Kusha Gya, and Alumgirpore, pergunnah Gya, zillah Gya, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, ten beeghas of standard measurement, bounded on the north, east, west, and south by land of Mussamut Bhoono Chowdhrani, is required within the aforesaid village of Rampore-Maigra

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

মধ্যে পতিরাম ও পত্নীটোলা ও মহাদেবপুর ও পর্সা ও গঙ্গারামপুর যে থানা ছিল তাহা পুনর্ব্বার দিনাজপুরের সদর সব-ডিষ্ট্রিক্ট ভুক্ত করা গেল। ১৮৮০ সালের ১ আপ্রিল অবধি এই বিজ্ঞাপন কার্য্যকর হইবে।

হরেস এ, কাক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ মার্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত গয়া পরগনার গয়া ও আলমগিরপুর কশবার রামপুর মৈগ্রা গ্রামে নূতন জেল বাগানের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত রামপুর-মৈগ্রা গ্রামে কমিমতে ন্যূনাধিক ১০১ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব ও পশ্চিম ও দক্ষিণ সীমা, যথাক্রমে ভুবনা চৌধুরাণীর ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

হরেস এ, কাক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 6, 1880

মঙ্গলবার ১৮৮০ সাল ৬ আপ্রিল।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No 1993 A.

GENERAL —*The 24th March* 1880 —Mr E B. Harris, Assistant Magistrate and Collector, Mymensing, is allowed leave for 15 days, under Rule 1, Chapter VIII of the Civil Leave Code, to enable him to appear at the High Proficiency Examination in Bengali and Hindustani to be held in Calcutta in July next

The services of Baboo Chunder Narain Sing, M A, Deputy Magistrate and Deputy Collector, Bhagulpore, are placed at the disposal of the Public Works Department, Irrigation Branch of this Government, for employment on special duty under that Department

Baboo Doorgadas Chowdry, Deputy Magistrate and Deputy Collector, Chumparun, on leave, is transferred to Bhagulpore

The 25th March 1880 —Baboo Koylash Chunder Ghose, Personal Assistant to the Commissioner of Orissa, is allowed furlough for one year, under Section 8, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under the orders of the 3rd March 1879

Baboo Okhoy Coomar Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved

The services of Mr C A Wilkins, Officiating Joint Magistrate and Deputy Collector Gya, are placed at the disposal of the Hon'ble the Chief Justice

The 27th March 1880 —Baboo Brojendra Coomar Seal, Small Cause Court Judge and Subordinate Judge of the District of the 24 Pergunnahs, is appointed to be Additional Judge of the District of Burdwan

Mr T F Bignold, District and Sessions Judge of Bankoora and Additional District and Sessions Judge of Burdwan, is appointed to be District and Sessions Judge of Chittagong

Baboo Kristo Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is vested with the powers of a Collector under Act X of 1870

Baboo Uma Churn Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is vested with the powers of a Collector under Act X of 1870

The 29th March 1880 —In supersession of the orders of the 10th ultimo, Baboo Gossain Dass Dutt, Deputy Magistrate and Deputy Collector, is appointed to have charge of the Kissengunge division of the Purneah district, during the absence, on leave, of Mr H Rattray or until further orders

Moulvi Bazlul Karim, temporary Deputy Magistrate and Deputy Collector, Purneah, is appointed to have charge of the Arrareah division of that district, with effect from the date on which he received charge, during the absence, on leave, of Baboo Uma Churn Bose or until further orders

Baboo Jogendra Nath Bhattacharjee, M A, B L, Officiating Deputy Magistrate and Deputy Collector, Rungpore, is transferred to Dinagepore

The 30th March 18[illegible]0 —Mr G M Goodricke, Assistant Collector of Customs, Calcutta, is appointed to be Collector of Stamp Revenue, Calcutta, under Act I of 1879 and Act VII of 1870, and Superintendent of Excise Revenue in Calcutta, 24-Pergunnahs, and Hooghly as far as the Sulkeah thana under Act VII (B C) of 1878, *vice* Mr J Mackenzie, retired Mr Goodricke is vested, under Act XXIII of 1830 and Act VII (B C) of 1876, with the powers of a Deputy Collector of Land Revenue in Calcutta

Kumar Rameshwara Singh, Assistant Magistrate and Collector of Durbhunga, is transferred to Bhagulpore

Baboo Mohim Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, is posted to the Moonshegunge division of the district of Dacca, on being relieved of his present appointment under the Durbhunga Raj

[*Government Gazette, 6th April* 1880]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

১১৯৩ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ২৪ মার্চ।—আগামি জুলাই মাসে কলিকাতার বঙ্গ ও হিন্দুস্থানী ভাষার বিশেষ বিজ্ঞতার যে পরীক্ষা হইবে তাহাতে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে ময়মনসিংহের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ই, বি, হাবিন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৮ অধ্যায়ের ১ ধারামতে পনের দিনের ছুটী পাইলেন।

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ, এম, এ, এই গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখার অধীন বিশেষ কার্য্যে নিযুক্ত হইবার জন্যে উক্ত ডিপার্টমেন্টের অধীনে সংস্থাপিত হইলেন।

ছুটীপ্রাপ্ত চাম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু দুর্গাদাস চৌধুরী ভাগলপুরে প্রেরিত হইলেন।

৮৮০ সাল ২৫ মার্চ।—উড়িষ্যার কমিশনর সাহেবের স্বকীয় আসিষ্টান্ট শ্রীযুত বাবু কৈলাস চন্দ্র ঘোষ ১৮৭৯ সালের ৩ মার্চের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায়, অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

গয়ার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি, এ, উইলকিন্স সাহেব মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেবের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ২৭ মার্চ।—২৪ পরগনা জিলার ছোট আদালতের জজ, ও সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু ব্রজেন্দ্রকুমার সীল বর্দ্ধমান জিলার আডিশনাল জজের পদে নিযুক্ত হইলেন।

বাঁকুড়ার ডিষ্ট্রিক্ট ও সেশন জজ, এবং বর্দ্ধমানের আডিশনাল ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত টি, এফ, গিবলড সাহেব চট্টগ্রামের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের পদে নিযুক্ত হইলেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র রায় ৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইলেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২৯ মার্চ।—গত মাসের ১০ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। শ্রীযুত এচ, বা ট্র সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গৌরহরিদাস দত্ত, পুরনিয়া জিলার অন্তর্গত কৃষ্ণগঞ্জ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থ নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু উমাচরণ বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, পুরনিয়ার কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী ফজলুলকরিম, কর্ম্মের ভার গ্রহণের তারিখ অবধি উক্ত জিলার অন্তর্গত অররিয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

রঙ্গপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ ভট্টাচার্য্য, এম, এ ও বি, এল, দিনাজপুরে প্রেরিত হইলেন।

১৮৮০ সাল ৩০ মার্চ।—শ্রীযুত জে, মাকেঞ্জি সাহেব কর্ম্ম হইতে অবসর গ্রহণ করাতে কলিকাতার কষ্টমের আসিষ্টান্ট কালেকটর শ্রীযুত জি, এম, গুড্রিক সাহেব ১৮৭৯ সালের ১ আইন ও ৮৭০ সালের ৭ আইনমতে কলিকাতার ইষ্টাম্পের রাজস্বের কালেকটরের পদে এবং ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে, কলিকাতার ও ২৪ পরগনার ও শালিখা থানা পর্য্যন্ত হুগলীতে আবকারী রাজস্বের সুপরিন্টেণ্ডেন্টের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত গুড্রিক সাহেব কলিকাতার ১৮৫০ সালের ২৩ আইন ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে ভূমির রাজস্বের ডেপুটী কালেকটরের ক্ষমতা পাইলেন।

দ্বারভাঙ্গার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত কুমার রামেশ্বর সিংহ ভাগলপুরে প্রেরিত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ, দ্বারভাঙ্গা থাকের অধীন স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জ মহকুমায় অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৬ আপ্রিল।]

LEGISLATION —*The 30th March* 1880 —With the sanction of His Excellency the Viceroy and Governor-General, the Lieutenant-Governor appoints Mr Horace A Cockerell, under the provisions of the 29th, 30th, and 45th Sections of the Indian Council's Act of 1861, to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William, *vice* the Hon'ble C T Buckland, whose term of appointment has expired

POLICE —*The 24th March* 1880 —Mr C E Fabre Tonnerre, Assistant Superintendent of Police in charge of the District Police, Balasore, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st April next, or from any subsequent date on which he may avail himself of it

The 27th March 1880 —Mr W J Kilby, District Superintendent of Police, Jessore, is transferred to Lohardugga

The 29th March 1880 —Lieutenant-Colonel J C C Daunt, V C, District Superintendent of Police is allowed subsidiary leave for eight days, under Section 37-2 of the Civil Leave Code, with effect from the 25th ultimo

EDUCATION —*The 19th March* 1880 —Mr J T Bartlett is appointed temporarily to be Teacher of Drawing in the Civil Engineering Department of the Presidency College, *vice* Mr C Grant, about to retire

The 29th March 1880 —Surgeon-Major J M Coates, Sanitary Commissioner, Bengal is appointed to be Principal and Professor of Medicine, Medical College, Calcutta, and *ex-officio* First Physician to the College Hospital, *vice* Surgeon-Major D B Smith, resigned

OPIUM —*The 24th March* 1880 —Mr A Ross is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent in the Behar Agency during the absence, on deputation, of Mr H F Drummond, or until further orders

The 27th March 1880 —Mr H J Lloyd, Officiating Sub-Deputy Opium Agent, Behar Agency, is allowed furlough for one year, under Section 8, Supplement F to the Civil Leave Code, with effect from the 5th June next

FORESTS —*The 30th March* 1880 —Mr F B Manson, Assistant Conservator of Forests, Kurseong Division, is allowed leave from the 1st April to the 10th May next, under paragraph 22, Chapter I, Section 2 of the Forest Department Code

MEDICAL —*The 27th March* 1880 —Assistant Surgeon Norendra Prosonno Sinha, a Supernumerary attached to the Russapagla Dispensary in the district of the 24-Pergunnahs, is allowed leave for three years under Section 17A of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it

The 29th March 1880 —The services of Assistant Surgeon Abdoor Ruzzack are placed temporarily at the disposal of the Government of India in the Foreign Department with effect from the 1st April next

Mr W T Woods, Lecturer on Dentistry, Medical College, and Dental Surgeon, Medical College Hospital, Calcutta, is allowed leave for three months, under Section 17A of the Civil Leave Code, with effect from the 1st May next, or any subsequent date on which he may avail himself of it

SANITATION —*The 29th March* 1880 —Surgeon-Major R Lidderdale, Superintendent of Vaccination, Darjeeling Circle, is appointed to be Sanitary Commissioner, Bengal, *vice* Surgeon-Major J M Coates

The following notifications are re-published from the *Assam Gazette* —

No 63 —*The 10th March* 1880 —Mr W B Savi, Assistant Superintendent of Police, is transferred from Cachar to the Naga Hills

No 64 —Mr C A Soppitt, Officiating Assistant Superintendent of Police, is transferred from the Khasi Hills to the Naga Hills

No 127 —*The 18th March* 1880 —Mr G J Cawley, District Superintendent of Police, on transfer from the Naga Hills, reported his arrival at Lakhimpur, and received charge of the office from Mr J B Goad, on the afternoon of the 8th instant

No 130 —Mr L Hare assumed charge of the Office of Secretary to the Chief Commissioner of Assam from Mr S O B Ridsdale, on the afternoon of the 15th instant

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

[*Government Gazette, 6th April* 1880]

NOTIFICATION

The 15th March 1880.—In exercise of the powers conferred upon him by Section 314 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant-Governor is pleased to confirm the following bye-laws, which were made by the Commissioners of the Ranchi Municipality, in the district of Lohardugga, at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given, and in exercise of the powers conferred by section 315 of the same Act, the Lieutenant-Governor is pleased to sanction the penalties which have been declared by the said Commissioners for the breach of the said bye-laws:—

For regulating the time and mode of collecting taxes.

1. Every officer authorized to collect taxes of any kind and grant receipts shall be provided with a certificate of such authority, bearing the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding or receiving payment shall be bound to show this certificate if required. On the suspension or dismissal of a collecting officer, the Vice-Chairman shall take back his certificate, and so destroy it that no future use can be made of it by any one.

2. The receipts under section 110 shall be in the form of cheque and counterfoil, with an impression of the seal of the Municipality partly on the receipt to be delivered, and partly on the counterfoil to be retained, and shall be signed by a Commissioner by whom the assessment may have been made, or by the Chairman or Vice-Chairman after comparison with the assessment list prepared under section 79.

3. Bills shall not be made over at one time to any collecting officer to a larger amount than that of the security given by him.

4. Distraint and sale for realization of tax shall be effected by the tax collector specially appointed for the purpose, and not by the collecting officers mentioned in the bye-law No. 1.

5. Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within two weeks from the date of service of the requisition in the manner described in section 367 of the Act. Every person failing to do so shall be liable to a penalty not exceeding Rs. 5, and to a penalty not exceeding Re. 1 for every day the omission shall continue.

6. When any tax, rate, or toll is levied by distress and sale of moveable property, payment of the purchase money and delivery of the property shall be made immediately after the sale, and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer to sell the property again on the same or any other day, and the first or any succeeding purchaser, except the last, shall in such case be responsible to the Commissioners for any loss, and such loss shall be recoverable as a debt due from him.

For regulating the conduct of persons employed by the Commissioners.

7. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice of one month, and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month.

8. All persons now holding, or who may hereafter be appointed to any office under the Commissioners, shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office.

For regulating the disposal of offensive matter, rubbish, and dead bodies of animals.

9. Every person within whose premises any animal may die shall, within six hours after its death, or if death occurs at night, within four hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass, or, if he is unable to remove the carcass, shall report the animal's death to the municipal overseer, and in such latter case shall pay on demand by the Commissioners the expense of removing the carcass at such rate as the Commissioners may determine, and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners.

[*Government Gazette, 6th April* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১২ মার্চ।—মোহাম্মদপুর জিলার অন্তর্গত শাহজাদপুর মিউনিসিপালিটীর কমিশনরেরা উপযুক্ত মত নোটিস দিয়া সভা করিয়া এই বিজ্ঞাপনপত্রের নিম্নভাগের লিখিত যে২ উপবিধি প্রণয়ন করিয়া ছিল শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব বঙ্গদেশের মুনিসিপাল বিষয়ক ৮৭৬ সালের আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহা দৃঢ় করেন। এবং উক্ত কমিশনরেরা উক্ত উপবিধি লঙ্ঘন হইলে যে২ দণ্ড ধার্য্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব উক্ত আইনের ৩১২ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই২ দণ্ড অনুমোদন করিলেন।

টেক্স আদায় করিবার সময়ের ও নিয়মের বিধান।

১। প্রত্যেক কর্ম্মকারক কোন প্রকার টাক্স আদায় করিবার ও রসীদ দিবার ক্ষমতাসূচক সর্টিফিকেট পাইবেন, ও উক্ত প্রত্যেক সর্টিফিকেটে মুনিসিপালিটীর মোহর ও সভাপতির স্বাক্ষর থাকিবে। টাক্স আদায়কারি প্রত্যেক জন কর্ম্মকারকের টাকা চাহিবার বা টাকা লইবার সময়ে তাঁহার ঐ সর্টিফিকেট দেখাইবার আদেশ হইলেই তাঁহাকে তাহা দেখাইতে হইবে। টাক্স আদায়কারি কর্ম্মকারক কর্ম্ম হইতে স্থগিত বা কর্ম্মচ্যুত হইলে প্রতিনিধি সভাপতি তাঁহার সেই সর্টিফিকেট ফিরাইয়া লইয়া তাহা এমত ভাবে নষ্ট করিবেন যেন ভবিষ্যতে তাহা আর কেহ ব্যবহার করিতে না পারে।

২। ১১০ ধারামত রসীদ চেকের ও অনুপত্রের পাঠে হইবে, ঐ রসীদের যে ভাগ দিতে হইবে অংশতঃ তাহাতে ও যে অনুপত্র রাখা যাইবে অংশতঃ তাহাতে মুনিসিপালিটীর মোহর অঙ্কিত হইবে, ও যে কমিশনর টাক্স ধার্য্য করিলেন তিনি কিম্বা ৭২ ধারামতে প্রস্তুত টাক্স ধার্য্য হইবার নির্ঘণ্টপত্রের সঙ্গে মিলন হইলে পর সভাপতি বা প্রতিনিধি সভাপতি ঐ রসীদে স্বাক্ষর করিবেন।

৩। টাক্স আদায়কারি কর্ম্মকারক যত টাকার জামিন দিয়াছেন তাহার অধিক টাকার বিল এককালে তাঁহার হাতে দেওয়া যাইবে না।

৪। টাক্স আদায় করিবার জন্যে ক্রোক ও নীলাম করিবার নিমিত্ত বিশেষমতে টাক্স কালেকটরকে নিযুক্ত করা যাইবে, তিনিই ক্রোক ও নীলাম করিয়া টাক্স আদায় করিবেন, এই উপবিধির ১ ধারার লিখিত টাক্স আদায়কারি কর্ম্মকারকেরা নয়।

৫। কমিশনরেরা আইনমতে কোনব্যক্তির প্রতি কোন তফসীল কি রিটর্ন দিবার আদেশ করিতে ক্ষম হইলে ও তাঁহার নামে লিখিয়া তাহা দিতে আদেশ করিলে, তিনি সেই আদেশপত্র পাইবার তারিখ অবধি দুই সপ্তা হর মধ্যে আইনের ৩৬৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশনরদের আফিসে ঐ তফসীল কি রিটর্ন পাঠাইবেন। কোন ব্যক্তি ত্রুটি করিলে তাঁহার ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড হইবে। ও যত দিন সেই ত্রুটি হইতে থাকে তত দিন প্রতি তাঁহার ১ এক টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৬। অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া কোন টাক্স কি রেট কি টোল আদায় করা গেলে নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনর্ব্বার নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু ক্ষতি হইলে, শেষ ক্রেতা ভিন্ন প্রথম বা তৎপরের কোন ক্রেতা কমিশনরদের নিকট সেই ক্ষতির দায়ী হইবেন, ও তাঁহার নিকট প্রাপ্য ধনের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণবিষয়ক বিধান।

৭। কমিশনরেরা যে ব্যক্তিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও কোন কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না।

৮। যাঁহারা এইক্ষণে কমিশনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন কমিশনরেরা সময়ে২ যত টাকা জামিন নির্দ্ধার্য্য করেন, আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কমিশনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে কোন ব্যক্তি জামিন না দিলে, তাঁহার সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে, ও তাঁহাকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৯। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে কোন জন্তু মরিলে, কমিশনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের ছয় ঘণ্টার মধ্যে কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর চারি ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা তিনি ঐ মরা জন্তু ফেলাইতে না পারিলে মুনিসিপাল ওবারসিয়রের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশনরেরা যে ব্যয় ধরেন তাহা দিবামাত্র ঐ ব্যক্তি সেই স্থানে ঐ মরা জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ জন্তু ঐ ব্যক্তির না হইলেও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, তিনিই ঐ খরচের দায়ি হইবেন, ও কমিশনরদের প্রাপ্য ধনের ন্যায় ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৬ আপ্রিল।]

No overseer when called upon shall neglect to remove a carcass.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

10 No person shall deposit, or cause to be deposited, any carcass or any part of a carcass in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

11 All dust, dirt, and rubbish of every kind, the removal of which is undertaken by the Municipal Commissioners, shall be deposited between the hours of 8 P M and 8 A M in a heap on the side of the road near the entrance of the premises from which they have come

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5.

For the regulation and management of privies

12. Every owner or occupier of any house, land, or premises from which offensive matter is not removed by the said owner or occupier, shall give free access to the servants of the municipality to his house, land, or premises for the removal of night-soil or filth within such hour as may have been fixed on by the Municipal Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

13 On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises in or on which any well privy or other noxious or improperly constructed privy may be situated shall fill up, close, or otherwise alter the construction of the said privy as may be directed in the notice, and if the orders contained in the notice are not carried out within 15 days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners, in addition to a penalty not exceeding Rs 10 for neglect to comply with the notice

14 No owner or occupier of any house, land, or premises in or on which any privy may be situated shall allow night-soil or filth of any kind to flow, or be discharged from such privy, into any drain, watercourse, tank, hollow, or excavation, or any place containing waste or stagnant water

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

15 No person shall throw, deposit, or discharge any night-soil sewage, or the contents of any drain, privy, or cess pool into any tank, watercourse, or receptacle for water, or dispose of the above mentioned kinds of offensive matters in any other way than as the Municipal Commissioners may from time to time direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

16 The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or premises if at any time it shall seem to them necessary for the preservation of public health, or for the prevention of infection or spread of disease provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants &c, at cost price, and the price shall be recoverable as a debt due to the Commissioners

17 No person shall carry night soil through the streets otherwise than in a closely covered receptacle of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners, and between such hours as the Municipal Commissioners may from time to time direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

18 When in the opinion of the Commissioners sufficient common privies shall have been established due notice shall be given of the fact and any one thereafter easing himself elsewhere than in a common or private privy, whether on common or private property, shall be liable to a fine not exceeding one rupee

For regulating traffic in the streets

19 No carriage or cart shall be driven by a driver under fourteen years of age.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

20 No elephant shall be driven along any of the main thoroughfares of the town between the hours of 4 P M and 8 P M.

[*Government Gazette, 6th April* 1880]

ওবরসিয়রের নিকট জানান গেলে তিনি ঐ মরা জন্তু ফেলাইতে শৈথিল্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

১০। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়ে২ যে স্থান নিরূপণ করিয়া দেন, তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি মরা জন্তু বা তাহার অংশ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

১১। মুনিসিপল কমিশ্যনরেরা যে বাড়ীর ধুলা, আবর্জ্জনা ও সকল প্রকার বাবিশ স্থানান্তর করিবার ভার গ্রহণ করিয়াছেন সেই বাড়ীর ধুলাদি রাত্রি ৮টা অবধি বেলা ৮ টার মধ্যে কোন সময়ে ঐ বাড়ীর দ্বারের নিকট রাস্তার পার্শ্বে তাহা জমা করিয়া রাখিবে।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

পাইখানার বিধান ও কর্ত্তব্য কর্ম্মের কথা।

১২। কোন ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা আপন তথা হইতে দুর্গন্ধজনক বিষয় স্থানান্তর করাইয়া না দিলে মুনিসিপল কমিশ্যনরেরা যে২ ঘণ্টা নিরূপণ করেন, সেই২ ঘণ্টার মধ্যে মুনিসিপালিটীর চাকরদিগকে বিষ্ঠা কি ময়লা সরাইয়া লইবার জন্যে সেই স্থানে অবাধে যাইবার অনুমতি দিবেন।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

১৩। কোন ঘরের কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাতকুয়া পাইখানা কিম্বা দুর্গন্ধজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত অন্য পাইখানা থাকিলে ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা মুনিসিপল কমিশ্যনরদের নোটিস পাইলে নোটিসের আদেশমত ঐ পাইখানা ভরাট কি বন্ধ করিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে তাহার আকার পরিবর্ত্তন করাইবেন। ঐ নোটিসের লিখিত আদেশমত পনের দিনের মধ্যে কার্য্য করা না গেলে কমিশ্যনরেরা ঐ পাইখানা ভরাট কি বন্ধ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। ঐ নোটিসের আদেশমত কর্ম্ম করিতে শৈথিল্য হেতু ১০ দশ টাকার অনধিক দণ্ডাতিরিক্ত তাহাতে যে খরচ হয় কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

১৪। কোন স্বামির কি প্রজার ঘরের কি ভূমির কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে তিনি কোন নর্দ্দমায় কি জলপ্রণালীতে কি পুষ্করিণীতে কি গর্ত্তে কি খাতে কিম্বা যাহাতে অকর্ম্মণ্য ও বদ্ধ জল দাঁড়ায় এমত কোন স্থানে সেই পাইখানার বিষ্ঠা কি ময়লা দ্রব্য যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৫। কোন ব্যক্তি বিষ্ঠা কি আবর্জ্জনা কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কি ময়লার গর্ত্তের মলিন দ্রব্য কোন পুষ্করিণীতে কি জলস্রোতে কি জলাধারে ফেলিবেন না কি রাখিবেন না কি পড়িতে দিবেন না অথবা মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্য রূপে উপরোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

ফর্দ ও রেজিষ্টর প্রস্তুত করিবার কথা।

১৪। ১১ ধারামতে প্রণীত প্রথম ফর্দে লিখিবার ও ১৭ ধারামতে নোটিস জারী করিবার পূর্ব্বে অতি সাবধানে পুরাতন টাক্স ধার্য্যকরণ গুলি পরীক্ষা করিয়া দেখিতে হইবে। ফর্দ প্রস্তুত করা গেলে পর প্রত্যেক কালেক্টর সাহেব

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রেল।]

character in the form below, to be called "Register of Assessees under the License Tax" The register will be divided into separate parts, one for each sub-division, and will contain an index A copy of the part referring to each sub-division will be supplied to the sub-divisional officer Collectors and sub-divisional officers should take every opportunity of checking their registers by personal enquiry Errors of assessment should be at once rectified, if possible, and the district and sub-divisional registers corrected accordingly.

Name of village . *Thana* *Number of houses* *Direction and distance from sudder and sub-division*

Name of assessee.	Occupation.	Estimated earnings	Tax assessed	Date of Payment										Remarks
				1880-81	1881-82	1882-83	1883-84	1884-85	1885-86	1886-87	1887-88	1888-89	1889-90	

"লাইসেন্স টাক্স দাতাদের রেজিষ্টর" নামে ইংরাজী ভাষায় নিম্নলিখিত পাঠের একখান রেজিষ্টর খুলিবেন । ঐ রেজিষ্টর ভিন্ন২ খণ্ডে বিভক্ত হইবে । প্রত্যেক মহকুমার এক২ খণ্ড থাকিবে, এবং ঐ রেজিষ্টরের স্বচীপত্র থাকিবে । যে খণ্ড যে মহকুমা সম্পর্কীয় হয়, সেই খণ্ডের প্রতিলিপি সেই মহকুমার কর্ত্তৃপক্ষকে দেওয়া যাইবে । কালেক্টর সাহেবেরা ও মহকুমার কর্ত্তৃপক্ষেরা স্বয়ং তদন্ত করিয়া আপন২ রেজিষ্টর সুযোগমতে পরীক্ষা করিয়া দেখিবেন । সম্ভব হইলে টাক্স ধার্য্যকরণ সম্বন্ধীয় ভ্রম অবিলম্বে সংশোধন করিতে হইবে, ও তদনুসারে জিলার ও মহকুমার রেজিষ্টর শুদ্ধ করিতে হইবে

গ্রামের নাম　　থানা　　গৃহের নম্বর　　সদর মোকাম

ও মহকুমাহইতে　　যে দিকে　যত　দূর।

টাক্স দাতার নাম।	ব্যবসায়।	আনুমানিক উপার্জ্জন।	যে টাক্স ধরা যায়।	টাকা দিবার তারিখ।										মন্তব্য।
				১৮৮০-৮১	১৮৮১-৮২	১৮৮২-৮৩	১৮৮৩-৮৪	১৮৮৪-৮৫	১৮৮৫-৮৬	১৮৮৬-৮৭	১৮৮৭-৮৮	১৮৮৮-৮৯	১৮৮৯-৯০	

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৮০ । ২৭ আপ্রিল ।]

Attention is directed to section 17 of the Act. Notices should be served in form (D)

Remission of a moiety of license fee

15 Whenever a person carries on his trade, dealing, or industry for a portion of the year less than six months, he may receive a remission of one-half of his license fee on his satisfying the Collector of the district to that effect

By whom production of licenses may be required

16 Officers of police of or above the rank of Sub-Inspector shall be deemed to be generally empowered to require any person holding a license to produce and show his license But the Collector may, by an order in writing, generally or specially, empower any other persons to act in this behalf as he may think fit

Fees to be paid in one sum

17 All fees under the Act must be paid in one sum, and not by instalments

Place where payment may be tendered

18 Payment of fees and other demands under the Act must be made at the district or sub-divisional treasury.

Granting of license

19. On payment of the fee specified, the licensee will be entitled to receive a license under the Act, and this license shall be deemed to be a receipt for the fee so paid

Form of license

20 The license will be in the form C, and will be printed on such paper, and bear such serial numbers as the Board may prescribe for each district The forms of licenses for any particular year must be kept separate from the forms of licenses for a preceding year, and on no account should a license intended for one year be granted in a form intended for another year

Remission or reduction of tax and cancelment of license

21 Whenever the amount of the tax, after being realized, is remitted or reduced on appeal, the license originally issued shall be returned to the Collector at the time the amount refunded is paid The license should be cancelled, and the fact of cancelment should be noted on the counterfoil In the case of reduction of the tax, a fresh license will be granted for the reduced sum, the balance due to the assessee being refunded to him, but in the accounts the full amount paid for the cancelled license will be treated as a refund, and the amount of the fresh license as a collection

Petitions of objection

22 A petition of objection under section 18 of the Act may be filed within 30 days of the date of the service of the notice under section 17 The Collector may extend this period beyond 30 days, but such period should in no case, unless under very exceptional circumstances, be extended beyond 60 days.

Petitions of objection after time

23. No petition of objection should be received when more than 30 days have passed from the date of the service of the notice, unless the license fee charged in the Collector's list is previously paid

Refund when to be made

24 As soon as an order for refund has been passed on a petition of objection, payment of the amount should be made

আইনের ১৭ ধারার প্রতি মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। D চিহ্নিত পাঠে নোটিস দিতে হইবে।

লাইসেন্স ফীর অর্দ্ধেক ক্ষমা করিবার কথা।

১৫। যদি কোন ব্যক্তি বৎসরের একাংশ মাত্র অর্থাৎ ছয় মাসের ন্যূনকাল আপন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইয়া থাকেন, তবে সেই বিষয়ে জিলার কালেক্টর সাহেবের প্রবোধ জন্মাইতে পারিলে তাঁহার লাইসেন্স ফীর অর্দ্ধেক ক্ষমা হইতে পারিবে।

যাঁহারা লাইসেন্স দেখাই-বার আজ্ঞা করিতে পারিবেন তাঁহাদের কথা।

১৬। কোন ব্যক্তি লাইসেন্স পাইলে, পোলীসের সব ইনস্পেক্টরকে ও তদূর্দ্ধ শ্রেণীর সকল কর্ম্মকারককে তাঁহার লাইসেন্স বাহির করিয়া দেখাইতে আদেশ করিবার ক্ষমতাপন্ন বলিয়া জ্ঞান হইবে। কিন্তু কালেক্টর সাহেব উচিত বোধ করিলে অন্য কোন ব্যক্তিকে পরওয়ানা দিয়া সাধারণমতে বা বিশেষমতে ঐ কর্ম্ম করিবার ক্ষমতা দিতে পারিবেন।

ফী একবারে দিতে হইবার কথা।

১৭। এই আইনমত সকল ফী একবারে দিতে হইবে, কিস্তি করিয়া নয়।

যে স্থানে দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

১৮। আইনমত সমুদয় ফী ও অন্য প্রাপ্য জিলার বা মহকুমার খাজানাখানায় দেওয়া যাইবে।

লাইসেন্স পাইবার কথা।

১৯। নির্দ্দিষ্ট ফী দেওয়া গেলে লাইসেন্স পাইবার যোগ্য ব্যক্তির আইনমতে লাইসেন্স পাইবার অধিকার থাকিবে। ঐ লাইসেন্সখানি উক্ত প্রকারে দেওয়া ফীর রসীদ বলিয়া জ্ঞান হইবে।

লাইসেন্স লিখিবার পাঠের কথা।

২০। লাইসেন্স C চিহ্নিত পাঠে লেখা যাইবে। বোর্ডের সাহেবেরা যে জিলায় যে প্রকারের কাগজে ও ক্রমিক যে নম্বর দিয়া ছাপাইতে আজ্ঞা করেন, সেই কাগজে সেই নম্বর শ্রেণী দিয়া ঐ লাইসেন্স ছাপা হইবে। বিশেষ কোন বৎসরের লাইসেন্সের পাঠ, পূর্ব্ব বৎসরের লাইসেন্সের পাঠ হইতে স্বতন্ত্র রাখিতে হইবে, ও এক বৎসরের লাইসেন্স কোনমতেই অন্য বৎসরের লাইসেন্স পাঠে দিতে হইবে না।

টাক্স ক্ষমা বা কম করিবার ও লাইসেন্স অকর্ম্মণ্য করিবার কথা।

২১। টাক্সের টাকা আদায় করা গেলে পর, আপীলক্রমে যদি তাহ ক্ষমা বা কম করা যায়, তবে প্রথমে যে লাইসেন্স-পত্র দেওয়া গিয়াছে, টাকা ফেরৎ পাইবার সময়ে কালেক্টর সাহেবের নিকট তাহা ফিরাইয়া দিতে হইবে। সেই লাইসেন্সপত্র অকর্ম্মণ্য করিতে হইবে, ও অকর্ম্মণ্য করণের কথা পৃষ্ঠার অপর ভাগে লিখিতে হইবে। টাক্স কমাইয়া দেওয়া গেলে সেই কম টাকার নূতন লাইসেন্স দেওয়া যাইবে ও বাকী যে টাকা টাক্সদাতার পাওনা হয় তাহা তাঁহাকে ফেরৎ দিতে হইবে। কিন্তু অকর্ম্মণ্য করা লাইসেন্সের নিমিত্ত সম্পূর্ণ যত টাকা দেওয়া গেল হিসাবে তাহা ফিরাইয়া দেওয়া টাকা বলিয়া ও নূতন লাইসেন্সের টাকা আদায় হওয়া বলিয়া লেখা যাইবে।

আপত্তির দরখাস্তের কথা।

২২। ১৭ ধারামত নোটিস জারী করিবার তারিখ অবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে আইনের ১৮ ধারামতে আপত্তির দরখাস্ত করা যাইতে পারিবে। কালেক্টর সাহেব ঐ ত্রিশ দিনের মিয়াদ বাড়াইয়া দিতে পারিবেন কিন্তু অতি বিশেষ কোন স্থল ছাড়া ৬০ ষাইট দিনের অধিক মিয়াদ দিবেন না।

মিয়াদের পর আপত্তির দরখাস্ত পঁহুছিলে তদ্বিষয়ের কথা।

২৩। নোটিস জারী হইবার তারিখের পর ত্রিশ দিন গত হইলেও আপত্তির দরখাস্ত দেওয়া গেলে কালেক্টর সাহেবের কর্দ্দে যত লাইসেন্স ফী ধরা যায় তাহা অগ্রিম না দিলে, ঐ দরখাস্ত গ্রাহ্য হইবে না।

টাকা ফেরত যখন দেওয়া যাইবে তাহার কথা।

২৪। আপত্তির দরখাস্তের উপর টাকা ফেরৎ দিবার আজ্ঞা হইবামাত্র টাকা দিতে হইবে।

25 Assessors are not to be allowed any power of deciding objections against their own assessments, except under classes V and VI, in which cases an appeal will lie to the Sub-divisional Officer In districts where there are no sub-divisions or where the objector is assessed within the Sudder Sub division of the district this appeal will lie to the Assistant or Deputy Collector in charge of License Tax duties at head-quarters

Power of assessors to decide objections

26 Petitions of objection against assessments in the first four classes must be made to the Assistant or Deputy Collector in charge of the License Tax duties at head-quarters The appeal from his decision will lie to the Collector of the district

Objection in first four classes to be heard by Assistant or Deputy Collector

27 The Sub-divisional Officer or the Deputy Collector in charge at head-quarters shall forward to the Collector a list of those persons who have failed to make payment within 60 days from and after the service of notices under section 17 The Collector shall thereupon issue orders for the recovery of the license fees and full penalty, unless for good and sufficient reasons the Collector sees fit to postpone the issue of orders in the case of any particular defaulter

List of defaulters

28 Whenever any person whose name is not mentioned in the list framed under section 11 of the Act applies to take out a license he must be required to state, in writing or in reply to formally recorded interrogations (form E), his name, and the trade, dealing, or industry, under which he is chargeable, and the maximum amount of fee which he considers himself liable to pay under the Act Any person giving false information on these points is liable to the penalties prescribed by the Penal Code for such offence

Application for license by person not included in the list

29 The stamp fee chargeable on every petition presented to a Collector under the provisions of sections 18 and 20 of the Act is one anna, and on every petition to a Commissioner under section 21, one rupee

Stamp fee.

30 The following registers prescribed by the Board should be kept up in each district It shall be competent to the Board to add or alter these registers as they may think fit

Registers to be kept up in each district

Register I—Register of petitions of objection presented under section 18 of the License Act in each district

„ *II*—Register of petitions of appeal presented under section 20 of the Act

„ *III*—Register showing the number of license forms issued to assessors

„ *IV*—Register showing the number of license forms in custody of, and issued by, district officers

„ *V*—Register of licenses granted under section 7 of the License Act.

„ *VI*—Register of number of licenses under the schedule of the Act in store in the treasury

„ *VII*—Register of operations

„ *VIII*—Register of notices

„ *IX*—Register of prosecutions under section 23 of the Act

„ *X*—Register of refunds of license tax

„ *XI*—Register of distraint and sales of property under section 21 of the Act

„ *XII*—Register of assessors

আসেসরদের আপত্তি নিষ্পত্তি করিতে পারিবার কথা।

২৫। ৫ কিম্বা ৬ শ্রেণীমত না হইলে, আসেসরেরা আপন২ টাক্স ধার্য্য করণের বিরুদ্ধ আপত্তির নিষ্পত্তি করিতে পারিবেন না। উক্ত শ্রেণীমত হইলে, মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট আপীল হইতে পারিবে। যে জিলায় মহকুমা নাই অথবা যেখানে জিলার সদর মহকুমার মধ্যে আপত্তিকারির উপর টাক্স ধরা যায়, সদর মোকামে লাইসেন্স টাক্সের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট কি ডেপুটী কালেক্টরের নিকট আপীল হইতে পারিবে।

প্রথম চারি শ্রেণী সংক্রান্ত আপত্তি আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টরের শুনিবার কথা।

২৬। প্রথম চারি শ্রেণীমত টাক্স ধার্য্য করণের বিরুদ্ধে আপত্তি করিয়া যে দরখাস্ত করা যায়, তাহা সদর মোকামে লাইসেন্স টাক্সের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট বা ডেপুটী কালেক্টরের নিকট করা যাইবে। তাঁহার নিষ্পত্তির উপর আপীল জিলার কালেক্টর সাহেবের নিকট হইতে পারিবে।

বাকীদারের নামের ফর্দ্দের কথা।

২৭। যে লোকেরা ১৭ ধারামতে নোটিস জারী হইবার তারিখ অবধি ৬০ দিনের মধ্যে ফী দেন নাই মহকুমার কর্ত্তৃপক্ষ কিম্বা সদর মোকামের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী কালেক্টর তাহাদের নামের ফর্দ্দ লিখিয়া কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন। তাহাতে কালেক্টর সাহেব ঐ লাইসেন্স ফী এবং তদতিরিক্ত সম্পূর্ণ জরীমানা আদায় করিবার হুকুম জারী করিবেন। কিন্তু উত্তম ও বিশিষ্ট কারণে কালেক্টর সাহেব উচিত বোধ করিলে, কোন বিশেষ বাকীদারের পক্ষে বিলম্বে ঐ হুকুম জারী করিতে পারিবেন।

ফর্দ্দে যাঁহার নাম লেখা নাই তাঁহার লাইসেন্স পাইবার প্রার্থনাপত্রের কথা।

২৮। আইনের ১১ ধারামতে প্রকাশিত কোন ফর্দ্দে যাঁহার নাম লেখা নাই, এমত কোন ব্যক্তি লাইসেন্স প্রার্থনা করিলে তাঁহার প্রতি আপনার নাম, ও যে ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম অনুসারে ফী লাগিতে পারে তাহা, ও আইনমতে আপনাকে ঊর্দ্ধ যত ফী দিবার যোগ্য বলিয়া জ্ঞান করেন তাহা লিখিয়া জানাইতে কিম্বা E চিহ্নিত পাঠে রীতিমতে লিখিত প্রশ্নের উত্তর করিয়া জানাইতে আদেশ হইবে। কোন ব্যক্তি এইং বিষয়ে মিথ্যা সম্বাদ জানাইলে, দণ্ড বিধির আইনে ঐ অপরাধের যে দণ্ড ধার্য্য হইয়াছে তাহার সেই দণ্ড হইতে পারিবে।

ষ্টাম্প ফীর কথা।

২৯। আইনের ১৮ ও ২০ ধারার বিধানমতে কালেক্টর সাহেবের নিকট যে প্রত্যেক দরখাস্ত দেওয়া যায়, তাহার উপর ৵০ এক আনা ইষ্টাম্প ফী দিতে হইবে। ২১ ধারামতে কমিশ্যনর সাহেবের নিকট যে দরখাস্ত করা যায় তাহার ১৲ টাকা ফী।

প্রত্যেক জিলায় যেং রেজিষ্টর রাখিতে হইবে তাহার কথা।

৩০। প্রত্যেক জিলায় বোর্ডের নির্দ্দিষ্ট নিম্নলিখিত রেজিষ্টরী বহী রাখিতে হইবে। বোর্ডের সাহেবেরা যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপে ঐ রেজিষ্টর ভিন্ন আরং রেজিষ্টরের আজ্ঞা দিতে কিম্বা ঐং রেজিষ্টর পরিবর্ত্তন করিতে পারিবেন।

১ রেজিষ্টর।—লাইসেন্স আইনের ১৮ ধারামতে প্রত্যেক জিলার আপত্তির যে দরখাস্ত দেওয়া যায় তাহার রেজিষ্টর।
২ „ ।—উক্ত আইনের ২০ ধারামতে আপীলের যে দরখাস্ত দেওয়া যায় তাহার রেজিষ্টর।
৩ „ ।—আসেসরদিগকে যে লাইসেন্স পাঠ দেওয়া যায় তাহার সংখ্যা প্রকাশক রেজিষ্টর।
৪ „ ।—জিলার কর্ত্তৃপক্ষের নিকট যত লাইসেন্স পাঠ আছে ও যত দেওয়া গিয়াছে তাহার সংখ্যা প্রকাশক রেজিষ্টর।
৫ „ ।—লাইসেন্স আইনের ৭ ধারামতে দত্ত লাইসেন্সের রেজিষ্টর।
৬ „ ।—আইনের তফসীলমতে খাজানাখানার ষ্টোরে যত লাইসেন্স আছে তৎ সংখ্যার রেজিষ্টর।
৭ „ ।—কার্য্যচলনের রেজিষ্টর।
৮ „ ।—নোটিসের রেজিষ্টর।
৯ „ ।—আইনের ২৩ ধারামতে অভিযোগের রেজিষ্টর।
১০ „ ।—লাইসেন্স টাক্স ফেরৎ দিবার রেজিষ্টর।
১১ „ ।—আইনের ২৪ ধারামতে সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিবার রেজিষ্টর।
১২ „ ।—টাক্স দাতাদের রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

FORM A

[See Rule 14]

List of persons liable to take out licenses under Act II (B C) of 1880, for the year commencing , in the village of thana

District

Number and name of village

1	2	3	4	5	6	7
Number	Name of person and father's name	Trade dealing or industry	Estimated annual earnings.	Class under which chargeable	Amount of license fee payable.	REMARKS.

Signature ——————

FORM B

[See Rule 13]

Notification required under Section 16 *of Act II (B C) of* 1880

WHEREAS it is enacted by section 6 of Act II (B C) of 1880 that every person who on or after the 1st day of April 1880 carries on (whether on behalf of himself or any other person) his trade, dealing or industry, in any district situate in the territories administered by the Lieutenant-Governor of Bengal, shall take out a license under this Act in such district, and shall pay for the same the annual fee specified in the schedule hereto annexed as payable by persons of the class to which he belongs,

Every person who exercises or carries on any trade, dealing or industry, from which his annual earnings are Rs 500 or upwards, is directed to make application for a license at the collectorate or sub-divisional office and to pay the amount of tax chargeable on the class under which he falls according to the schedule below, within 60 days of the date of the publication of this notification, and within 60 days next after the first day of April of each succeeding year.

Table of fees

The following table shows the minimum taxable income under each class —

CLASS	Minimum taxable income Rs	Rate of tax Rs
I	25,000	500
II	10,000	200
III	5,000	100
IV	2,500	50
V	1,000	20
VI	500	10

Every person required by Act II (B C) of 1880 to take out a license and who fails to do so shall, if he continues to exercise or carry on such trade, dealing or industry, after 60 days of the date of publication of this notification, be liable on an order of the Collector to pay a fine not exceeding thrice the amount payable by him in respect of such license, exclusive of the amount so payable

(Signature of Collector)

SCHEDULE OF ACT II (B C) OF 1880

	Rs
Class I—Every person carrying on any trade, dealing or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class	500
Class II—Every person carrying on any trade, dealing or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class	200

[*Government Gazette, 27th April* 1880.]

A পাঠ।

(বিধির ১৪ ধারা দেখ।)

অমুক থানার অন্তর্গত অমুক গ্রামবাসি যে ব্যক্তির অমুক তারিখ অবধি এক বৎসরের নিমিত্ত ১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনমতে লাইসেন্স লইবার যোগ্য তাহাদের নামের ফর্দ্দ।

জিলা।

গ্রামের নম্বর ও নাম।

১	২	৩	৪	৫	৬	৭
নম্বর।	ব্যক্তির ও তাহার বাপের নাম।	ব্যবসায় বা কারবা বা শিল্পকর্ম্ম।	বৎসরং অনুমান যত উপার্জন হয়।	যে শ্রেণীমতে ফী লাগিবে।	যত টাকা লাইসেন্স ফী দিতে হইবে।	মন্তব্য।

স্বাক্ষর (ঐ

B পাঠ।

[বিধির ১৩ ধারা দেখ।]

১৮৮০ সালের ২ আইনের ৬ ধারার আদেশমত বিজ্ঞাপন।

১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনের ৬ ধারায় বিধান আছে যে, কোন ব্যক্তি ১৮৮০ সালের আপ্রিল মাসের ১ তারিখে কি তৎপরে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কোন জিলায় আপনার নিমিত্ত কি অন্য ব্যক্তির পক্ষ হইয়া ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইলে, সেই জিলায় তাঁহার এই আইনমতে লাইসেন্স লইতে হইবে ও তিনি যে শ্রেণীর লোক হন এই আইনের তফসীলমতে সেই শ্রেণীর যত ফী ধার্য্য আছে তাঁহার বৎসরং তত ফী দিতে হইবে।

কোন ব্যক্তি যদি কোন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম করিয়া বা চালাইয়া বৎসর মোটে ৫০০৲ টাকা বা তাহার অধিক উপার্জ্জন করেন তবে তাঁহার প্রতি আদেশ হইল যে, কালেক্টরের বা মহকুমার কাছারীতে লাইসেন্স পাইবার দরখাস্ত করিবেন ও তিনি যে শ্রেণীর লোক হন নিম্নলিখিত তফসীলমতে সেই শ্রেণীর যত ফী ধার্য্য আছে, তাহা এই বিজ্ঞাপন প্রকাশ হইবার তারিখ অবধি ৬০ দিনের মধ্যে ও ইহার পর প্রতি বৎসর আপ্রিল মাসের ১ তারিখ অবধি ৬০ দিনের মধ্যে দিবেন।

নিম্নলিখিত ফর্দ্দে প্রত্যেক শ্রেণীমত অতিন্যূন টাক্স যোগ্য আয় প্রদত্ত হইল।

শ্রেণী।		অতিন্যূন টাক্স যোগ্য আয়	যে হারে টাক্স লওয়া যাইবে।
		টাকা	টাকা
১	প্রথম	২৫,০০০	৫০০
২	দ্বিতীয়	১০,০০০	২০০
৩	তৃতীয়	৫,০০০	১০০
৪	চতুর্থ	২,৫০০	৫
৫	পঞ্চম	১,০০০	২
৬	ষষ্ঠ	৫০০	১০

১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনমতে যে ব্যক্তির প্রতি লাইসেন্স লইবার আদেশ থাকিল, সেই ব্যক্তি তাহা না লইয়া, এই বিজ্ঞাপন প্রকাশ হইবার তারিখ অবধি ৬০ দিনের পর আপন ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম চালাইতে থাকিলে, তাঁহার ঐ লাইসেন্সের নিমিত্ত যত টাকা দিতে হয় তাহাও দিবেন ও তাহা ছাড়া কালেক্টর সাহেবের আজ্ঞামতে তাঁহার তিন গুণের অনধিক জরিমানাও লাগিবে।

(কালেক্টর সাহেবের স্বাক্ষর)

১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনের তফসীল।

১ প্রথম শ্রেণী।—ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন ... ৫০০৲ টাকা।

২ দ্বিতীয় শ্রেণী।—ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন . ২০০৲ টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

Class III—Every person carrying on any trade, dealing or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class — 100

Class IV—Every person carrying on any trade, dealing or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class — 50

Class V—Every person carrying on any trade, dealing or industry, who shall be adjudged by the Collector to be a licensee of this class — 20

Class VI—Every person carrying on any trade, dealing or industry who shall be adjudged by the Collector to be a licensee of this class — 10

Form C

[See Rule 20]

Form of License under the Schedule of Act II (B C) of 1880

No Page	No Page
License granted under Class of the schedule of Act II (B C) of 1880, *to*	*License granted under Class of the schedule of Act II (B C) of* 1880
Name Father's name Residence Caste Trade dealing or industry Place or places where to be exercised or carried on with thanna and district Class Amount paid Rs	son of resident of by caste is hereby licensed under the schedule of Act II (B C) of 1880 to carry on the trade dealing or industry of at thanna district having this day paid to me the sum of being the amount payable under the said schedule on account of a license under class This license shall remain in force until 31st March next Class Amount paid, Rs
(Initials of Officer granting license) *Dated*	*(Signature of Officer granting the license)* *Dated* (place where granted) *This day of* 18

Form D

[See Rule 14]

Notice under the Bengal License Act, 1880

You , carrying on the (*trade, &c*) of , at , in the district of ( ), and falling under class of the schedule attached to Act II (B C) of 1880, are liable under section 6 of said Act to take out a license for the same, and to pay for such license the fee specified in the said schedule as payable by (*persons, firms, &c*) falling under the said class You , are hereby required, should you continue to carry on the aforesaid (*trade, &c*) at the aforesaid place, to make application either in person or by authorized agent to (*Collector, &c*) at within 60 days after the receipt of this notice and within 60 days next after the 1st day of April of each succeeding year, for a license, and to pay for the same the fee of Rs , being the fee specified as payable in respect of a license by (*persons, firms, &c*) falling under class of the Schedule of the said Act

Dated
The day of 18 — *Collector*

৩ তৃতীয় শ্রেণী।—ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্ম কারী যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন	১০০৲ টাকা।
৪ চতুর্থ শ্রেণী।—ব্যবসায় কি কারবার কি শিল্পকর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন	৫০৲ টাকা।
৫ পঞ্চম শ্রেণী।—ব্যবসায় বা কারবার বা শিল্প কর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন	২০৲ টাকা।
৬ ষষ্ঠ শ্রেণী।—ব্যবসায় কি কারবার কি শিল্প কর্ম্মকারি যে প্রত্যেক ব্যক্তিকে কালেক্টর সাহেব এই শ্রেণীর লাইসেন্সের যোগ্য বলিয়া বিচার করেন	১০৲ টাকা।

C পাঠ।

(বিধির ২০ ধারা দেখ)।

১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনের D তফসীলমত লাইসেন্সের পাঠ।

নম্বর পৃষ্ঠা ১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনের D তফসীলের শ্রেণীমত শ্রীঅমুককে এই লাইসেন্স দেওয়া গেল। নাম পিতার নাম। বাসস্থান জাতি ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম। যে জিলায় যে থানায় যে বা যেস্থানে চালাইতে পারিবেন। শ্রেণী। যত টাকা দেওয়া গেল। যে কর্ত্তৃপক্ষ লাইসেন্স দিলেন তাহার নামের আদ্যাক্ষর। সন সাল তাং	নম্বর পৃষ্ঠা ১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনের D তফসীলের শ্রেণীমতে লাইসেন্স দেওয়া গেল। অমুক শ্রেণীমত লাইসেন্সের নিমিত্ত উক্ত তফসীল অনুসারে যত টাকা দেওয়া উচিত অমুক স্থানবাসি অমুক জাতীয় অমুকের পুত্র শ্রীঅমুক অদ্য আমাকে সেই টাকা দিয়া ১৮৮০ সালের ২ আইনের D তফসীলমতে অমুক জিলার অমুক থানার অমুক গ্রামাদিতে অমুক ব্যবসায় বা কারবার বা শিল্পকর্ম্ম চালাইবার এই লাইসেন্স পাইলেন। এই লাইসেন্স আগামি মার্চ মাসের ৩১ তারিখ পর্য্যন্ত প্রবল থাকিবে। অমুক শ্রেণী। এত টাকা দেওয়া গেল। (যে কর্ত্তৃপক্ষ লাইসেন্স দিলেন তাঁহার স্বাক্ষর।) যে স্থানে দেওয়া গেল সন ১৮ সাল তাং

D পাঠ।

(বিধির ১৪ ধারা দেখ।)

বঙ্গদেশীয় লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমত নোটিস।

শ্রীঅমুক তুমি অমুক জিলার অন্তর্গত অমুক স্থানে, অমুক (ব্যবসায়াদি) চালাইয়া ও ১৮৮০ সালের বঙ্গীয় ২ আইনের তফসীলমতে অমুক শ্রেণীভুক্ত হইয়া আইনের ৬ ধারামতে উক্ত ব্যবসায়াদির লাইসেন্স লইবার যোগ্য ও উক্ত শ্রেণীর (ব্যক্তি কুঠি প্রভৃতির) উক্ত তফসীল অনুসারে যত ফী দেওয়া উচিত, ঐ লাইসেন্সের নিমিত্তে যার তত ফী দিতে হইবে। অতএব শ্রীঅমুক তোমার প্রতি এই আদেশ থাকিল, উক্ত স্থানে উক্ত ব্যবসায়াদি চালাইতে থাকিলে এই নোটিস পাইবার পর যাইট দিনের মধ্যে ও তাহার পর প্রতি বৎসর আপ্রিল মাসের ১ তারিখ অবধি যাইট দিনের মধ্যে আপনি কি আপনার ক্ষমতাপ্রাপ্ত স্বপক্ষ কর্ম্মকারকদ্বারা অমুক স্থানের কালেক্টর সাহেবের নিকট লাইসেন্স পাইবার দরখাস্ত করিয়া এত টাকা ফী দিবে। উক্ত আইনের তফসীলের অমুক শ্রেণীর মধ্যে (যে ব্যক্তি কুঠি প্রভৃতি) আছেন তাঁহার লাইসেন্সের তত ফী নির্দ্ধারিত আছে।

অমুক স্থান ১৮ সন তাং

কালেক্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

FORM E

[See Rule 28]

Record of interrogations addressed by

Collector / Assessor of , *to* *carrying on the*

business of a *in* *village,* *thana,* *district*

Questions	*Answers*
1—What is your name, father's name, residence, and caste (if any)?	1—
2—What is your trade, dealing, or industry?	2—
3—What is the maximum fee to which you are liable under the provisions of the Schedule of Act II (B C) of 1880?	3—
4—	4—
5—	5—
6—	6—

I declare that the foregoing has been read to (or by) me, and contains a correct record of the answers given by me to the interrogations addressed to me

(Signed) ——————

Dated at }
This *day of* 18 }

Collector of / Assessor of }

The 22nd March 1880

ADDITIONAL RULES FOR THE TOWN OF CALCUTTA

1 Rules 11, 12, 14, 16, 18, 25, 26 and 27 above shall not have effect in the town of Calcutta

2 The Collector of Calcutta is appointed by the Lieutenant-Governor, under section 8, to exercise the functions of a Collector under the Act within the local limits of the ordinary original jurisdiction of the High Court.

3 The Collector will be assisted by a Head Assessor and such Assessors as may from time to time be appointed by Government to conduct operations under the Act

4 It will be necessary to examine the old assessments very carefully before entries are made in the first list framed under section 11, and notices served under section 17 The Head Assessor is authorised, under section 29, to exercise the powers of a Collector in regard to the preparation, publication, and amendment of the list, but before passing any assessments under classes I, II, or III of the schedule, he shall take the special orders of the Collector As soon as the list has been prepared, the Collector will open a register in the English character in the form below, to be called "Register of Assessees under the License-tax" The register will contain an index The Collector should take every opportunity of checking the register by personal enquiry Errors of assessment should be at once rectified if possible, and the register corrected accordingly

E পাঠ।

(বিধির ২৮ ধারা দেখ।)

অমুক জিলার অন্তর্গত অমুক থানার অমুক গ্রামে শ্রীঅমুক অমুক যে কর্ম্ম চালাইতেছেন তৎসম্পর্কে অমুক জিলার কালেক্টর কিম্বা আসেসর শ্রীঅমুক যেং প্রশ্ন করিবেন তাহার লিপি।

প্রশ্ন	উত্তর।
১।—তোমার ও তোমার পিতার নাম কি, তোমাদের নিবাস স্থান কোথায় ও কি (যদি কোন) জাতি?	১।
২।—তোমার কোন্ ব্যবসায় বা কারবার বা শিল্প কর্ম্ম?	২।
৩।—১৮৮০ সালের নবীয় ২ আইনের তফসীলমতে তুমি উর্দ্ধ কত কী দিবার যোগ্য?	৩।
৪।—	৪।
৫।—	৫।
৬।—	৬।

আমি উক্ত প্রশ্নোত্তরপত্র পাঠ করিয়াছি (বা তাহা আমার নিকট পাঠ করা গিয়াছে) ও আমার নিকট যেং প্রশ্ন করা গেল এই পত্রে আমার সেইং প্রশ্নের যথার্থ উত্তর আছে ইহা নির্দ্দেশ করিয়া জানাইলাম।

স্বাক্ষর শ্রী——

অমুক স্থান
১৮ সাল তাং
১৮৮০ সাল ২২ মার্চ।

{ অমুক জিলার কালেক্টর
অমুক জিলার আসেসর

কলিকাতা নগরের নিমিত্ত অতিরিক্ত বিধি।

১। উপরি লিখিত বিধির ১১, ১২, ১৪, ১৬, ১৮, ২৫, ২৬ ও ২৭ ধারা কলিকাতা নগরে বলবৎ হইবে না।

২। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ৩ ধারামতে কলিকাতার কালেক্টর সাহেবকে হাই কোর্টের আদৌ নিয়মিত বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উক্ত আইনমত কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত করিলেন।

৩। এক জন প্রধান আসেসর ও উক্ত আইনমত কার্য্য চালাইবার নিমিত্ত গবর্ণমেন্ট সময়েং যে আসেসরদিগকে নিযুক্ত করেন তাঁহারা কালেক্টর সাহেবের সাহায্য করিবেন।

৪। ১১ ধারামতে প্রণীত প্রথম ফর্দ্দে লিখিবার ও ১৭ ধারামতে নোটিস জারী করিবার পূর্ব্বে অতি সাবধানে পুরাতন টাক্স ধার্য্য করণগুলি পরীক্ষা করিয়া দেখিতে হইবে। ২৯ ধারামতে প্রধান আসেসরের প্রতি এই ক্ষমতা দেওয়া গেল যে তিনি ফর্দ্দ প্রস্তুত ও প্রকাশ ও সংশোধন করণ সম্বন্ধে কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন, কিন্তু তফসীলের ১ বা ২ বা ৩ শ্রেণীমতে টাক্স ধার্য্য করিবার পূর্ব্বে কালেক্টর সাহেবের বিশেষ অনুমতি লইবেন। ফর্দ্দ প্রস্তুত করা গেলে পর কালেক্টর সাহেব "লাইসেন্স টাক্স দাতাদের রেজিষ্টর" নামে ইংরাজী ভাষায় নিম্নলিখিত পাঠের এক খান রেজিষ্টর খুলিবেন। ঐ রেজিষ্টরে সূচীপত্র থাকিবে। কালেক্টর সাহেব স্বয়ং তদন্ত লইয়া সুযোগমতে রেজিষ্টর পরীক্ষা করিয়া দেখিবেন। সম্ভব হইলে, টাক্স ধার্য্যকরণ সংক্রান্ত ভ্রম অবিলম্বে সংশোধন করিতে হইবে, ও তদনুসারে রেজিষ্টরও শুদ্ধ করিতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

Name of street, road or mouzah *Police-station*

Name of assessee	Occupation	Estimate earning	Tax assessed	DATE OF PAYMENT									
				1880-81	1881-82	1882-83	1883-84	1884-85	1885-86	1886-87	1887-88	1888-89	1889-90

5 Officers of Police of or above the rank of Inspector shall be deemed to be generally empowered to require any person holding a license to produce and show his license. But the Collector may, by an order in writing, generally or specially empower any other person to act in this behalf, as he may think fit

6 Payment of fees and other demands under the Act must be made at the Calcutta Collectorate

7 All petitions of objection against assessments must be heard by the Collector

8 There is no appeal under the law against the Collector's order on a petition of objection The Commissioner of the Presidency Division, however, is authorised, under section 21, to revise any order of the Collector, but before calling for the record he must be satisfied that the applicant has established *primâ facie* a case of hardship The Commissioner should arrange to sit at the Collector's office in Calcutta at stated times for the exercise of his power under this rule, and give parties an opportunity of appearing before him

---

NOTIFICATION

The 4th February 1880 —The Lieutenant-Governor is pleased to publish for general information the following Order in Council, and the Regulations appended thereto, for preventing collisions at sea, which will come into force on the 1st September 1880

H J REYNOLDS,
Secy to the Govt of Bengal

At the Court at Osborne House, Isle of Wight, the 14*th day of August* 1879

PRESENT

THE QUEEN'S MOST EXCELLENT MAJESTY IN COUNCIL

WHEREAS by "The Merchant Shipping Act Amendment Act, 1862," it was enacted that on and after the first day of June one thousand eight hundred and sixty-three, or such later day as might be fixed for the purpose by Order in Council, the Regulations contained in the table marked C in the schedule to the said Act should come into operation and be of the same force as if they were enacted in the body of the said Act, but that Her Majesty might from time to time, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, by Order in Council, annul or modify any of the said Regulations, or make new Regulations in addition thereto or in substitution therefor, and that any alterations in, or additions to, such Regulations made in manner aforesaid should be of the same force as the Regulations in the said schedule

And whereas by the same Act it was further provided that whenever it should be made to appear to Her Majesty that the Government of any foreign country was willing that the Regulations for preventing collisions contained in Table C in the schedule to the said Act, or such other Regulations for preventing collisions as are for the time being in force under the said Act, should apply to the ships of such country when beyond the limits of British jurisdiction, Her Majesty might, by Order in Council, direct that such Regulations should apply to the ships of the said foreign country, whether within British jurisdiction or not; and it was further provided by the said Act that whenever an Order in Council had been issued

অমুক পোলীস থানার অন্তর্গত রাস্তার বা পথের বা মৌজার নাম।

টাক্স দাতার নাম।	ব্যবসায়।	অনুমানিক উপার্জন।	যে টাক্স ধরা গেল।	দিবার তারিখ।									
				১৮৮০-৮১	১৮৮১-৮২	১৮৮২-৮৩	১৮৮৩-৮৪	১৮৮৪-৮৫	১৮৮৫-৮৬	১৮৮৬-৮৭	১৮৮৭-৮৮	১৮৮৮-৮৯	১৮৮৯-৯০

৫। কোন ব্যক্তি লাইসেন্স পাইলে, ইনস্পেক্টরের বা তদূর্দ্ধ শ্রেণীর পোলীসের কার্য্যকারকেরা সাধারণতঃ তাঁহাকে আপনার লাইসেন্স উপস্থিত করিতে ও দেখাইতে আদেশ করিবার ক্ষমতাপন্ন বলিয়া জ্ঞান হইবে। কিন্তু কালেক্টর সাহেব উচিত বোধ করিলে লিখিত আজ্ঞা দিয়া এই কার্য্য পক্ষে অন্য কোন ব্যক্তিকে সাধারণ বা বিশেষ ক্ষমতা দিতে পারিবেন।

৬। আইনমত ফী ও অন্য প্রাপ্য কলিকাতার কালেক্টরী কাছারীতে দিতে হইবে।

৭। টাক্স ধার্য্যকরণের বিরুদ্ধে আপত্তি করিয়া যে দরখাস্ত করা যায় তাহা কালেক্টর সাহেবের শুনিতে হইবে।

৮। আপত্তির দরখাস্তের উপর কালেক্টর সাহেব যে আজ্ঞা করেন আইনমতে সেই আজ্ঞার উপর আপীল নাই। প্রেসিডেন্সীখণ্ডের কমিশ্যনর সাহেব ২১ ধারামতে কালেক্টরের আজ্ঞা সংশোধন করিতে পারিবেন, কিন্তু নথী তলব করিবারপূর্ব্বে তাঁহার বুঝা চাই যে দরখাস্তকারির পক্ষে বড় কষ্টের বিষয় হওয়াছে আপাততঃ দেখিতে গেলে ইহার প্রমাণ আছে। এই ধারামত ক্ষমতাক্রমে কার্য্য করিবার নিমিত্ত কমিশ্যনর সাহেব নির্দ্দিষ্ট সময়ে কলিকাতার কালেক্টরী কাছারীতে বসিবার বন্দোবস্ত করিবেন ও পক্ষদিগকে আপনার সম্মুখে উপস্থিত হইবার সুযোগ দিবেন।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৪ ফেব্রুয়ারি।—সমুদ্র পথে জাহাজে জাহাজে ধাক্কা লাগা নিবারণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিম্নলিখিত আজ্ঞা ও তৎসংযুক্ত বিধি শ্রীযুত লেফ্টেনেন্ট গবর্ণর সাহেব সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করিলেন। উক্ত আজ্ঞা ও বিধি ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর অবধি প্রবল হইবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৭৯ সাল ১৪ আগস্ট, বাইট দ্বীপস্থ অসবোর্ণ রাজবাটীর সভাগৃহে, উপস্থিত মন্ত্রিসভাধিষ্ঠিতা মহামহিমান্বিতা শ্রীশ্রীমতী মহারাণী।

"সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৬২ সালের আইনে" বিধান ছিল যে ১৮৬৩ সালের জুন মাসের প্রথম তারিখ অবধি, অথবা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞাক্রমে পরবর্ত্তী যে তারিখ ধার্য্য করা যায় তদবধি উক্ত আইনের তফসীলের C চিহ্নিত টেবিলের বিধি কার্য্যকর হইবে ও উক্ত আইনের অঙ্গস্বরূপ হইয়া বিধিবদ্ধ হইলে যেরূপ বলবৎ হইত তদ্রূপ বলবৎ হইবে, কিন্তু যুদ্ধজাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দিলে, শ্রীশ্রীমতী মহারাণী সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রকাশ করিয়া উক্ত বিধির কোন ধারা রহিত কি পরিবর্ত্তিত করিতে অথবা তদতিরিক্ত বা তৎপরিবর্ত্তে নূতন বিধি প্রণয়ন করিতে পারিবেন এবং পূর্ব্বোক্ত মতে উক্ত বিধিতে যে কোন পরিবর্ত্তন বা সংযোগ করা যায় তৎসমুদয় উক্ত তফসীলের অন্তর্গত বিধির ন্যায় বলবৎ হইবে।

ঐ আইনে আরো বিধান ছিল যে, ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনের তফসীলের C চিহ্নিত বিধি অথবা ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনমত অন্য যে বিধি যৎকালে বলবৎ থাকে তাহা ব্রিটিষ বিচারাধিপত্যের সীমার বহির্ভূত স্থানে কোন ভিন্নদেশীয় জাহাজের প্রতি বর্ত্তে, উক্ত দেশের গবর্ণমেণ্টের ইহাতেসম্মতি আছে বলিয়া শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মান গেলে শ্রীশ্রীমতী মহারাণী মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া আদেশ করিতে পারিবেন যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, উক্ত ভিন্নদেশীয় জাহাজের প্রতি উক্ত বিধি বর্ত্তিবে, উক্ত আইনে আরো বিধান

applying any Regulation made by, or in pursuance of, the said Act to the ships of any foreign country, such ships should in all cases arising in any British court, be deemed to be subject to such Regulation, and should, for the purpose of such Regulation, be treated as if they were British ships

And whereas by an Order in Council made in pursuance of the said recited Act, and dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, Her Majesty was pleased to direct —First, that the Regulations contained in the schedule to the said Act should be modified by the substitution for such Regulations of certain Regulations appended to the said Order,

Secondly, that the said Regulations appended to the said Order should, on and after the first day of June one thousand eight hundred and sixty-three, apply to French ships, whether within British jurisdiction or not

And whereas by several Orders in Council subsequently made, Her Majesty was pleased to direct that the Regulations appended to the said Order of the ninth of January one thousand eight hundred and sixty-three, should apply to ships of the countries specified in the said Orders, whether within British jurisdiction or not

And whereas by Order in Council, dated the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, Her Majesty, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, was pleased to make certain additions to the Regulations appended to the said first-recited Order in Council, for the purpose of explaining Articles 11 and 13 of the said Regulations, and of removing doubt and misapprehension concerning the effect of the said two Articles

And whereas the Admiralty and the Board of Trade have jointly recommended to Her Majesty that the Regulations contained in the Order in Council dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, shall be annulled from the first day of September one thousand eight hundred and eighty, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations hereinafter set forth

And whereas it has been made to appear to Her Majesty that the governments of the several foreign countries mentioned in the second schedule hereto are respectively willing that the Regulations contained in the first schedule hereto shall apply to ships of the said countries respectively, whether within British jurisdiction or not

Now therefore Her Majesty, by virtue of the powers vested in Her by the said recited Act, and by and with the advice of Her Privy Council, is pleased to direct —

First, that on and after the first day of September one thousand eight hundred and eighty, the Regulations appended to the said order in Council of the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, shall be annulled, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations contained in the first schedule hereto.

Second, that the said Regulations contained in the said first schedule hereto shall, from and after the first day of September one thousand eight hundred and eighty, apply to ships of the countries mentioned in the said second schedule hereto, whether within British jurisdiction or not.

C. L. PEEL.

FIRST SCHEDULE.

REGULATIONS FOR PREVENTING COLLISIONS AT SEA.

Preliminary

ART 1 In the following rules every steam-ship which is under sail and not under steam is to be considered a sailing ship, and every steam-ship which is under steam, whether under sail or not, is to be considered a ship under steam.

Rules Concerning Lights.

ART 2 The lights mentioned in the following Articles, numbered 3, 4, 5, 6, 7, 8, 9, 10 and 11, and no others, shall be carried in all weathers, from sunset to sunrise.

ছিল যে, উক্ত আইনের নির্দ্দিষ্ট কিম্বা তৎক্রমে প্রণীত কোন বিধি কোন ভিন্নদেশের জাহাজের প্রতি বর্ত্তাইয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রচার করা গেলে, কোন ব্রিটিষ বিচারালয়ে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তৎসম্বন্ধে উক্ত জাহাজ উক্ত বিধির নিয়মাধীন বলিয়া জ্ঞান করা যাইবে এবং উক্ত বিধির কার্য্যপক্ষে ব্রিটিষ জাহাজ হইলে যেরূপ হইত ঐ জাহাজের প্রতি তদ্রূপ ব্যবহার করা যাইবে।

পূর্ব্বোল্লিখিত আইনক্রমে কৃত ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দ্বারা শ্রীশ্রীমতী মহারাণী এই আদেশ করেন,—প্রথমতঃ উক্ত আইনের তফসীলের বিধি পরিবর্ত্তিত করিয়া তাহার স্থানে উক্ত আজ্ঞা সংযুক্ত কএকটি বিধি দেওয়া যায়।

দ্বিতীয়তঃ, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ১৮৬৩ সালের ১ জুন তারিখ অবধি উক্ত আজ্ঞা সংযুক্ত উক্ত বিধি ফরাসী জাহাজের প্রতি বর্ত্তিবে।

পরে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর কএক আজ্ঞাদ্বারা শ্রীশ্রীমতী মহারাণী আদেশ করেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের উক্ত আজ্ঞা সংযুক্ত বিধি, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ঐ২ আজ্ঞার নির্দ্দিষ্ট দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দেওয়াতে শ্রীশ্রীমতী মহারাণী ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া, উক্ত প্রথমোল্লিখিত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা সংযুক্ত বিধির ১১ ও ১৩ ধারার ব্যাখ্যা করণার্থ ও উক্ত দুই ধারার ফল সংক্রান্ত সন্দেহ ও ভ্রান্তি দূর করণার্থ উক্ত বিধিতে কোন২ কথা সংযোগ করেন।

উক্ত যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্য বিষয়ক বোর্ড একমত হইয়া এক্ষণে পরামর্শ দিয়াছেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞার অন্তর্গত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞায় উক্ত বিধিতে যে২ কথা সংযোগ করা যায় তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করিয়া উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত নূতন বিধি দেওয়া যায়।

আর শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মিয়াছে যে এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত ভিন্ন২ দেশের গবর্ণমেণ্টের ইচ্ছা এই যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানেই হউক বা না হউক এতৎসংযুক্ত প্রথম তফসীলের বিধি ঐ২ দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

এইনিমিত্ত পূর্ব্বোল্লিখিত আইনে শ্রীশ্রীমতীর প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি এক্ষণে স্বীয় মন্ত্রিসভার উপদেশক্রমে এই আদেশ করিতেছেন,

(১) ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞাসংযুক্ত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞায় উক্ত বিধিতে যে২ কথা সংযোগ করা যায় তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করিয়া উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে এতৎসংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত নূতন বিধি দেওয়া যাইবে।

(২) এতৎসংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত উক্ত বিধি, ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

সি, এল, পীল।

প্রথম তফসীল।

সমুদ্রপথে জাহাজের টক্কা লাগা নিবারণার্থ বিধি।

উপক্রমণিকা।

১ ধারা। নিম্নলিখিত বিধিতে কোন কলের জাহাজ বা স্পারবাপ না যাইয়া পাইলভরে গেলে পাইলভরে গামী জাহাজ বলিয়া গণ্য হইবে, এবং কোন কলের জাহাজ বাষ্পের বলে গেলে, পাইলভরে যাউক বা না যাউক, বাষ্পের বলে গামী বা কলের জাহাজ বলিয়া গণ্য হইবে।

আলোক সংক্রান্ত বিধি।

২ ধারা। ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ ও ১১ চিহ্নিত নিম্নলিখিত কএক ধারায় যে২ আলোকের উল্লেখ আছে, আকাশের সকল অবস্থায় সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয় পর্য্যন্ত সময়ে সেই২ আলোক জ্বালিয়া রাখিতে হইবে, অন্য আলোক নহে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

ART 3 A seagoing steam ship when under way shall carry—

(*a*) On or in front of the foremast, at a height above the hull of not less than 20 feet, and if the breadth of the ship exceeds 20 feet then at a height above the hull not less than such breadth, a bright white light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 20 points of the compass, so fixed as to throw the light 10 points on each side of the ship, viz from right ahead to 2 points abaft the beam on either side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least five miles

(*b*) On the starboard side, a green light so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass, so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the starboard side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles

(*c*) On the port side, a red light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass, so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the port side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles

(*d*) The said green and red side lights shall be fitted with inboard screens projecting at least three feet forward from the light, so as to prevent these lights from being seen across the bow

ART 4 A steam ship, when towing another ship shall, in addition to her side lights, carry two bright white lights in a vertical line one over the other, not less than three feet apart, so as to distinguish her from other steam-ships. Each of these lights shall be of the same construction and character, and shall be carried in the same position, as the white light which other steam-ships are required to carry

ART 5. A ship, whether a steam-ship or a sailing ship, when employed either in laying or in picking up a telegraph cable, or which from any accident is not under command, shall at night carry in the same position as the white light which steam-ships are required to carry, and, if a steam-ship, in place of that light, three red lights in globular lanterns, each not less than 10 inches in diameter, in a vertical line one over the other, not less than three feet apart and shall by day carry in a vertical line one over the other, not less than three feet apart, in front of but not lower than her foremast head, three black balls or shapes, each two feet in diameter

These shapes and lights are to be taken by approaching ships as signals that the ship using them is not under command, and cannot therefore get out of the way

The above ships when not making any way through the water, shall not carry the side lights, but when making way shall carry them.

ART 6 A sailing ship under way, or being towed, shall carry the same lights as are provided by Article 3 for a steam ship under way, with the exception of the white light, which she shall never carry

ART 7 Whenever, as in the case of small vessels during bad weather, the green and red, side lights cannot be fixed, these lights shall be kept on deck, on their respective sides of the vessel, ready for use and shall, on the approach of or to other vessels, be exhibited on their respective sides in sufficient time to prevent collision, in such manner as to make them most visible, and so that the green light shall not be seen on the port side nor the red light on the starboard side

To make the use of these portable lights more certain and easy, the lanterns containing them shall each be painted outside with the colour of the light they respectively contain, and shall be provided with proper screens.

ART 8 A ship, whether a steam-ship or a sailing ship, when at anchor, shall carry where it can best be seen, but at a height not exceeding 20 feet above the hull, a white light, in a globular lantern of not less than eight inches in diameter, and so constructed as to show a clear uniform and unbroken light visible all round the horizon, at a distance of at least one mile

৩ ধারা। সমুদ্রগামী কলের জাহাজ চালাইবার সময়ে

(ক) অগ্রস্থ মাস্তুলের উপরে বা সম্মুখভাগে খোল হইতে অন্যূন বিশ ফুট ঊর্দ্ধে, এবং জাহাজ বিশ ফুট অপেক্ষা চৌড়া হইলে, খোল হইতে অন্যূন ঐ চৌড়ামত ঊর্দ্ধে একটী উজ্জ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ২০ পাইন্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে জাহাজের প্রত্যেক পার্শ্বে ১০ পাইন্ট পরিমিত আলোক পড়ে, অর্থাৎ ঠিক সম্মুখ দিক্ হইতে প্রত্যেক পার্শ্বে ১ পাইন্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন পাঁচ মাইল দূর হইতে দেখা যায়।

(খ) ডাইন পার্শ্বে সবুজ রঙ্গের আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইন্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক্ হইতে ডাইন পার্শ্বে ২ পাইন্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায়।

(গ) বাম পার্শ্বে লাল আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইন্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক হইতে বামপার্শ্বে ২ পাইন্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায়।

(ঘ) আলোক হইতে সম্মুখ দিকে অন্যূন ৩ ফুট দূরে জাহাজের উপর পর্দ্দা দিয়া উক্ত সবুজ ও লাল আলোক এরূপে রাখিতে হইবে যে পুরোভাগ দিয়া এক আলোক দেখা না যায়।

৪ ধারা। কলের জাহাজ যখন অন্য জাহাজ টানিয়া লইয়া যায়, তখন পার্শ্বের আলোকের অতিরিক্ত অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি উজ্জ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে, ইহাতে অন্য কলের জাহাজ হইতে ঐ জাহাজটি বিশেষ করিয়া জানা যাইবে এই দুইটি আলোক একই রূপে প্রস্তুত ও একই প্রকারের হইবে, এবং অন্য কলের জাহাজে শাদা আলোক যে স্থানে জ্বালিয়া রাখিবার আদেশ আছে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে।

৫ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, টেলিগ্রাফের তার বসাইতে বা কুড়াইয়া লইতে নিযুক্ত থাকিলে, কিম্বা কোন দুর্ঘটনা বশতঃ অধ্যক্ষশূন্য হইলে কলের জাহাজের যে স্থানে শাদা আলোক জ্বালিয়া রাখিবার আদেশ আছে রাত্রিকালে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে, ও কলের জাহাজ হইলে, ঐ আলোকের পরিবর্তে গোলাকার লাণ্ঠনের মধ্যে তিনটি রাঙ্গা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। প্রত্যেক লাণ্ঠনের ব্যাস অন্যূন .০ ইঞ্চি পরিমিত হইবে, এবং ঐ গুলি একটির উপর একটি করিয়া অন্যূন তিন২ ফুট অন্তর ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে। দিবসে অগ্র মাস্তুলের মাথার নীচে না পড়ে এরূপে তাহার সম্মুখভাগে অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ২ ফুট ব্যাস বিশিষ্ট তিনটি কাল বর্ত্তুল বা পুত্তলিকা ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে।

এই সকল পুত্তলিকা ও আলোক যে জাহাজে ব্যবহৃত হয় সেই জাহাজ অধ্যক্ষশূন্য ও তন্নিমিত্ত রাস্তা হইতে সরিয়া যাইতে পারে না, উক্ত পুত্তলিকা ও আলোক সমীপগামি জাহাজ গুলিতে এইরূপ সিক্নেল বলিয়া বিবেচিত হইবে।

জলপথে না চলিবার সময়ে উক্ত জাহাজে পার্শ্বালোক দিতে হইবে না, কিন্তু চলিবার সময়ে দিতে হইবে।

৬ ধারা। পাইলভরে গামী কোন জাহাজ যখন চলিতে থাকে অথবা যখন তাহা অন্য জাহাজ দ্বারা টানিয়া লইয়া যাওয়া যায়, তখন চলিবার সময়ে কলের জাহাজের নিমিত্ত ৩ ধারায় যে ২ আলোকের বিধান আছে তাহাতেও সেই২ আলোক জ্বালিয়া রাখিতে হইবে। কিন্তু তাহাতে শাদা আলোক কখনও জ্বালিয়া রাখিতে হইবে না।

৭ ধারা। ঝড় বৃষ্টির সময়ে ক্ষুদ্র জাহাজের সম্বন্ধে যেরূপ ঘটে, সেইরূপ যখন সবুজ ও লাল পার্শ্বালোক স্থির করিয়া রাখিতে পারা যায় না, ঐ ২ আলোক জাহাজের যথাযোগ্য পার্শ্বে ব্যবহারার্থ প্রস্তুত করিয়া ডেকের উপর রাখিতে হইবে, এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থে যথাকালে যথাযোগ্য পার্শ্বে এরূপে দেখাইতে হইবে যে ঐ আলোক অত্যুৎকৃষ্টরূপে দেখা যায় ও সবুজ আলোক বাম পার্শ্বে দেখা না যায় ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা না যায়।

সহজে সঞ্চালনযোগ্য ঐ আলোকের ব্যবহার অধিকতর ফলবৎ ও সহজ করিবার নিমিত্ত, ঐ আলোক যে লাণ্ঠনে থাকে তাহার বহির্ভাগে উক্ত আলোকের রং লাগাইতে হইবে, এবং ঐ লাণ্ঠনে যথাযোগ্য আবরণ দিতে হইবে।

৮ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, যখন লঙ্গর ফেলিয়া থাকে, খোল হইতে ২০ ফুটের অনধিক ঊর্দ্ধে যেখানে বড় ভাল দেখা যায় একটি শাদা আলোক জ্বালিয়া রাখিবে। অন্যূন ৮ ইঞ্চি ব্যাসবিশিষ্ট গোলাকার লাণ্ঠনে ঐ আলোক রাখিতে হইবে ও উহা এরূপে প্রস্তুত করিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে অন্যূন এক মাইল দূরে পরিষ্কার সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৭ আপ্রিল।]

ART 9 A pilot vessel, when engaged on her station on pilotage duty, shall not carry the lights required for other vessels, but shall carry a white light at the mast head visible all round the horizon, and shall also exhibit a flare-up light or flare-up lights at short intervals which shall never exceed fifteen minutes

A pilot vessel, when not engaged on her station on pilotage duty, shall carry lights similar to those of other ships

উকীল শ্রীযুক্ত বাবু হরিহর মুখোপাধ্যায় এম এ।

তালুকদার ও সওদাগর শ্রীযুক্ত মুন্সী আলি জামন।

১৮৮০ সাল ২৮ আপ্রিল।—বধুবনি মুনিসিপালিটীর কমিশ্যনরেরা সব-ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত পি, টি, বেনসা সাহেবকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

টঙ্ক মুনিসিপালটী কমিশ্যনরেরা শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রকুমার রায় চৌধুরীকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত কমিল্লা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

উকীল শ্রীযুক্ত বাবু কৈলাসচন্দ্র দত্ত, এম, এ ও বি, এল।

ত্রিপুরা পর্ব্বতের মহারাজার দেওয়ান শ্রীযুক্ত বাবু রাজমোহন মিত্র।

বাদুড়িয়া মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুক্ত বাবু নন্দকুমার বসুকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্ন লিখিত মহাশয়েরা মজঃফরপুর জিলার অন্তর্গত হাজিপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুক্ত জরদার চৌবের পরিবর্ত্তে শ্রীযুক্ত অগমবন্ধু রায় বাবু।

„ শেখ সালিমুল্লা হুসেনের পরিবর্ত্তে শ্রীযুক্ত বাবু প্রাণজীবন সাহু।

দক্ষিণ শাখ নগর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুক্ত রায় যাদবচন্দ্র ঘোষ বাহাদুরকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

গোবরডাঙ্গা মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুক্ত বাবু বেণীমাধব চট্টোপাধ্যায়কে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত কান্দি মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুক্ত বাবু চন্দ্রকুমার গুপ্ত।

জমীদার শ্রীযুক্ত বাবু গোবিন্দ সুন্দর চক্রবর্ত্তী।

„ „ বাবু যোগেন্দ্রনারায়ণ রায় চৌধুরী।

„ „ বাবু নরেন্দ্রনারায়ণ রায় চৌধুরী।

পাইকপাড়া রাজষ্টেটের নাএব শ্রীযুক্ত বাবু প্রাণনাথ মল্লিক কান্দি মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

কান্দি মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুক্ত বাবু হরিমোহন সিংহকে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

ROAD CESS—*The 10th May* 1880—The undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Jehanabad, in the district of Gya—

The Executive Engineer, Patna Division, *ex officio*
Baboo Gokul Chunder Prohit, Zemindar
Moulvi Kabiruddin, Ditto
Baboo Thakoor Pershad Singh, Ditto
„ Tiruthraj Singh, Ditto

Moulvi Fazlulla, Zemindar is re-appointed to be a member of the Branch Road Cess Committee of Jehanabad, in the district of Gya

Mr C W Marshall, Manager of the Silk Filature of Messrs Lyall & Co, is appointed to be a member of the District Road Cess Committee, Moorshedabad, *vice* Mr J W Stacks

Baboo Abinash Chandra Mookerjee, Moonsif of Palamow, is appointed to be a member of the Branch Road Cess Committee of that place, *vice* Baboo Karunamoy Banerjee

HORACE A. COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 6th May 1880—In the exercise of the powers conferred upon him by Section 311 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant-Governor confirms the following bye-law, which was made by the Commissioners of the Bhagulpore Municipality at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given, and in the exercise of the powers conferred by Section 315 of the same Act, the Lieutenant-Governor sanctions the penalties which have been declared by the said Commissioners for the breach of the said bye-law—

BYE-LAW

Whenever it shall come to the notice of the Commissioners that any piece of land, unattached to any house, is habitually used as a place for the deposit of filth and excrement, the Commissioners shall issue a notice on the owner of the land, or, in the case of an absent proprietor, on his agent, calling upon him to take such order with respect to such land as shall prevent the continuance or repetition of the nuisance The owner of such land, or his agent, as the case may be, failing to comply with such requisition, shall, on conviction, be liable to a penalty not exceeding Rs 20, and, in case of failing to comply with the order of the court, shall, on re-conviction, be liable to a fine not exceeding Rs 2 a day for each day's disobedience in addition to the original penalty

A. MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 7th May 1880—It is hereby notified that, under the powers vested in him by Section 32, Act V (B C) of 1876, the Lieutenant Governor excludes from the operation of the Act the following roads within the limits of the Maldah Municipality, and authorizes their transfer to the charge of the Road Cess Committee of the district—

1 Portion of the Rajmehal and Dinagepore road from Ferry Ghat of old Maldah to Gobindaspara, 18½ chains
2 Post Office road from Ferry Ghat to Post Office, 2¾ chains

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 10th May 1880—It is hereby notified for general information, in accordance with Section 31, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal vests in the Commissioners of the Suburban Municipality, the Charitable Dispensary at Alipore situated within the Municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A MACKENZIE,
Secy. to the Govt of Bengal.

[*Government Gazette, 18th May* 1880]

পথকর বিষয়ক।—১৮৮০ সাল ১০ মে।—নিম্নলিখিত মহাশয়েরা গয়া জিলার অন্তর্গত জাহানাবাদের শাখাপথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পাটনা খণ্ডের ইঞ্জিনিয়র সাহেব, স্বীয় পদোপলক্ষে।
জমীদার শ্রীযুত বাবু গোকুল চন্দ্র পুরোহিত।
,, ,, মৌলবী কবিরুদ্দীন।
,, ,, বাবু ঠাকুর প্রসাদ সিংহ।
,, ,, বাবু তীর্থরাজ সিংহ।

জমীদার শ্রীযুত মৌলবী-কজলুল্লা গয়া জিলার অন্তর্গত জাহানাবাদের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, ডবলিউ, ষ্টোকস সাহেবের পরিবর্ত্তে মেসর্স লায়ল কোম্পানির রেশমকুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত সি, ডবলিউ, মার্শল সাহেব, মুরশিদাবাদ জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু করুণাময় বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে পালামৌয়ের মুনসেফ শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায় উক্ত স্থানের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০সাল ৬ মে।—ভাগলপুর মুনিসিপালিটীর কমিশনরেরা উপযুক্তমত নোটিস দিয়া সভা করিয়া নিম্নলিখিত যে উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের মুনসিপল-বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহা দৃঢ় করিলেন। এবং উক্ত কমিশনরেরা উক্ত উপবিধি লঙ্ঘন হইলে যে২ দণ্ড ধার্য্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৩১৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই২ দণ্ড অনুমোদন করিলেন।

উপবিধি।

কোন বাড়ীর অসংযুক্ত কোন ভূমি খণ্ড ময়লা ও বিষ্ঠা ফেলিবার স্থান স্বরূপ নিয়ত ব্যবহার হইয়া থাকে, কমিশনরেরা ইহা জানিতে পাইলে উক্ত ভূমির স্বামির কিম্বা তাঁহার অনুপস্থানে তাঁহার কর্ম্মচারির উপর নোটিস দিয়া এই আদেশ করিবেন যে উক্ত ভূমি সম্পর্কে তিনি এমত নিয়ম করিয়া দেন যে তথায় অনিষ্টজনক বিষয় যেন আর ফেলা না হয়। উক্ত ভূমির স্বামী বা স্থলবিশেষে তাঁহার কর্ম্মচারী উক্ত আদেশমত কার্য্য করেন নাই প্রমাণ হইলে তাঁহার ২০৲বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে এবং আদালতের আদেশমত কর্ম্ম করেন নাই ইহা পুনঃপ্রমাণ হইলে যত দিন অবজ্ঞা করেন তাহার দিন প্রতি প্রথম দণ্ডাতিরিক্ত ২৲ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৭ মে।—এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩১ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি মালদহ মুনিসিপালিটীর অন্তর্গত নিম্নলিখিত পথ সকলে উক্ত আইনের প্রচলন রহিত করিয়া তাহা সেই জিলার পথকর কমিটীর কর্তৃত্বাধীনে অর্পণ করিলেন।

১। পুরাতন মালদহের খেয়াঘাট অবধি গোবিন্দাসপাড়া পর্য্যন্ত রাজমহল ও দিনাজপুর পথের কিয়দংশ অর্থাৎ ১৮।। চেইন।

২। খেয়াঘাট অবধি ডাকঘর পর্য্যন্ত ডাকঘরের পথ, ২৫ চেইন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১০ মে।—১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারানুসারে সাধারণের অবগত্যর্থে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, আলিপুর মুনিসিপালটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গ দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শাখানগর মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি তাহা অর্পণ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, Section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Suburban Municipality, in the district of the 24-Pergunnahs, the Charitable Dispensary situated in Bhowanipore within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A Mackenzie,
Secy to the Govt of Bengal

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, Section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Suburban Municipality, in the district of the 24-Pergunnahs, the Aratoon Apcar Dispensary situated within the municipality, the said dispensary not being private property, nor the property of any religious institution or society

A Mackenzie,
Secy to the Govt of Bengal.

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, Section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Gobe danga Municipality, in the district of the 24-Pergunnahs, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A Mackenzie,
Secy to the Govt of Bengal

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, Section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the South Barrackpore Municipality, in the district of the 24-Pergunnahs, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property, nor the property of any religious institution or society

A Mackenzie,
Secy to the Govt of Bengal

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, Section 34, Act V (B C) of 1876, that the Lieutenant Governor of Bengal intends to vest in the Commissioners of the Nyehatty Municipality, in the district of the 24-Pergunnahs, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A. Mackenzie,
Secy to the Govt of Bengal

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, Section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the North Barrackpore Municipality, in the district of the 24-Pergunnahs the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A Mackenzie,
Secy to the Govt. of Bengal

[*Government Gazette*, 18*th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত শাখানগর মুনিসিপালিটীর মধ্যে ভবানীপুরে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত শাখানগর মুনিসিপালিটীর মধ্যে আরাটুন অপকার নামক যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত গোবরডাঙ্গা মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জিলার অন্তর্গত দক্ষিণ বারাকপুর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জিলার অন্তর্গত নৈহাটী মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত উত্তর বারাকপুর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

NOTICE

The 11th May 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the North Suburban Municipality, in the district of the 24-Pergunnahs, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property, nor the property of any religious institution or society

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTICE

The 11th May 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Satkhira Municipality, in the district of the 24-Pergunnahs, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTICE

The 11th May 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the South Suburban Municipality, in the district of the 24-Pergunnahs, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTICE

The 11th May 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Krishnagur Municipality the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property, nor the property of any religious institution or society

A MACKENZIE,
Secy to the Govt of Bengal.

NOTICE

The 11th May 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Municipality of Meherpore, in the district of Nuddea, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A MACKENZIE,
Secy to the Govt of Bengal.

NOTICE

The 11th May 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C.) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Ranaghat Municipality, in the district of Nuddea, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A. MACKENZIE,
Secy to the Govt of Bengal.

[*Government Gazette*, 18*th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত উত্তর শাখানগর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত সাতক্ষীরা মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনা জিলার অন্তর্গত দক্ষিণ শাখানগর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে কৃষ্ণনগর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণ মতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নদীয়া জিলার অন্তর্গত রাণাঘাট মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৮০। ১৮ মে।]

NOTICE

The 11*th May* 1880.—Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Santipore Municipality, in the district of Nuddea, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A. MACKENZIE,
Secy to the Govt of Bengal.

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C) of 1876, that the Lieutenant Governor of Bengal intends to vest in the Commissioners of the Beernugger Municipality, in the district of Nuddea, the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society.

A MACKENZIE,
Secy to the Govt of Bengal.

NOTICE

The 11*th May* 1880 —Notice is hereby given, under paragraph 2, section 34, Act V (B C) of 1876, that the Lieutenant-Governor of Bengal intends to vest in the Commissioners of the Jessore Municipality the Charitable Dispensary situated within the municipality, the said dispensary not being private property nor the property of any religious institution or society

A MACKENZIE,
Secy. to the Govt of Bengal

DECLARATION

The 10*th May* 1880 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up for public purpose at the expense of the Noakholly Municipality, viz for the construction of public latrines and for the burial of night-soil within the Municipal limits of Noakholly, in the district of Noakholly, it is hereby notified that for the above purposes two plots of land, measuring, more or less, 6 beeghas 1 cottah 4 chittacks, are required

The boundaries of the lands are as follows —

Plot I —North—Road south of Lakhi Pesakar's house,
South—Road north of Manahara Pesakar's house;
East—Poorna Ray Mooktear's house,
West—Road east of Naba Peshakar's house,

measuring in all 3 cottahs 12 chittacks

Plot II —North—Jhora Khal,
South—Main road towards Datta's Hat,
East—Mohmda Khal,
West—Main road leading to Datta's Hat,

measuring in all 5 beeghas 17 cottahs 8 chittacks

The plan of the land can be seen at the Noakholly Municipal Office.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A. MACKENZIE,
Secy. to the Govt of Bengal.

[*Government Gazette*, 18*th May* 1880.]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নদীয়া জিলার অন্তর্গত শান্তিপুর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, নদীয়া জিলার অন্তর্গত জীবনগর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১১ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যশোহর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১০ মে।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ নওয়াখালী জিলার অন্তর্গত নওয়াখালী মুনিসিপল সীমার মধ্যে সাধারণের পাইখানা করিবার ও বিষ্ঠা পুঁতিবার স্থানের নিমিত্ত নওয়াখালী মুনিসিপালিটীর অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৬/১ ছটাক পরিমিত দুই খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির সীমা এই২।

১ খণ্ডের।—উত্তর সীমা,—লক্ষ্মী পেসাকরের বাটীর দক্ষিণদিগের পথ।
দক্ষিণ সীমা,—মনোহর পেসাকরের বাটীর উত্তর দিগের পথ।
পূর্ব্ব সীমা,—পূর্ণরায় মোক্তারের বাটী।
পশ্চিম সীমা,—নব পেসাকরের বাটীর পূর্ব্ব দিগের পথ।

মোট /৩৮ ছটাক।

২ খণ্ডের।—উত্তর সীমা,—খোরা খাল।
দক্ষিণ সীমা,—দত্তের হাটের দিগের প্রধান পথ।
পূর্ব্ব সীমা,—মহম্মদা খাল।
পশ্চিম সীমা,—দত্তের হাটে যাইবার প্রধান পথ।

মোট ৫৮২॥ ছটাক।

উক্ত ভূমির নক্সা নওয়াখালীর মুনিসিপল আফিসে দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

DECLARATION

The 8th May 1880 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz, for compensating Gyaram Roy Ghatwal for the loss of his service land previously taken up for the site of a Road Inspection Bungalow in the village of Fulbari, pergunnah Bishenpur, zillah Bankoora, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 beegha 4 cottahs 9 chtttacks of standard measurement, bounded on the east by the land attached to the compound of the said Road Inspection Bungalow, on the north by the road from Sonamookhi to Bunkoora, on the west by Gopi Kishen Roy's mango tope, and on the south by paddy land, belonging to Gopi Kishen Roy and others, is required within the aforesaid village of Fulbari

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

H J REYNOLDS,
Secy. to the Govt. of Ben

JUDICIAL DEPARTMENT

No 2765A

The 28th April 1880 —Mr W Farquharson is appointed to be an Honorary Magistrate in the district of Beerbhoom, and is vested with the powers of a Magistrate of the Third Class.

The 3rd May 1880 —Baboo Aghore Nath Mookerjee, appointed under separate orders to be a temporary Sub Deputy Collector of the Second Grade at Begoo Serai, is vested with the powers of a Magistrate of the Third Class

Moulvi Gollam Lillahi, appointed under separate orders to be a temporary Sub-Deputy Collector of the Second Grade in Purneah, is vested with the powers of a Magistrate of the Third Class

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 4th May* 1880 —Baboo Seosurn Lall, Moonsif of Behar, in the district of Patna, is allowed leave for one month, under Section 6, Supplement F of the Civil Leave Code

Baboo Juguddurlabh Mozoomdar, Moonsif of Pooree, in the district of Cuttack, has been allowed leave of absence for one year, under Section 8, Supplement F of the Civil Leave Code, with effect from the 9th May 1880

The 7th March 1880 —Baboo Gopee Nath Mattey, Moonsif of Hajeepore, in the district of Tirhoot, has been allowed leave of absence for two months and fifteen days, under Section 4, Supplement F of the Civil Leave Code.

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 4th May 1880 —It is hereby notified that the declaration published at page 811 of the *Calcutta Gazette* of the 6th August 1879, for the acquisition, under the provisions of Act X of 1870, of a plot of land for the improvement of the police station at Ampta in Hooghly, is cancelled

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 8th May 1880 —The Additional Judge of Burdwan is appointed to be also a Subordinate Judge in the district of Burdwan.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 18*th May* 1880.]

বিজ্ঞাপন ।

১৮৮০ সাল ৮ মে ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থ ৎ বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর পরগণার ফুলবাড়ি গ্রামে, রোড ইনস্পেক্শন বাঙ্গলা ঘর করিবার জন্যে গয়ারাম রায় ঘাটওয়ালের চাকরান জমি পূর্ব্বে লওয়াতে তাহার যে ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণার্থ জমি দিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত ফুলবাড়ী গ্রামে কম্তিবেস্তে ন্যূনাধিক ১/৪॥/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন । উক্ত ভূমির পূর্ব্ব সীমা উক্ত ইনস্পেক্শন বাঙ্গলা ঘরের হাতা সংলগ্ন জমি, উত্তর সীমা সোণামুখী অবধি বাঁকুড়া পর্য্যন্ত পথ, পশ্চিম সীমা গোপীকৃষ্ণ রায়ের আম্র বাগান, ও দক্ষিণ সীমা গোপীকৃষ্ণ রায় প্রভৃতির ধান্যের জমি ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

এচ, জে, রেনলড্স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট ।

২৭৮৫ A নম্বর ।

১৮৮০ সাল ২৮ আপ্রিল ।—শ্রীযুত ডব্লিউ, ফার্গাসন সাহেব বীরভূম জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

১৮৮০ সাল ৩ মে ।—অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞা ক্রমে বেগুসরাইয়ে দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত শ্রীযুত বাবু অঘোরনাথ মুখোপাধ্যায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞা ক্রমে পুরণিয়ায় দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত শ্রীযুত মৌলবী গোলাম নিজ্জাহি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

মুনসেফদের ছুটী ।—১৮৮০ সাল ৪ মে ।—পাটনা জিলার অন্তর্গত বিহারের মুনসেফ শ্রীযুত বাবু শিবশরণ লাল সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইলেন ।

কটক জিলার অন্তর্গত পুরীর মুনসেফ শ্রীযুত বাবু জগদ্দুর্ল্লভ মজুমদার সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে ১৮৮০ সালের ৯ মে অবধি এক বৎসরের ছুটী পাইলেন ।

১৮৮০ সাল ৭ মে ।—ত্রিহুত জিলার অন্তর্গত হাজিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ ঘাটে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে দুই মাস পনের দিনের ছুটী পাইলেন ।

হরেস এ, কক্রেল
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

বিজ্ঞাপন ।

১৮৮০ সাল ৪ মে ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার অন্তর্গত আমতার পোলীস থানা মেরামত করিবার জন্যে ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে এক খণ্ড ভূমি গ্রহণ বিষয়ক যে বিজ্ঞাপন ১৮৭৯ সালের আগষ্ট মাসের ১২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৭১৭ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা রহিত করা গেল ।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

বিজ্ঞাপন ।

১৮৮০ সাল ৮ মে ।—বর্দ্ধমানের আডিশনল জজ বর্দ্ধমান জিলায় সবর্ডিনেট জজের পদেও নিযুক্ত হইলেন ।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮০ । ১৮ মে ।]

NOTIFICATION

The 4*th May* 1880 —It is hereby notified that the police station of Sultanpore in the 24-Pergunnahs, which has been removed to Culpee, shall henceforth be called the Culpee Station, and that the jurisdiction of the Culpee Station shall be the same as that which belonged to the Sultanpore thana

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 10*th May* 1880 —It is hereby notified that in the exercise of the powers vested in him by section 29 of the Bengal Civil Courts' Act VI of 1871, the Lieutenant-Governor vests Baboo Krishto Chunder Das Officiating First Moonsiff of Alipore, in the district of the 24-Pergunnahs, with the powers of a Judge of a Small Cause Court for the trial of suits cognizable by such courts within the limit of Rs 50 The local limits within which the Moonsiff shall exercise these powers shall correspond with the limits of his moonsiffee jurisdiction

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

CIVIL BUILDINGS
The 7th May 1880

No 83.—*Notification.*—The declaration of the 20th September 1874, under Section 6 of Act X of 1870 of the Government of India, issued by this Government in the Revenue Department, for the acquisition of certain land for the construction of a sub-divisional residence at Magurah, in the village of Dari Magurah, Pergunnah Mahmoodshahi, Zillah Jessore, which was published at page 1527 of the *Calcutta Gazette* of the 30th September 1874, is hereby cancelled

ESTABLISHMENT.
The 7th May 1880.

No 84 —*Leave of Absence* —Mr J W Johnson, Executive Engineer, Fourth Grade, Hazaribagh Division, is allowed privilege leave for fifteen days, under Chapter VII, Section 44 of the Civil Leave Code, with effect from the 19th April 1880.

CIVIL BUILDINGS
The 11th May 1880.

No 85.—*Notification* —The declaration, dated the 5th November 1878, under Section 6 of Act X of 1870 of the Government of India, issued by this Government in the Judicial Department, for the acquisition of land for a jail within the village of Koriah, Zillah Julpigoree, which was published at pages 1184-85 of the *Calcutta Gazette* of the 6th November 1878, is hereby cancelled

No 86 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that additional land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the improvement and extension of the Medical College compound in the town of Calcutta, in the district of the 24 Pergunnahs, it is hereby declared that a plot of land situated in Block No 3, North Division, Calcutta, measuring 5 cottahs 4 chittacks 40 square feet, more or less, and bounded on the north by the property of Praukristo Dutt and Dinonath and Rajballav Dhur, on the east by the land already acquired for the extension of the Medical College compound, on the south by the land lately purchased by Government, the Government drain, and the property of Behari Lal Mukherji, and on the west by the property of Behari Lal Mukherji, Sobharam Bysack's 2nd Lane, and the property of Pulin Behari Mallik, is required to be taken up for the aforesaid purpose

Plans and specifications of the land are filed under Act X of 1870, in the office of the Collector of the 24-Pergunnahs at Alipore for public inspection.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

T H WICKES,
Asst Secy to the Govt of Bengal,
in the P W Dept

[*Government Gazette*, 18*th May* 1880]

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৪ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগনার অন্তর্গত সুলতান-
পুরের যে পোলীস থানা কুলপীতে উঠিয়া গিয়াছে তাহা এই অবধি কুলপী থানা নামে খ্যাত হইবে,
এ সুলতানপুর থানার যেএলাকা ছিল কুলপী থানারও সেই এলাকা হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১০ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহে-
বের প্রতি বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে যে ক্ষমতা
প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ২৪ পরগনা জিলার অন্তর্গত আলিপুরের একটিং প্রথম
মুনসেফ শ্রীযুক্ত বাবু কৃষ্ণচন্দ্র দাসকে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার
করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা দিলেন। উক্ত মুনসেফ যে স্থান সীমার মধ্যে উক্ত ক্ষমতাক্রমে
কার্য্য করিবেন তাহা মুনসেফী বিচারাধিপত্যের সীমার সহিত মিলিবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ৭ মে।

৮৩ নম্বর।—বিজ্ঞাপন।—যশোহর জিলার অন্তর্গত মহম্মদশাহী পরগনার দরি মাগুরা গ্রামে
মাগুরা মহকুমার কর্ত্তৃপক্ষের বাসস্থান প্রস্তুত করণার্থে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের
৬ ধারামত ১৮৭৪ সালের ২৯ সেপ্টেম্বরের যে বিজ্ঞাপন রেবিনিউ ডিপার্টমেণ্টে এই গবর্ণমেণ্ট কর্ত্তৃক ১৮৭৪
সালের অক্টোবর মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১২৪৫ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে
তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৮০ সাল ৭ মে।

৮৪ নম্বর।—ছুটী।—হাজারীবাগ খণ্ডের চতুর্থ শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে, ডবলিউ,
জাজস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের ৪৪ ধারামতে ১৮৮০
সালের ১৯ আপ্রিল অবধি পনের দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ১১ মে।

৮৫ নম্বর।—বিজ্ঞাপন।—জলপাইগুড়ি জিলার অন্তর্গত করিয়া গ্রামে জেলের নিমিত্ত ভূমি গ্রহণার্থে
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত ৭৮ সালের নবেম্বর মাসের ৫
তারিখের যে বিজ্ঞাপন জুডিশ্যাল ডিপার্টমেণ্টে এই গবর্ণমেণ্ট কর্ত্তৃক ১৮৭৮ সালের নবেম্বর মাসের
৬ তারিখের কলিকাতা গেজেটের ১১৮৪—৮৫ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা
গেল।

৮৬ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজ-
কীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা নগরে মেডিকাল কালেজ বাটীর
শ্রীবৃদ্ধি ও তৎসীমা বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের
শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত
কার্য্যের নিমিত্তে কলিকাতার উত্তর খণ্ডে ওলং বিতায় স্থিত ন্যূনাধিক ।০। ছটাক ৪০ বর্গফুট পরিমিত
এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা প্রাণকৃষ্ণ দত্ত ও দীননাথ ও রাজবল্লভ ধরের সম্পত্তি
পূর্ব্ব সীমা মেডিকাল কালেজ বাড়ীর সীমা বৃদ্ধিকরণার্থ গৃহীত ভূমি, দক্ষিণ সীমা গবর্ণমেণ্টের সম্প্রতি
খরিদা ভূমি ও সরকারী নর্দ্দমা ও বিহারীলাল মুখোপাধ্যায়ের সম্পত্তি ও পশ্চিম সীমা বিহারিলাল মুখো-
পাধ্যায়ের সম্পত্তি ও সভারাম বসাকের দ্বিতীয় লেন ও পুলিনবিহারী মুখোপাধ্যায়ের সম্পত্তি।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে ১৮৭০ সালের ১০ আইনমতে
আলিপুরের ২৪ পরগনার কালেক্টরের আফিসে রাখা গিয়াছে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের
৯ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

টি, এচ, উইল্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৮০। ১৮ মে।]

IRRIGATION

NOTIFICATION —ESTABLISHMENT.

Dated the 8th May 1880

No 64 —*Notifications* —Mr A. J Oldham, Assistant Engineer, First Grade, Nuddea Rivers Division, who passed the Lower Standard Examination in Hindustani on the 6th April 1874,—*vide* Notification No. 221, of the 22nd May 1874,—having now been reported by the Superintending Engineer, South-Western Circle, to be able to read letters and accounts in Hindustani, has passed the Departmental Standard as per paragraph 21, Section I, Chapter II, Public Works Code, Fourth Edition

Dated the 10*th May* 1880

No 65 —With reference to Notification No 20 of the 21st February 1880, Mr. C. W. Odling, Executive Engineer, Second Grade, reported his departure from Bombay, on furlough, on the afternoon of the 1st May 1880

Mr. Odling is granted subsidiary leave from the 21st April to 1st May 1880, both days inclusive.

No 66 —*Declarations.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for an extension of the Barouly drainage cut, it is hereby declared that for the above purpose a strip of land measuring about 2,850 feet in length by 30 feet in width, and containing 1 acre 1 rood and 17½ poles of land, more or less, is required in the villages of Laharabad and Oogen Dehara, pergunnah Peeroo, in the district of Shahabad.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 67 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for widening Nabin Chandra Nag's channel in the villages of Vikanchuck and Sankmundle, pergunnah Dhenkia Bazaar and Pykenuggur, Poporarah, Goalarah, Khatdanga, Gadgatchee, Chuck Makarampore, and Gopinathpore, pergunnah Khurruckpore, and Mowah, pergunnah Khandar, in the district of Midnapore, it is hereby declared that for the above purpose strips of land measuring, more or less, 29 beeghas 17 cottahs 15 chittacks of standard measurement, 4 miles and 417 feet long and 20 feet wide, are required within the aforesaid villages of Vikanchuck and Sankmundle, Pykenuggur, Poporarah, Goalarah, Khatdanga, Gadgatchee, Chuck Makarampore, Gopinathpore, and Mowah

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

C. TAYLOR,
Offg Asst Secretary,
for Jt -Secy to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

RAILWAY.

DECLARATION.

The 3rd May 1880.—The declaration published at pages 1624-5 of the *Calcutta Gazette* of the 14th November 1877, for the acquisition of certain land required by the Eastern Bengal Railway in the village of chur Pullundo, pergunnah Shasapore, zillah Furreedpore, is hereby cancelled.

F. S. STANTON, *Lieut.-Col.*, R. E.,
Offg. Secretary to the Govt. of Bengal,
P. W. Dept

[*Government Gazette*, 18*th May* 1880]

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৮ মে।

৬৪ নম্বর।—বিজ্ঞাপন।—১৮৭৪ সালের আপ্রিল মাসের ৬ তারিখে নিম্নতর কল্পিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ নদীয়ার নদী খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, ওলড-হ্যাম সাহেব—১৮৭৪ সালে ২২ মের ২২১ নং বিজ্ঞাপন দেখ হিন্দুস্থানী ভাষার পত্র ও হিসাব পড়িতে পারেনবলিয়া দক্ষিণ পশ্চিম চক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেব এইরূপে রিপোর্ট করাতে পবলিক ওর্কস বিধি পুস্তকের চতুর্থ সংস্করণের ২ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ২১ ধারামতে কার্য্যবিভাগ সম্পর্কীয় কল্পিমত পরীক্ষায় উত্তীর্ণ হইলেন।

১৮৮০ সাল ১০ মে।

৬৫ নম্বর।—১৮৮০ সালের ২১ ফেব্রুয়ারির ২০ নং বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ, অডলিং সাহেব নিয়মিত ছুটী লইয়া ১৮৮০ সালের ১ মের অপরাহ্ণে বোম্বাই হইতে গমন করিয়াছেন বলিয়া রিপোর্ট করেন।

শ্রীযুত অডলিং সাহেব ১৮৮০ সালের ২১ আপ্রিল অবধি ১ মে পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

৬৬ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বারৌলীর নালা বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত পীরু পরগনার লহরাবাদ ও উজেন দেহরা গ্রামে প্রায় ২,৮৫০ ফুট দীর্ঘ ও ৩০ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ১ একর ১ রুড় ও ১৭॥ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৬৭ নম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত চেঁকিয়া বাজার পরগনার বিকানচক ও সহমগুল এবং খরকপুর পরগনার পাইকনগর ও পোপরারা ও গোয়ালারা ও খাটডাঙ্গা ও গাদগাছী ও চক মকরামপুর ও গোপীনাথপুর এবং খান্দারপরগনার মৌয়াগ্রামে নবীনচন্দ্র নাগের খাল বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বিকানচক ও সহমগুল ও পাইকনগর ও পোপরারা ও গোয়ালারা ও খাটডাঙ্গা ও গাদগাছী ও চক মকরামপুর, ও গোপীনাথপুর ও মৌয়া গ্রামে ৪ মাইল ৪১৭ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রস্থ অর্থাৎ কল্পিমতে ন্যূনাধিক ২৯৫২৮৵ ছটাক পরিমিত কএক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের, গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
সি, টেলর,
একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

রেলওয়ে বিষয়ক।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৩ মে।—ফরীদপুর জিলার অন্তর্গত শাজাপুর পরগনার চর পলঙ্গ গ্রামে ইষ্টর্ণবেঙ্গল রেলওয়ের নিমিত্তে ভূমি গ্রহণার্থ যে বিজ্ঞাপন ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ১২৬৫ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

এফ, এস, ষ্টান্টন, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 25, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২৫ মে।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 2845A.

GENERAL.—*The 5th May* 1880 —Lieutenant R. Phillips, of the Darjeeling Volunteer Rifle Corps, is allowed leave of absence for one year.

The 6th May 1880.—Baboo Jogendra Chunder Bhunjo is re-appointed temporarily to be a Sub-Deputy Collector of the Second Grade in Maldah, *vice* Baboo Hurry Mohun Sanyal appointed an Assessor under the Bengal License Act, 1880

Mr W H Thomson, B A, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the Sudder Station of the Bhagulpore district

The 7th May 1880.—Baboo Uma Churn Bose, Deputy Magistrate and Deputy Collector, Arrareah, in Purneah, on leave, is transferred to Bhagulpore, and is appointed to have charge of the Banka division of that district.

Baboo Gossain Das Dutt, Deputy Magistrate and Deputy Collector, in temporary charge of Kissengunge, Purneah, is appointed to have charge of the Arrareah division of that district, with effect from the date on which he may be relieved by Mr H Rattray

Moulvi Bazlul Karim, Deputy Magistrate and Deputy Collector, in temporary charge of Arrareah, Purneah, is posted to the Sudder Station of that district, with effect from the date on which he may be relieved by Baboo Gossain Das Dutt.

Baboo Amarnath Bhuttacharjee, Deputy Magistrate and Deputy Collector, Bagirhaut Jessore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved

Baboo Abinash Churn Mullick, Officiating Deputy Magistrate and Deputy Collector, Banka, Bhagulpore, is transferred to Jessore, and is appointed to have charge of the Bagirhaut division of that district, during the absence, on leave, of Baboo Amarnath Bhattacharjee, or until further orders

The 10th May 1880 —Baboo Ashootosh Sirkar is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the Sudder Station of the Gya district.

Baboo Dinonath Dey, Sub-Deputy Collector, Howrah, is transferred to Contai, in the district of Midnapore.

Baboo Shoshi Bhoosun Sen, Sub-Deputy Collector, Contai, in the district of Midnapore, is transferred to Howrah.

The 11th May 1880 —Mr S. S Jones is appointed to be an Assistant Commissioner of the Second Grade, *vice* Captain L J H Grey, but will continue to act, until further orders, in the First Grade of Assistant Commissioners

Lieutenant J F Ravet-Carnac is appointed to be an Assistant Commissioner of the Third Grade, *vice* Mr S S. Jones, but will continue to act, until further orders, in the Second Grade of Assistant Commissioners

The 12th May 1880 —Baboo Bhobotosh Banerjea, Deputy Magistrate and Deputy Collector, having returned to duty on the forenoon of the 17th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 23rd February 1880, is cancelled.

The 14th May 1880 —Mr A E Staley, Assistant Magistrate and Collector of Rungpore, is vested with the powers of a Collector under Act X of 1870, for the purpose of acquiring land required for public purposes in that district,

The 15th May 1880 —Mr W Fiddian acted as Magistrate and Collector of the Rajshahye district from the 28th April to the 5th May 1880, both days inclusive

Mr J. Posford, B C S., has been granted an extension of leave for three months on medical certificate by the Right Hon'ble the Secretary of State for India

The 17th May 1880 —Mr A Mackie, B C S, reported his departure from India on special leave on the forenoon of the 2nd instant.

The 18th May 1880 —Mr. H. F. J. Kean, B C.S, reported his departure from India on furlough on the 9th instant

Baboo Shama Churn Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is confirmed in the Third Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Sree Nath Ghose, retired.

[*Government Gazette*, *25th May* 1880.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

২৮৪৫ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ৫ মে।—দার্জ্জিলিঙ্গ বলণ্টিয়র রাইফল দলের লেপ্টেনেণ্ট শ্রীযুত আর, ফিলিপস সাহেব, এক বৎসরের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ৬ মে।—শ্রীযুত বাবু হরিমোহন সান্যাল বঙ্গদেশের লাইসেন্স বিষয়ক ১৮৮০ সালের আইনমতে আসেসরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র গুপ্ত কিয়ৎকালের নিমিত্তে মালদহে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, এচ, তামসন সাহেব, বি, এ, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া ভাগলপুর জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ৭ মে।—ছুটী প্রাপ্ত পুরণিয়ার অন্তর্গত অররিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ বসু ভাগলপুরে প্রেরিত হইয়া সেই জিলার অন্তর্গত বাঁকা মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

পুরণিয়ার অন্তর্গত কৃষ্ণগঞ্জের কিয়ৎকালীন অধ্যক্ষতাভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোঁসাই দাস দত্ত, শ্রীযুত এচ, রাট্রে সাহেবের প্রতি যে তারিখে কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি উক্ত জিলার অন্তর্গত অররিয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

পুরণিয়ার অন্তর্গত অররিয়ার কিয়ৎকালীন অধ্যক্ষতাভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী বজলুল করিম শ্রীযুত বাবু গোঁসাই দাস দত্তের প্রতি যে তারিখে কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি উক্ত জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

যশোহরের অন্তর্গত বাগেরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অমরনাথ ভট্টাচার্য্য যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

ভাগলপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মল্লিক যশোহরে প্রেরিত হইয়া শ্রীযুত বাবু অমরনাথ ভট্টাচার্য্যের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সেই জিলার অন্তর্গত বাগেরহাট মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১০ মে।—শ্রীযুত বাবু আশুতোষ সরকার যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া গয়া জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

হাবড়ার সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ দে মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথিতে প্রেরিত হইলেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথির সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শশীভূষণ সেন, হাবড়ায় প্রেরিত হইলেন।

১৮৮০ সাল ১১ মে।—কাপ্তান শ্রীযুত এল, জে, এচ, গ্রে সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এস, এস, জোন্স সাহেব দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয় আসিষ্টাণ্ট কমিশ্যনরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এস, এস, জোন্স সাহেবের পরিবর্ত্তে লেপ্টেনেণ্ট শ্রীযুত জে, এফ, রিবেট-কার্ণাক সাহেব তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, আসিষ্টাণ্ট কমিশ্যনরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৮০ সাল ১২ মে।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায়, গত মাসের ১৭ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ১৮৮০ সালের ২৩ ফেব্রুয়ারির আজ্ঞামতে যে ছুটী পান তাঁহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৮০ সাল ১৪ মে।—রঙ্গপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, ই, ষ্টানী সাহেব, উক্ত জিলায় রাজকার্য্যার নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১৫ মে।—শ্রীযুত ডবলিউ, ফিডিয়ান সাহেব ১৮৮০ সালের আপ্রিল মাসের ২৮ তারিখ অবধি মে মাসের ৫ তারিখ পর্য্যন্ত রাজশাহী জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিয়াছেন।

ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত জে, পেংক্রফর্ড সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর তিন মাসের ছুটী দিয়াছেন।

১৮৮০ সাল ১৭ মে।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এ, মেকাই সাহেব বিশেষ ছুটী লইয়া এই মাসের ২ তারিখের পূর্ব্বাহ্নে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

১৮৮০ সাল ১৮ মে।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এচ, এম, জে, কীন সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৯ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

৭। গ্রামবাসিদের গবাদি চরাইবার ও কাষ্ঠ লইবার যে কোন স্বত্ব থাকে আমি তাহাতে হস্তক্ষেপ করিব না। কালেক্টর সাহেবের বিশেষ অনুমতি ব্যতিরেকে আমি আমার বন্দোবস্তী ভূমির উপরিস্থ নিম্নলিখিত বাহাদুরী কাষ্ঠ কাটিব না বা অন্য কাহাকে কাটিতে দিব না, এবং আমি তাহা বিক্রয় করিতে ক্ষমতাপন্ন নহি। এই সকল বৃক্ষ কেবল গবর্ণমেণ্টের সম্পত্তি।—

(১) জারুল।	(৪) সেগুন।	(৭) চোয়াঙ্গিরি।
(২) তেলসুর।	(৫) গর্জ্জন।	(৮) চাপরশি।
(৩) তুঁত।	(৬) চাপলিশ।	(৯) গামার।

৮। নদী বা জলকর বা খনির উপর আমার কোন স্বত্ব নাই, তৎসমুদয় গবর্ণমেণ্টের সম্পত্তি। ভূমির ধাতু প্রভৃতি খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিল, অতএব সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক, তাহা করিতে পারিবেন।

৯। এই নিয়মপত্র যত কাল চলিত থাকে তত কাল নির্দ্দিষ্ট গবর্ণমেণ্টের রাজস্ব ও উপরিলিখিত দ্রব্যাদির অতিরিক্ত গবর্ণমেণ্ট এই নিয়মপত্রের অন্তর্গত ভূমি হইতে উৎপন্ন কোন লভ্যের দাওয়া করিতে পারিবেন না।

১০। পাট্টার অন্তর্গত কোন ভূমি কোন সময়ে রাজকীয় কার্য্যার্থে গ্রহণ করিবার প্রয়োজন হইলে, গবর্ণমেণ্ট তাহা বিনা মূল্যে লইতে পারিবেন। তদ্রূপ যে পরিমাণের ভূমি গৃহীত হয় তদনুসারে পাট্টাক্রমে দেয় রাজস্বের টাকা কমাইয়া দেওয়া যাইবে, এবং রাজকীয় কার্য্য নিমিত্ত ভূমি গ্রহণার্থ যৎকালে যে আইন বলবৎ থাকে তাহার বিধানমতে ঐ ভূমির উৎকর্ষসাধনের খরচ বা তদন্তর্গত সম্পত্তির মূল্য ধরিয়া ক্ষতি পূরণ করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১১ জুন।]

11 I shall be at liberty to bring under cultivation waste lands covered by this engagement and to fix rent thereon

12 † I will from time to time erect and repair the embankments, drainage channels, and outlets, in order to prevent the encroachment of any sea or river on the said lands, or the great accumulation of the water thereon In case of my failure to do so, the Government may enter on the land and take up the repairs, and may recover the costs of the same with all incidental charges, as if the same were an arrear of revenue due on this lot

† In the case of leases granted under rule 22 " I (or we) will, within years from the date of this lease, erect and thenceforward from time to time repair and renew such sufficient embankments drainage channels, and outlets, as shall serve effectually to protect the said lands from any encroachment of any sea or river or any great accumulation of water thereon In case of my (or our) failure to do so, the Government may enter on the land and take up the repairs and may recover the costs of the same with all incidental charges as if the same were an arrear of revenue due from the lot

9 I will not allow any thief, dacoit, proclaimed offender, or notable bad character to find refuge within the precincts of the said lands I will promptly furnish all information which I am or may be required by law to give I will aid the police in the apprehension of offenders

13 For violation of any of the conditions of this engagement, the Government will be at liberty to annul this engagement, and thereupon I shall lose all right in the lot

14 Unless I am evicted from the lot during the currency of the present settlement in accordance with the conditions of this agreement, I or my heirs or assigns shall be entitled, at the end of this term of settlement, to resettlement on such terms and for such period not being less than twenty years as may then be fixed by Government, but in case of my refusal to engage for the payment of the amount of revenue which Government may hereafter deem expedient to fix for the land included in this engagement, I shall be liable to ejectment from the land, and I having no proprietary right, shall not have any claim to malikanah

H J REYNOLDS,
Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 3082A

The 26th May 1880 —The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Bishenpore Bench of Magistrates in the district of Bankoora, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Baboo Kali Kumar Aikat, Landholder.
,, Ram Chunder Kit, Merchant

The 27th May 1880 —The Lieutenant-Governor accepts the resignation tendered by the undermentioned gentlemen of their appointments as Honorary Magistrates in the district of Purneah —

Hakim Zain-uddin Hossein | Kumar Padmanand

Mr G S Hayes

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Jehanabad Bench of Magistrates in the district of Hooghly, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Baboo Baikantha Nath Roy, Talookdar
,, Bhogobutty Churn Banerjee, Talookdar
,, Kedar Nath Roy, Talookdar
Meah Mosiuddin Ahmed, Talookdar
Baboo Peary Mohun Roy, Zemindar.
,, Shib Lall Missor, Talookdar
,, Woomesh Chunder Mitter, Assistant Surgeon.

The 28th May 1880 —The Lieutenant-Governor accepts the resignation tendered by Mr H Thompson of his appointment of Honorary Magistrate in the district of Howrah

[*Government Gazette*, 15*th June* 1880]

১১। আমি এই নিয়মপত্রের অন্তর্গত পতিত ভূমি স্বেচ্ছাক্রমে আবাদ করিতে পারিব ও তাহার উপর খাজানা ধার্য্য করিতে পারিব।

১২। † উক্ত ভূমির উপর সমুদ্র বা নদীর আক্রমণ বা তথায় অধিক জলসংগ্রহ নিবারণার্থ আমি সময়ে২ বাঁধ ও পয়োপ্রণালী ও জল নির্গমপথ প্রস্তুত ও মেরামত করিব। আমার ইহাতে ত্রুটি হইলে, গবর্ণমেণ্ট ভূমিতে প্রবেশ করিয়া মেরামত কর্ম্ম করিতে পারিবেন, এবং মেরামত করিবার ও আনুষঙ্গিক সকল খরচ এই লাটের বাকী রাজস্বের ন্যায় আদায় করিয়া লইতে পারিবেন।

† ২১ ধারামতে প্রদত্ত পাট্টা হইলে, "সমুদ্র বা নদীর আক্রমণ হইতে বা ভূমির উপর অধিক হইতে উক্ত ভূমি ভাল করিয়া রক্ষা করণার্থে যে বাঁধের ও পয়োপ্রণালীর ও জল নির্গম পথের প্রয়োজন, আমি (বা আমরা) তাহা এই পাট্টার তারিখ অবধি এত বৎসরের মধ্যে প্রস্তুত করিব ও তদবধি সময়ে২ মেরামত করিয়া নূতন করিয়া দিব। আমার (বা আমাদের) ইহাতে ত্রুটি হইলে, গবর্ণমেণ্ট ভূমিতে প্রবেশ করিয়া মেরামত কর্ম্ম করিতে পারিবেন এবং মেরামত করিবার ও আনুষঙ্গিক সকল খরচ এই লাটের বাকী রাজস্বের ন্যায় আদায় করিয়া লইতে পারিবেন।"

১। আমি কোন চোর, ডাকাইত, প্রকাশিত অপরাধী বা প্রসিদ্ধ বদমাইসকে উক্ত ভূমির সীমার মধ্যে আশ্রয় লইতে দিব না। আইনক্রমে আমার প্রতি যে সকল সম্বাদ দিবার আদেশ আছে বা হয়, আমি অবিলম্বে তাহা দিব। অপরাধিদিগকে ধৃত করণার্থে আমি পোলীসের সাহায্য করিব।

১৩। এই নিয়মপত্রের কোন নিয়ম ভঙ্গ হইলে, গবর্ণমেণ্ট এই নিয়মপত্র অসিদ্ধ করিতে পারিবেন, তাহা হইলে এই লাটে আমার কোন স্বত্ব থাকিবে না।

১৪। এই বন্দোবস্ত চলিত থাকিবার সময় এই নিয়মপত্রের নিয়মমতে আমাকে এই লাট হইতে বিচ্যুত করা না গেলে, আমি বা আমার উত্তরাধিকারী বা আসেনীরা এই বন্দোবস্ত শেষ হইলে পর গবর্ণমেণ্ট যে নিয়ম ও বিশ বৎসরের অনধিক যে মিয়াদ অবধারিত করেন সেই নিয়ম ও সেই মিয়াদে পুনঃ বন্দোবস্ত করিতে অধিকারী হইব বা হইবে। কিন্তু এই নিয়মপত্রের অন্তর্গত ভূমির উপর গবর্ণমেণ্ট তাবৎ ব্যাপ্তে যত টাকা রাজস্ব ধার্য্য করা বিহিত বোধ করেন, আমি তত টাকা দিবার নিয়মে বদ্ধ হইতে অস্বীকার করিলে, আমাকে উক্ত ভূমি হইতে উঠাইয়া দেওয়া যাইতে পারিবে, এবং আমার কোন মালিকী স্বত্ব না থাকাতে আমি মালিকানার দাওয়া করিতে পারিব না।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩০৮২ A নম্বর।

১৮৮০ সাল ২৬ মে।—নিম্নলিখিত মহাশয়েরা বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ভূম্যধিকারি শ্রীযুত বাবু বাণীকুমার আয়কৎ।
সওদাগর শ্রীযুত বাবু রামচন্দ্র সিং।

১৮৮০ সাল ২৭ মে।—নিম্নলিখিত মহাশয়েরা পুরণিয়া জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

শ্রীযুত হকিম জৈনুদ্দীন হসেন। । শ্রীযুত কুমার পদ্মানন্দ।
শ্রীযুত জি, এস, হেস সাহেব।

নিম্নলিখিত মহাশয়েরা হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

তালুকদার শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ রায়।
ঐ　ঐ　বাবু ভগবতীচরণ বন্দ্যোপাধ্যায়।
ঐ　ঐ　বাবু কেদারনাথ রায়।
ঐ　ঐ　মিঞা মসিউদ্দীন আহম্মদ।
জমীদার শ্রীযুত বাবু পেয়ারী মোহন রায়।
তালুকদার ,, বাবু শিবলাল মিত্র।
আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বাবু উমেশচন্দ্র মিত্র।

১৮৮০ সাল ২৮ মে।—শ্রীযুত এচ, তামসন সাহেব চাপড়া জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১২ জুন।]

The 1st June 1880—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Purna Chunder Gangooly of his appointment as Honorary Magistrate in the district of Bhagulpore

Baboo Udoy Ram Marwari is appointed to be an Honorary Magistrate for the Bench of Magistrates at Colgong, in the district of Bhagulpore, and is vested with the powers of a Magistrate of the Third Class

The 8th June 1880—Mr J T Jarbo, Deputy Magistrate and Deputy Collector Chittagong Hill Tracts, is vested with powers equivalent to those of a Magistrate of the Second Class.

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 7th June 1880—Under Section 3, Act I (B C) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Moulvie Bazlur Rahim, authorizing him, with effect from the 19th April last, to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police station of Patuakhali in the district of Backergunge

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 7th June 1880—It is hereby notified that under Section 10 of Act I (B C) of 1869 (entitled an Act for the Prevention of Cruelty to Animals), and under Section 3 of Act III (B C) of 1869 (an Act to enable Police Officers to arrest without warrant persons guilty of cruelty to animals), the Lieutenant-Governor sanctions the extension of the provisions of both Acts to the undermentioned places in the district of Pubna —

Mirzapore	Baruca	Bara Kovra
Mohish Kangla	Char Chandari	Chak Koyra
Shova	Sota Koyra	Kawa Kala
Kovra	Kalipore	Chaudal Bayra
	Dagachi	

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

CIVIL BUILDINGS

The 5th June 1880.

No 104—*Notification*—The declaration No 65, dated the 15th March 1879, under Section 6 of Act X of 1870 of the Government of India, issued by this Government for the acquisition of certain land for the District Engineer's and the Road Cess Committee's offices on the east of Taltolly khal, in the town of Sudharam, in the Noakhally district, which was published at page 240 of the *Calcutta Gazette* of the 19th March 1879, is hereby cancelled

LOCAL COMMUNICATIONS.

The 7th June 1880

No 105.—*Declaration under Section 6 of Act X of 1870 of the Government of India*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for a new section of road from Dhumchur to Bhanubibi Hât, 1st section of the Sundeep road running through the villages of Ashodia, Chabirpaik, Dalalpur, Jagodanundo, Sonadia, and Panair Tek,

১৮৮০ সাল ১ জুন।—শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র গঙ্গোপাধ্যায় ভাগলপুর জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

শ্রীযুত বাবু উদয়রাম মাড়ওয়ারি ভাগলপুর জিলার অন্তর্গত কহালগাঁয়ের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ৮ জুন।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে, টি, আর্ব্বো সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতার তুল্য ক্ষমতা পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৭ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ার-মতে রেজিষ্টরী করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী ফজলুর রহমানকে লাইসেন্স দিয়া বাকরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালী পোলীস থানার এলাকার মধ্যে গত আপ্রিল মাসের ১৯ তারিখ অবধি মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৭ জুন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ১ আইনের ১০ ধারা ও জন্তুর প্রতি নির্দ্দয়াচারের অপরাধিদিগকে বিনা পরওয়ানায় ধৃত করণার্থে পোলীসের কর্ম্মকারকদিগকে ক্ষমতাদানার্থে ১৮৬৯ সালের বঙ্গীয় ১ আইনের ১ ধারামতে ঐ আইনের বিধান পাবনা জিলার অন্তর্গত নিম্নলিখিত সকল স্থানে প্রচলিত হইবার আজ্ঞা করিলেন।

মির্জাপুর।	বাকরা।	বড় কয়রা।
মহিষ কাঙ্গলা।	চর চাঁদাবি।	চক কয়রা।
শোয়া।	সোতা কয়রা।	কাওয়া বাদা।
কয়রা।	কালীপুর।	চাগাল বাড়া।

দাগাচি।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ৫ জুন।

১০৪ নম্বর।—বিজ্ঞাপন।—নওয়াখালী জিলার অন্তর্গত সুধারাম নগরে তালতলী খালের পূর্ব্ব দিগে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের ও পথকর কমিটীর আফিসের নিমিত্ত এক খণ্ড ভূমি গ্রহণ বিষয়ক ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এই গবর্ণমেণ্ট কর্ত্তৃক ১৮৭৯ সালের ১২ মার্চের ৬২ নং যে বিজ্ঞাপন ১৮৭৯ সালের মার্চ মাসের ২৫ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ২৫৩ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৮০ সাল ৭ জুন।

১০৫ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নওয়াখালী জিলার অন্তর্গত ভুলুয়া ও আমিরাবাদ পরগনার সুধারাম থানার সামিল আশোদিয়া ও চরিরপাইক ও দালালপুর ও জগদানন্দ ও সোনাপুর ও পাটেরটেক গ্রামের মধ্য দিয়া ধুমচর অবধি জাতুবিহি হাট পর্য্যন্ত পথের নূতন ভাগ অর্থাৎ সন্দ্বীপ পথের প্রথম ভাগ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টে-

in thana Sudharam, pergunnahs Bhullooah and Amirabad, zillah Noakholly, it is hereby declared that for the above purpose a piece of land 80 feet in breadth and 31,680 feet or six miles in length, measuring, more or less, 66 beeghas of standard measurement, is required within the aforesaid villages of Ashodia, Chabirpaik, Dalalpur, Jagodanundo, Sonadia, and Panair Tek

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

A plan of the road can be seen at the Road Cess Office of the Noakholly district.

T H WICKES,
Asst Secy to the Govt of Bengal,
in the P W Dept.

IRRIGATION.

The 7th June 1880

No 75 —*Declaration* —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for an extension of the Samarhy Sub-Distributary from its second mile 3,700 feet in mouzah Samarhy, pergunnah Peeroo, zillah Shahabad, it is hereby declared that for the above purpose a strip of land measuring about three miles six furlongs and 120 feet in length, and varying from 84 to 450 feet in width, and containing 41 acres 1 rood and 33 poles of land, more or less, is required within the said zillah of Shahabad

The said strip of land is for the most part situated in mouzahs Samarhy Narayanpore, Boaree Jetwar, Jetwar Bhat and Sedha, pergunnah Peeroo, district Shahabad

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

C TAYLOR,
Offg Asst Secy, for Joint Secy
to the Govt of Bengal, P W Dept,
Irrigation Branch.

RAILWAY.

DECLARATION

The 4th June 1880 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for railway purposes in the village of Hellancha, chuckla Mctuary, zillah Nuddea, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 19 beegahs 9 cottahs and 9½ chittacks of standard measurement, bounded on the north, south, and east by land belonging to Baboo Bindabun Sircar and on the west by land belonging to the Eastern Bengal Railway, is required within the aforesaid village of Hellancha

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

F. S STANTON, *Lieut-Col*, R E,
Offg. Secy to the Govt of Bengal,
P. W Dept.

[*Government Gazette*, 15*th June* 1880.]

লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত আশোদিয়া ও চবির পাইক ও দালালপুর ও জগদানন্দ ও সোণাডিয়া ও পাটনেরটেক গ্রামে ৮০ ফুট প্রস্থ ও ৩১৬৮০ ফুট বা ৬ মাইল দীর্ঘ অর্থাৎ কঠিমতে ন্যূনাধিক ৬৬/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

উক্ত পথের নক্সা নওয়াখালী জিলার পথকরের আফিসে দেখা যাইতে পারিবে।

টি, এচ, উইল্স,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

১৮৮০ সাল ৭ জুন।

৭৫ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত পিরু পরগনার সমহি মৌজায় সমহি জল বিতরণের উপনালায় দ্বিতীয় মাইল ৩,৭০০ ফুট হইতে উক্ত নালা বৃদ্ধি করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত শাহাবাদ জিলায়, ৬ ফর্লং ১৭০ ফুট দীর্ঘ ও ৮৪ অবধি ৪৫০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৪১ একর ১রুড ৩৩ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির অধিকাংশ শাহাবাদ জিলার অন্তর্গত পিরু পরগনার সমহি নারায়নপুর ও বোয়ারি জেতওয়ার ও জেতওয়ার ভাট ও সেধা মৌজায় আছে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,

সি, টেলর,
একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

রেলওয়ে বিষয়ক।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৪ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত ও চাকলা মেতুয়ারির সামিল হেলঞ্চা গ্রামে রেলওয়ের কার্য্যের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টকর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত হেলঞ্চা গ্রামে কঠিমতে ন্যূনাধিক ১৯।৪।/.০ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও দক্ষিণ ও পূর্ব্ব সীমা বাবু বৃন্দাবন সরকারের ভূমি, ও পশ্চিম সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এফ, এস, ষ্টান্টন, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্ট
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

DECLARATION

The 4th June 1880.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for railway purposes, in the mouzahs of Naraimpore and Buheergatchy, pergunnah Mamjoany, zillah Nuddea, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 61 beegahs 9 cottahs and 6½ chittacks of standard measurement, bounded on the north and west by land belonging to Baboos Kissen Kissen Ghose, Kally Rotton Mookerjee, Ghonesham Mookerjee, Unnodaprosaud Mookerjee, Taranath Mookerjee and Nilrotton Mookerjee, on the south by land belonging to the Eastern Bengal Railway and to Baboos Kissen Kissen Ghose, Kally Rotton Mookerjee, Ghonesham Mookerjee, Unnodaprosaud Mookerjee, Taranath Mookerjee, and Nilrotton Mookerjee, and on the east by the land belonging to the Eastern Bengal Railway, is required within the aforesaid mouzahs of Naraimpore and Buheergatchy

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

F S STANTON, *Lieut -Col*, R E,
Offg Secy to the Govt of Bengal,
P W Dept

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৪ জুন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত রামজোয়ানী পরগনার নারায়ণপুর ও বহিরগাছী মৌজার রেলওয়ের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নারায়ণপুর ও বহিরগাছী মৌজার কস্মিনকালে ন্যূনাধিক ৬১।৪।৵১০ ছটাকে পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন —উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা বাবু কৃষ্ণ কৃষ্ণ ঘোষ ও কালীরত্ন মুখোপাধ্যায় ও ঘনেশ্যাম মুখোপাধ্যায় ও অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায় ও তারানাথ মুখোপাধ্যায় ও নীলরত্ন মুখোপাধ্যায়ের ভূমি, দক্ষিণ সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের এবং বাবু কৃষ্ণ কৃষ্ণঘোষ ও কালীরত্ন মুখোপাধ্যায় ও ঘনেশ্যাম মুখোপাধ্যায় ও অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায় ও তারানাথ মুখোপাধ্যায় ও নীলরত্ন মুখোপাধ্যায়ের ভূমি, ও পূর্ব্ব সীমা ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, এস, ষ্টাণ্টন লেপ্টেনেণ্ট কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

EDUCATIONAL NOTICE

LIST of Candidates who have passed the Examination for Sanskrit Titles held in April 1880, in accordance with the Resolution of Government dated 30th June 1878, together with the Titles and Rewards conferred on them

	Names of Candidates in order of merit	Government rewards to pupils.	Names of Teachers	Government rewards to teachers.	Place of instruction	Titles conferred	REMARKS
			KAVYA OR LITERATURE				
		Rs		Rs			
1	Rama Prasad Bhattacharyya	25	Professor, Calcutta Sanskrit College		Calcutta Sanskrit College	Kaviratna	Jaga Mohun Mookerji prize of Rs 50
2	Ram Charan Chatterjie	25	Krishna Nath Nyayapunchanan	200	Purvasthali	Vidyabinod	
3	Amritamoy Bhattacharyya		Jayaram Nyayabhushan	50	Bhatpara	Vidyaratna	Dhanput Sing prize of Rs 10
4	Rammoya Bhattacharyya		Digumbar Turkosidhanta		Ditto	Vidyabhushan	
5	Beni Madhub Roy		None		None	Vidyalunkar	
6	Ramanuj Bhattacharyya		None		None	Vidyarnava	
7	Tarini Kantha Lahiri		None		None	Vidyanidhi	
8	Gopal Chundra Bhattacharyya		None		None	Vidyabagisha	
			SMRITI OR LAW (A.—MODERN)				
1	Sasadhur Bhattacharyya	100	Krishna Nath Nyayapunchanan		Purvasthali	Smritibhushan	Prassna Kumar Tagore Scholarship of Rs 8 a month
2 {	Krishna Chundra Bhattacharyya	50	Durga Charan Tarkaratna	60	Kaliparah	Smritiratna	Parvati Devi prize of Rs 50
	Gayaram Bhattacharyya	50	Krishna Nath Nyayapanchanan		Purvasthali	Smriti Kantha	Narayan Chundra Acharyya Chaudhuri prize of Rs 50
4	Goloke Chundra Bhattacharyya	25	Chandra Kantha Tarkalunkar	100	Town Sherpore	Smritiratna	
5	Kali Krishna Bhattacharyya	25	Chundra Kumar Tarkavagisa		Kumarkaily	Ditto	Srimati Rani Karuna Movi reward of Rs 50 to the teacher
6	Kedaresidar Bhattacharyya	25	Durga Charan Tarkaratna		Kaliparah	Smritibhushan	
7	Nil Kantha Bhattacharyya	25	Krishna Nath Nyayapunchanan		Purvasthali	Smriti Kantha	
8	Saroda Charan Bhattacharyya		Yadu Nath Smritibhushan		Bichhali	Smritibhushan	Ditto
9	Yadav Chundra Goswami		Rajani Kantha Vidyaratna		Mulajor Sanskrit College	Ditto	
10	Janardan Bhattacharyji		Chandra Kanta Tarkalunkar		Town Sherpore	Smritiratna	
11	Mathura Nath Bhattacharyya		None		None	Ditto	
12 {	Sashibhushan Bhattacharyya		Thadurdas Nyayaratna		Apurvapore	Smritibhushan	
	Bhut Nath Bhattacharyya		Durga Prasanna Vidyaratna	50	Bilwapukar	Smriti Kantha	
14	Chundi Charan Mookerji		Madhusudun Smritiratna		Calcutta	Smritibhushan	
15	Ram Gopal Goswami		Taragati Tarkalunkar		Baidyabati	Ditto	
16	Brajo Nath Bhattacharyya		Khudiram Nyayabhushan	50	Guptiparah	Smritiratna	
17	Lakshmi Kantha Bhattacharyya		Guru Das Siddhantabagisa	50	Muktagachha	Smriti Kantha	
			SMRITI OR LAW (B.—ANCIENT)				
1	Hari Nath Bhattacharyya		Punchanun Smritiratna		Bibhagadi	Smriti Siromoni	
			DARSANA OR PHILOSOPHY				
			A. Logic				
1	Joya Nath Bhattacharyya		Gungadhar Vidyaratna	50	Guptipara	Tarkalunkar	Bholanath Dutt, prize of Rs 50
			B. Nyaya Philosophy				
1	Kasiswar Bhattacharyya	100	Dinabandhu Nyayaratna	100	Konnogore	Tarkavagisa	Dhanput Sing prize of Rs 15 Hara Kumar Tagore gold keyur
2	Chundi Charan Bhattacharyya		Ditto ditto		Ditto	Tarkabagisa	Jaga Mohan Mukherji prize of Rs 50
3	Janaki Nath Bhattacharyya		Ramdhan Tarkopunchanan	200	Korokdi	Tarkaratna	Parvati Devi prize of Rs 50

A. W. CROFT,
Director of Public Instruction

FORT WILLIAM, the 30th May 1880

শিক্ষাবিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সালের জুন মাসের ৩০ তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণানুসারে ১৮৮০ সালের আপ্রিল মাসে সংস্কৃত উপাধির যে পরীক্ষা হয়, পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্রদের নামের ও তদ্ভিন্ন তাহাদিগকে যে উপাধি ও পুরস্কার দেওয়া গেল তাহার নিম্ন টপত্র।

ক্রমানুসারে ছাত্রদের নাম।	ছাত্রদিগকে গবর্ণমেণ্টের দত্ত পুরস্কার।	অধ্যাপকের নাম।	অধ্যাপকদিগকে গবর্ণমেণ্টের দত্ত পুরস্কার।	অধ্যাপকের স্থান।	প্রদত্ত উপাধি।	মন্তব্য।
		কাব্য বা সাহিত্য শাস্ত্র।				
	টাকা।		টাকা			
শ্রীরমাপ্রসাদ ভট্টাচার্য্য	২৫৲	কলিকাতার সংস্কৃত কলেজের অধ্যাপক।		কলিকাতা সংস্কৃত কালেজ	কবিরত্ন	জগন্মোহন মুখোপাধ্যায়ের দত্ত পুরস্কার ৫০৲ টাকা।
শ্রীরামচরণ চট্টোপাধ্যায়	২৫৲	শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন	২০০৲	পূর্ব্বস্থলী	বিদ্যাবিনোদ।	
শ্রীঅমৃতময় ভট্টাচার্য্য		শ্রীজয়রাম ন্যায়ভূষণ	৫০৲	ভাটপাড়া	বিদ্যারত্ন	ধনপৎ সিংহের দত্ত পুরস্কার ১০ টাকা।
শ্রীরামময় ভট্টাচার্য্য		শ্রীদিগম্বর তর্কসিদ্ধান্ত		ঐ	বিদ্যাভূষণ।	
শ্রীবেণীমাধব রায়					বিদ্যালঙ্কার।	
শ্রীরামানুজ ভট্টাচার্য্য					বিদ্যার্ণব।	
শ্রীতারিণীকান্ত লাহিড়ী					বিদ্যানিধি।	
শ্রীগোপালচন্দ্র ভট্টাচার্য্য					বিদ্যাবাগীশ।	
		স্মৃতি বা ব্যবস্থাশাস্ত্র (A নব্য)				
শ্রীশশধর ভট্টাচার্য্য	১০০৲	শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন		পূর্ব্বস্থলী	স্মৃতিভূষণ	প্রসন্নকুমার ঠাকুরের দত্ত ছাত্রবৃত্তি, মাসিক ৮৲ টাকা।
শ্রীকৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য	৫০৲	শ্রীদুর্গাচরণ তর্করত্ন	৫০৲	কালিপাড়া	স্মৃতিরত্ন	পার্ব্বতীদেবীর দত্ত পুরস্কার ৫০ টাকা,—
শ্রীগয়ারাম ভট্টাচার্য্য	৫০৲	শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন		পূর্ব্বস্থলী	স্মৃতিকণ্ঠ	নারায়ণচন্দ্র আচার্য্য চৌধুরীর দত্ত পুরস্কার ৫০৲টাকা।
শ্রীগোলোকচন্দ্র ভট্টাচার্য্য	২৫৲	শ্রীচন্দ্রকান্ত তর্কালঙ্কার	১০০৲	শহর শেরপুর	স্মৃতিরত্ন।	
শ্রীকালীকৃষ্ণ ভট্টাচার্য্য	২৫৲	শ্রীচন্দ্রকুমার তর্কবাগীশ		কুমারখালী	ঐ	শ্রীমতী রাণী করুণাময়ীর দত্ত পুরস্কার অধ্যাপককে ৫০৲ টাকা।
শ্রীকেদারেশ্বর ভট্টাচার্য্য	২৫৲	শ্রীদুর্গাচরণ তর্করত্ন		কালীপাড়া	স্মৃতিভূষণ।	
শ্রীনীলকণ্ঠ ভট্টাচার্য্য	২০৲	শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন		পূর্ব্বস্থলী	স্মৃতিকণ্ঠ।	
শ্রীশারদাচরণ ভট্টাচার্য্য		শ্রীযদুনাথ স্মৃতিভূষণ		বিহালী	স্মৃতিভূষণ	ঐ
শ্রীযাদবচন্দ্র গোস্বামী		শ্রীরজনীকান্ত বিদ্যারত্ন		মূলাযোড় সংস্কৃত কালেজ।	ঐ	
শ্রীজনার্দ্দন ভট্টাচার্য্য		শ্রীচন্দ্রকান্ত তর্কালঙ্কার		শহর শেরপুর	স্মৃতিরত্ন।	
শ্রীমথুরনাথ ভট্টাচার্য্য					ঐ	
শ্রীশশীভূষণ ভট্টাচার্য্য		শ্রীঠাকুরদাস ন্যায়রত্ন		অপূর্ব্বপুর	স্মৃতিভূষণ।	
শ্রীভূতনাথ ভট্টাচার্য্য		শ্রীদুর্গাপ্রসন্ন বিদ্যারত্ন	৫০৲	বিল্বপুকুর	স্মৃতিকণ্ঠ।	
শ্রীচণ্ডীচরণ মুখোপাধ্যায়		শ্রীমধুসূদন স্মৃতিরত্ন	—	কলিকাতা	স্মৃতিভূষণ।	
শ্রীরামগোপাল গোস্বামী		শ্রীতারাগতি তর্কালঙ্কার		বৈদ্যবাটী	ঐ	
শ্রীব্রজনাথ ভট্টাচার্য্য		শ্রীখুদিরাম ন্যায়ভূষণ	৫০৲	ভাটপাড়া	স্মৃতিরত্ন।	
শ্রীলক্ষ্মীকান্ত ভট্টাচার্য্য		শ্রীগুরুদাস সিদ্ধান্তবাগীশ ..	৫০৲	মুক্তাগাছা	স্মৃতিকণ্ঠ।	
		স্মৃতি বা ব্যবস্থাশাস্ত্র (B প্রাচীন)				
শ্রীহরিনাথ ভট্টাচার্য্য ..		শ্রীপঞ্চানন স্মৃতিরত্ন		বিভাগাদী	স্মৃতিশিরোমণি	
		দর্শন শাস্ত্র A—তর্কশাস্ত্র				
শ্রীজয়নাথ ভট্টাচার্য্য		শ্রীগঙ্গাধর বিদ্যারত্ন	৫০৲	ভাটপাড়া	তর্কালঙ্কার	ভোলানাথ দত্তের দত্ত পুরস্কার ৫০ টাকা।
		B ন্যায় দর্শন।				
শ্রীকালীবর ভট্টাচার্য্য	১০০৲	শ্রীদীনবন্ধু ন্যায়রত্ন	১০০৲	কোন্নগর	তর্কবাগীশ	ধনপৎ সিংহের দত্ত পুরস্কার ১৫ টাকা ও যতীন্দ্রমোহন ঠাকুরের স্বর্ণকেয়ূর।
শ্রীসতীরণ ভট্টাচার্য্য		ঐ ঐ		ঐ	তর্কবাগীশ	জগন্মোহন মুখোপাধ্যায়ের দত্ত পুরস্কার ৫০ টাকা।
শ্রীজানকীনাথ ভট্টাচার্য্য ..	...	শ্রীরাধামোহন তর্কপঞ্চানন	২০০৲	কৌড়োকদি	তর্করত্ন	পার্ব্বতী দেবীর দত্ত পুরস্কার ৫০ টাকা।

ফোর্ট উইলিয়ম, ১৮৮০ সাল তারিখ ৩০ মে।   এ, ডবলিউ, ক্রোফট, সাধারণের শিক্ষাসংক্রান্ত কার্য্যের ডৈরেক্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৫ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 22, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ২২ জুন।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 5160A

GENERAL — *The 4th June* 1880 —Mr A Smith, Commissioner of the Orissa Division and Superintendent of the Tributary Mehals, Cuttack, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 7th July next, or from any subsequent date on which he may avail himself of it

Mr C T Metcalfe, CSI, Officiating Commissioner of the Bhagulpore Division, is appointed to act as Commissioner of the Orissa Division and Superintendent of the Tributary Mehals, Cuttack, during the absence, on leave, of Mr A Smith, or until further orders

Baboo Nobin Krishna Sircar, Deputy Magistrate and Deputy Collector, Moorshedabad is allowed leave for one month under the rules in Chapter VII of the Civil Leave Code

Baboo Tarini Coomar Ghose, Deputy Magistrate and Deputy Collector, Maldah, is transferred to Moorshedabad, and is posted to the Sudder Station of that district

Baboo Sreenath Gupta, Officiating Deputy Magistrate and Deputy Collector, Nuddea is transferred to the district of Maldah

Baboo Gobind Prosad Sookool is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to Julpigoree

Baboo Poorno Chunder Mitter is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to Midnapore

Moonshi Nuudjee, Sub-Deputy Collector on special duty, is appointed to the Chota Nagpore Division, and is posted to the district of Lohardugga

Moulvi Mahomed Subhan Hyder, a Sub-Deputy Collector in the Chota Nagpore Division is transferred to the Chittagong Division

The 5th June 1880 —Mr C H Swinnen, Officiating Deputy Magistrate and Deputy Collector of Rajmehal in the Sonthal Pergunnahs, is transferred to the Chittagong Hill Tracts, and is appointed to have charge of the Sungoo division of that district

Mr W Rattray, Deputy Magistrate and Deputy Collector, Gya, is transferred to the Sonthal Pergunnahs district

The 7th June 1880 —Mr R H Greaves, Assistant Magistrate and Collector, has been allowed an extension of leave for four months on medical certificate by the Right Hon'ble the Secretary of State for India

Mr W H Grimley, Magistrate and Collector, has been granted an extension of furlough for two months and nineteen days by the Right Hon'ble the Secretary of State for India

The 8th June 1880 —Baboo Bhoobunnessur Sing, Deputy Magistrate and Deputy Collector of Gya, is transferred to Durbhunga, and is posted to the Sudder Station of that district

The orders of the 18th ultimo, transferring Baboo Ashootosh Sircar, Officiating Deputy Magistrate and Deputy Collector of Gya, to the Durbhunga district, are cancelled

Mr H Lee, Officiating Joint-Magistrate and Deputy Collector of the Durbhunga district, is transferred to the 24 Pergunnahs, and is appointed to the Sudder Station of that district

Mr T L L Jenkins, Assistant Magistrate and Collector of Pachumba in the Hazareebagh district, is transferred to Durbhunga, and is appointed to the Sudder Station of that district

The 9th June 1880 —Mr C E Buckland, Officiating Magistrate and Deputy Collector of Howrah, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring land required for public purposes in that district

Baboo Peary Mohun Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Durbhunga, on leave, is posted to the district of Midnapore

Mr Unck Cockburn is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector and is posted to the Sudder Station of the Pubna district

[*Government Gazette, 22nd June* 1880]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩১৬০ ৭ নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ৪ জুন।—উড়িষ্যা খণ্ডের কমিশনর ও কটকের পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, স্মিথ সাহেব আগামি জুলাই মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এ, স্মিথ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ভাগলপুর খণ্ডের একটিং কমিশনর শ্রীযুত সি, টি, মেটকাফ সাহেব, সি, এস আই, উড়িষ্যা খণ্ডের কমিশনরের ও কটকের পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সরকার সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

মালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারিণীকুমার ঘোষ মুরশিদাবাদে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

নদীয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু শ্রীনাথ গুপ্ত মালদহ জিলায় প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ শুকুল যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া জলপাইগুড়িতে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া মেদিনীপুরে অবস্থাপিত হইলেন।

বিশেষ কার্য্যে নিযুক্ত সব ডেপুটী কালেক্টর শ্রীযুত মুন্সী মদন্জী ছোট নাগপুর খণ্ডে নিযুক্ত হইয়া লোহারডাগা জিলায় অবস্থাপিত হইলেন।

ছোট নাগপুর খণ্ডের সব ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ শোভান হায়দর চট্টগ্রাম খণ্ডে প্রেরিত হইলেন।

৮৮০ সাল ৫ জুন।—সাঁওতাল পরগনার অন্তর্গত বর জমীনের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এচ, স্টিফেন সাহেব, চট্টগ্রাম পার্ব্বতীয় প্রদেশে প্রেরিত হইয়া সেই জিলার অন্তর্গত সজু মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, বাট্রে সাহেব সাঁওতাল পরগনা জিলায় প্রেরিত হইলেন।

৮৮০ সাল ৭ জুন।—শ্রীশ্রীযুত গবর্ণরের পক্ষ মহিমান্বিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, এচ, গ্রাবস সাহেবকে চিকিৎসকের সর্টিফিকেটক্রমে আর চারি মাসের ছুটী দিয়াছেন।

ভারতবর্ষের পক্ষ মহিমান্বিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত চার্লস, এচ, গ্রিমলী সাহেবকে আর দুই মাস উনিশ দিনের ছুটী দিয়াছেন।

১৮৮০ সাল ৮ জুন।— গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনেশ্বর সিংহ দ্বারভঙ্গায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

গয়ায় একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আশুতোষ সরকারকে দ্বারভঙ্গা জিলায় প্রেরণ বিষয়ক গতমাসের ৮ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

দ্বারভঙ্গ জিলার একটিং আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, লী সাহেব ২৪ পরগনায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

হাজারীবাগ জিলার অন্তর্গত পচম্বার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি, এম, এন, জেনকিন্স সাহেব, দ্বারভঙ্গায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮ সাল ৯ জুন।—হাবড়ার একটিং মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি [illegible] সাহেব, সেই জিলার বাজকার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ছুটী প্রাপ্ত দ্বারভঙ্গার ডেপুটী মজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পিয়ারীমোহন বন্দ্যোপাধ্যায় মেদিনীপুর জিলায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত ইউলিক কোবর্ণ সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া পাবনা জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮ । ২২ জুন।]

Baboo Protap Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Perozepore, Backergunge, is allowed leave for one year, under Section 4, Supplement F to the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 20th December 1879

Captain H Boileau, Cantonment Magistrate of Dinapore, is allowed leave for twenty-seven days, under the Rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

Mr C F Magrath, Joint-Magistrate and Deputy Collector, Patna, is appointed to have charge of the Dinapore Cantonment Magistracy, in addition to his own duties, during the absence, on leave, of Captain H Boileau, or until further orders.

The 10th June 1880 —Baboo Peary Mohun Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Durbhunga, on leave, is transferred to the district of Midnapore, and is posted to the Sudder Station of that district

The 11th June 1880 —Mr F E Pargiter, Officiating Commissioner, Sunderbuns, is allowed leave for one day, to enable him to attend the Higher Standard examination in Sanskrit to be held in Calcutta in July next

Baboo Gour Das Bysack, Deputy Magistrate and Deputy Collector, Tipperah, is vested with the powers of a Collector under Act VII (B C) of 1868

Baboo Sheo Nundun Lal Roy, B A, Sub-Deputy Collector, First Grade, on special duty in the Gya district, is appointed to act as a Deputy Magistrate and Deputy Collector in the Patna Division, but will continue to be employed, until further orders, on special duty as at present

Baboo Dwarkanath Mookerjee, Sub-Deputy Collector, Jungypore, in the district of Moorshedabad, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Tipperah.

The 12th June 1880 —Baboo Atal Behary Moitra, B L, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Durbhunga

Mr Stephen Ulfat Hossain is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to the district of Chumparun

The 15th June 1880 —Mr T D Beighton, Officiating District and Sessions Judge, Shahabad, is appointed to act as District and Sessions Judge, Rungpore, during the absence, on deputation, of Mr H Beveridge, or until further orders

POLICE —*The 5th June* 1880 —Mr C P Crouch, District Superintendent of Police, Chittagong Hill Tracts, is allowed furlough for one year, under Section 8, Supplement F to the Civil Leave Code, with effect from the day he makes over charge of his duties

Mr G W S Cox, Officiating Assistant Superintendent of Police, Chittagong Hill Tracts, is appointed to have temporary charge of the Office of District Superintendent of Police of that district, with effect from the date on which he receives charge from Mr C P Crouch

ECCLESIASTICAL —*The 9th June* 1880 —Baboo Kristochit Nondiroyun, of Ranikatanga, is authorized, under clause 5, Section 5, Act XV of 1872, to grant certificates of marriage between persons who are Native Christians

The Revd J A. Dyer, Medical Missionary at Pachumba, in the district of Hazaribagh, is authorized, under clause 5, Section 5, Act XV of 1872, to grant certificates of marriage between persons who are Native Christians.

The 10th June 1880 —The Revd O W Gemsky, of the G E L Mission, at Ranchee, is authorised, under clause 5, Section 5 of Act XV of 1872, to grant certificates of marriage between persons who are Native Christians.

REGISTRATION —*The 7th June* 1880.—Baboo Nil Rutton Mookerjee is appointed to act as Sub-Registrar of Howrah, during the absence, on leave, of Baboo Nitto Lall Dey

The 8th June 1880 —Moonshi Dedar Bux, Sub-Deputy Collector of Jajpore, in the district of Cuttack, is appointed to be *ex-officio* Sub-Registrar of that station with retrospective effect from the 20th December 1877

[*Government Gazette*, 22*nd June* 1880.]

বাকরগঞ্জের অন্তর্গত পিরোজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র-চট্টোপাধ্যায়, গত ডিসেম্বর মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

দানাপুর সেনানিবেশের মাজিষ্ট্রেট কাপ্তান শ্রীযুত এচ, বয়লু সাহেব যে তারিখে ছুটীগ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে সাতাইশ দিনের ছুটী পাইলেন।

কাপ্তান শ্রীযুত এচ, বয়লু সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় পাটনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেব, আপন কর্ম্মাতিরিক্ত দানাপুর সেনানিবেশের মাজিষ্ট্রেটী কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১০ জুন।—ছুটী প্রাপ্ত দ্বারভঙ্গার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পিয়ারীমোহন বন্দ্যোপাধ্যায় মেদিনীপুর জিলায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১১ জুন।—আগামি জুলাই মাসে কলিকাতায় সংস্কৃত ভাষায় যে উচ্চতর কঠিন পরীক্ষা হইবে তাহাতে উপস্থিত হইতে পারিবার জন্যে সুন্দরবনের একটিং কমিশানর শ্রীযুত এফ, ই, পারগিটর সাহেব এক দিনের ছুটী পাইলেন।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরদাস বসাক ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

গয়া জিলায় বিশেষ কার্য্যে নিযুক্ত প্রথম শ্রেণীর সব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবনন্দন লাল রায়, বি, এ, পাটনা খণ্ডে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, এইক্ষণে যে বিশেষ কর্ম্মে আছেন তাহাতেই নিযুক্ত থাকিবেন।

মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুরের সব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায়, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া ত্রিপুরা জিলায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১২ জুন।—শ্রীযুত বাবু অটলবিহারী মৈত্র, বি, এল, যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া দ্বারভঙ্গা জিলায় অবস্থাপিত হইলেন।

শ্রীযুত মীরজা উলফৎ হুসেন, যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া চাম্পারণ জিলায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১৫ জুন।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এস, বেবরিজ সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শাহাবাদের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত টি, ডি, বেটন সাহেব রঙ্গপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮০ সাল ৫ জুন।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, পি, ক্রোচ সাহেব যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৮ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, ডবলিউ, এস, বক্স সাহেব যে তারিখে শ্রীযুত সি, পি, ক্রোচ সাহেবের স্থানে কর্ম্মের ভারগ্রহণ করেন তদবধি উক্ত জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কার্য্যের কিয়ৎকালীন ভারগ্রহণার্থে নিযুক্ত হইলেন।

ধর্ম্মকার্য্য সম্পর্কীয়।—১৮৮০ সাল ৯ জুন।—রাণীকতজার শ্রীযুত বাবু কৃষ্ণচিৎ নন্দীবেষম খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন।

হাজারীবাগ জিলার অন্তর্গত পচম্বার মেডিকাল মিশনরি পাদরী শ্রীযুত জে, এ, ডায়র সাহেব, খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১০ জুন।—রাঞ্চিস্থ জি, ই, এল, মিশনের পাদরী শ্রীযুত ও, ডবলিউ, জে মস্কী সাহেব খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮০ সাল ৭ জুন।—শ্রীযুত বাবু মৃত্যুঞ্জয় লাল দের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে শ্রীযুত বাবু নীলরত্ন মুখোপাধ্যায়, হাবড়ার সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ৮ জুন।—কটক জিলার অন্তর্গত যাজপুরের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মুনশী দেদার বক্স, স্বীয় পদোপলক্ষে ভূতকাল সম্পর্কে ১৮৭৭ সালের ২০ ডিসেম্বর অবধি সেই ষ্টেশনের সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

EDUCATION.—*The 11th June 1880.*—In supersession of all previous orders, the following gentlemen are appointed to be members of the District School Committee of Sarun :—

The Commissioner of Patna,
Magistrate of Sarun,
Inspector of Schools, Behar Circle, } *ex officio*

Mr. G. Field.	Baboo Kali Prosonno Mookerjee, B.L.
„ R. Ghose.	Moulvi Mekdum Hossein.
„ H. F. Mathews, Secretary.	„ Mobaruk Hossein.
Dr. C. M. Russel, M.D.	Rai Mohabeer Prosad Sha, Bahadoor.
Mr. E. R. J. Tiey, B.A.	Baboo Norendro Nath Chowdry, B.L.
Baboo Dev Coomar Sing.	„ Nursingh Chandra Mittra, B.L.
Moulvi Doste Mohomed.	„ Ram Prokash Lal.
Baboo Grish Chundra Chowdry, B.L.	„ Roghubuns Sahai, B.L.
„ Jodu Nath Mitter, B.L.	„ Sheo Protap Narain, B.L.

MEDICAL.—*The 5th June 1880.*—Dr. V. Richards, Civil Medical Officer, Goalundo and Kooshtea, and Medical Inspector of Emigrants, is allowed furlough for one year, under Section 21 of the Civil Leave Code, with effect from such date in July next as he may avail himself of it.

The 9th June 1880.—The following gentlemen are appointed to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Jhenidah, in the district of Jessore :—

Baboo Kally Kinker Banerjee, Pleader and Honorary Magistrate in the district of Jessore.

Baboo Nogendra Lall Mitter, Officiating Sub-Deputy Collector.

The 10th June 1880.—Dr. A. E. Procter is appointed to act as Medical Officer, Kooshtea and Goalundo, during the absence, on leave, of Dr. V. Richards, or until further orders.

EMIGRATION. *The 10th June 1880.*—Dr. A. E. Procter is appointed to act as Embarkation Agent and Medical Inspector of Emigrants, *vice* Dr. V. Richards.

MUNICIPAL.—*The 4th June 1880.*—Moonshi Abdur Raffi is appointed to be a Commissioner of the Municipality of Barasat in the district of the 24 Pergunnahs, *vice* Moonshi Abdul Hadi, retired.

The 9th June 1880.—The Lieutenant-Governor approves the re-election, by the Commissioners of the Bydobatty Municipality, of Baboo Gobinda Chunder Mookerjee to be their Vice-Chairman for the year 1880-81.

The following gentlemen are appointed to be Commissioners of the North Barrackpore Municipality in the district of the 24-Pergunnahs :—

Baboo Bhola Nath Gangoly, Pensioner.	Baboo Obhoy Charan Soor, Pensioner.
„ Grish Chunder Basu, Trader.	„ Saroda Pershad Soor, Trader.

ROAD CESS.—*The 10th June 1880.*—The undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Chowddagram, in the district of Tipperah :—

Baboo Banga Chandra Rudra, Sheristadar of the Moonsif's Court, *vice* Munshi Ashanullah.

Baboo Rash Mohan Chakravarti, Nazir of the Moonsif's Court, *vice* Munshi Gozaufur Alli.

The Deputy Collector in charge of the Road Cess Department, Cuttack, is appointed to be an *ex officio* member of the Road Cess Committee of that district.

The 12th June 1880.—In supersession of previous orders, the undermentioned gentlemen are appointed to be members of the Branch Road Cess Committee of Brahmunberiah, in the district of Tipperah :—

The Sub-divisional Officer of Brahmunberiah, *ex-officio* Chairman.
The First Moonsif of Brahmunberiah, Vice-Chairman.
The Executive Engineer of the Dacca Division,
The District Engineer of Tipperah,
The Sub-divisional Police Inspector,
Ditto Native Doctor, } *ex-officio* members.

[*Government Gazette*, 22nd *June* 1880.]

শিক্ষা বিষয়ক।—১৮৮০ সাল ১১ জুন।—পূর্ব্বের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্ন-লিখিত মহাশয়েরা সারণ জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পাটনার কমিশনর সাহেব।
সারণের মাজিষ্ট্রেট সাহেব।
বিহার চক্রের স্কুল সমূহের ইনিস্পেক্টর।
} স্ব২ পদোপলক্ষে।

শ্রীযুত জি, ফিল্ড সাহেব।
„ আর, ঘোষ।
„ এচ, এফ, মাথিউস সাহেব সেক্রেটরী।
ডাক্তর শ্রীযুত সি, এ, বসল সাহেব এম, ডি।
শ্রীযুত ই, আর, জে, টাইরী সাহেব বি, এ।
„ বাবু দেবকুমার সিংহ।
„ মৌলবী দোস্ত মহম্মদ।
„ বাবু গিরীশচন্দ্র চৌধুরী, বি, এল।
„ বাবু যদুনাথ মিত্র, বি, এল।
শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়, বি, এল।
„ মৌলবী মেকদম হুসেন।
„ মবারক হুসেন।
„ রায় মহাবীরপ্রসাদ শা বাহাদুর।
„ বাবু নরেন্দ্রনাথ চৌধুরী, বি, এল।
„ বাবু নরসিংহচন্দ্র মিত্র, বি, এল।
„ বাবু রামপ্রকাশ লাল।
„ বাবু রঘুবংশ সহায় বি, এল।
„ বাবু শিবপ্রতাপ নারায়ণ, বি, এল।

চিকিৎসা বিষয়ক।—১৮৮০ সাল ৫ জুন।—গোয়ালন্দ ও কুষ্টীয়ার সিবিল চিকিৎসক এবং বিদেশ-গামিদের পরিদর্শনকারি চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি, রিচার্ডস সাহেব, আগামি জুলাই মাসের যে কোন তারিখে ছুটী গ্রহণ করুন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২১ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

১৮৮০ সাল ৯ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা যশোহর জিলার অন্তর্গত ঝিনিদহস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্যনির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

উকীল ও যশোহর জিলার অবৈতনিক মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু কালীকিঙ্কর বন্দ্যোপাধ্যায়।
একটিং সব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নগেন্দ্রলাল মিত্র।

১৮৮০ সাল ১০ জুন।—ডাক্তর শ্রীযুত বি রিচার্ডস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ডাক্তর শ্রীযুত এ ই, প্রেক্টর সাহেব, কুষ্টীয়া ও গোয়ালন্দের চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বিদেশগামিবিষয়ক—১৮৮০ সাল ১০ জুন।—ডাক্তর শ্রীযুত বি, রিচার্ডস সাহেবের পরিবর্ত্তে ডাক্তর শ্রীযুত এ, ই, প্রেক্টর সাহেব বিদেশগামিদিগকে নৌকাদিতে উঠাইয়া দিবার এজেন্টের ও তাহাদের পরিদর্শনকারি চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন

মুনিসিপল বিষয়ক।—১৮৮০ সাল ৪ জুন।—শ্রীযুত মুনশী আবদুল হাদি কর্ম্ম হইতে অপসর গ্রহণ করাতে শ্রীযুত মুনশী আবদুর রশী ২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসৎ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ৯ জুন।—বৈদ্যবাটী মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায়কে ১৮৮০। ৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত উত্তর বারাকপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পেনশ্যান ভোগি শ্রীযুত বাবু ভোলানাথ গঙ্গোপাধ্যায়।
ব্যবসায়ি শ্রীযুত বাবু গিরীশচন্দ্র সুর
পেনশ্যান ভোগি শ্রীযুত বাবু অভয়াচরণ সুর।
ব্যবসায়ি শ্রীযুত বাবু শারদাপ্রসাদ সুর।

পথকর বিষয়ক ১৮৮০ সাল ১০ জুন।—নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত চৌদ্দগ্রামের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মুনশী আশাহুল্লার পরিবর্ত্তে মুনসেফের আদালতের সিরিশতাদার শ্রীযুত বাবু বরদাচন্দ্র রুদ্র।
„ মুনশী গজফর আলির পরিবর্ত্তে মুনসেফের আদালতের নাজীর শ্রীযুত বাবু রাসমোহন চক্রবর্ত্তী।

কটকের পথকর কার্য্যবিভাগের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টর স্বীয় পদোপলক্ষে সেই জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ১২ জুন—পূর্ব্বের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। নিম্নলিখিত মহাশয়েরা ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবেড়িয়ার শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

ব্রাহ্মণবেড়িয়া মহকুমার কর্তৃপক্ষ স্বীয়পদোপলক্ষে সভাপতি।
ব্রাহ্মণবেড়িয়ার প্রথম মুনসেফ, প্রতিনিধি সভাপতি।

ঢাকাখণ্ডের এক্সিকিটিভ ইঞ্জিনিয়র সাহেব,
ত্রিপুরার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র সাহেব,
মহকুমার পোলীস ইনস্পেকটর,
ঐ নেটিব ডাক্তর,
} স্ব২ পদোপলক্ষে মেম্বর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২২ জুন।]

Baboo Nobin Chundra Mookerjee, Naib of pergunnah Sarail

" Krishna Mohun Chowdry, of Nobinagur, Zemindar

" Hari Kisor Roy, of Syamagram, Ditto

" Guru Das Chakrobarty (Mohurir), of Bidyokut, Talookdar

" Har Kisar Chakrabarty, of Srighur, Ditto

" Kumud Chandra Pal, of Ibrahimpore, Ditto

Munshi Abdul Ali, of Ibrahimpore, Ditto

Baboo Saday Chandra Roy of Kalckochha, Putnidar

" Petambar Dutt, of Sultanpore, Ditto

Kazi Asabuddin of Gopinathpore, Ijaradar

Baboo Padma Lochun Naur of Krishnanaghur, Zemindar's Manager

Zainuddin Sarkar of Birgaon, Ryot

The following notification is republished from the *Assam Gazette* —

No 40 —*The* 1*st June* 1880 —Privilege leave of absence for three months, under the Rules in Chapter VII of the Civil Leave Code, is granted to Mr R B McCabe, C S Officiating Assistant Commissioner, Second Grade, Golaghat, with effect from the 4th July 1880, or from the subsequent date on which he may avail himself of the same

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

—

NOTIFICATION

৭। সম্পত্তির নীলাম হইলে, নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই দিনে কি নিয়মিত নোটিস দিয়া অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণ বিষয়ক বিধান।

৮। কমিশ্যনরেরা যাহাদিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া কিম্বা এক মাসের বেতন আগাম দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও কোন কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না, গেলে তাঁহার এক মাসের বেতন বর্জ্জন হইবে।

৯। যাঁহারা এইরূপে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন কমিশ্যনরেরা সময়ে ২ যত টাকার জামিন নির্দ্ধার্য করেন, আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য করেন সেই সময়ের মধ্যে কোন ব্যক্তি জামিন না দিলে, তাঁহার সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে, ও তাঁহাকে অবসর করা যাইতে পারিবে।

১০। কমিশ্যনরদের নিযুক্ত কোন ব্যক্তি কর্ম্মে শৈথিল্য করিলে তাঁহারা তাহার এক মাসের অনধিক বেতন দণ্ড করিতে পারিবেন।

দুর্গন্ধ দ্রব্য ও রাবিশ ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

১১। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর দুই ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর দুই ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা উক্ত বাড়ী যে পল্লীর মধ্যে আছে সেই পল্লির ওবরসিয়রের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশ্যনরের যে হার ধরেন ঐ ব্যক্তি উক্ত ওবরসিয়রকে সেই হারে ঐ মরা জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ মরা জন্তু ঐ ব্যক্তির স্বামির না হইলে ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, সেই ব্যক্তিই ঐ খরচের দায়ী হইবেন ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। ওবরসিয়রের প্রতি আদেশ হইলে তিনি কোন মরা জন্তু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

এই বিধিলঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড।

১২। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়ে ২ যে স্থান নিরূপণ করিয়া দেন তদ্ভিন্ন কোন স্থানে কোন ব্যক্তি মরা জন্তু বা জন্তুর কোন অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড।

১৩। মুনিসিপল কমিশ্যনরেরা যে বাড়ীর ধুলা, ছাই ও রাবিশ স্থানান্তর করিবার ভার গ্রহণ করিয়াছেন সেই বাড়ির স্বামী পূর্ব্বাহ্ণ ৪ টা অবধি ৮ টার মধ্যে তাহা সেই বাড়ীর নিকটস্থ রাস্তার ধারে জমা করিয়া রাখিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০, দশ টাকার অনধিক দণ্ড।

১৪। মুনিসিপল কমিশ্যনরেরা যে হার নিরূপণ করেন সেই হারে খরচ না দিলে কারবার কি বাণিজ্য বা ব্যবসায় হইতে যে ময়লা দ্রব্যাদি উৎপন্ন হয় তাহা স্থানান্তর করা যাইবে না, ও তাহা স্থানান্তর করিতে যে খরচ হয় তাহা কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় আদায় হইতে পারিবে।

[গেবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

For the regulation and management of privies

15 Every owner or occupier of any house, land, or premises from which offensive matter is not removed by the said owner or occupier shall give free access to the servants of the municipality to his house, land, or premises for the removal of any night soil or filth within such hours as may have been fixed by the Municipal Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

16 Every person shall construct his privy above ground, and shall provide it with a suitable moveable receptacle of metal or earthenware

The penalty for infringement after notice shall be a fine not exceeding Rs 20

17 On receipt of a notice from the Municipal Commissioners every owner or occupier of any house, land, or premises in or on which any well-privy or other noxious or improperly constructed privy may be situated, shall fill up, close, or otherwise alter the construction of the said privy as may be directed in the notice, and if the orders contained in the notice be not carried out within 15 days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners

18 No owner or occupier of any house, land, or premises in or on which any privy may be situated, shall allow night-soil or filth of any kind to flow or to be discharged from such privy into any drain, watercourse, river, tank, hollow, or excavation, or any place containing waste and stagnant water, or into any other receptacle but one of the nature described in bye-law No 16

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

19 No person shall throw, deposit, or discharge any night soil, sewage, or the contents of any drain, privy, or cesspool into any river, tank, khal, watercourse, or receptacle for water, or dispose of the above mentioned kinds of offensive matter in any other way than as the Municipal Commissioners may from time to time direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

20 No person shall carry night soil through the streets, except between the hours of 3 A M and 7 A M, or otherwise than in a closely covered receptacle of such description and pattern as shall be from time to time required by the Municipal Commissioners, or use any places other than those approved by the Commissioners for the purpose of depositing such night soil

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

21 No person shall perform any office of nature in any place outside private premises other than such as may have been appointed by the Commissioners, provided that such places have been set apart by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

For regulating traffic in the streets

22 All wheeled vehicles plying between dusk and dawn shall carry conspicuous lights, except on bright moonlight nights.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

23 No owner of any carriage shall allow it to be driven by a driver under 14 years of age

The penalty for disobedience on the owner's part shall be a fine not exceeding Rs 10

For regulating or prohibiting the use of fire-balloons, fireworks, firearms, or missiles in the vicinity of public roads

24 No one shall let off any fire-balloons, fireworks, firearms, or any missiles in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

For regulating cremation and burials

25 No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground, in a grave constructed of masonry, in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than four feet from the surface ground

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

[*Government Gazette*, *29th June* 1880.]

পাইখানার বিধান ও কার্য্যাধ্যক্ষতার কথা।

১৫। ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা আপনি তথা হইতে দুর্গন্ধজনক বিষয় স্থানান্তর করাইয়া না দিলে মুনিসিপল কমিশ্যনরেরা যেং ঘণ্টা নিরূপণ করেন, সেইং ঘণ্টার মধ্যে মুনিসিপালিটীর চাকরদিগকে বিষ্ঠা কি মল সরাইয়া লইবার জন্য সেই স্থানে অবাধে যাইবার অনুমতি দিবেন।
এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

১৬। প্রত্যেক ব্যক্তি মাটীর উপরি ভাগে আপনার পাইখানা করিবেন, ও যাহা সরাইয়া লওয়া যাইতে পারে তথায় ধাতুর কি মাটীর এমত আধার রাখিবেন।
নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৭। কোন স্বামীর কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাতকূয়া পাইখানা কিম্বা অপকারজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে তিনি কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে, ঐ নোটিসের লিখনমতে ঐ পাইখানা ভরাট কি বন্ধ করিয়া দিবেন, কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমত পনের দিনের মধ্যে কার্য্য করা না গেলে কমিশ্যনরেরা ঐ পাইখানা ভরাট কি বন্ধ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ধনের ন্যায় তাহা আদায় হইতে পারিবে।

১৮। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়িরমধ্যে পাইখানা থাকিলে, তিনি কোন নর্দ্দমায় কি জলপ্রণালীতে কি নদীতে কি পুষ্করিণীতে কিম্বা গর্ত্তে কি খাতে কিম্বা যাহাতে অকস্মাৎ ও ময়লা দাঁড়ায় এমত কোন স্থানে কিম্বা ১৬ ধারার নির্দ্দিষ্ট প্রকারের আধারভিন্ন অন্য কোন আধারে সেই পাইখানার বিষ্ঠাদি কি কোন প্রকারের ময়লাবিষয় যাইতে কি পড়িতে দিবেন না।
এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকার অনধিক দণ্ড।

১৯। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দমার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কিম্বা আস্তাকুড়ের দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি খালে কি জলপ্রণালীতে কি জলাধারে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাহা করিতে হইবে মুনিসিপল কমিশ্যনরেরা সময়েং এতদ্বিষয়ের যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্য রূপে কার্য্য করিবেন না।
এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

২০। কোন ব্যক্তি রাত্রি ৩ টা অবধি বেলা ৭ টার মধ্য ভিন্ন অন্য সময়ে অথবা মুনিসিপল কমিশ্যনরেরা সময়েং দৃঢ় মতে বন্ধ যে প্রকারের ও যে আকারের আধারের অনুমতি করেন তদ্ভিন্ন অন্য আধারে করিয়া পথ দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না, কিম্বা কমিশ্যনরেরা বিষ্ঠা ফেলিবার নিমিত্ত যে স্থান নিরূপণ করেন তদ্ভিন্ন অন্য স্থানে তাহা ফেলিবে না।
এই বিধি লঙ্ঘনের ২০৲বিশ টাকার অনধিক দণ্ড।

২১। কমিশ্যনরেরা যে স্থান নিরূপণ করিবেন তদ্ভিন্ন ব্যক্তি বিশেষের বাড়ীর বাহিরে কোন স্থানে কোন ব্যক্তি মল মূত্র ত্যাগ করিবে না, কিন্তু তদ্রূপ স্থান কমিশ্যনরদের স্বতন্ত্র করিয়া রাখিতে হইবে।
এই বিধি লঙ্ঘনের ১০৲দশ টাকার অনধিক দণ্ড।

রাস্তার গাড়ী প্রভৃতির চালাওনের বিধি।

২২। জ্যোৎস্নাময় রাত্রিভিন্ন অন্য রাত্রিতে সূর্য্যাস্তের পর ও সূর্য্যোদয়ের মধ্য কোন সময়ে চক্রযুক্ত যান গমনাগমন করিলে উজ্জ্বল আলো জ্বালিয়া যাইবে।
এই বিধি লঙ্ঘনের ১০৲দশ টাকার অনধিক দণ্ড।

২৩। কোনগাড়ির স্বামী ১৪ চৌদ্দ বৎসরের ন্যূন বয়সের কোন ব্যক্তিকে গাড়ী চালাইতে দিবেন না। স্বামী এই বিধি অমান্য করিলে ১০৲দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।
আগুনের বেলুন ও আতশবাজী ও আগ্নেয় অস্ত্র কি কোন ক্ষেপণীয় দ্রব্য সরকারি রাস্তার নিকটে

ছুড়িবার বিধান ও নিষেধ।

২৪। মুনিসিপল কমিশ্যনরদের অনুমতি না পাইলে কোন ব্যক্তি রাস্তায় কি রাস্তার নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি কোন প্রকারের ক্ষেপণীয় দ্রব্য ছুড়িবে না।
এই বিধি লঙ্ঘনের ১০৲টাকার অনধিক দণ্ড।

শবদাহ করিবার ও কবর দিবার বিধান।

২৫। কোন ব্যক্তি গোরস্তানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে চারি ফুটের কম থাকে এমত কবরে পুঁতিবেন কি পোঁতাইবেন না।
এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

26 No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse, or part of a corpse, in a grave not constructed of masonry, which shall be less than five feet deep

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

27 No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than four feet from any other existing grave

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20

28 No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

29 No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

30 Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within six hours after its arrival at the said burning ground

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

31 No person when burning, or causing to be burnt, any corpse, or part of a corpse, in any burning ground shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes, or shall permit the clothes or other articles connected with the burning of such corpse to remain at or near such burning ground unless the same be completely reduced to ashes

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

32 No one shall carry a corpse, or part of a corpse, through any highway unless it be decently covered and totally concealed from public view

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

33 No person while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits shall, except for the purpose of ordinary relief, deposit it on or near any public highway

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

34 Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection must be removed in a closed vehicle

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

Miscellaneous bye-laws

35 No person shall put, or cause to be put, on any house or other building, any spout or other thing intended for the conveyance and discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Re 1 daily

36 No person shall construct or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 3 daily

37. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any highway, or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within the time prescribed by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 5 daily

38 No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10; the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs. 2 daily.

[*Government Gazette*, 29*th June* 1880.]

২৬। কোন ব্যক্তি গোরস্থানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোঁতাইলে কবর পাঁচ ফুটের কম গভীর হইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

২৭। কোন ব্যক্তি গোরস্থানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবর হইতে চারি ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

২৮। কমিশ্যনরেরা কবর স্থানে যে রেখার চিহ্ন দিয়া থাকেন কোন ব্যক্তি সেই রেখার টান না মানিয়া কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

২৯। কবরে একটী শব দেওয়া গেলে পর কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৩০। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে শব কি শবের কোন অংশ আনিলে কি বহন করিলে কি আনাইলে কি বহন করাইলে, সেই স্থানে আনিবার পর ছয় ঘন্টার মধ্যে তাহা দাহ করিবেন কি করাইবেন।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৩১। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে শব কি শবের কোন অংশ দাহ করিলে কি করাইলে, যতক্ষণ সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা যায় ততক্ষণ তাহা কি তাহার কোন অংশ ত্যাগ করিতে দিবেন না ও সেই শব দাহ করণসম্পর্কে যে কাপড় কি অন্য দ্রব্য ব্যবহার হইয়া থাকে, তাহা সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা গেলে, ঐ দাহ করিবার স্থানে কি তন্নিকটে পড়িয়া থাকিতে দিবেন না।

এই বিধিলঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৩২। কোন ব্যক্তি কোন শব কি শবের অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টিহইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন রাজপথ দিয়া লইয়া যাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩৩ কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত স্থানদিয়া শব বা শবের কোন অঙ্গ লইয়া যাইবার সময়ে, নিয়মিত বিশ্রাম করিবার কারণ ব্যতীত সরকারী কোন পথে বা তন্নিকটে তাহা নামাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩৪। যে প্রেতক শব বা শবের অংশ ছেদ করিবার নিমিত্তে রাখা গিয়াছে কি ব্যবহার হইয়াছে তাহা কোন বদ্ধ যানে লইয়া যাইতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

বিবিধ উপবিধি।

৩৫। কোন ঘরের কি অন্য গাঁথনীর ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তার কি লোকদের গমনাগমনের পথে জল পড়িতে পারে কোন ব্যক্তি এমত নল বসাইবেন না কি অন্যকে বসাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড হইবে।

৩৬। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে সরকারী কোন নর্দামার উপরে ব তৎপার্শ্বে কোন সাঁকো কি রোয়াক কি পাকা কি অন্য প্রকারের গাঁথনী নির্ম্মাণ করিবেন না ও রাখিবেন না। ঐ অনুমতি পাইলে ও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেই রূপে তাহা গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ টাকার অনধিক দণ্ড হইবে।

৩৭। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ রাজপথে কিম্বা সরকারী কোন নর্দমায় পড়িয়া গেলে কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড হইবে।

৩৮। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে, কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেই রূপে তাহা করিতে পারিবেন, অন্যরূপে নয়।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে ২৲ দুই টাকার অনধিক দণ্ড হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

39 No person shall steep in any tank or ditch within municipal limits any jute hemp, or other vegetable matter likely to render the water of such tank or ditch offensive or noxious to the neighbourhood

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 2 daily.

40 No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any public nullah or watercourse, and the Commissioners may order the removal of any such obstruction on ground of public health

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 4 daily

41 No person shall allow any pigs to be at large, or keep them otherwise than in closed styes

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 2 daily

42 No person shall in any way obstruct, or allow to be obstructed, any of the lanes, walks, bye-ways, or other thoroughfares in any bazar, by exposing goods for sale, or accumulating anything on any such lane, walk, bye-way, or thoroughfare

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10

43 No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal into any highway

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

44 Any person required by the Act or by any bye-law under it to take out a license, shall produce and show his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners in writing to make such requisition

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

45 No person shall tether cattle, goats, or other animals, or cause them to be tethered on any public highway

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

46 No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 4th February 1880—The Lieutenant-Governor is pleased to publish for general information the following Order in Council, and the Regulations appended thereto, for preventing collisions at sea, which will come into force on the 1st September 1880.

H J REYNOLDS,
Secy to the Govt of Bengal.

At the Court at Osborne House, Isle of Wight, the 14th day of August 1879.

PRESENT

THE QUEEN'S MOST EXCELLENT MAJESTY IN COUNCIL.

WHEREAS by "The Merchant Shipping Act Amendment Act, 1862," it was enacted that on and after the first day of June one thousand eight hundred and sixty-three, or such later day as might be fixed for the purpose by Order in Council, the Regulations contained in the table marked C in the schedule to the said Act should come into operation and be of the same force as if they were enacted in the body of the said Act, but that Her Majesty might from time to time, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, by Order in Council, annul or modify any of the said Regulations, or make new Regulations in addition thereto or in substitution therefor, and that any alterations in, or additions to, such Regulations made in manner aforesaid should be of the same force as the Regulations in the said schedule

৩৯। পাইরি শণ কিম্বা উদ্ভিজ্জ অন্য যে দ্রব্য ভিজাইয়া রাখিলে নদীর কি গর্ত্তের জল দুর্গন্ধ হইলা নিকট বাসিদের অনিষ্টজনক হইতে পারে কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত কোন পুষ্করিণীতে কি গর্ত্তে তাহা ভিজাইয়া রাখিবেন না।

এই বিধিলঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

৪০। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি কোন নালায় কি জলপ্রণালীতে বাধক কোন বিষয় রাখিবেন না। রাখিলে কমিশ্যনরের সাধারণের স্বাস্থ্যরক্ষার নিমিত্তে সেই অবরোধ বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৪৲ চারি টাকার অনধিক দণ্ড।

৪১। কোন ব্যক্তি শূকর আলগা ছাড়িয়া দিবে না কিম্বা বদ্ধ খোঁয়াড ভিন্ন অন্য স্থানে রাখিবে না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

৪২। কোন ব্যক্তি কোন বাজারে কোন দ্রব্য বিক্রয়ার্থে সাজাইয়া বা জড় করিয়া রাখিয়া কোন গলির কি পথের কি উপপথের ব সাধারণের গমনের জন্য পথের কোনরূপ বাধা করিবেন ব করা ইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৪৩। কোন ব্যক্তি কোন রুগ্ন বা জীর্ণজন্তু সরকারী পথে ছাড়িয়া দিবেন বা দেওয়াইবেন না, কিম্বা আপনি কি অন্য দ্বারা ঐ জন্তুকে এলোভা ব যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৪৪। আইনক্রমে কিম্বা আইন অনুসারে প্রণীত উপবিধির কোন ধারামতে কোন ব্যক্তির প্রতি লাইসেন্স লইবার আদেশ হইলে, কোন কমিশ্যনর কিম্বা যাঁহার প্রতি কমিশ্যনরেরা লিখনক্রমে উপযুক্ত মতে ক্ষমতা দেন তিনি তাঁহাকে ঐ লাইসেন্স দেখাইবার আজ্ঞা করিলে তাঁহার সেই লাইসেন্স আনিয়া দেখাইতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৪৫। সরকারী কোন পথে কোন ব্যক্তি গাভী কি ছাগল কি অন্য জন্তু দিগড়াইয়া দিবেন কিম্বা দেওয়াইবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

৪৬। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি বিনা সরকারী কোন জমিতে কোন জন্তু বাঁধিবেন না কি গরুর গাড়ী জমা করিবেন না কিম্বা তাম্বু ফেলিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৫ ফেব্রুয়ারি।—সমুদ্র পথে জাহাজে জাহাজে ধাক্কা লাগা নিবারণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিম্নলিখিত আজ্ঞা ও তৎসংযুক্ত বিধি শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করিলেন। উক্ত আজ্ঞা ও বিধি ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর অবধি প্রবল হইবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৭৯ সাল ১৪ আগষ্ট, বাইট দ্বীপস্থ অসবোর্ণ রাজবাটীর সভাগৃহে, উপস্থিত মন্ত্রিসভাধিষ্ঠিতা মহামহিমান্বিতা শ্রীশ্রীমতী মহারাণী।

"সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৬২ সালের আইনে" বিধান ছিল যে ১৮৬৩ সালের জুন মাসের প্রথম তারিখ অবধি, অথবা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞাক্রমে পরবর্ত্তী যে তারিখ ধার্য্য করা যায় তদবধি উক্ত আইনের তফসীলের C চিহ্নিত টেবিলের বিধি কার্য্যকর হইবে ও উক্ত আইনের অঙ্গস্বরূপ হইয়, বিধিবদ্ধ হইলে যেরূপ বলবৎ হইত তদ্রূপ বলবৎ হইবে, কিন্তু যুদ্ধজাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দিলে, শ্রীশ্রীমতী মহারাণী সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রকাশ করিয়া উক্ত বিধির কোন ধারা রহিত কি পরিবর্ত্তিত করিতে অথবা তদতিরিক্ত বা তৎপরিবর্ত্তে নূতন বিধি প্রণয়ন করিতে পারিবেন এবং পূর্ব্বোক্ত মতে উক্ত বিধিতে যে কোন পরিবর্ত্তন বা সংযোগ করা যায় তৎসমুদয় উক্ত তফসীলের অন্তর্গত বিধির ন্যায় বলবৎ হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

And whereas by the same Act it was further provided that whenever it should be made to appear to Her Majesty that the Government of any foreign country was willing that the Regulations for preventing collisions contained in Table C in the schedule to the said Act, or such other Regulations for preventing collisions as are for the time being in force under the said Act, should apply to the ships of such country when beyond the limits of British jurisdiction, Her Majesty might, by Order in Council, direct that such Regulations should apply to the ships of the said foreign country, whether within British jurisdiction or not, and it was further provided by the said Act that whenever an Order in Council had been issued applying any Regulation made by, or in pursuance of, the said Act to the ships of any foreign country, such ships should in all cases arising in any British court, be deemed to be subject to such Regulation, and should, for the purpose of such Regulation, be treated as if they were British ships

And whereas by an Order in Council made in pursuance of the said recited Act, and dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, Her Majesty was pleased to direct —First, that the Regulations contained in the schedule to the said Act should be modified by the substitution for such Regulations of certain Regulations appended to the said Order,

Secondly, that the said Regulations appended to the said Order should, on and after the first day of June one thousand eight hundred and sixty-three, apply to French ships, whether within British jurisdiction or not

And whereas by several Orders in Council subsequently made, Her Majesty was pleased to direct that the Regulations appended to the said Order of the ninth of January one thousand eight hundred and sixty-three, should apply to ships of the countries specified in the said Orders, whether within British jurisdiction or not

And whereas by Order in Council, dated the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, Her Majesty, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, was pleased to make certain additions to the Regulations appended to the said first-recited Order in Council, for the purpose of explaining Articles 11 and 13 of the said Regulations, and of removing doubt and misapprehension concerning the effect of the said two Articles

And whereas the Admiralty and the Board of Trade have jointly recommended to Her Majesty that the Regulations contained in the Order in Council dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight shall be annulled from the first day of September one thousand eight hundred and eighty, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations hereinafter set forth

And whereas it has been made to appear to Her Majesty that the governments of the several foreign countries mentioned in the second schedule hereto are respectively willing that the Regulations contained in the first schedule hereto shall apply to ships of the said countries respectively, whether within British jurisdiction or not

Now therefore Her Majesty, by virtue of the powers vested in Her by the said recited Act, and by and with the advice of Her Privy Council, is pleased to direct —

First, that on and after the first day of September one thousand eight hundred and eighty, the Regulations appended to the said Order in Council of the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, shall be annulled, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations contained in the first schedule hereto

Second, that the said Regulations contained in the said first schedule hereto shall, from and after the first day of September one thousand eight hundred and eighty, apply to ships of the countries mentioned in the said second schedule hereto, whether within British jurisdiction or not

C L PEEL

[*Government Gazette*, 29*th June* 1880.]

ঐ আইনে আরো বিধান ছিল যে, ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনের তফসীলের C চিহ্নিত বিধি অথবা ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনমত অন্য যে বিধি যৎকালে বলবৎ থাকে তাহা ব্রিটিষ বিচারাধিপত্যের সীমার বহির্ভূত স্থানে কোন ভিন্নদেশীয় জাহাজের প্রতি বর্ত্তে, উক্ত দেশের গবর্ণমেন্টের ইহাতে সম্মত আছে বলিয়া শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মান গেলে শ্রীশ্রীমতী মহারাণী মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া আদেশ করিতে পারিবেন যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, উক্ত ভিন্নদেশীয় জাহাজের প্রতি উক্ত বিধি বর্ত্তিবে, উক্ত আইনে আরো বিধান ছিল যে, উক্ত আইনের নির্দ্দিষ্ট কিম্বা তৎক্রমে প্রণীত কোন বিধি কোন ভিন্নদেশের জাহাজের প্রতি বর্ত্তাইয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রচার করা গেলে, কোন ব্রিটিষ বিচারালয়ে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তৎসম্বন্ধে উক্ত জাহাজ উক্ত বিধির নিয়মাধীন বলিয়া জ্ঞান করা যাইবে এবং উক্ত বিধির কার্য্যপক্ষে ব্রিটিষ জাহাজ হইলে যেরূপ হইত ঐ জাহাজের প্রতি তদ্রূপ ব্যবহার করা যাইবে।

পূর্ব্বোল্লিখিত আইনক্রমে কৃত ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দ্বারা শ্রীশ্রীমতী মহারাণী এই আদেশ করেন,—প্রথমতঃ উক্ত আইনের তফসীলের বিধি পরিবর্ত্তিত করিয়া তাহার স্থানে উক্ত আজ্ঞা সংযুক্ত একটি বিধি দেওয়া যায়।

দ্বিতীয়তঃ, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ১৮৬৩ সালের ১ জুন তারিখ অবধি উক্ত আজ্ঞা সংযুক্ত উক্ত বিধি ফরাসী জাহাজের প্রতি বর্ত্তিবে।

পরে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর কএক আজ্ঞাদ্বারা শ্রীশ্রীমতী মহারাণী আদেশ করেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের উক্ত আজ্ঞা সংযুক্ত বিধি, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ঐ২ আজ্ঞার নির্দ্দিষ্ট দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দেওয়াতে শ্রীশ্রীমতী মহারাণী ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া, উক্ত প্রথমোল্লিখিত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা সংযুক্ত বিধির ১১ ও ১৩ ধারার ব্যাখ্যা করণার্থ ও উক্ত দুই ধারার ফল সংক্রান্ত সন্দেহ ও ভ্রান্তি দূর করণার্থ উক্ত বিধিতে কোন২ কথা সংযোগ করেন।

উক্ত যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্য বিষয়ক বোর্ড একমত হইয়া এক্ষণে পরামর্শ দিয়াছেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞার অন্তর্গত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞায় উক্ত বিধিতে যে২ কথা সংযোগ করা যায় তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করিয়া উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত নূতন বিধি দেওয়া যায়।

আর শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মিয়াছে যে এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত ভিন্ন২ দেশের গবর্ণমেন্টের ইচ্ছা এই যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানেই হউক বা না হউক এতৎ সংযুক্ত প্রথম তফসীলের বিধি ঐ২ দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

এই নিমিত্ত পূর্ব্বোল্লিখিত আইনে শ্রীশ্রীমতীর প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি এক্ষণে স্বীয় মন্ত্রিসভার উপদেশক্রমে এই আদেশ করিতেছেন,

(১) ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীশ্রীমতীর আজ্ঞাসংযুক্ত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞায় উক্ত বিধিতে যে২ কথা সংযোগ করা যায় তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করিয়া উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে এতৎসংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত নূতন বিধি দেওয়া যাইবে।

(২) এতৎ সংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত উক্ত বিধি, ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

সি, এল, পীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

FIRST SCHEDULE

REGULATIONS FOR PREVENTING COLLISIONS AT SEA.

Preliminary

ART 1 In the following rules every steam-ship which is under sail and not under steam is to be considered a sailing ship, and every steam-ship which is under steam, whether under sail or not, is to be considered a ship under steam

Rules Concerning Lights

ART. 2. The lights mentioned in the following Articles, numbered 3, 4, 5, 6, 7, 8, 9, 10, and 11, and no others, shall be carried in all weathers, from sunset to sunrise

ART 3 A sea-going steam-ship when under way shall carry—

(*a*) On or in front of the foremast, at a height above the hull of not less than 20 feet, and if the breadth of the ship exceeds 20 feet then at a height above the hull not less than such breadth, a bright white light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 20 points of the compass, so fixed as to throw the light 10 points on each side of the ship, viz from right ahead to 2 points abaft the beam on either side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least five miles

(*b*.) On the starboard side, a green light so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass, so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the starboard side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles

(*c*) On the port side, a red light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass, so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the port side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles

(*d*) The said green and red side lights shall be fitted with inboard screens projecting at least three feet forward from the light, so as to prevent these lights from being seen across the bow

ART 4 A steam-ship, when towing another ship, shall, in addition to her side lights carry two bright white lights in a vertical line one over the other, not less than three feet apart, so as to distinguish her from other steam-ships Each of these lights shall be of the same construction and character, and shall be carried in the same position, as the white light which other steam-ships are required to carry

ART 5 A ship, whether a steam-ship or a sailing ship, when employed either in laying or in picking up a telegraph cable, or which from any accident is not under command, shall at night carry in the same position as the white light which steam-ships are required to carry, and, if a steam-ship, in place of that light, three red lights in globular lanterns, each not less than 10 inches in diameter, in a vertical line one over the other, not less than three feet apart and shall by day carry in a vertical line one over the other, not less than three feet apart, in front of, but not lower than, her foremast head, three black balls or shapes, each two feet in diameter

These shapes and lights are to be taken by approaching ships as signals that the ship using them is not under command, and cannot therefore get out of the way

The above ships when not making any way through the water, shall not carry the side lights, but when making way shall carry them

ART 6 A sailing ship under way, or being towed, shall carry the same lights as are provided by Article 3 for a steam-ship under way, with the exception of the white light, which she shall never carry

ART 7 Whenever, as in the case of small vessels during bad weather, the green and red side lights cannot be fixed, these lights shall be kept on deck, on their respective sides of the vessel, ready for use and shall, on the approach of or to other vessels, be exhibited on their

প্রথম তফসীল।

সমুদ্রপথে জাহাজে ২ ধাক্কা লাগা নিবারণার্থ বিধি।

উপক্রমণিকা।

১ ধারা। নিম্নলিখিত বিধিতে কোন কলের জাহাজ বাষ্পের বলে না যাইয়া পাইলভরে গেলে পাইল ভরে গামী জাহাজ বলিয়া গণ্য হইবে, এবং কোন কলের জাহাজ বাষ্পের বলে গেলে, পাইলভরে যাউক বা না যাউক, বাষ্পের বলে গামী বা কলের জাহাজ বলিয়া গণ্য হইবে।

আলোক সংক্রান্ত বিধি।

২ ধারা। ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ ও ১১ চিহ্নিত নিম্নলিখিত কএক ধারায় যেং আলোকের উল্লেখ আছে, আকাশের সকল অবস্থায় সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয় পর্য্যন্ত সময়ে সেই ২ আলোক জ্বালিয়া রাখিতে হইবে, অন্য আলোক নহে।

৩ ধারা। সমুদ্রগামী কলের জাহাজ চালাইবার সময়ে

(ক) অগ্রস্থ মাস্তুলের উপরে বা সম্মুখভাগে খোল হইতে অন্যূন বিশ ফুট ঊর্দ্ধে, এবং জাহাজ বিশ ফুট অপেক্ষা চৌড়া হইলে, খোল হইতে অন্যূন ঐ চৌড়ামত ঊর্দ্ধে একটী উজ্জ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ২০ পাইন্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে জাহাজের প্রত্যেক পার্শ্বে ১০ পাইন্ট পরিমিত আলোক পড়ে, অর্থাৎ ঠিক সম্মুখ দিক্ হইতে প্রত্যেক পার্শ্বে ২ পাইন্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন পাঁচ মাইল দূর হইতে দেখা যায়।

(খ) ডাইন পার্শ্বে সবুজ রঙ্গের আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইন্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক্ হইতে ডাইন পার্শ্বে ২ পাইন্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায়।

(গ) বাম পার্শ্বে লাল আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইন্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক্ সম্মুখ দিক হইতে বামপার্শ্বে ২ পাইন্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায়।

(ঘ) আলোক হইতে সম্মুখ দিকে অন্যূন ৩ ফুট দূরে জাহাজের উপর পর্দ্দা দিয়া উক্ত সবুজ ও লাল আলোক এরূপে রাখিতে হইবে যে পুরোভাগ দিয়া এই আলোক দেখা না যায়।

৪ ধারা। কলের জাহাজ যখন অন্য জাহাজ টানিয়া লইয়া যায়, তখন পার্শ্বের আলোকের অতিরিক্ত অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি উজ্জ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে, ইহাতে অন্য কলের জাহাজ হইতে ঐ জাহাজটি বিশেষ করিয়া জানা যাইবে এই দুইটি আলোক একই রূপে প্রস্তুত ও একই প্রকারের হইবে, এবং অন্য কলের জাহাজে শাদা আলোক যে স্থানে জ্বালিয়া রাখিবার আদেশ আছে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে।

৫ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, টেলিগ্রাফের তার বসাইতে বা কুড়াইয়া লইতে নিযুক্ত থাকিলে, কিম্বা কোন দুর্ঘটনা বশতঃ অধ্যক্ষশূন্য হইল কলের জাহাজের যে স্থানে শাদা আলোক জ্বালিয়া রাখিবার আদেশ আছে রাত্রিকালে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে, ও কলের জাহাজ হইলে, ঐ আলোকের পরিবর্ত্তে গোলাকার লণ্ঠনের মধ্যে তিনটি রাঙ্গা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। প্রত্যেক লণ্ঠনের ব্যাস অন্যূন ১০ ইঞ্চি পরিমিত হইবে, এবং ঐ গুলি একটির উপর একটি করিয়া অন্যূন তিনং ফুট অন্তর ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে। দিবসে অগ্র মাস্তুলের মাথার নীচে না পড়ে এরূপে তাহার সম্মুখভাগে অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ২ ফুট ব্যাস বিশিষ্ট তিনটি কাল বর্ত্তুল বা পুত্তলিকা ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে।

এই সকল পুত্তলিকা ও আলোক যে জাহাজে ব্যবহৃত হয় সেই জাহাজ অধ্যক্ষশূন্য ও তন্নিমিত্ত রাস্তা হইতে সরিয়া যাইতে পারে না, উক্ত পুত্তলিকা ও আলোক সমীপগামি জাহাজ গুলিতে এইরূপ সিগ্নেল বলিয়া বিবেচিত হইবে।

জলপথে না চলিবার সময়ে উক্ত জাহাজে পার্শ্বালোক দিতে হইবে না, কিন্তু চলিবার সময়ে দিতে হইবে।

৬ ধারা। পাইলভরে গামী কোন জাহাজ যখন চলিতে থাকে অথবা যখন তাহা অন্য জাহাজ দ্বারা টানিয়া লইয়া যাওয়া যায়, তখন চলিবার সময়ে কলের জাহাজের নিমিত্ত ৩ ধারায় যে ২ আলোকের বিধান আছে তাহাতেও সেইং আলোক জ্বালিয়া রাখিতে হইবে। কিন্তু তাহাতে শাদা আলোক কখনও জ্বালিয়া রাখিতে হইবে না।

৭ ধারা। ঝড় বৃষ্টির সময়ে ক্ষুদ্র জাহাজের সম্বন্ধে যেরূপ ঘটে, সেইরূপ যখন সবুজ ও লাল পার্শ্বালোক স্থির করিয়া রাখিতে পারা যায় না, ঐ ২ আলোক জাহাজের যথাযোগ্য পার্শ্বে ব্যবহারার্থ প্রস্তুত করিয়া ডেকের উপর রাখিতে হইবে, এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

respective sides in sufficient time to prevent collision, in such manner as to make them most visible, and so that the green light shall not be seen on the port side nor the red light on the starboard side

To make the use of these portable lights more certain and easy, the lanterns containing them shall each be painted outside with the colour of the light they respectively contain, and shall be provided with proper screens

ART 8 A ship, whether a steam-ship or a sailing ship, when at anchor, shall carry, where it can best be seen, but at a height not exceeding 20 feet above the hull, a white light, in a globular lantern of not less than eight inches in diameter, and so constructed as to show a clear uniform and unbroken light visible all round the horizon, at a distance of at least one mile

ART 9 A pilot vessel, when engaged on her station on pilotage duty, shall not carry the lights required for other vessels, but shall carry a white light at the mast head visible all round the horizon, and shall also exhibit a flare-up light or flare-up lights at short intervals which shall never exceed fifteen minutes.

A pilot vessel, when not engaged on her station on pilotage duty, shall carry lights similar to those of other ships

ART 10 (a)—Open fishing boats and other open boats when under way shall not be obliged to carry the side lights required for other vessels, but every such boat shall in lieu thereof have ready at hand a lantern with a green glass on the one side and a red glass on the other side, and on the approach of or to other vessels such lantern shall be exhibited in sufficient time to prevent collision, so that the green light shall not be seen on the port side nor the red light on the starboard side

(b)—A fishing vessel and an open boat when at anchor shall exhibit a bright white light

(c)—A fishing vessel when employed in drift net fishing, shall carry on one of her masts two red lights in a vertical line one over the other, not less than three feet apart

(d)—A trawler at work shall carry on one of her masts two lights in a vertical line one over the other, not less than three feet apart, the upper light red and the lower green, and shall also either carry the side lights required for other vessels or if the side lights cannot be carried, have ready at hand the coloured lights as provided in Article 7, or a lantern with a red and a green glass as described in paragraph (a) of this Article

(e)—Fishing vessels and open boats shall not be prevented from using a flare-up in addition if they desire to do so

(f)—The lights mentioned in this Article are substituted for those mentioned in the 12th, 13th, and 14th Articles of the Convention between France and England scheduled to the British Sea Fisheries Act, 1868

(g)—All lights required by this Article, except side lights, shall be in globular lanterns so constructed as to show all round the horizon

ART 11 A ship which is being overtaken by another shall show from her stern to such last-mentioned ship a white light or a flare-up light

Sound Signals for Fog, &c

ART 12 A steam-ship shall be provided with a steam whistle, or other efficient steam sound signal, so placed that the sound may not be intercepted by any obstructions, and with an efficient fog horn to be sounded by bellows or other mechanical means, and also with an efficient bell. A sailing ship shall be provided with a similar fog horn and bell

In fog, mist, or falling snow, whether by day or night, the signals described in this Article shall be used as follows, that is to say—

(a)—A steam-ship under way shall make with her steam whistle, or other steam sound signal, at intervals of not more than two minutes, a prolonged blast

(b)—A sailing ship under way shall make with her fog horn, at intervals of not more than two minutes, when on the starboard tack one blast, when on the port tack two blasts in succession, and when with the wind abaft the beam three blasts in succession

[*Government Gazette*, 29*th June* 1880.]

নিবারণার্থে যথাকালে যথাযোগ্য পার্শ্বে এরূপে দেখাইতে হইবে যে ঐ আলোক অত্যুৎকৃষ্টরূপে দেখা যায় ও সবুজ আলোক বাম পার্শ্বে দেখা না যায় ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা না যায়।

সহজে সঞ্চালনযোগ্য ঐ আলোকের ব্যবহার অধিকতর সলবৎ ও সহজ করিবার নিমিত্ত, ঐ আলোক যে লাণ্ঠনে থাকে তাহার বহির্ভাগে উক্ত আলোকের রং লাগাইতে হইবে, এবং ঐ লাণ্ঠনে যথাযোগ্য আবরণ দিতে হইবে।

৮ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, যখন লঙ্গর ফেলিয়া থাকে, খোল হইতে ২০ ফুটের অনধিক উর্দ্ধে যেখানে বড় ভাল দেখা যায় একটি শাদা আলোক জ্বালিয়া রাখিবে। অন্যূন ৮ ইঞ্চি ব্যাসবিশিষ্ট গোলাকার লাণ্ঠনে ঐ আলোক রাখিতে হইবে ও উহা এরূপে প্রস্তুত করিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে অন্যূন এক মাইল দূরে পরিষ্কার সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়।

৯ ধারা। আড়কাঠীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাঠীর কর্ম্ম করিতে নিযুক্ত থাকিলে, অন্য জাহাজে যেং আলোক জ্বালিয়া রাখিতে হয় সেইং আলোক জ্বালিয়া রাখিবে না, কিন্তু দিঙ্মণ্ডলের সকল দিক্ হইতে দেখা যায় এরূপ একটি শাদা আলোক মাস্তুলের মাথায় জ্বালিয়া রাখিবে, এবং পনের মিনিটের অনধিক সময়ান্তরে এক বা একাধিক অত্যুজ্জ্বল আলোকও দেখাইবে।

আড়কাঠীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাঠীর কর্ম্ম করিতে নিযুক্ত না থাকিলে, অন্যান্য জাহাজের ন্যায় আলোক জ্বালিয়া রাখিবে।

১০ ধারা। মৎস্য ধরিবার খোলা নৌকা ও অন্য প্রকারের খোলা নৌকা যৎকালে চলিতে থাকে, অন্য জাহাজাদির ন্যায়, তাহাতে পার্শ্বালোক জ্বালিয়া রাখিতে হইবে না, কিন্তু উহার পরিবর্ত্তে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে, এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থ যথাকালে ঐ লাণ্ঠন এরূপে দেখাইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা যাইবে না।

(খ) মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা লঙ্গর ফেলিয়া থাকিলে একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

(গ) মৎস্য ধরিবার জাহাজাদি মৎস্য ধরণার্থে জাল ফেলিয়া গড়াইয়া দিয়া যাইবার সময়ে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি লাল আলোক জ্বালিয়া রাখিবে।

(ঘ) ট্রলর অর্থাৎ যে জাহাজাদি টানা জাল ফেলিয়া যায় তাহা যৎকালে উক্ত কার্য্যে নিযুক্ত থাকে তাহাতে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি আলোক জ্বালিয়া রাখিতে হইবে। উপরের আলোকটি লাল ও নীচের আলোকটি সবুজ রঙ্গের হইবে। আর তাহাতে অন্য জাহাজাদির ন্যায় পার্শ্বালোকও রাখিতে হইবে, অথবা পার্শ্বালোক রাখিতে না পারা গেলে, ৭ ধারার বিধানমতে বর্জ্জিত আলোক অথবা এই ধারার (ক) প্রকরণমত লাল ও সবুজ রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

(ঙ) মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটী অত্যুজ্জ্বল আলোক ও ব্যবহার করিতে চাহিলে, তাহা নিবারণ করা যাইবে না।

(চ) সমুদ্রে মৎস্য ধরণ বিষয়ক ১৮৬৮ সালের ইঙ্গলণ্ডীয় আইনের তফসীলে ফ্রান্সের সহিত ইঙ্গলণ্ডের যে যুক্তিপত্র প্রদত্ত হইয়াছে, তাহার ১২ ও ১৩ ও ১৪ ধারার লিখিত আলোকের পরিবর্ত্তে এই ধারার লিখিত আলোক দিতে হইবে।

(ছ) পার্শ্বালোক ছাড়া এই ধারার আদেশমত সমুদয় আলোক এপ্রকারে নির্ম্মিত গোলাকার লাণ্ঠনে দিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে দেখা যায়।

১১ ধারা। পশ্চাদ্দিক্ হইতে অন্য একখান জাহাজ আসিয়া যে জাহাজকে ধরে, সেই জাহাজের পশ্চাদ্ভাগ হইতে প্রথমোক্ত জাহাজকে একটি শাদা আলোক বা অত্যুজ্জ্বল আলোক দেখাইবে।

কুয়াসা প্রভৃতিতে শব্দের সিকনেলের বিধি।

১২ ধারা। কলের জাহাজে বাষ্পঘটিত বাঁশী অথবা অন্য কার্য্যকর বাষ্পঘটিত শব্দের সিকনেল থাকিবে। তাহা এরূপে রাখিতে হইবে যে কোন বাধা দ্বারা শব্দে বিস্তারের প্রতিবন্ধকতা না হয় এতদ্ব্যতীত কুয়াসাকালীন কার্য্যকর শিঙ্গা থাকিবে, তাহা জাঁতা বা অন্য যন্ত্রদ্বারা বাজাইতে হইবে, আর একটি কার্য্যকর ঘণ্টা থাকিবে। পাইল ভরে গামি জাহাজেও তদ্রূপ কুয়াসাকালীন শিঙ্গা ও ঘণ্টা থাকিবে।

অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়, দিনেই হউক বা রাত্রিতেই হউক, এই ধারার বর্ণিত সিকনেলগুলি পশ্চাল্লিখিত মতে ব্যবহার করিতে হইবে, যথা,

(ক) কলের জাহাজ চলিবার সময়ে বাষ্পঘটিত বাঁশী বা অন্য বাষ্পঘটিত শব্দের সিকনেল দিয়া দুই মিনিটের অনধিক কালান্তর দীর্ঘস্থায়ি শব্দ করিবে।

(খ) পাইল ভরে গামী জাহাজ চলিবার সময়ে কুয়াসাকালীন শিঙ্গা দ্বারা দুই মিনিটের অনধিক কালান্তর, ডাইন দিকে গমন কালে একটিশব্দ ও বামদিকে গমন কালে ক্রমিক দুইটি শব্দ ও বায়ুরপ্রতিকূলে গমন কালে ক্রমিক তিনটি শব্দ করিবে।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৮০। ২৯ জুন।]

(c)—A steam-ship and a sailing ship when not under way shall, at intervals of not more than two minutes, ring the bell

Speed of Ships to be moderate in Fog, &c

ART 13. Every ship, whether a sailing ship or steam-ship, shall in a fog, mist, or falling snow go at a moderate speed

Steering and Sailing Rules

ART 14 When two sailing ships are approaching one another, so as to involve risk of collision, one of them shall keep out of the way of the other as follows, viz —

(a)—A ship which is running free shall keep out of the way of a ship which is close-hauled

(b)—A ship which is close hauled on the port tack shall keep out of the way of a ship which is close-hauled on the starboard tack

(c)—When both are running free with the wind on different sides, the ship which has the wind on the port side shall keep out of the way of the other

(d)—When both are running free with the wind on the same side, the ship which is to windward shall keep out of the way of the ship which is to leeward

(e)—A ship which has the wind aft shall keep out of the way of the other ship.

ART 15. If two ships under steam are meeting end on, or nearly end on, so as to involve risk of collision, each shall alter her course to starboard, so that each may pass on the port side of the other.

This Article only applies to cases where ships are meeting end on, or nearly end on, in such a manner as to involve risk of collision, and does not apply to two ships which must, if both keep on their respective courses, pass clear of each other

The only cases to which it does apply are, when each of the two ships is end on, or nearly end on to the other, in other words, to cases in which by day each ship sees the mast of the other in a line, or nearly in a line, with her own, and by night, to cases in which each ship is in such a position as to see both the side lights of the other

It does not apply by day to cases in which a ship sees another ahead crossing her own course, or by night, to cases where the red light of one ship is opposed to the red light of the other, or where the green light of one ship is opposed to the green light of the other, or where a red light without a green light, or a green light without a red light is seen ahead, or where both green and red lights are seen anywhere but ahead.

(গ) বাম পার্শ্বে লাল আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইন্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক হইতে বামপার্শ্বে ২ পাইন্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায়।

(ঘ) আলোক হইতে সম্মুখ দিকে অন্যূন ৩ ফুট দূরে জাহাজের উপর পর্দ্দা দিয়া উক্ত সবুজ ও লাল আলোক এরূপে রাখিতে হইবে যে পুরোভাগ দিয়া এই আলোক দেখা না যায়।

৪ ধারা। কলের জাহাজ যখন অন্য জাহাজ টানিয়া লইয়া যায়, তখন পার্শ্বের আলোক ব্যতিরিক্ত অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি উজ্জ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে, ইহাতে অন্য কলের জাহাজ হইতে ঐ জাহাজটি বিশেষ করিয়া জানা যাইবে এই দুইটি আলোক একই রূপে প্রস্তুত ও একই প্রকারের হইবে, এবং অন্য কলের জাহাজে শাদা আলোক যে স্থানে জ্বালিয়া রাখিবার আদেশ আছে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে।

৫ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, টেলিগ্রাফের তার বসাইতে বা কুড়াইয়া লইতে নিযুক্ত থাকিলে, কিম্বা কোন দুর্ঘটনা বশতঃ অধ্যক্ষশূন্য হইলে কলের জাহাজের যে স্থানে শাদা আলোক জ্বালিয়া রাখিবার আদেশ আছে রাত্রিকালে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে, ও কলের জাহাজ হইলে, ঐ আলোকের পরিবর্ত্তে গোলাকার লাণ্ঠনের মধ্যে তিনটি লাল আলোক জ্বালিয়া রাখিতে হইবে। প্রত্যেক লাণ্ঠনের ব্যাস অন্যূন ১০ ইঞ্চি পরিমিত হইবে এবং উক্ত লা

and shall by day carry in a vertical line one over the other, not less than three feet apart, in front of, but not lower than, her foremast head, three black balls or shapes, each two feet in diameter

These shapes and lights are to be taken by approaching ships as signals that the ship using them is not under command, and cannot therefore get out of the way

The above ships when not making any way through the water, shall not carry the side lights, but when making way shall carry them.

ART 6. A sailing ship under way, or being towed, shall carry the same lights as are provided by Article 3 for a steam ship under way, with the exception of the white light, which she shall never carry

ART 7 Whenever, as in the case of small vessels during bad weather, the green and red side lights cannot be fixed, these lights shall be kept on deck, on their respective sides of the vessel, ready for use and shall, on the approach of or to other vessels, be exhibited on their respective sides in sufficient time to prevent collision, in such manner as to make them most visible, and so that the green light shall not be seen on the port side, nor the red light on the starboard side

To make the use of these portable lights more certain and easy, the lanterns containing them shall each be painted outside with the colour of the light they respectively contain, and shall be provided with proper screens

ART 8 A ship, whether a steam-ship or a sailing ship, when at anchor, shall carry, where it can best be seen, but at a height not exceeding 20 feet above the hull, a white light, in a globular lantern of not less than eight inches in diameter, and so constructed as to show a clear uniform and unbroken light visible all round the horizon, at a distance of at least one mile

ART 9 A pilot vessel, when engaged on her station on pilotage duty, shall not carry the lights required for other vessels, but shall carry a white light at the mast-head visible all round the horizon, and shall also exhibit a flare-up light or flare-up lights at short intervals which shall never exceed fifteen minutes

A pilot vessel, when not engaged on her station on pilotage duty, shall carry lights similar to those of other ships

ART 10 (a)—Open fishing boats and other open boats when under way shall not be obliged to carry the side lights required for other vessels, but every such boat shall in lieu thereof have ready at hand a lantern with a green glass on the one side and a red glass on the other side, and on the approach of or to other vessels such lantern shall be exhibited in sufficient time to prevent collision, so that the green light shall not be seen on the port side, nor the red light on the starboard side

(b)—A fishing vessel and an open boat when at anchor shall exhibit a bright white light

(c)—A fishing vessel when employed in drift net fishing, shall carry on one of her masts two red lights in a vertical line one over the other, not less than three feet apart

(d)—A trawler at work shall carry on one of her masts two lights in a vertical line one over the other, not less than three feet apart, the upper light red and the lower green, and shall also either carry the side lights required for other vessels, or if the side lights cannot be carried, have ready at hand the coloured lights as provided in Article 7, or a lantern with a red and a green glass as described in paragraph (a) of this Article

(e)—Fishing vessels and open boats shall not be prevented from using a flare-up in addition if they desire to do so.

(f)—The lights mentioned in this Article are substituted for those mentioned in the 12th, 13th, and 14th Articles of the Convention between France and England scheduled to the British Sea Fisheries Act, 1868

(g)—All lights required by this Article, except side lights, shall be in globular lanterns so constructed as to show all round the horizon.

ART 11 A ship which is being overtaken by another shall show from her stern to such last-mentioned ship a white light or a flare-up light.

[*Government Gazette*, 3rd August 1880]

একটির উপর একটি করিয়া অন্যূন তিন২ ফুট অন্তর ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে। দিবসে অগ্র মাস্তুলের মাথার নীচে না পড়ে এরূপে তাহার সম্মুখভাগে অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ২ ফুট ব্যাস বিশিষ্ট তিনটি কাল বর্ত্তুল বা পুত্তলিকা ঊর্দ্ধাধোভাবে রাখিতে হইবে।

এই সকল পুত্তলিকা ও আলোক যে জাহাজে ব্যবহৃত হয় সেই জাহাজ অধ্যক্ষশূন্য ও তন্নিমিত্ত রাস্তা হইতে সরিয়া যাইতে পারে না, উক্ত পুত্তলিকা ও আলোক সমীপগামি জাহাজ গুলিতে এইরূপ সিক্‌নেল বলিয়া বিবেচিত হইবে।

জলপথে না চলিবার সময়ে উক্ত জাহাজে পার্শ্বালোক দিতে হইবে না, কিন্তু চলিবার সময়ে দিতে হইবে।

৬ ধারা। পাইলভরে গামী কোন জাহাজ যখন চলিতে থাকে অথবা যখন তাহা অন্য জাহাজ দ্বারা টানিয়া লইয়া যাওয়া যায়, তখন চলিবার সময়ে কলের জাহাজের নিমিত্ত ৩ ধারায় যে ২ আলোকের বিধান আছে তাহাতেও সেই২ আলোক জ্বালিয়া রাখিতে হইবে। কিন্তু তাহাতে শাদা আলোক কখনও জ্বালিয়া রাখিতে হইবে না।

৭ ধারা। ঝড় বৃষ্টির সময়ে ক্ষুদ্র জাহাজের সম্বন্ধে যেরূপ ঘটে, সেইরূপ যখন সবুজ ও লাল পার্শ্বালোক স্থির করিয়া রাখিতে পারা যায় না, ঐ ২ আলোক জাহাজের যথাযোগ্য পার্শ্বে ব্যবহারার্থ প্রস্তুত করিয়া ডেকের উপর রাখিতে হইবে, এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থে যথাকালে যথাযোগ্য পার্শ্বে এরূপে দেখাইতে হইবে যে ঐ আলোক অত্যুৎকৃষ্টরূপে দেখা যায় ও সবুজ আলোক বাম পার্শ্বে দেখা না যায় ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা না যায়।

সহজে সঞ্চালনযোগ্য ঐ আলোকের ব্যবহার অধিকতর সলবৎ ও সহজ করিবার নিমিত্ত, ঐ আলোক যে লাণ্ঠনে থাকে তাহার বহির্ভাগে উক্ত আলোকের রং লাগাইতে হইবে, এবং ঐ লাণ্ঠনে যথাযোগ্য আবরণ দিতে হইবে।

৮ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, যখন নঙ্গর ফেলিয়া থাকে, খোল হইতে ২০ ফুটের অনধিক ঊর্দ্ধে যেখানে বড় ভাল দেখা যায় একটি শাদা আলোক জ্বালিয়া রাখিবে। অন্যূন ৮ ইঞ্চি ব্যাসবিশিষ্ট গোলাকার লাণ্ঠনে ঐ আলোক রাখিতে হইবে ও উহা এরূপে প্রস্তুত করিতে হইবে যে দিঙ্‌মণ্ডলের সকল দিকে অন্যূন এক মাইল দূরে পরিষ্কার সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়।

৯ ধারা। আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত থাকিলে, অন্য জাহাজে যে২ আলোক জ্বালিয়া রাখিতে হয় সেই২ আলোক জ্বালিয়া রাখিবে না, কিন্তু দিঙ্‌মণ্ডলের সকল দিক্ হইতে দেখা যায় এরূপ একটি শাদা আলোক মাস্তুলের মাথায় জ্বালিয়া রাখিবে, এবং পনের মিনিটের অনধিক সময়ান্তরে এক বা একাধিক অত্যুজ্জ্বল আলোকও দেখাইবে।

আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত না থাকিলে, অন্যান্য জাহাজের ন্যায় আলোক জ্বালিয়া রাখিবে।

১০ ধারা। মৎস্য ধরিবার খোলা নৌকা ও অন্য প্রকারের খোলা নৌকা যৎকালে চলিতে থাকে, অন্য জাহাজাদির ন্যায়, তাহাতে পার্শ্বালোক জ্বালিয়া রাখিতে হইবে না; কিন্তু উহার পরিবর্ত্তে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে, এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থ যথাকালে ঐ লাণ্ঠন এরূপে দেখাইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাইন পার্শ্বে দেখা যাইবে না।

(খ) মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা নঙ্গর ফেলিয়া থাকিলে একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

(গ) মৎস্য ধরিবার জাহাজাদি মৎস্য ধরণার্থে জাল ফেলিয়া গড়াজিয়া দিয়া যাইবার সময়ে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি লাল আলোক জ্বালিয়া রাখিবে।

(ঘ) ট্রলর অর্থাৎ যে জাহাজাদি টানা জাল ফেলিয়া যায় তাহা যৎকালে উক্ত কার্য্যে নিযুক্ত থাকে তাহাতে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি আলোক জ্বালিয়া রাখিতে হইবে। উপরের আলোকটি লাল ও নীচের আলোকটি সবুজ রঙ্গের হইবে। আর তাহাতে অন্য জাহাজাদির ন্যায় পার্শ্বালোক ও রাখিতে হইবে, অথবা পার্শ্বালোক রাখিতে না পারা গেলে, ৭ ধারার বিধানমতে রঞ্জিত আলোক অথবা এই ধারার (ক) প্রকরণমত লাল ও সবুজ রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

(ঙ) মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটী অত্যুজ্জ্বল আলোক ও ব্যবহার করিতে চাহিলে, তাহা নিবারণ করা যাইবে না।

(চ) সমুদ্রে মৎস্য ধরণ বিষয়ক ১৮৬৮ সালের ইঙ্গলণ্ডীয় আইনের তফসীলে ফ্রান্সের সহিত ইঙ্গলণ্ডের যে সন্ধিপত্র প্রদত্ত হইয়াছে, তাহার ১২ ও ১৩ ও ১৪ ধারার লিখিত আলোকের পরিবর্ত্তে এই ধারার লিখিত আলোক দিতে হইবে।

(ছ) পার্শ্বালোক ছাড়া এই ধারার আদেশমত সমুদয় আলোক এপ্রকারে নির্ম্মিত গোলাকার লাণ্ঠনে দিতে হইবে যে দিঙ্‌মণ্ডলের সকল দিকে দেখা যায়।

১১ ধারা। পশ্চাদ্দিক্ হইতে অন্য একখান জাহাজ আসিয়া যে জাহাজকে ধরে, সেই জাহাজের পশ্চাদ্ভাগ হইতে প্রথমোক্ত জাহাজকে একটি শাদা আলোক বা অত্যুজ্জ্বল আলোক দেখাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩ আগষ্ট।]

Sound Signals for Fog, &c

ART 12 A steam-ship shall be provided with a steam whistle, or other efficient steam sound signal, so placed that the sound may not be intercepted by any obstructions, and with an efficient fog-horn to be sounded by bellows or other mechanical means, and also with an efficient bell A sailing ship shall be provided with a similar fog-horn and bell

In fog, mist, or falling snow, whether by day or night, the signals described in this Article shall be used as follows, that is to say—

(*a*)—A steam-ship under way shall make with her steam whistle, or other steam sound signal, at intervals of not more than two minutes, a prolonged blast.

(*b*)—A sailing ship under way shall make with her fog-horn, at intervals of not more than two minutes, when on the starboard tack one blast, when on the port tack two blasts in succession, and wh en with the wind abaft the beam three blasts in succession

(*c*)—A steam-ship and a sailing ship when not under way shall, at intervals of not more than two minutes, ring the bell

Speed of Ships to be moderate in Fog, &c.

ART 13 Every ship, whether a sailing ship or steam-ship, shall in a fog, mist, or falling snow go at a moderate speed.

Steering and Sailing Rules

ART 14 When two sailing ships are approaching one another, so as to involve risk of collision, one of them shall keep out of the way of the other as follows, viz —

(*a*)—A ship which is running free shall keep out of the way of a ship which is close-hauled

(*b*)—A ship which is close-hauled on the port tack shall keep out of the way of a ship which is close-hauled on the starboard tack.

(*c*)—When both are running free with the wind on different sides, the ship which has the wind on the port side shall keep out of the way of the other

(*d*)—When both are running free with the wind on the same side, the ship which is to windward shall keep out of the way of the ship which is to leeward

(*e*)—A ship which has the wind aft shall keep out of the way of the other ship.

ART 15. If two ships under steam are meeting end on, or nearly end on, so as to involve risk of collision, each shall alter her course to starboard, so that each may pass on the port side of the other.

This Article only applies to cases where ships are meeting end on, or nearly end on in such a manner as to involve risk of collision, and does not apply to two ships which must, if both keep on their respective courses, pass clear of each other

The only cases to which it does apply are, when each of the two ships is end on, or nearly end on to the other, in other words, to cases in which by day each ship sees the mast of the other in a line, or nearly in a line, with her own and by night, to cases in which each ship is in such a position as to see both the side lights of the other

It does not apply by day to cases in which a ship sees another ahead crossing her own course, or by night, to cases where the red light of one ship is opposed to the red light of the other, or where the green light of one ship is opposed to the green light of the other, or where a red light without a green light, or a green light without a red light is seen ahead, or where both green and red lights are seen anywhere but ahead.

ART. 16. If two ships under steam are crossing so as to involve risk of collision, the ship which has the other on her own starboard side shall keep out of the way of the other

ART 17 If two ships, one of which is a sailing ship and the other a steam-ship, are proceeding in such directions as to involve risk of collision, the steam-ship shall keep out of the way of the sailing ship.

ART 18 Every steam-ship when approaching another ship, so as to involve risk of collision, shall slacken her speed, or stop and reverse if necessary.

[*Government Gazette, 3rd August* 1880.]

কুয়াসা প্রভৃতিতে শব্দের সিকনেলের বিধি।

১২ ধারা। কলের জাহাজে বাষ্পঘটিত বাঁশী অথবা অন্য কার্য্যকর বাষ্পঘটিত শব্দের সিকনেল থাকিবে। তাহা এরূপে রাখিতে হইবে যে কোন বাধা দ্বারা শব্দে বিস্তারের প্রতিবন্ধকতা না হয় এতদ্ব্যতীত কুয়াসাকালীন কার্য্যকর শিঙ্গা থাকিবে, তাহা জাঁতা বা অন্য যন্ত্রদ্বারা বাজাইতে হইবে, আর একটি কার্য্যকর ঘন্টা থাকিবে। পাইল ভরে গামি জাহাজেও তদ্রূপ কুয়াসাকালীন শিঙ্গা ও ঘন্টা থাকিবে।

অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়, দিনেই হউক বা রাত্রিতেই হউক, এই ধারার বর্ণিত সিকনেলগুলি পশ্চাল্লিখিত মতে ব্যবহার করিতে হইবে, যথা,

(ক) কলের জাহাজ চলিবার সময়ে বাষ্পঘটিত বাঁশী বা অন্য বাষ্পঘটিত শব্দের সিকনেল দিয়া দুই মিনিটের অনধিক কালান্তরে দীর্ঘস্থায়ি শব্দ করিবে।

(খ) পাইল ভরে গামী জাহাজ চলিবার সময়ে কুয়াসাকালীন শিঙ্গা দ্বারা দুই মিনিটের অনধিক কালান্তর, ডাইন দিকে গমন কালে একটিশব্দ ও বামদিকে গমন কালে ক্রমিক দুইটি শব্দ ও বায়ুরপ্রতিকূলে গমন কালে ক্রমিক তিনটি শব্দ করিবে।

(গ) কলের জাহাজ ও পাইলভরে গামি জাহাজ যৎকালে না চলে, দুই মিনিটের অনধিক কালান্তর ঘন্টা বাজাইবে।

কুয়াসা প্রভৃতিতে জাহাজের বেগ অল্প হইবার বিধি।

১৩ ধারা। কোন জাহাজ পাইলভরে গামি জাহাজই হউক বা কলের জাহাজই হউক, অধিক বা অল্পকুয়াসায় বা বরফ পড়িবার সময়ে অল্পবেগে চলিবে।

দূর হইতে দেখিবার ও পাইল তুলিয়া যাইবার বিধি।

১৪ ধারা। পাইলভরে গামি দুইখান জাহাজ যদি এরূপে পরস্পরের নিকটবর্ত্তী হইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে তন্মধ্যে একখান নিম্নলিখিত মতে অন্য খানির পথহইতে সরিয়া যাইবে, যথা,

(ক) কোন জাহাজ অনুকূল বায়ু পাইয়া চলিতে থাকিলে, বায়ুর প্রতিকূলগামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(খ) যে জাহাজ বায়ুর প্রতিকূলে বাম দিকে যাইতেছে, তাহা বায়ুর প্রতিকূলে ডাইন দিক্ গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(গ) ভিন্ন২ পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, যে জাহাজের বাম পার্শ্ব হইতে বায়ু বহে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঘ) একই পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, বাতাসের দিকে যে জাহাজ থাকে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঙ) যে জাহাজের পিছে বাতাস লাগে, তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৫ ধারা। বাষ্পবলে গামি দুইখান জাহাজ যদি এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে প্রত্যেক জাহাজই এরূপে ডাইনে সরিয়া যাইবে যে একটি অন্যটির বাম দিকে চলিয়া যাইতে পারে।

যে স্থলে জাহাজদ্বয় এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কেবল সেই স্থলে এই ধারার বিধান খাটে, এবং যে স্থলে দুইখান জাহাজ আপন২ পথে থাকিলে পাশ দিয়া চলিয়া যাইবে, সেই স্থলে খাটে না।

যে স্থলে একখান জাহাজ অন্য আর একখান জাহাজের সহিত প্রান্তে২ অথবা প্রায় প্রান্তে২ মিলে অর্থাৎ যে স্থলে দিবাভাগে এক জাহাজের লোক অপর জাহাজের মাস্তুল আপন জাহাজের মাস্তুলের সহিত সমসূত্রে বা প্রায় সমসূত্রে দেখিতে পায়, এবং যে স্থলে রাত্রিকালে প্রত্যেক জাহাজ এরূপ স্থানে আইসে যে তাহাহইতে অন্য জাহাজের উভয় পার্শ্বালোক দেখা যায়, কেবল সেই স্থলেই এই ধারার বিধান খাটে।

দিবাভাগে যে স্থলে এক জাহাজ হইতে দেখা যায় যে সম্মুখদিকে তাহার পথ পার হইয়া অন্য জাহাজ যাইতেছে; অথবা রাত্রিকালে যে স্থলে এক জাহাজের লাল আলোক অন্য জাহাজের লাল আলোকের সম্মুখে পড়ে, কিম্বা এক জাহাজের সবুজ আলোক অন্য জাহাজের সবুজ আলোকের সম্মুখে পড়ে, কিম্বা সবুজ আলোক বিনা লাল আলোক বা লাল আলোক বিনা সবুজ আলোক সম্মুখ দিকে দেখা যায়, কিম্বা সম্মুখ দিকে না হইয়া অন্যত্র সবুজ ও লাল উভয়-আলোকই দেখা যায়, সেই স্থলে এই ধারার বিধান খাটে না।

১৬ ধারা। যদি বাষ্পবলে গামি দুইখান জাহাজ পরস্পরের পথ এরূপে কাটিয়া যায় যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে যে জাহাজের ডাইন দিকে অন্য জাহাজ থাকে সেই জাহাজ সেই অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৭ ধারা। যদি এক খান পাইলভরে গামি জাহাজ ও এক খান কলের জাহাজ এরূপে কোন দিকে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কলের জাহাজ পাইলভরে গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

১৮ ধারা। কোন কলের জাহাজ যখন এরূপে অন্য কোন জাহাজের নিকটে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তখন আপন বেগ কমাইবে অথবা আবশ্যক হইলে বেগ বন্ধ করিবে ও উল্টাইয়া দিবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৩ আগষ্ট।]

ART 19 In taking any course authorized or required by these Regulations a steam-ship under way may indicate that course to any other ship which she has in sight by the following signals on her steam whistle, viz —

One short blast to mean—"I am directing my course to starboard"

Two short blasts to mean—"I am directing my course to port"

Three short blasts to mean—"I am going full speed astern."

The use of these signals is optional, but if they are used, the course of the ship must be in accordance with the signal made.

ART. 20 Notwithstanding anything contained in any preceding Article every ship, whether a sailing ship or steam-ship, overtaking any other, shall keep out of the way of the overtaken ship

ART. 21. In narrow channels every steam-ship shall, when it is safe and practicable keep to that side of the fair way or midchannel which lies on the starboard side of such ship

ART 22 Where by the above rules one of two ships is to keep out of the way the other shall keep her course

ART 23. In obeying and construing these rules due regard shall be had to all dangers of navigation, and to any special circumstances which may render a departure from the above rules necessary in order to avoid immediate danger

No Ship under any circumstances to neglect proper precautions.

ART 24. Nothing in these rules shall exonerate any ship, or the owner, or master, or crew thereof, from the consequences of any neglect to carry lights or signals, or of any neglect to keep a proper look-out, or of the neglect of any precaution which may be required by the ordinary practice of seamen, or by the special circumstances of the case.

Reservation of Rules for Harbours and Inland Navigation.

ART. 25 Nothing in these rules shall interfere with the operation of a special rule duly made by local authority relative to the navigation of any harbour, river, or inland navigation.

Special Lights for Squadrons and Convoys

ART 26. Nothing in these rules shall interfere with the operation of any special rules made by the Government of any nation with respect to additional station and signal lights for two or more ships of war, or for ships sailing under convoy

SECOND SCHEDULE

Austria-Hungary	Italy
Belgium	Netherlands.
Chili	Norway
Denmark.	Portugal
France	Russia.
Germany	Spain
Great Britain.	Sweden
Greece.	United States.

JUDICIAL DEPARTMENT

No 3514A

The 6th July 1880 —Mr C A Wilkins, Officiating Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Magistrate of the First Class, and with power to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

The 14th July 1880 —The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Kandi Bench of Magistrates in the district of Moorshedabad, and are vested with the powers of a Magistrate of the third class —

Baboo Bhoobuneesur Sinha, Zemindar

„ Chandra Kumar Gupta, Assistant Surgeon.

Moonshi Fuzla Rubbee, Zemindar.

[*Government Gazette*, 3rd *August* 1880.]

১৯ ধারা। এই বিধিমতে যে পথে যাইবার অনুমতি বা আদেশ আছে সেই পথে যাইবার সময়ে কোন কলের জাহাজ হইতে অন্য যে জাহাজ দেখা যায় সেই জাহাজের লোকদিগকে উক্ত পথ জ্ঞাপন করিবার নিমিত্ত বাষ্পঘটিত বাঁশীতে নিম্নলিখিত সিকনেল দেওয়া যাইতে পারিবে, অর্থাৎ,

একবার শব্দ করিবার অর্থ এই—"আমি ডাইন দিকে যাইতেছি।"

দুইবার শব্দ করিবার অর্থ এই—"আমি বাম দিকে যাইতেছি।"

তিনবার শব্দ করিবার অর্থ এই—"আমি পূর্ণবেগে পশ্চাদ্দিক যাইতেছি।"

এই সকল সিকনেল ব্যবহার করা স্বেচ্ছাধীন। কিন্তু সিকনেল ব্যবহার করা গেলে, ঐ সিকনেল অনুসারে জাহাজ চালাইতে হইবে।

২০ ধারা। পূর্ব্ব কোন ধারায় ভাবান্তরের কথা থাকিলেও পাইলভরে গামী জাহাজই হউক বা কলের জাহাজই হউক, যে জাহাজ অন্য কোন জাহাজকে যাইয়া ধরে, সেই জাহাজ ধৃত জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

২১ ধারা। সঙ্কীর্ণ জলপ্রণালীতে নির্ব্বিঘ্ন ও সাধ্য হইলে, কলের জাহাজের ডাইন দিকে ভাল পথের বা মধ্যনালার যে পার্শ্ব পড়ে, উক্ত জাহাজ সেই পার্শ্ব দিয়া চলিবে।

২২ ধারা। উপরি লিখিত বিধানক্রমে যে স্থলে দুইখান জাহাজের মধ্যে এক খানের পথ হইতে সরিয়া যাইতে হইবে, অপর খান আপন পথে চলিতে থাকিবে।

২৩ ধারা। এই বিধি পালন করিবার ও তাহার অর্থ করিবার সময়ে নৌযাত্রায় সমুদয় বিপদের প্রতি ও উপস্থিত বিপদ এড়াইবার নিমিত্ত যেং বিশেষ অবস্থায় উপরি লিখিত বিধান লঙ্ঘন করা আবশ্যক হয় সেই অবস্থার প্রতি যথোচিত মনোযোগ দিতে হইবে।

কোন অবস্থায় কোন জাহাজের যথোচিত সাবধান হইতে উপেক্ষা না করিবার কথা।

২৪ ধারা। আলোক বা সিকনেল লইতে উপেক্ষা করাতে, কিম্বা উপযুক্ত দৃষ্টি রাখিতে উপেক্ষা করাতে, কিম্বা নাবিকদের প্রচলিত রীতিক্রমে বা বিশেষ অবস্থানুসারে যেরূপ সাবধানতা আবশ্যক হয় তৎপ্রতি উপেক্ষা করাতে, যে ফলভোগ হয়, এই বিধির কোন কথায় কোন জাহাজ বা তাহার স্বামী বা কাপ্তান বা মাল্লারা সেই ফলভোগ হইতে মুক্ত হইবে না।

বন্দরের ও আভ্যন্তরিক নৌযাত্রার বিধি সংরক্ষণের কথা।

২৫ ধারা। কোন বন্দরে বা নদীতে জল পথে গমনাগমন বা আভ্যন্তরিক নৌযাত্রা সম্বন্ধে স্থানীয় কর্তৃপক্ষ নিয়মিতরূপে যে বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

যুদ্ধ জাহাজের বহরে ও রক্ষিত জাহাজে বিশেষ আলোক দিবার বিধি।

২৬ ধারা। দুই কিম্বা তদধিক যুদ্ধ জাহাজের নিমিত্ত কিম্বা নৌসেনা রক্ষিত পাইলভরে গামি জাহাজের নিমিত্ত কোন দেশের গবর্ণমেণ্ট অতিরিক্ত ষ্টেশন ও সিকনেল আলোক সম্পর্কীয় যে কোন বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

দ্বিতীয় তফসীল।

অষ্ট্রিয়া হঙ্গেরী	ইতালী।
বেলজিয়ম।	নেদরলণ্ড।
চিলি।	নরওয়ে।
ডেনমার্ক।	পর্ত্তুগাল।
ফ্রান্স।	রুসিয়া।
জর্ম্মণি।	স্পেন।
গ্রেটব্রিটেন।	সুইডেন।
গ্রীস।	ইউনাইটেড ষ্টেটস।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৫১৪ A নম্বর।

১৮৮০ সাল ৬ জুলাই।—২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এ উইলকিন্স সাহেব, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারীর মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ১৪ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত কান্দির মাজিষ্ট্রেটের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জমীদার শ্রীযুত বাবু ভুবনেশ্বর সিংহ।

আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত বাবু চন্দ্রকুমার গুপ্ত।

জমীদার শ্রীযুত মুন্সী ফজলারব্বি।

[কলিকাতা গেজেট। ১৮৮০। ৩ আগষ্ট।]

Baboo Gobinda Soonder Tribedi, Zemindar
,, Govinda Prosad Sinha of Gopeenathpore, Zemindar
,, Hurry Mohun Sinha, Head-master of the Kandi School
,, Jogendra Narain Rai Chowdhury, Zemindar
,, Muddun Mohun Sinha, Zemindar
,, Ram Chunder Ghose, Zemindar
,, Shib Krishna Ghose, Zemindar

The 15*th July* 1880 —The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Sudder Bench in the district of Dinagepore, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Baboo Juggut Chander Chowdhry, Zemindar
,, Kustur Chand Doogur, Gomastah
Baboo Murari Lall Boral, Zemindar
,, Thakur Lall Boral, Zemindar

The 19*th July* 1880 —Baboo Juggo Bundhoo Khan, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Magoora Division of the Jessore district, is vested with the powers of a Magistrate of the First Class

The 20*th July* 1880 —Baboo Soshee Bhushan Dutt, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Muddehpoorah Division of the Bhagulpore district, is vested with the powers of a Magistrate of the First Class

The 27*th July* 1880 – Mr H Holmwood, Assistant Magistrate and Collector, Mozufferpore, is vested with the powers of a Magistrate of the Second Class

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 24*th July* 1880 —In continuation of the notification dated the 24th March 1879, published in the *Calcutta Gazette* of the 26th idem, Part I, pages 267-69, the Lieutenant-Governor directs the addition of the following words, after the words "once a quarter," in Rule 2 of the Supplementary Rules and instructions issued by the Lieutenant-Governor under the Indian Arms Act (XI of 1878)—

"or once a year in the case of shops in which only country gunpowder is manufactured and sold"

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

LOCAL COMMUNICATIONS

The 26*th July* 1880

No 126 —*Declaration under Section* 6 *of Act* X *of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that a piece of land, about 45 feet in width, is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction of a road from Palong to Bhojeshur, running from Palong for about 5,673 feet in a northerly direction, and then striking off to the right, and running in an easterly direction to Bhojeshur, for a distance of about 4 miles 3 furlongs and 182 feet, and passing through the villages of Palong, Baghia, Kotalipara, Chandal, and Bhojeshur, pergunnahs Rajnagore and Balarampore, zillah Furreedpore, it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring more or less 134 beeghas and 10 cottahs of standard measurement, bounded on the north by the village of Bhojeshur; on the south by Palong station, on the east by the village of Bhojeshur, Chandal, Kotalipara, Baghia, and Palong, and on the west by the village of Marjpara and the Auguria Khal, is required within the aforesaid villages of Palong, Bhaghia, Kotalipara, Chandal, and Bhojeshur

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

[*Government Gazette*, 3*rd August* 1880.]

জমিদার শ্রীযুত বাবু গোবিন্দ সুন্দর ত্রিবেদী।
গোপীনাথপুরের জমীদার শ্রীযুত বাবু গোবিন্দ প্রসাদ সিংহ।
কান্দি স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু হরিমোহন সিংহ।
জমীদার শ্রীযুত বাবু যোগেন্দ্রনারায়ণ রায় চৌধুরী।
,, ,, বাবু মদনমোহন সিংহ।
,, ,, বাবু রামচন্দ্র ঘোষ।
,, ,, বাবু শিবকৃষ্ণ ঘোষ।

১৮৮০ সাল ১৫ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা দিনাজপুরের সদর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জমীদার শ্রীযুত বাবু জগচ্চন্দ্র চৌধুরী।
গোমাশতা শ্রীযুত বাবু কস্তুরচাঁদ দুগড়।
জমীদার শ্রীযুত বাবু মুরারি লাল বড়াল।
,, শ্রীযুত বাবু টেকর লাল বড়াল।

১৮৮০ সাল ১৯ জুলাই।—যশোহর জিলার অন্তর্গত মাগুরা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগবন্ধু খাঁ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২০ জুলাই।—ভাগলপুর জিলার অন্তর্গত মধেপুরা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শশীভূষণ দত্ত, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২৭ জুলাই।—মজফরপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, হয়উড সাহেব, দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৪ জুলাই।—১৮৭৯ সালের জুলাই মাসের ১ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫৮৫—৫৮৯ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৯ সালের মার্চ মাসের ২৪ তারিখের বিজ্ঞাপনাতিরিক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় অস্ত্রবিষয়ক ১৮৭৮ সালের ১১ আইনমতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচারিত অতিরিক্ত বিধির ও আদেশের ২ ধারাতে “ত্রৈমাসে একবারের” এই কথার পর নিম্নলিখিত কথা সংযোগ করিবার আদেশ করিলেন।

“কিম্বা যে দোকানে কেবল দেশীয় বারুদ প্রস্তুত ও বিক্রীত হয় সেই দোকান বৎসরে এক বারের”।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৮০ সাল ২৬ জুলাই।

১২৬ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ফরীদপুর জিলার অন্তর্গত রাজনগর ও বলরামপুর পরগনার পালঙ্গ ও বাঘিয়া ও কোটালিপাড়া ও চান্দল ও ভোজেশ্বর গ্রাম দিয়া পালঙ্গ হইতে উত্তর মুখে প্রায় ৫,৫৭১ ফুট গিয়া দক্ষিণ মুখে ফিরিয়া পূর্ব্বমুখে ভোজেশ্বর পর্য্যন্ত প্রায় ৪ মাইল ৩ ফর্লং ও ১৮২ ফুট পালঙ্গ অবধি ভোজেশ্বর পর্য্যন্ত পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পালঙ্গ ও বাঘিয়া ও কোটালিপাড়া ও চান্দল ও ভোজেশ্বর গ্রামে কস্মিনতে ন্যূনাধিক ১৩৪৷৷০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ভোজেশ্বর গ্রাম, দক্ষিণ সীমা পালঙ্গ ষ্টেশন, পূর্ব্ব সীমা ভোজেশ্বর ও চান্দল ও কোটালিপাড়া ও বাঘিয়া ও পালঙ্গ গ্রাম, পশ্চিম সীমা মার্জপাড়া ও আগুরিয়া খাল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৩ আগষ্ট।]

ESTABLISHMENT

The 26th July 1880

No 127 —*Notification* —Mr W B Gwyther, Assistant Engineer, Second Grade, First Calcutta Division, passed in Colloquial Hindustani on the 28th June 1880

T H WICKES,
Asst Secy to the Govt of Bengal,
P W Dept

IRRIGATION

NOTIFICATION—ESTABLISHMENT

Dated the 26th July 1880

No 103 —*Leave* —Mr O C Lees, Assistant Engineer, Second Grade, Northern Drainage and Embankment Division, is granted sick leave for three months, under Chapter IV, Section 23 of the Civil Leave Code, with effect from the 15th July 1880

No 104 —*Notifications* —With reference to the orders marginally noted, Mr G J R Leeson, Assistant Engineer, First Grade, reported his arrival on the forenoon of the 22nd ultimo, and was posted to the Northern Drainage and Embankment Division, South-Western Circle, which he joined on the same date

Notification No 71, dated 26th May 1880

C TAYLOR,
Offg Asst Secy, for Joint Secy
to the Govt of Bengal, P W Dept,
Irrigation Branch

সিবিল্‌শন্তা বিষয়ক।

১৮৮০ সাল ২৬ জুলাই।

১২৭ নম্বর।—বিজ্ঞাপন।—কলিকাতার প্রথম খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুৎ ডবলিউ, বি, গষথর সাহেব ১৮৮০ সালের ২৮ জুনে চলিত হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইলেন।

টি, এচ, উইক্স,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিবিল্‌শন্তাবিষয়ক।—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৬ জুলাই।

১০৩ নম্বর।—ছুটী।—উত্তর জল প্রণালী ও বাঁধ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ও, সি, লীস সাহেব পীড়া প্রযুক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ২৩ ধারামতে ১৮৮০ সালের ১৫ জুলাই অবধি ৩ মাসের ছুটী পাইলেন।

১০৪ নম্বর।—বিজ্ঞাপন।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জি, জে, আর, লীসন সাহেব, গত মাসের ২২ তারিখের পূর্ব্বাহ্নে পঁহুছিলেন রিপোর্ট করিয়া দক্ষিণ—পশ্চিম চক্রের অন্তর্গত উত্তর জল প্রণালী ও বাঁধ খণ্ডে অবস্থাপিত হইয়া উক্ত তারিখে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৮০ সালের ২৫ মের ৭১ নম্বর বিজ্ঞাপন।

পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের, গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
সি, টেলর,
একটিং আসিস্টান্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 10, 1880.

মঙ্গলবার ১৮৮০ সাল ১০ আগষ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No 3618A.

GENERAL.—*The 26th July* 1880—Mr L C Abbott, Officiating Joint-Magistrate and Deputy Collector, Darjeeling, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 9th proximo

Mr. A W. Paul, Assistant Commissioner, on survey duty in the district of Darjeeling, is posted to the Sudder Station of that district, *vice* Mr L C Abbott.

The 27th July 1880.—Captain A E Gordon, Assistant Commissioner, on leave, is appointed to act, until further orders, as Deputy Commissioner of the Chittagong Hill Tracts

Mr R H Renny is appointed to act, until further orders, in the Second Grade of Assistant Commissioners, and is posted to the Palamow Division of the Lohardugga district, on being relieved of his present appointment as Officiating Deputy Commissioner, Chittagong Hill Tracts.

The 28th July 1880—Baboo Shama Churn Mitter, Deputy Magistrate and Deputy Collector, Noakholly, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code

Mr W R Larminie, C S, has been granted by Her Majesty's Secretary of State for India an extension of furlough for three months.

The 29th July 1880—Moulvi Faizuddeen Hossein, Deputy Magistrate and Deputy Collector, Mymensing, is vested with the powers of a Collector under Act VII (B C.) of 1868.

Baboo Nobin Krishna Banerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, is posted to the Serampore division of the Hooghly district.

The 31st July 1880—Baboo Hurry Mohun Dutt, First Grade Canoongoe, Jungipore, was employed as a temporary Sub-Deputy Collector of the Second Grade in Moorshedabad, from the 22nd April last to the date on which he was relieved by Baboo Poorno Chunder Bysack

Mr J C. Lloyd, Sub-Deputy Collector in the district of Hooghly, having resumed charge of his duties on the 5th instant, the unexpired portion of the leave granted to him under the orders of the 9th idem, is cancelled

The 2nd August 1880—Mr C A S Bedford reported his departure from India on furlough on the afternoon of the 10th ultimo

Mr H Lee, Officiating Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Collector under Act X of 1870, for the purpose of acquiring land required for public purposes in Calcutta and the 24-Pergunnahs

Moulvie Mohamed Serajul Huq, Officiating Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is vested with the powers of a Collector under Act X of 1870.

Baboo Devendro Chunder Mookerjee, Moonsiff of Lohardugga, is vested with the powers of a Deputy Collector for the trial of rent suits

POLICE.—*The 29th July* 1880—Mr V W. Bertelsen, Assistant Superintendent of Police, is appointed to have charge of the District Police of Gya, during the absence, on special duty, of Mr A H Giles, or until further orders, with effect from the date on which he joined his appointment.

ECCLESIASTICAL.—*The 31st July* 1880—Mr. Brojonath Banerjee, an Agent of the Baptist Missionary Society in Dinagepore, is authorized, under clause 5, section 5, Act XV of 1872, to grant certificates of marriage between persons who are Native Christians

REGISTRATION.—*The 27th July* 1880—Baboo Ram Chunder Sen is appointed to act as Sub Registrar of Mirserai, in the district of Chittagong, during the absence, on deputation, of Baboo Janoki Nath Dutt

EDUCATION.—*The 28th July* 1880.—Mr E. D Archibald, of the Bengal Educational Service, has been granted by Her Majesty's Secretary of State for India an extension of furlough for three months.

MEDICAL.—*The 20th July* 1880—Surgeon-Major J. J. Wood, Officiating Superintendent of Vaccination, Darjeeling Circle, is confirmed in that appointment.

The 21st July 1880—Mr W Rattray, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Rajmehal, in the district of the Sonthal Pergunnahs.

[*Government Gazette*, 10*th August* 1880]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৬৬১৮ A নম্বর।

সাধারণ।—১৮৮০ সাল ২৬ জুলাই।—দার্জিলিঙ্গের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল, সি, আবট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মাসের ৯ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এল, সি, আবট সাহেবের পরিবর্ত্তে দার্জিলিঙ্গ জিলার তরাই কার্য্যে নিযুক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এ, ডবলিউ, পাল সাহেব, উক্ত জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ২৭ জুলাই।—ছুটী প্রাপ্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত এ, ই, গর্ডন সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত আর, এচ, রেণী সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের একটিং ডেপুটী কমিশ্যনরস্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া যাবৎ অন্য আজ্ঞা না হয় আসিষ্টাণ্ট কমিশ্যনরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া লোহারডগা জিলার অন্তর্গত পালামৌ মহকুমায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ২৮ জুলাই।—নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ মিত্র সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব শ্রীযুত ডবলিউ, আর, লার্ম্মিনি সি, এস, সাহেবকে আর তিন মাসের নিয়মিত ছুটী দিয়াছেন।

১৮৮০ সাল ২৯ জুলাই।—ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী কয়জুদ্দীন হুসেন, ৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুর মহকুমায় অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ৩১ জুলাই।—জঙ্গীপুরের প্রথম শ্রেণীর কানুনগো শ্রীযুত বাবু হরিমোহন দত্ত, গত আপ্রিল মাসের ২২ তারিখ অবধি শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বসাকের প্রতি কর্ম্মের ভারার্পণের তারিখ পর্য্যন্ত মুরশিদাবাদে দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত ছিলেন।

হুগলী জিলার সব-ডেপুটী কালেকটর শ্রীযুত জে, সি, লয়ড সাহেব এই মাসের ৫ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করাতে ঐ মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৮০ সাল ২ আগষ্ট।—শ্রীযুত সি, এ, এস, বেডফর্ড সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১০ তারিখের অপরাহ্নে ভারতবর্ষহইতে গমন করিলেন রিপোর্ট করেন।

২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, লী সাহেব, রাজকার্য্যের নিমিত্ত কলিকাতার ও ২৪ পরগনার ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

রাজশাহীর একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সেরাজুল হক্ ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

লোহারডগার মুনসেফ শ্রীযুত বাবু দেবেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় খাজানা সংক্রান্ত মোকদ্দমার বিচার করিবার নিমিত্ত ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮০ সাল ২৯ জুলাই।—বিশেষ কার্য্যোপলক্ষে শ্রীযুত এ, এচ, জাইলস সাহেবের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বি, ডবলিউ বর্টেলসন সাহেব যে তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন তদবধি গয়ার ডিষ্ট্রিক্ট পোলীসের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

ধর্ম্ম কার্য্য সম্পর্কীয়।—১৮৮০ সাল ৩১ জুলাই।—দিনাজপুরস্থ বাপ্টিষ্ট মিশনরী সোসাইটীর কর্ম্মচারি শ্রীযুত ব্রজনাথ বন্দ্যোপাধ্যায় খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮০ সাল ২৭ জুলাই।—রাজ কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু জানকীনাথ দত্তের অনুপস্থিতি কালে শ্রীযুত বাবু রামচন্দ্র সেন, চট্টগ্রাম জিলার অন্তর্গত মিরসরাইর সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮০ সাল ২৮ জুলাই।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের শ্রীযুত ই, ডি, আর্চিবলড সাহেবকে আর তিন মাসের নিয়মিত ছুটী দিয়াছেন।

চিকিৎসাবিষয়ক।—১৮৮০ সাল ২০ জুলাই।—দারজিলিঙ্গ চক্রের টীকাদান কার্য্যের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট সর্জন-মেজর শ্রীযুত জে, জে, উড সাহেব, সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২১ জুলাই—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, রাট্রে সাহেব সাঁওতাল পরগণা জিলার অন্তর্গত রাজমহালের দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১০ আগষ্ট।]

The 22nd July 1880 —The undermentioned gentlemen are appointed to be members of the Committee for the management of the Mitford Hospital at Dacca .—

Mr Michael Sarkies

„ A C Tute, Officiating Joint-Magistrate and Deputy Collector

Baboo Brojendra Kumar Roy

The 28th July 1880 —The furlough for one year granted to Dr V Richards, Civil Medical Officer, Goalundo and Kooshtea, under the orders of the 5th ultimo, will have effect from the date in August next on which he may avail himself of it.

The 29th July 1880 —Surgeon-Major J. J. Wood, Superintendent of Vaccination, Darjeeling Circle, is allowed leave for two months and twenty-one days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it

Assistant Surgeon Probodo Chunder Bose, Deputy Superintendent of Vaccination, Sonthal Pergunnahs Circle, is allowed leave for fifteen days under the rules in Chapter VII of the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 27th April last

The 30th July 1880 —Assistant Surgeon Sonatun Bysack is allowed leave for one year, under section 10, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 6th December 1879

MUNICIPAL —*The 21st July* 1880 —Baboo Hungseshwar Mookerjee is appointed to be a Commissioner of the Purulia municipality, in the district of Manbhoom

The undermentioned gentlemen are re-appointed to be Commissioners of the above Municipality —

Mr C W Birch. | Baboo Juggobundhoo Rai.

Baboo Nundo Lall Ghose.

The Lieutenant-Governor approves the re election, by the Commissioners of the above Municipality, of Baboo Gunganund Mookerjee to be their Vice-Chairman.

The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Mozufferpore —

Lieutenant-Colonel J C C. Daunt, v c , *vice* Baboo Woomesh Chunder Roy

Baboo Gouri Sankar Biswas, *vice* Baboo Doorga Das Chowdhry

„ Permanand, Deputy Inspector of Schools, *vice* Mr W B Hudson

„ Surejdeo Narayan, *vice* Mr M Wilson.

The undermentioned gentlemen are re-appointed to be Commissioners of the above Municipality —

Syed Askari Khan | Syed Taki Khan

The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the Tumlook Municipality, of Baboo Rajendra Lall Gupta, Head-master of the Hamilton English School, to be their Vice-Chairman for the year 1880-81.

The 22nd July 1880 —The undermentioned gentlemen are appointed to be Commissioners of the Municipality of Howrah —

Mr. G Alexander, Manager, Ganges Manufacturing Company.

The Rev W A Hamilton, Chaplain, Howrah

Mr D McKelen, Manager, Calcutta Docking Company

Baboo Chandra Coomar Banerjee, Merchant and Zemindar.

Pandit Hury Nath Surma, Pandit, Sanskrit College

Baboo Kali Coomar Koondu, Merchant and Landholder.

The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the Chittagong Municipality, of Mr R R Pope, Assistant Magistrate and Collector, to be their Vice-Chairman

The 26th July 1880 —The Lieutenant-Governor approves the election, by the Commissioners of the Midnapore Municipality, of Mr F. W. Badcock, Officiating Joint-Magistrate and Deputy Collector, to be their Vice-Chairman.

The 27th July 1880 —Baboo Ram Lall Shaha, Sub-Divisional Head Clerk, is appointed to be a Commissioner of the Serajgunge Municipality in the district of Pubna, *vice* Mr J Ogilvie

[*Government Gazette*, 10*th August* 1880]

১৮৮০ সাল ২২ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকার মিটফর্ড হাস্পাতালের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মাইকেল সর্কিস সাহেব।

একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত এ, সি, ট্রট সাহেব।

শ্রীযুত বাবু ব্রজেন্দ্রকুমার রায়।

১৮৮০ সাল ২৮ জুলাই।—গোয়ালন্দ ও কুষ্টার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি, রিচার্ডস সাহেব গত মাসের ৫ তারিখের আজ্ঞামতে যে এক বৎসরের নিয়মিত ছুটী পান আগামি আগষ্ট মাসের যে তারিখে সেই ছুটী গ্রহণ করেন তদবধি তাহা বলবৎ হইবে।

১৮৮০ সাল ২৯ জুলাই।—দার্জ্জিলিঙ্গচক্রের টিকা দান কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সর্জ্জন মেজর শ্রীযুত জে, জে, উক্ত সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি-পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাস একুশ দিনের ছুটী পাইলেন।

সাঁওতাল পরগনা চক্রের টিকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত প্রবোধ-চন্দ্র বসু গত আপ্রেল মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে পনের দিনের ছুটী পাইলেন।

১৮৮০ সাল ৩০ জুলাই—আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত সনাতন বসাক ১৮৭৯ সালের ৬ ডিসেম্বরের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারা-মতে এক বৎসরের ছুটী পাইলেন।

মুনিসিপাল বিষয়ক—১৮৮০ সাল ২১ জুলাই।—শ্রীযুত বাবু হংসেশ্বর মুখোপাধ্যায় মানভূম জিলার অন্তর্গত পুরুলিয়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি, ডবলিউ, বর্ড সাহেব। | শ্রীযুত বাবু জগদ্বন্ধু রায়।

শ্রীযুত বাবু নন্দলাল ঘোষ।

উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায়কে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মজফরপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু উমেশচন্দ্র রায়ের পরিবর্ত্তে লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে, সি, সি, ডাণ্ট সাহেব, বি, সি।

„ বাবু দুর্গাদাস চৌধুরীর পরিবর্ত্তে শ্রীযুত বাবু গৌরীশঙ্কর বিশ্বাস।

„ ডবলিউ, বি, হডসন সাহেবের পরিবর্ত্তে স্কুলসমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত পরমানন্দ বাবু।

„ এম, উইলসন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত বাবু সূর্য্যদেব নারায়ণ।

নিম্নলিখিত মহাশয়েরা উপরোক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত সৈয়দ আস্কবি খাঁ। | শ্রীযুত সৈয়দ তকি খাঁ।

তমলুক মুনিসিপালিটীর কমিশ্যনরেরা হামিলটন ইংরাজী স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু রাজেন্দ্রলাল গুপ্তকে ১৮৮০।৮১ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮০ সাল ২২ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা হাবড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

গাঞ্জেস মানুফকচুরিং কোম্পানির কার্য্যাধ্যক্ষ শ্রীযুত জি, আলেকজণ্ডর সাহেব।

হাবড়ার ধর্ম্মোপদেশক পাদরী শ্রীযুত ডবলিউ এ, হামিল্টন সাহেব।

কলিকাতা ডক কোম্পানির কার্য্যাধ্যক্ষ শ্রীযুত ডি, মাকলীন সাহেব।

সওদাগর ও জমীদার শ্রীযুত বাবু চন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায়।

সংস্কৃত কালেজের পণ্ডিত পণ্ডিত শ্রীযুত হরিনাথ শর্ম্মা।

সওদাগর ও ভূম্যধিকারি শ্রীযুত বাবু কালীকুমার কুণ্ডু।

চট্টগ্রাম মুনিসিপালিটীর কমিশ্যনরেরা আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, আর, পোপ সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮০ সাল ২৬ জুলাই।—মেদিনীপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ডবলিউ, ব্যাডকক সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮০ সাল ২৭ জুলাই।—শ্রীযুত জে, গিলবি সাহেবের পরিবর্ত্তে মহকুমার প্রধান কেরাণি শ্রীযুত বাবু রামলাল সাহা পাবনা জিলার অন্তর্গত সেরাজগঞ্জ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১০ আগষ্ট।]

The 28th July 1880 —Baboo Nilmone De, Medical Practitioner, is appointed to be a Commissioner of the North Suburban Municipality in the district of the 24-Pergunnahs, *vice* Mr. W Moir

The following gentlemen are re-appointed to be Commissioners of the above Municipality —

Baboo Kasi Nath Dutta.	Baboo Umesh Chandra Mukerjee

The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the above Municipality of Baboo Prosunno Kumar Banerjee to be their Vice-Chairman for the year 1880-81

ROAD CESS —*The 30th July* 1880 —Baboo Iswar Chandra Chakravarti is appointed to be a member of the Branch Road Cess Committee of Atia, in the district of Mymensing, *vice* Baboo Saroda Govinda Majumdar

The 2nd August 1880 —Mr H B Chardon, Zemindar, is appointed to be a member of the Branch Road Cess Committee of Jehanabad, in the district of Gya

The following notifications are republished from the *Assam Gazette* —

No 188 —*The* 17*th July* 1880 —Mr A J Primrose, C S, Assistant Commissioner Second Grade, is appointed to act as Deputy Commissioner, Fourth Grade, from the 7th to, the 14th instant

No 189.—*The* 21*st July* 1880 —Mr. C S Bayley, C S, whose services have been placed at the disposal of the Chief Commissioner by the Government of India, in the notification of the Home, Revenue, and Agricultural Department, No 304, dated the 7th July 1880, is appointed to officiate as Assistant Secretary to the Chief Commissioner, with effect from the 15th July 1880.

No 190.—Mr. Samuell Nicholls Walker, Acting Assistant District Superintendent of Police in Bengal, whose services have been placed at the disposal of the Chief Commissioner of Assam by the notification No 203, dated the 8th July 1880, published at page 856 of the *Gazette of India*, is posted to Shillong until further orders

HORACE A. COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 30*th July* 1880 —The undermentioned gentlemen of the Bengal Civil Service having passed examinations by the standards mentioned opposite their names, have been presented with the authorized donations —

	Standard of Examination		Amount of Donation Rs.
Mr. R H Anderson,	Higher Standard	in Persian	... 500
„ F E. Pargiter,	ditto	in Sanskrit	... 800
„ Brajendra Nath De,	ditto	ditto	. 800
„ F B. Harris,	High Proficiency	in Bengali	1,000

HORACE A. COCKERELL,
Secy. to the Govt of Bengal.

NOTIFICATION

The 30th July 1880 —Mr. J. van Someren Pope, Officiating Principal, Dacca College, having passed by the Proficiency Standard in Bengali at the examination held on the 5th instant, is allowed to draw the authorized donation of Rs. 1,000 under the rules for the encouragement of the study of Oriental languages among graded European officers of the Bengal Educational Service.

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal

[*Government Gazette*, 10*th August* 1880.]

১৮৮০ সাল ২৮ জুলাই।—শ্রীযুত ডবলিউ, মইর সাহেবের পরিবর্ত্তে চিকিৎসক শ্রীযুত নীলমণি দে, ২৪ পরগণা জিলার অন্তর্গত উত্তর শাখানগর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কাশীনাথ দত্ত। | শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখোপাধ্যায়।

উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায়কে ১৮৮০।৮১ সালের নিমিত্তে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর, সাহেব তাহা অনুমোদন করিলেন।

পথকর বিষয়ক।—১৮৮০ সাল ৩০ জুলাই।—শ্রীযুত বাবু শারদাগোবিন্দ মজুমদারের পরিবর্ত্তে শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তী ময়মনসিংহ জিলার অন্তর্গত আটিয়ার শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮০ সাল ২ আগষ্ট।—জমীদার শ্রীযুত এচ বি, চার্ডন সাহেব গয়া জিলার অন্তর্গত জাহানাবাদের শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 13th August 1880 —In continuation of the notification of the 18th August 1879, defining the limits of the Port of Calcutta, which was published at page 841 of the *Calcutta Gazette* of the 20th August 1879, the Lieutenant Governor is pleased, with the sanction of the Government of India, to declare, in accordance with the provisions of sections 5 and 6 of the Indian Ports Act (XII of 1875), that high water-mark shall extend to 15 09 feet above the sill of the Kidderpore dock, that being the highest point reached by ordinary spring-tides in any season of the year

2 On the Howrah side of the river this boundary has been defined and marked off by stone blocks fixed level with the river bank to mark the exact position of the 15 09 feet waterline, between the Port Commissioners' land at Sibpore on the south, and the southern boundary of the East Indian Railway Company's premises on the north, as shown on a plan submitted by the Commissioners

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 4th February 1880 —The Lieutenant-Governor is pleased to publish for general information the following Order in Council, and the Regulations appended thereto, for preventing collisions at sea, which will come into force on the 1st September 1880

H J REYNOLDS,
Secy to the Govt of Bengal.

[*Government Gazett* . 31*st August* 1880.]

সুন্দরবনের অন্তর্গত রক্ষিত বনহইতে যাইবার সময়ে রাজস্ব ষ্টেশনের কার্য্যাধ্যক্ষতা ভার প্রাপ্ত বনের এক জন কর্ত্তৃপক্ষের নিকট উক্ত অনুমতিপত্র ফিরাইয়া দিতেও বদ্ধ হইবেন। রাজস্ব ষ্টেশনের তালিকা সময়ে২ কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

৪ ধারা।—বনোৎপন্ন কোন দ্রব্য সুন্দরবনের অন্তর্গত রক্ষিত বনের মধ্যে চালান করিতে কিম্বা তথাহইতে বাহিরে লইয়া যাইতে হইলে কিম্বা উক্ত দ্রব্য কোন খালের ধারে কিম্বা নদীতে ভাসিয়া যাইতে দেখা গেলে সেই দ্রব্যের নিমিত্ত গবর্ণমেন্টের কিছু প্রাপ্য আছে এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে বনের কি পোলিসের কোন কর্ম্মচারী তাহা থামাইয়া তাহা পরীক্ষা করিতে পারিবেন।

এই বিধির ৩ ধারার উল্লিখিত রাজস্বের ষ্টেশনের তালিকা এই,—

১। দক্ষিণ ভোলা।
২। উত্তর ভোলা।
৩। পসর।
৪। খুলনা।
৫। ভদ্র।
৬। শীপশা।
৭। কয়রা।
৮। কবদক।
৯। ঈশ্বরীপুর (ইচ্ছামতী)
১০। বসন্তপুর।
১১। বাঘমন্ত্রণ।
১২। রামপুরা।
১৩। মাতলা।
১৪। রোগী।
১৫। সপ্তেরবোগ।
১৬। টেঙ্গরা খাল।
১৭। শামুকপোতা।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১২ আগষ্ট।—কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশনরেরা ৪৩৫ নং জেটীর মধ্যগত জেটী বাঁধ আরো বৃদ্ধি করিবার ও ১নং ইম্পোর্ট শেড ভাঙ্গিয়া ৪ নং জেটী ও তাহা পুনর্ব্বার নির্ম্মাণ করিবার নকশা ও ১,১২০,০০০৲ টাকা ব্যয়ের অনুমানপত্র আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৮০ সালের ১২ জুলাইর ১৮২ নং পত্রের সহিত প্রেরণ করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারামতে তাহা করিবার অনুমতি করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৩ আগষ্ট।—১৮৭৯ সালের আগষ্ট মাসের ২০ তারিখের কলিকাতা গেজেটের ৮৪১ পৃষ্ঠায় প্রকাশিত কলিকাতা বন্দরের সীমা নির্ণয় করণ বিষয়ক ১৮৭৯ সালের ১৮ আগষ্টের বিজ্ঞাপনের অতিরিক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব, ভারতবর্ষীয় গবর্ণমেন্টের অনুমোদনক্রমে ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের ১২ আইনের ৫ও ৬ ধারার বিধানুসারে আদেশ করিতেছেন যে, জলের অগ্রে উচ্চ দাগ খিদিরপুরের ডক ইয়ার্ডের কবাটের গোবরাটের ঊর্দ্ধে ১৫ ০৯ ফুট বিস্তৃত হইবে, উক্ত উচ্চ স্থানই বৎসরের সকল সময়ের কটালে জোয়ারের জল ঊর্দ্ধে উঠিবার সমানাতি অগ্রে উচ্চ স্থান।

২। দক্ষিণদিগে শিবপুরে পোর্ট কমিশনরদের ভূমি ও উত্তরদিগে ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির বাড়ার দক্ষিণ সীমা, এই উভয়ের মধ্যগত ঐ ১৫ ০৯ ফুট জলের দাগ ঠিক ঠিক করিবার জন্যে নদীর হাবড়া পারের এক সীমা, নদীর ধারের সঙ্গে সমতল করিয়া প্রস্তর স্তম্ভ বসাইয়া নির্দ্দিষ্ট ও চিহ্নিত করা গিয়াছে। কমিশনরেরা যে নক্সা পাঠাইয়াছেন তাহাতে ইহা দৃষ্ট হইবে।

এ, মাকেঞ্জি
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৪ ফেব্রুয়ারি।—সমুদ্র পথে জাহাজে জাহাজে ধাক্কা লাগা নিবারণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীশ্রীমতী মহারাণীর নিম্নলিখিত আজ্ঞা ও তৎসংযুক্ত বিধি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করিলেন। উক্ত আজ্ঞা ও বিধি ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর অবধি প্রবল হইবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৩১ আগষ্ট।]

At the Court at Osborne House, Isle of Wight, the 14th day of August 1879

PRESENT

THE QUEEN'S MOST EXCELLENT MAJESTY IN COUNCIL

WHEREAS by "The Merchant Shipping Act Amendment Act, 1862" it was enacted that on and after the first day of June one thousand eight hundred and sixty-three, or such later day as might be fixed for the purpose by Order in Council, the Regulations contained in the table marked C in the schedule to the said Act should come into operation and be of the same force as if they were enacted in the body of the said Act, but that Her Majesty might from time to time, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, by Order in Council, annul or modify any of the said Regulations, or make new Regulations in addition thereto or in substitution therefor, and that any alterations in, or additions to, such Regulations made in manner aforesaid should be of the same force as the Regulations in the said schedule

And whereas by the same Act it was further provided that whenever it should be made to appear to Her Majesty that the Government of any foreign country was willing that the Regulations for preventing collisions contained in Table C in the schedule to the said Act, or such other Regulations for preventing collisions as are for the time being in force under the said Act, should apply to the ships of such country when beyond the limits of British jurisdiction, Her Majesty might, by Order in Council, direct that such Regulations should apply to the ships of the said foreign country, whether within British jurisdiction or not, and it was further provided by the said Act that whenever an Order in Council had been issued applying any Regulation made by, or in pursuance of, the said Act to the ships of any foreign country, such ships should in all cases arising in any British court, be deemed to be subject to such Regulation, and should, for the purpose of such Regulation, be treated as if they were British ships

And whereas by an Order in Council made in pursuance of the said recited Act, and dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, Her Majesty was pleased to direct First, that the Regulations contained in the schedule to the said Act should be modified by the substitution for such Regulations of certain Regulations appended to the said Order,

Secondly, that the said Regulations appended to the said Order should, on and after the first day of June one thousand eight hundred and sixty-three, apply to French ships, whether within British jurisdiction or not

And whereas by several Orders in Council subsequently made, Her Majesty was pleased to direct that the Regulations appended to the said Order of the ninth of January one thousand eight hundred and sixty-three, should apply to ships of the countries specified in the said Orders, whether within British jurisdiction or not

And whereas by Order in Council, dated the thirtieth day of July one thousand eight hundred and sixty eight, Her Majesty, on the joint recommendation of the Admiralty and the Board of Trade, was pleased to make certain additions to the Regulations appended to the said first-recited Order in Council, for the purpose of explaining Articles 11 and 13 of the said Regulations, and of removing doubt and misapprehension concerning the effect of the said two Articles

And whereas the Admiralty and the Board of Trade have jointly recommended to Her Majesty that the Regulations contained in the Order in Council dated the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, shall be annulled from the first day of September one thousand eight hundred and eighty, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations hereinafter set forth

And whereas it has been made to appear to Her Majesty that the Governments of the several foreign countries mentioned in the second schedule hereto are respectively willing that the Regulations contained in the first schedule hereto shall apply to ships of the said countries respectively, whether within British jurisdiction or not

[*Government Gazette*, 31*st August* 1880]

১৮৭৯ সাল ১৪ আগষ্ট, বাইট দ্বীপস্থ অস্‌বোর্ণ রাজবাটীর সভাগৃহে, উপস্থিত মন্ত্রিসভাধিষ্ঠিতা মহামহিমান্বিতা শ্রীশ্রীমতী মহারাণী।

"সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৬২ সালের আইনে" বিধান ছিল যে ১৮৬৩ সালের জুন মাসের প্রথম তারিখ অবধি, অথবা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞাক্রমে পরবর্ত্তী যে তারিখ ধার্য্য করা যায় তদবধি উক্ত আইনের তফসীলের C চিহ্নিত টেবিলের বিধি কার্য্যকর হইলে ও উক্ত আইনের অঙ্গস্বরূপ হইয়া বিধিবদ্ধ হইলে যেরূপ বলবৎ হইত তদ্রূপ বলবৎ হইবে কিন্তু যুদ্ধজাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দিলে, শ্রীশ্রীমতী মহারাণী সময়ে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রকাশ করিয়া উক্ত বিধির কোন ধারা রহিত কি পরিবর্ত্তিত করিতে অথবা তদতিরিক্ত বা তৎপরিবর্ত্তে নূতন বিধি প্রণয়ন করিতে পারিবেন এবং পূর্ব্বোক্ত মতে উক্ত বিধিতে যে কোন পরিবর্ত্তন বা সংযোগ করা যায় তৎসমুদয় উক্ত তফসীলের অন্তর্গত বিধিবৎ ন্যায় বলবৎ হইবে।

ঐ আইনে আরো বিধান ছিল যে, ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনের তফসীলের C চিহ্নিত বিধি অথবা ধাক্কা লাগা নিবারণার্থ উক্ত আইনমত অন্য যে বিধি যৎকালে বলবৎ থাকে তাহা ব্রিটিষ বিচারাধিপত্যের সীমার বহির্ভূত স্থানে কোন ভিন্নদেশীয় জাহাজের প্রতি বর্ত্তে, উক্ত দেশের গবর্ণমেণ্টের ইহাতে সম্মতি আছে বলিয়া শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মান গেলে শ্রীশ্রীমতী মহারাণী মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া আদেশ করিতে পারিবেন যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, উক্ত ভিন্নদেশীয় জাহাজের প্রতি উক্ত বিধি বর্ত্তিবে, উক্ত আইনে আরো বিধান ছিল যে, উক্ত আইনের নির্দ্দিষ্ট কিম্বা তৎক্রমে প্রণীত কোন বিধি কোন ভিন্নদেশের জাহাজের প্রতি বর্ত্তাইবা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রচার করা গেলে, কোন ব্রিটিষ বিচারালয়ে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তৎসম্বন্ধে উক্ত জাহাজ উক্ত বিধির নিয়মাধীন বলিয়া জ্ঞান করা যাইবে এবং উক্ত বিধির কার্য্যপক্ষে ব্রিটিষ জাহাজ হইলে যেরূপ হইত ঐ জাহাজের প্রতি তদ্রূপ ব্যবহার করা যাইবে।

পূর্ব্বোল্লিখিত আইনক্রমে কৃত ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দ্বারা শ্রীশ্রীমতী মহারাণী এই আদেশ করেন,—প্রথমতঃ উক্ত আইনের তফসীলের বিধি পরিবর্ত্তিত করিয়া তাহার স্থানে উক্ত আজ্ঞা সংযুক্ত একটি বিধি দেওয়া যায়।

দ্বিতীয়তঃ ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ১৮৬৩ সালের ১ জুন তারিখ অবধি উক্ত আজ্ঞা সংযুক্ত উক্ত বিধি ফরাসী জাহাজের প্রতি বর্ত্তিবে।

পরে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর এক২ আজ্ঞাদ্বারা শ্রীশ্রীমতী মহারাণী আদেশ করেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের উক্ত আজ্ঞা সংযুক্ত বিধি, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, ঐ২ আজ্ঞার নির্দ্দিষ্ট দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

যুদ্ধজাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্যবিষয়ক বোর্ড একমত হইয়া পরামর্শ দেওয়াতে শ্রীশ্রীমতী মহারাণী ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা দিয়া, উক্ত প্রথমোল্লিখিত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞা সংযুক্ত বিধির ১১ ও ১৩ ধারার ব্যাখ্যা করণার্থ ও উক্ত দুই ধারার ফল সংক্রান্ত সন্দেহ ও ভ্রান্তি দূর করণার্থ উক্ত বিধিতে কোন২ কথা সংযোগ করেন।

উক্ত যুদ্ধ জাহাজের কার্য্যসাধক কর্ত্তৃপক্ষ ও বাণিজ্য বিষয়ক বোর্ড একমত হইয়া এক্ষণে পরামর্শ দিয়াছেন যে ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞার অন্তর্গত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞার উক্ত বিধিতে যে২ কথা সংযোগ করা যায় তাহা ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করিয়া উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত নূতন বিধি দেওয়া যায়।

আর শ্রীশ্রীমতী মহারাণীর প্রতীতি জন্মিয়াছে যে এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত ভিন্ন২ দেশের গবর্ণমেণ্টের ইচ্ছা এই যে, ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানেই হউক বা না হউক এতৎ সংযুক্ত প্রথম তফসীলের বিধি ঐ২ দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩১ আগষ্ট।]

Now therefore Her Majesty, by virtue of the powers vested in Her by the said recited Act, and by and with the advice of Her Privy Council, is pleased to direct—

First, that on and after the first day of September one thousand eight hundred and eighty, the Regulations appended to the said Order in Council of the ninth day of January one thousand eight hundred and sixty-three, and the additions to the said Regulations contained in the said Order in Council of the thirtieth day of July one thousand eight hundred and sixty-eight, shall be annulled, and that there shall be substituted for the said Regulations and additions respectively the new Regulations contained in the first schedule hereto

Second, that the said Regulations contained in the said first schedule hereto shall, from and after the first day of September one thousand eight hundred and eighty, apply to ships of the countries mentioned in the said second schedule hereto, whether within British jurisdiction or not.

C L PEEL

FIRST SCHEDULE

REGULATIONS FOR PREVENTING COLLISIONS AT SEA.

Preliminary

ART. 1. In the following rules every steam-ship which is under sail and not under steam is to be considered a sailing ship; and every steam-ship which is under steam, whether under sail or not, is to be considered a ship under steam

Rules Concerning Lights

ART 2 The lights mentioned in the following Articles, numbered 3, 4, 5, 6, 7, 8, 9, 10, and 11, and no others, shall be carried in all weathers, from sunset to sunrise

ART 3 A sea-going steam-ship when under way shall carry—

(a) On or in front of the foremast, at a height above the hull of not less than 20 feet and if the breadth of the ship exceeds 20 feet, then at a height above the hull not less than such breadth, a bright white light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 20 points of the compass, so fixed as to throw the light 10 points on each side of the ship, viz from right ahead to 2 points abaft the beam on either side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least five miles

(b.) On the starboard side, a green light so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass, so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the starboard side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles

(c) On the port side, a red light, so constructed as to show an uniform and unbroken light over an arc of the horizon of 10 points of the compass, so fixed as to throw the light from right ahead to 2 points abaft the beam on the port side, and of such a character as to be visible on a dark night, with a clear atmosphere, at a distance of at least two miles

(d.) The said green and red side lights shall be fitted with inboard screens projecting at least three feet forward from the light, so as to prevent these lights from being seen across the bow

ART 4 A steam-ship, when towing another ship, shall, in addition to her side lights carry two bright white lights in a vertical line one over the other, not less than three feet apart, so as to distinguish her from other steam-ships Each of these lights shall be of the same construction and character, and shall be carried in the same position, as the white light which other steam-ships are required to carry

ART 5 A ship, whether a steam-ship or a sailing ship, when employed either in laying or in picking up a telegraph cable, or which from any accident is not under command, shall at night carry in the same position as the white light which steam-ships are required to carry, and, if a steam-ship, in place of that light, three red lights in globular lanterns, each not less than 10 inches in diameter, in a vertical line one over the other, not less than three feet apart.

এই নিমিত্ত পূর্ব্বোল্লিখিত আইনে শ্রীশ্রীমতীর প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি একণে স্বীয় মন্ত্রিসভার উপদেশক্রমে এই আদেশ করিতেছেন,

(১) ১৮৬৩ সালের ৯ জানুয়ারি তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞাসংযুক্ত বিধি এবং ১৮৬৮ সালের ৩০ জুলাই তারিখের মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর আজ্ঞার উক্ত বিধিতে যেং কথা সংযোগ করা যায় তাহা ৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি রহিত করা যা উক্ত বিধি ও সংযুক্ত কথার পরিবর্ত্তে এতৎসংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত নূতন বিধি দেওয়া হইবে।

(২) এতৎসংযুক্ত প্রথম তফসীলের অন্তর্গত উক্ত বিধি, ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর তারিখ-অবধি ব্রিটিষ বিচারাধিপত্যের অন্তর্গত স্থানে হউক বা না হউক, এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের উল্লিখিত দেশের জাহাজের প্রতি বর্ত্তিবে।

সি, এল, পীল।

প্রথম তফসীল।

সমুদ্রপথে জাহাজে২ ধাক্কা লাগা নিবারণার্থ বিধি।

উপক্রমণিকা।

১ ধারা। নিম্নলিখিত বিধিতে কোন কলের জাহাজ বাষ্পের বলে না যাইয়া পাইল ভরে গেলে পাইল ভরে গামী জাহাজ বলিয়া গণ্য হইবে এবং কোন কলের জাহাজ বাষ্পের বলে গেলে, পাইলভরে যাউক বা না যাউক, বাষ্পের বলে গামী বা কলের জাহাজ বলিয়া গণ্য হইবে।

আলোক সংক্রান্ত বিধি।

২ ধারা। ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ ও ১১ চিহ্নিত নিম্নলিখিত কএক ধারায় যেং আলোকের উল্লেখ আছে, আকাশের সকল অবস্থায় সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয় পর্য্যন্ত সময়ে সেইং আলোক জ্বালিয়া রাখিতে হইবে, অন্য আলোক নহে।

৩ ধারা। সমুদ্রগামী কলের জাহাজ চালাইবার সময়ে—

(ক) অগ্রস্থ মাস্তুলের উপরে বা সম্মুখভাগে খোল হইতে অন্যূন বিশ ফুট ঊর্দ্ধে, এবং জাহাজ বিশ ফুট অপেক্ষা চৌড়া হইলে, খোল হইতে অন্যূন ঐ চৌড়ামত ঊর্দ্ধে একটী উজ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ২০ পাইণ্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে জাহাজের প্রত্যেক পার্শ্বে ১০ পাইণ্ট পরিমিত আলোক পড়ে, অর্থাৎ ঠিক সম্মুখ দিক্ হইতে প্রত্যেক পার্শ্ব ২ পাইণ্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন পাঁচ মাইল দূর হইতে দেখা যায়।

(খ) ডাইন পার্শ্বে সবুজ রঙ্গের আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইণ্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক্ হইতে ডাইন পার্শ্বে ২ পাইণ্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায়।

(গ) বাম পার্শ্বে লাল আলোক জ্বালিয়া রাখিতে হইবে। ঐ আলোক এরূপে প্রস্তুত করিতে হইবে যে কম্পাসের ১০ পাইণ্ট পরিমিত দিঙ্মণ্ডল ভাগের উপর সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়। উহা এরূপে রাখিতে হইবে যে ঠিক সম্মুখ দিক হইতে বামপার্শ্বে ২ পাইণ্ট পরিমিত আলোক পিছাইয়া পড়ে। উহা এপ্রকারের হইবে যে অন্ধকার রাত্রিতে, আকাশ পরিষ্কার থাকিলে, অন্যূন দুই মাইল দূর হইতে দেখা যায়।

(ঘ) আলোক হইতে সম্মুখ দিকে অন্যূন ৩ ফুট দূরে জাহাজের উপর পর্দ্দা দিয়া উক্ত সবুজ ও লাল আলোক এরূপে রাখিতে হইবে যে পুরোভাগ দিয়া এই আলোক দেখা না যায়।

৪ ধারা। কলের জাহাজ যখন অন্য জাহাজ টানিয়া লইয়া যায়, তখন পার্শ্বের আলোকের অতিরিক্ত অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ঊর্দ্ধাধোভাবে দুইটি উজ্বল শাদা আলোক জ্বালিয়া রাখিতে হইবে, ইহাতে অন্য কলের জাহাজ হইতে ঐ জাহাজটি বিশেষ করিয়া জানা যাইবে এই দুইটি আলোক একই রূপে প্রস্তুত ও একই প্রকারের হইবে, এবং অন্য কলের জাহাজে শাদা আলোক যে স্থানে জ্বালিয়া রাখিবার আদেশ আছে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে।

৫ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভরে গামী জাহাজই হউক, টেলিগ্রাফের তার বসাইতে বা কুড়াইয়া লইতে নিযুক্ত থাকিলে, কিম্বা কোন দুর্ঘটনা বশতঃ অধ্যক্ষশূন্য হইল কলের জাহাজের যে স্থানে শাদা আলোক জ্বালিয়া রাখিবার আদেশ আছে রাত্রিকালে সেই স্থানে জ্বালিয়া রাখিতে হইবে, ও কলের জাহাজ হইলে, ঐ আলোকের পরিবর্ত্তে গোলাকার লাণ্ঠনের মধ্যে তিনটি রাঙ্গা আলোক জ্বালিয়া রাখিতে হইবে। প্রত্যেক লাণ্ঠনের ব্যাস অন্যূন ১০ ইঞ্চি পরিমিত হইবে, এবং ঐ গুলি

and shall by day carry in a vertical line one over the other, not less than three feet apart, in front of, but not lower than, her foremast head, three black balls or shapes, each two feet in diameter

These shapes and lights are to be taken by approaching ships as signals that the ship using them is not under command, and cannot therefore get out of the way

The above ships when not making any way through the water, shall not carry the side lights, but when making way shall carry them

ART 6 A sailing ship under way, or being towed, shall carry the same lights as are provided by Article 3 for a steam ship under way, with the exception of the white light, which she shall never carry

ART 7 Whenever, as in the case of small vessels during bad weather, the green and red side lights cannot be fixed, these lights shall be kept on deck, on their respective sides of the vessel, ready for use and shall, on the approach of or to other vessels, be exhibited on their respective sides in sufficient time to prevent collision, in such manner as to make them most visible, and so that the green light shall not be seen on the port side, nor the red light on the starboard side

To make the use of these portable lights more certain and easy, the lanterns containing them shall each be painted outside with the colour of the light they respectively contain, and shall be provided with proper screens

ART 8 A ship, whether a steam-ship or a sailing ship, when at anchor, shall carry, where it can best be seen, but at a height not exceeding 20 feet above the hull, a white light, in a globular lantern of not less than eight inches in diameter, and so constructed as to show a clear uniform and unbroken light visible all round the horizon, at a distance of at least one mile

ART 9 A pilot vessel, when engaged on her station on pilotage duty, shall not carry the lights required for other vessels, but shall carry a white light at the mast-head visible all round the horizon, and shall also exhibit a flare-up light or flare-up lights at short intervals which shall never exceed fifteen minutes

A pilot vessel, when not engaged on her station on pilotage duty, shall carry lights similar to those of other ships

ART 10 (a)—Open fishing boats and other open boats when under way shall not be obliged to carry the side lights required for other vessels, but every such boat shall in lieu thereof have ready at hand a lantern with a green glass on the one side and a red glass on the other side, and on the approach of or to other vessels such lantern shall be exhibited in sufficient time to prevent collision, so that the green light shall not be seen on the port side, nor the red light on the starboard side

(b)—A fishing vessel and an open boat when at anchor shall exhibit a bright white light

(c)—A fishing vessel when employed in drift net fishing, shall carry on one of her masts two red lights in a vertical line one over the other, not less than three feet apart

(d)—A trawler at work shall carry on one of her masts two lights in a vertical line one over the other, not less than three feet apart, the upper light red and the lower green, and shall also either carry the side lights required for other vessels, or if the side lights cannot be carried, have ready at hand the coloured lights as provided in Article 7, or a lantern with a red and a green glass as described in paragraph (a) of this Article

(e)—Fishing vessels and open boats shall not be prevented from using a flare-up in addition if they desire to do so

(f)—The lights mentioned in this Article are substituted for those mentioned in the 12th, 13th, and 14th Articles of the Convention between France and England scheduled to the British Sea Fisheries Act, 1868

(g)—All lights required by this Article, except side lights, shall be in globular lanterns so constructed as to show all round the horizon.

[*Government Gazette*, 31st *August* 1880.]

একটির উপর একটি করিয়া অন্যূন তিন২ ফুট অন্তর উর্দ্ধাধোভাবে রাখিতে হইবে। দিবসে অগ্র মাস্তুলের মাথার নীচে না পড়ে এরূপে তাহার সম্মুখভাগে অন্যূন ৩ ফুট অন্তর একটির উপর একটি করিয়া ২ ফুট ব্যাস বিশিষ্ট তিনটি কাল বর্ত্তুল বা পুত্তলিকা উর্দ্ধাধোভাবে রাখিতে হইবে।

এই সকল পুত্তলিকা ও আলোক যে জাহাজ ব্যবহার করে সেই জাহাজ অধীনক্ষম না ও তন্নিমিত্ত রাস্তা হইতে সরিয়া যাইতে পারে না, উক্ত পুত্তলিকা ও আলোক সমীপগামি জাহাজ গুলিতে এইরূপ সিঙ্কেল বলিয়া বিবেচিত হইবে।

জলপথে না চলিবার সময়ে উক্ত জাহাজে পার্শ্বালোক দিতে হইবে না, কিন্তু চলিবার সময়ে দিতে হইবে।

৬ ধারা। পাইলভার গামী কোন জাহাজ যখন চলিতে থাকে অথবা যখন তাহা অন্য জাহাজ দ্বারা টানিয়া লইয়া যাওয়া যায়, তখন চলিবার সময়ে অন্যের জাহাজের নিমিত্ত ৩ ধারায় যে ২ আলোকের বিধান আছে তাহাতেও সেই২ আলোক জ্বালিয়া রাখিতে হইবে। কিন্তু তাহাতে শাদা আলোক কখনও জ্বালিয়া রাখিতে হইবে না।

৭ ধারা। অতিবৃষ্টির সময়ে ক্ষুদ্র জাহাজের সম্বন্ধে যেরূপ ঘটে সেইরূপ যখন সবুজ ও লাল পার্শ্বালোক স্থির করিয়া রাখিতে পারা যায় না ঐ ২ আলোক জাহাজের যথাযোগ্য পার্শ্বে ব্যবহারার্থ প্রস্তুত করিয়া ডেকের উপর রাখিতে হইবে, এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে ধাক্কা লাগা নিবারণার্থে যথাকালে যথাযোগ্য পার্শ্বে এরূপ দেখাইতে হইবে যে ঐ আলোক অত্যুৎকৃষ্টরূপে দেখা যায় ও সবুজ আলোক বাম পার্শ্বে দেখা না যায় ও লাল আলোক ডাহিন পার্শ্বে দেখা না যায়।

সহজে সঞ্চালনযোগ্য ঐ আলোকের ব্যবহার অধিকতর নিশ্চিত ও সহজ করিবার নিমিত্ত ঐ আলোক যে লাণ্ঠনে থাকে তাহার বহির্ভাগে উক্ত আলোকের রং লাগাইতে হইবে, এবং ঐ লাণ্ঠনে যথাযোগ্য আবরণ দিতে হইবে।

৮ ধারা। কোন জাহাজ কলের জাহাজই হউক বা পাইলভার গামী জাহাজই হউক যখন লঙ্গর ফেলিয়া থাকে, খোল হইতে ২০ ফুটের অনধিক উচ্চ যেখানে বড় ভাল দেখা যায় একটি শাদা আলোক জ্বালিয়া রাখিবে। অন্যূন ৮ ইঞ্চি ব্যাসবিশিষ্ট গোলাকার লাণ্ঠনে ঐ আলোক রাখিতে হইবে ও উহা এরূপে প্রস্তুত করিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে অন্যূন এক মাইল দূরে পরিষ্কার সমান ও অবিচ্ছিন্ন আলোক দেখায়।

৯ ধারা। আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত থাকিলে, অন্য জাহাজে যে২ আলোক জ্বালিয়া রাখিতে হয় সেই২ আলোক জ্বালিয়া রাখিবে না, কিন্তু দিঙ্মণ্ডলের সকল দিক হইতে দেখা যায় এরূপ একটি শাদা আলোক মাস্তুলের মাথায় জ্বালিয়া রাখিবে, এবং পনের মিনিটের অনধিক সময়ান্তরে এক বা একাধিক অত্যুজ্জ্বল আলোকও দেখাইবে।

আড়কাটীর জাহাজ আপন ষ্টেশনে আড়কাটীর কর্ম্ম করিতে নিযুক্ত না থাকিলে, অন্যান্য জাহাজের ন্যায় আলোক জ্বালিয়া রাখিবে।

১০ ধারা। মৎস্য ধরিবার খোলা নৌকা ও অন্য প্রকারের খোলা নৌকা যৎকালে চলিতে থাকে, অন্য জাহাজাদির ন্যায়, তাহাতে পার্শ্বালোক জ্বালিয়া রাখিতে হইবে না কিন্তু উহার পরিবর্ত্তে তাহাতে এক পার্শ্বে সবুজ ও এক পার্শ্বে লাল রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে এবং অন্য জাহাজ বা জাহাজের নিকটস্থ হইলে, ধাক্কা লাগা নিবারণার্থ যথাকালে ঐ লাণ্ঠন এরূপ দেখাইতে হইবে যে সবুজ আলোক বাম পার্শ্বে দেখা যাইবে না ও লাল আলোক ডাহিন পার্শ্বে দেখা যাইবে না।

(খ) মৎস্য ধরিবার জাহাজাদি ও খোলা নৌকা লঙ্গর ফেলিয়া থাকিলে একটি উজ্জ্বল শাদা আলোক দেখাইবে।

(গ) মৎস্য ধরিবার জাহাজাদি মৎস্য ধরণার্থে জাল ফেলিয়া পড়াইয়া দিয়া যাইবার সময়ে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি লাল আলোক জ্বালিয়া রাখিবে।

(ঘ) ট্রলর অর্থাৎ যে জাহাজাদি টানা জাল ফেলিয়া যায় তাহা যৎকালে উক্ত কার্য্যে নিযুক্ত থাকে তাহাতে একটি মাস্তুলের উপর অন্যূন তিন ফুট অন্তর একটির উপর একটি করিয়া উর্দ্ধাধোভাবে দুইটি আলোক জ্বালিয়া রাখিতে হইবে। উপরের আলোকটি লাল ও নীচের আলোকটি সবুজ রঙ্গের হইবে। আর তাহাতে অন্য জাহাজাদির ন্যায় পার্শ্বালোক ও রাখিতে হইবে, অথবা পার্শ্বালোক রাখিতে না পারা গেলে, ৭ ধারার বিধানমতে রঙ্গি আলোক অথবা এই ধারার (ক) প্রকরণমত লাল ও সবুজ রঙ্গের কাচযুক্ত লাণ্ঠন প্রস্তুত করিয়া রাখিতে হইবে।

(ঙ) মৎস্য ধরিবার জাহাজাদিতে ও খোলা নৌকায় এতদতিরিক্ত একটী অত্যুজ্জ্বল আলোক ও ব্যবহার করিতে চাহিলে, তাহা নিবারণ করা যাইবে না।

(চ) সমুদ্রে মৎস্য ধরণ বিষয়ক ১৮৬৮ সালের ইঙ্গলণ্ডের আইনের তফসীলে ফ্রান্সের সহিত ইঙ্গলণ্ডের যে সন্ধিপত্র প্রদত্ত হইয়াছে তাহার ১১ ও ১৩ ও ১৪ ধারার লিখিত আলোকের পরিবর্ত্তে এই ধারার লিখিত আলোক দিতে হইবে।

(ছ) পার্শ্বালোক ছাড়া এই ধারার আদেশমত সমুদয় আলোক এপ্রকারে নির্ম্মিত গোলাকার লাণ্ঠনে দিতে হইবে যে দিঙ্মণ্ডলের সকল দিকে দেখা যায়।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ৩১ আগষ্ট।]

ART 11 A ship which is being overtaken by another shall show from her stern to such last-mentioned ship a white light or a flare-up light

Sound signals for Fog, &c

ART 12 A steam-ship shall be provided with a steam whistle, or other efficient steam sound signal, so placed that the sound may not be intercepted by any obstructions, and with an efficient fog-horn to be sounded by bellows or other mechanical means, and also with an efficient bell A sailing ship shall be provided with a similar fog-horn and bell

In fog, mist, or falling snow, whether by day or night, the signals described in this Article shall be used as follows, that is to say—

(*a*)—A steam-ship under way shall make with her steam whistle or other steam sound signal, at intervals of not more than two minutes, a prolonged blast

(*b*)—A sailing ship under way shall make with her fog-horn, at intervals of not more than two minutes, when on the starboard tack one blast, when on the port tack two blasts in succession, and when with the wind abaft the beam three blasts in succession

(*c*)—A steam-ship and a sailing ship when not under way shall, at intervals of not more than two minutes, ring the bell

Speed of Ships to be moderate in Fog, &c

ART 13 Every ship whether a sailing ship or steam-ship, shall in a fog, mist, or falling snow, go at a moderate speed

Steering and Sailing Rules

ART 14 When two sailing ships are approaching one another, so as to involve risk of collision, one of them shall keep out of the way of the other as follows, viz —

(*a*)—A ship which is running free shall keep out of the way of a ship which is close-hauled

(*b*)—A ship which is close hauled on the port tack shall keep out of the way of a ship which is close-hauled on the starboard tack

(*c*)—When both are running free with the wind on different sides, the ship which has the wind on the port side shall keep out of the way of the other

(*d*)—When both are running free with the wind on the same side, the ship which is to windward shall keep out of the way of the ship which is to leeward

(*e*)—A ship which has the wind aft shall keep out of the way of the other ship

ART 15 If two ships under steam are meeting end on, or nearly end on, so as to involve risk of collision, each shall alter her course to starboard, so that each may pass on the port side of the other

This Article only applies to cases where ships are meeting end on, or nearly end on, in such a manner as to involve risk of collision, and does not apply to two ships which must if both keep on their respective courses, pass clear of each other

The only cases to which it does apply are, when each of the two ships is end on, or nearly end on to the other, in other words to cases in which by day each ship sees the masts of the other in a line, or nearly in a line, with her own and by night, to cases in which each ship is in such a position as to see both the side lights of the other

It does not apply by day to cases in which a ship sees another ahead crossing her own course, or by night, to cases where the red light of one ship is opposed to the red light of the other, or where the green light of one ship is opposed to the green light of the other, or where a red light without a green light, or a green light without a red light is seen ahead, or where both green and red lights are seen anywhere but ahead

ART 16 If two ships under steam are crossing so as to involve risk of collision, the ship which has the other on her own starboard side shall keep out of the way of the other

ART 17 If two ships, one of which is a sailing ship and the other a steam-ship, are proceeding in such directions as to involve risk of collision, the steam-ship shall keep out of the way of the sailing ship

[*Government Gazette*, 31*st August* 1880]

১১ ধারা। পশ্চাদ্দিক হইতে অন্য একখান জাহাজ আসিয়া যে জাহাজকে ধরে, সেই জাহাজের পশ্চাদ্ভাগ হইতে প্রথমোক্ত জাহাজকে একটি শাদা আলোক বা অত্যুজ্জ্বল আলোক দেখাইবে।

কুয়াসা প্রভৃতিতে শব্দের সিকনেলের বিধি।

১২ ধারা। কলের জাহাজে বাষ্পঘটিত বাঁশী অথবা অন্য কার্য্যকর বাষ্পঘটিত শব্দের সিকনেল থাকিবে। তাহা এরূপে রাখিতে হইবে যে কোন পদার্থ দ্বারা শব্দ বিস্তারের প্রতিবন্ধকতা না হয় এতদ্ব্যতীত কুয়াসাকালীন কার্য্যকর শিঙ্গা থাকিবে, তাহা জাঁতা বা অন্য যন্ত্রদ্বারা বাজাইতে হইবে, আর একটি কার্য্যকর ঘণ্টা থাকিবে। পাইল ভরে গামি জাহাজেও তদ্রূপ কুয়াসাকালীন শিঙ্গা ও ঘণ্টা থাকিবে।

অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়, দিনেই হউক বা রাত্রিতেই হউক, এই ধারার বর্ণিত সিকনেলগুলি পশ্চাল্লিখিতমত ব্যবহার করিতে হইবে, যথা,

(ক) কলের জাহাজ চলিবার সময়ে বাষ্পঘটিত বাঁশী বা অন্য বাষ্পঘটিত শব্দের সিকনেল দিয়া দুই মিনিটের অনধিক কালান্তে দীর্ঘস্থায়ি শব্দ করিবে।

(খ) পাইল ভরে গামী জাহাজ চলিবার সময়ে কুয়াসাকালীন শিঙ্গা দ্বারা দুই মিনিটের অনধিক কালান্তর, ডাইন দিকে গমন কালে একটি শব্দ ও বামদিকে গমন কালে ক্রমিক দুইটি শব্দ ও বায়ুর প্রতিকূলে গমন কালে ক্রমিক তিনটি শব্দ করিবে।

(গ) কলের জাহাজ ও পাইলভরে গামি জাহাজ যৎকালে না চলে, দুই মিনিটের অনধিক কালান্তে ঘণ্টা বাজাইবে।

কুয়াসা প্রভৃতিতে জাহাজের বেগ অল্প হইবার বিধি।

১৩ ধারা। কোন জাহাজ পাইলভরে গামি জাহাজই হউক বা কলের জাহাজই হউক, অধিক বা অল্প কুয়াসায় বা বরফ পড়িবার সময়ে অল্পবেগে চলিবে।

দূর হইতে দেখিবার ও পাইল তুলিয়া যাইবার বিধি।

১৪ ধারা। পাইলভরে গামি দুইখান জাহাজ যদি এরূপে পরস্পরের নিকটবর্ত্তী হইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে তন্মধ্যে একখান নিম্নলিখিত মতে অন্য খানির পথ হইতে সরিয়া যাইবে, যথা,

(ক) কোন জাহাজ অনুকূল বায়ু পাইয়া চলিতে থাকিলে, বায়ুর প্রতিকূলগামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(খ) যে জাহাজ বায়ুর প্রতিকূলে বাম দিক যাইতেছে, তাহা বায়ুর প্রতিকূলে ডাইন দিক্ গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(গ) ভিন্ন২ পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, যে জাহাজের বাম পার্শ্ব হইতে বায়ু লাগে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঘ) একই পার্শ্ব হইতে অনুকূল বায়ু পাইয়া দুইটি জাহাজ চলিতে থাকিলে, বাতাসের দিকে যে জাহাজ থাকে তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

(ঙ) যে জাহাজের পিছে বাতাস লাগে, তাহা অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

৫ ধারা। বাষ্পবলে গামি দুইখান জাহাজ যদি এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয় তবে প্রত্যেক জাহাজই এরূপে ডাইনে সরিয়া যাইবে যে একটি অন্যটির বাম দিকে চলিয়া যাইতে পারে।

যে স্থলে জাহাজদ্বয় এরূপে প্রান্তে২ বা প্রায় প্রান্তে২ মিলে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয় কেবল সেই স্থলে এই ধারার বিধান খাটে, এবং যে স্থলে দুইখান জাহাজ আপন২ পথে থাকিলে পাশ দিয়া চলিয়া যাইবে, সেই স্থলে খাটে না।

যে স্থলে একখান জাহাজ অন্য আর একখান জাহাজের সহিত প্রান্তে২ অথবা প্রায় প্রান্তে২ মিলে, অর্থাৎ যে স্থলে দিবাভাগে এক জাহাজের লোক অপর জাহাজের মাস্তুল আপন জাহাজের মাস্তুলের সহিত সমসূত্রে বা প্রায় সমসূত্রে দেখিতে পায়, এবং যে স্থলে রাত্রিকালে, প্রত্যেক জাহাজ এরূপ স্থানে থাকে যে তাহা হইতে অন্য জাহাজের উভয় পার্শ্বালোক দেখা যায়, কেবল সেই স্থলেই এই ধারার বিধান খাটে।

দিবাভাগে যে স্থলে এক জাহাজ হইতে দৃশ্যমান সম্মুখদিকে তাহার পথ পার হইয়া অন্য জাহাজ যাইতেছে, অথবা রাত্রিকালে যে স্থলে এক জাহাজের লাল আলোক অন্য জাহাজের লাল আলোকের সম্মুখে পড়ে, কিম্বা এক জাহাজের সবুজ আলোক অন্য জাহাজের সবুজ আলোকের সম্মুখে পড়ে, কিম্বা সবুজ আলোক বিনা লাল আলোক বা লাল আলোক বিনা সবুজ আলোক সম্মুখ দিকে দেখা যায়, কিম্বা সম্মুখ দিকে না হইয়া অন্যত্র সবুজ ও লাল উভয় আলোকই দেখা যায়, সেই স্থলে এই ধারার বিধান খাটে না।

১৬ ধারা। যদি বাষ্পবলে গামি দুইখান জাহাজ পরস্পরের পথ এরূপে কাটিয়া যায় যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তবে যে জাহাজের ডাইন দিকে অন্য জাহাজ থাকে সেই জাহাজ সেই অন্য জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

৭ ধারা। যদি একখান পাইলভরে গামি জাহাজ ও একখান কলের জাহাজ এরূপে কোন দিকে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, কলের জাহাজ পাইলভরে গামি জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩১ আগষ্ট।।

ART 18 Every steam ship when approaching another ship, so as to involve risk of collision, shall slacken her speed, or stop and reverse if necessary

ART 19 In taking any course authorized or required by these Regulations a steam-ship under way may indicate that course to any other ship which she has in sight by the following signals on her steam whistle, viz —

One short blast to mean—"I am directing my course to starboard"

Two short blasts to mean—"I am directing my course to port"

Three short blasts to mean—"I am going full speed astern"

The use of these signals is optional, but if they are used, the course of the ship must be in accordance with the signal made

ART 20 Notwithstanding anything contained in any preceding Article every ship, whether a sailing ship or steam-ship, overtaking any other, shall keep out of the way of the overtaken ship

ART 21 In narrow channels every steam-ship shall, when it is safe and practicable keep to that side of the fair way or midchannel which lies on the starboard side of such ship

ART 22 Where by the above rules one of two ships is to keep out of the way the other shall keep her course

ART 23 In obeying and construing these rules due regard shall be had to all dangers of navigation, and to any special circumstances which may render a departure from the above rules necessary in order to avoid immediate danger

No Ship under any circumstances to neglect proper precautions

ART 24. Nothing in these rules shall exonerate any ship, or the owner, or master, or crew thereof, from the consequences of any neglect to carry lights or signals, or of any neglect to keep a proper look out, or of the neglect of any precaution which may be required by the ordinary practice of seamen, or by the special circumstances of the case

Reservation of Rules for Harbours and Inland Navigation

ART 25 Nothing in these rules shall interfere with the operation of a special rule duly made by local authority relative to the navigation of any harbour, river, or inland navigation

Special Lights for Squadrons and Convoys

ART 26 Nothing in these rules shall interfere with the operation of any special rules made by the Government of any nation with respect to additional station and signal lights for two or more ships of war, or for ships sailing under convoy

SECOND SCHEDULE

Austria Hungary	Italy
Belgium	Netherlands
Chili	Norway
Denmark	Portugal
France	Russia
Germany	Spain
Great Britain	Sweden.
Greece	United States.

JUDICIAL DEPARTMENT

No 3856A

The 13th August 1880 —The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the bench of Magistrates at the Sudder Station, in the district of Howrah, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Mr A M Britton, Managing Assistant, Shibpore Mills.

Baboo Biprodas Mookerjee, Government Pensioner

„ Nobin Chunder Banerjea, Medical Practitioner and Municipal Commissioner

„ Hurry Mohan Basu, Zemindar and Municipal Commissioner.

„ Ram Das Moitra, Pleader

„ Radha Nath Haldar, Zemindar

[*Government Gazette*, 31*st August* 1880]

১৮ ধারা। কোন কলের জাহাজ যখন এরূপে অন্য কোন জাহাজের নিকটে যাইতে থাকে যে ধাক্কা লাগিবার সম্ভাবনা হয়, তখন আপন বেগ কমাইবে অথবা আবশ্যক হইলে বেগ বন্ধ করিবে ও উল্টাইয়া দিবে।

১৯ ধারা। এই বিধিমতে যে পথে যাইবার অনুমতি বা আদেশ আছে সেই পথে যাইবার সময়ে কোন কলের জাহাজ হইতে অন্য যে জাহাজ দেখা যায় সেই জাহাজের লোকদিগকে উক্ত পথ জ্ঞাপন করিবার নিমিত্ত বাষ্পঘটিত বাঁশীতে নিম্নলিখিত সিকনেল দেওয়া যাইতে পারিবে, অর্থাৎ,

একবার শব্দ করিবার অর্থ এই—"আমি ডাইন দিকে যাইতেছি।"

দুইবার শব্দ করিবার অর্থ এই—"আমি বাম দিকে যাইতেছি।"

তিনবার শব্দ করিবার অর্থ এই—"আমি পূর্ণবেগে পশ্চাদ্দিকে যাইতেছি।"

এই সকল সিকনেল ব্যবহার করা স্বেচ্ছাধীন। কিন্তু সিকনেল ব্যবহার করা গেলে, ঐ সিকনেল অনুসারে জাহাজ চালাইতে হইবে।

২০ ধারা। পূর্ব্ব কোন ধারার অর্থান্তরের কথা থাকিলেও পাইলভরে গামী জাহাজই হউক বা কলের জাহাজই হউক, যে জাহাজ অন্য কোন জাহাজকে যাইয়া ধরে, সেই জাহাজ ধৃত জাহাজের পথ হইতে সরিয়া যাইবে।

২১ ধারা। সঙ্কীর্ণ জলপ্রণালীতে নির্ব্বিঘ্ন ও সাধ্য হইলে, কলের জাহাজের ডাইন দিকে ভাল পথের বা মধ্যনালার যে পার্শ্ব পড়ে, উক্ত জাহাজ সেই পার্শ্ব দিয়া চলিবে।

২২ ধারা। উপরি লিখিত বিধানক্রমে যে স্থলে দুইখান জাহাজের মধ্যে এক খানের পথ হইতে সরিয়া যাইতে হইবে, অপর খান আপন পথে চলিতে থাকিবে।

২৩ ধারা। এই বিধি পালন করিবার ও তাহার অর্থ করিবার সময়ে নৌযাত্রার সমুদয় বিপদের প্রতি ও উপস্থিত বিপদ এড়াইবার নিমিত্ত যেং বিশেষ অবস্থায় উপরি লিখিত বিধান লঙ্ঘন করা আবশ্যক হয় সেই অবস্থার প্রতি যথোচিত মনোযোগ দিতে হইবে।

কোন অবস্থায় কোন জাহাজের যথোচিত সাবধান হইতে উপেক্ষা না করিবার কথা।

২৪ ধারা। আলোক বা সিকনেল লইতে উপেক্ষা করাতে, কিম্বা উপযুক্ত দৃষ্টি রাখিতে উপেক্ষা করাতে, কিম্বা নাবিকদের প্রচলিত রীতিক্রমে বা বিশেষ অবস্থানুসারে যেরূপ সাবধানতা আবশ্যক হয় তৎপ্রতি উপেক্ষা করাতে, যে ফলভোগ হয়, এই বিধির কোন কথায় কোন জাহাজ বা তাহার স্বামী বা কাপ্তান বা মাল্লারা সেই ফলভোগ হইতে মুক্ত হইবে না।

বন্দরের ও আভ্যন্তরিক নৌযাত্রার বিধি সংরক্ষণের কথা।

২৫ ধারা। কোন বন্দরে বা নদীতে জল পথে গমনাগমন বা আভ্যন্তরিক নৌযাত্রা সম্বন্ধে স্থানীয় কর্ত্তৃপক্ষ নিয়মিতরূপে যে বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

যুদ্ধ জাহাজের বহরে ও রক্ষিত জাহাজে বিশেষ আলোক দিবার বিধি।

২৬ ধারা। দুই কিম্বা তদধিক যুদ্ধ জাহাজের নিমিত্ত কিম্বা নৌসেনা রক্ষিত পাইলভরে গামি জাহাজের নিমিত্ত কোন দেশের গবর্ণমেণ্ট অতিরিক্ত স্টেশন ও সিকনেল আলোক সম্পর্কীয় যে কোন বিশেষ বিধি করেন, এই বিধির কোন কথা দ্বারা তদনুসারে কার্য্য হইবার ব্যতিক্রম হইবে না।

দ্বিতীয় তফসীল।

অষ্ট্রিয়া-হঙ্গেরী	ইতালী।
বেলজিয়ম।	নেদর্লণ্ড।
চিলি।	নরওয়ে।
ডেনমার্ক।	পর্ত্তুগাল।
ফ্রান্স।	রুসিয়া।
জর্ম্মণি।	স্পেন।
গ্রেটব্রিটেন।	সুইডেন।
গ্রীস।	ইউনাইটেড ষ্টেট্‌স।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৮৫৬ A নম্বর।

১৮৮০ সাল ১৩ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা হাবড়া জিলার সদর মোকামের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শিবপুর কলের মানেজিং আসিষ্টাণ্ট শ্রীযুত এ, এম, ব্রিটন সাহেব।

গবর্ণমেণ্টের পেন্‌শ্যনভোগি শ্রীযুত বাবু বিপ্রদাস মুখোপাধ্যায়।

চিকিৎসক ও মুনিসিপল কমিশ্যনর শ্রীযুত বাবু নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

জমীদার ও মুনিসিপল কমিশ্যনর শ্রীযুত বাবু হরিমোহন বসু।

উকীল শ্রীযুত বাবু রামদাস মৈত্র।

জমীদার শ্রীযুত বাবু রাধানাথ হালদার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩১ আগষ্ট।]

The 17th August 1880 —The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the bench of Magistrates at the Sudder Station of the district of Pubna, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Baboo Doorga Nath Bagchee, Pleader
„ Gridharee Bose, Deputy Inspector of Schools
„ Grish Chunder Roy, Pleader
„ Obhoy Gobind Chowdhry, Zemindar

The 18th August 1880 —Mr J Whitmore, Joint-Magistrate and Deputy Collector, Sarun, is vested with the power of hearing appeals from convictions by Magistrates of the Second and Third Classes

The 21st August 1880 —Baboo Mohendra Nath Ghosh, L L, Second Moonsif of Patuakhally, Backergunge, is appointed to act as a Moonsif in the district of Burdwan during the absence, on deputation, of Baboo Ram Gopal Chakee, or until further orders Baboo Mohendra Nath Ghosh will be ordinarily stationed at Cutwa

The 23rd August 1880 —aboo Nobin B Chunder Gangooly, Officiating 2nd Subordinate-Judge of Dacca, is posted temporarily to Furreedpore

The 24th August 1880 —Baboo Annada Proshad Bagchi, B L, is appointed to act as a Moonsif in the district of Backergunge during the absence, on leave, of Baboo Jogendro Nath Ghose, or until further orders Baboo Annada Proshad Bagchi will be ordinarily stationed at Bhola

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 23rd August* 1880 —Baboo Jogendro Nath Ghose, a Moonsif in the district of Backergunge, has obtained leave of absence for one month and two days, under section 10, Supplement F of the Civil Leave Code, with effect from the 1st September 1880.

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 20th August 1880 —Under Section 3, Act I (B C) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor has granted a license to Moonshee Nasiruddin authorising him to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police station of Chagulniya, in the district of Noakholly

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

ESTABLISHMENT

The 23rd *August* 1880

No 117 —*Promotion* —Mr J C White, Assistant Engineer, Second Grade, Second Calcutta Division, is promoted to Executive Engineer, Fourth Grade, (temporary rank), from the 12th July to the 3rd August 1880, both days inclusive

No 118 —*Notification* —Baboo Kally Prosono Mookerjee, Assistant Engineer, Second Grade, Patna Division, passed in the Departmental Standard on the 17th August 1880

The 24th August 1880

No 119 —*Leave of Absence* —Mr L R Roberts, Executive Engineer, First Grade Burdwan Division, is allowed privilege leave for six weeks under Chapter VII, section 44 of the Civil Leave Code

T H WICKES,
Asst Secy to the Govt of Bengal,
P W Dept

[*Government Gazette,* 31*st August* 1880.]

১৮৮০ সাল ১৭ আগস্ট।—নিম্নলিখিত মহাশয়েরা পাবনা জিলার সদর মোকামের মাজিষ্ট্রেটদের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

উকীল শ্রীযুত বাবু দুর্গানাথ বাগচী।
স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু গিরিধারী বসু।
উকীল শ্রীযুত বাবু গিরীশচন্দ্র রায়।
জমীদার শ্রীযুত বাবু অভয়গোবিন্দ চৌধুরী।

১৮৮০ সাল ১৮ আগস্ট।—সারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, উইটমোর সাহেব দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের দ্বারা প্রমাণীকৃত অপরাধের উপর আপীল শুনিবার ক্ষমতা পাইলেন।

১৮৮০ সাল ২১ আগস্ট।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু রামগোপাল চাকীর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বাকরগঞ্জের অন্তর্গত পটুয়াখালীর দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ ঘোষ, এল, এল, বর্দ্ধমান জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ কাটওয়ায় অবস্থাপিত হইবেন।

১৮৮০ সাল ২৩ আগস্ট।—ঢাকার একটিং দ্বিতীয় সব-ডিনেট জজ শ্রীযুত বাবু নবীনচন্দ্র গঙ্গোপাধ্যায়, কিয়ৎকালের নিমিত্তে ফরীদপুরে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ২৪ আগস্ট।—শ্রীযুত বাবু যোগেন্দ্র নাথ ঘোষের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু অন্নদা প্রসাদ বাগচী, বি, এল, বাকরগঞ্জ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি সামান্যতঃ ভোলায় অবস্থাপিত হইবেন।

মুনসেফদের ছুটী।—১৮৮০ সাল ২৩ আগস্ট।—বাকরগঞ্জ জিলার মুনসেফ শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ ঘোষ সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে ১৮৮০ সালের ১ সেপ্টেম্বর অবধি এক মাস দুই দিনের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২০ আগস্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মুনশী মসিকন্দীনকে লাইসেন্স দিয়া নওয়াখালী জিলার অন্তর্গত ছাগলনয়া থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

হরেস এ, কক্রেল
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ২৩ আগস্ট।

১৪৭ নম্বর।—পদবৃদ্ধির কথা।—কলিকাতার দ্বিতীয় খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে. সি, ওয়াইট সাহেব, ১৮৮০ সালের ১২ জুলাই অবধি ৩ আগস্ট পর্য্যন্ত কিয়ৎকালীন চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়রের পদ ভুক্ত হইলেন।

১৪৮ নম্বর।—বিজ্ঞাপন।—পাটনা খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়, ১৮৮০ সালের আগস্ট মাসের ১৭ তারিখে কার্য্যবিভাগ সম্পর্কীয় কঠিনতর পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

১৮৮০ সাল ২৪ আগস্ট।

১৪৯ নম্বর।—ছুটী।—বর্দ্ধমান খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এল, আর রবটস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭ অধ্যায়ের ৪৪ ধারামতে ছয় সপ্তাহের অনুগ্রাহক ছুটী পাইলেন।

টি, এচ, টরক্স
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩১ আগস্ট।]

IRRIGATION.

NOTIFICATION—ESTABLISHMENT.

Dated the 19th August 1880

No 111 —*Posting* —With reference to this Department, General Branch, Notification No. 128 of the 27th ultimo, Baboo Rajkissen Banerjee, Assistant Engineer, Second Grade, is posted to the South-Western Circle

Dated the 21st August 1880

No 112.—*Leave* —Mr J H Apjohn, Executive Engineer, Second Grade, has been granted ten days' furlough by Her Majesty's Secretary of State for India, in extension of the furlough granted him by this Government in the orders marginally noted

No 30, dated 22nd January 1879

IRRIGATION

The 24th August 1880

No 113 —*Declaration* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense and for a public purpose, viz to prevent the deposit of silt at the weir which crosses the river Sone from Dehri, in the district of Shahabad, to Baroon, in the district of Gya, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, aggregating more or less an area of 3,866 acres 3 roods 7½ poles, equivalent to 6,186 beegahs 17 cottahs 10 dhoors, and extending for two miles on the south of the said anicut, and for 500 feet below the causeway on the Grand Trunk Road, and situate in the villages of Dehri, Pergunnah Sasseram, Camp Dehri, Bastipore, Naraipore, Kattar Kalan, Pergunnah Rhotas, in the district of Shahabad, and in Mouzahs Baroon, Khemdah, Dhamnikhajury and Majhowlly, Pergunnah Siris, in the district of Gya

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

C TAYLOR,
Offg Assistant Secretary,
for Joint-Secy to the Govt of Bengal,
P W D, Irrigation Branch

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ৯ আগষ্ট।

১১১ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় এই কার্য্য-বিভাগের সাধারণ শাখার গত মাসের ২৭ তারিখের ১২৮ নং বিজ্ঞাপনোপলক্ষে দক্ষিণ পশ্চিম চক্রে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ২১ আগষ্ট।

১১২ নম্বর।—ছুটী।—গবর্ণমেণ্ট কর্ত্তৃক পার্শ্বলিখিত আজ্ঞামতে দ্বিতীয় শ্রেণীর একজেকিউটিব ইঞ্জি-নিয়র শ্রীযুত জে, এচ, আপজন সাহেবকে যে নিয়মিত ছুটী দেওয়া যায় তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহাকে আর দশ দিনের নিয়মিত ছুটী দিলেন।

১৮৭৯ সালের ২২ জানুয়ারির ৩০ নং।

জলসেচন।

১৮৮০ সাল ২৪ আগষ্ট।

১১৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত ডিহিরী অবধি গয়া জিলার অন্তর্গত বারুণ পর্য্যন্ত সোন নদের এপার ওপার যে বাঁধ আছে তথায় মাটী জমা দিবা-নার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টকর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত শাসীরাম পরগনার ডিহিরী এবং রোহতাস পরগনার ক্যাম্প ডিহিরী ও বসন্তী-পুর ও নরাম্নপুর ও কাটার কল্যান গ্রামে এবং গয়া জিলার অন্তর্গত সিরিস্ পরগনার বারুণ ও খেদেরু ও ধমনীখাজুরী ও মাঝৌলী মৌজায় মোট ন্যূনাধিক ৩,৮৬৬ একর ৩ রুড ৭॥ পোল অর্থাৎ ১১৮৬৬/২ কাঠা ১০ ধুর একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমি উক্ত বাঁধের দক্ষিণ দুই মাইল ও উত্তর-পশ্চিম দেশে যাইবার পথের সাঁকোর নামা ৫০০ ফুট যায়।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

পবলিক ওয়র্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের, গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,

সি, টেলর,
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩১ আগষ্ট।]

Dated the 3rd August 1880

২১৬ নম্বর।—বিজ্ঞাপন।—ভারতবর্ষীয় গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর পরগনার বিষ্ণুপুর গ্রামে বিষ্ণুপুর মহকুমার কাছারীবাটী নির্ম্মাণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বিষ্ণুপুর গ্রামে কমিমতে ন্যূনাধিক ১২৭ /২ ৷/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা বিষ্ণুপুরের রাজপরিবারের প্রধান গড়ের অন্তঃস্থান, পশ্চিম সীমা জামনাবাঁধের পূর্ব্ব দিকের আবাদি জমি, উত্তর সীমা গোপালগঞ্জের বসতী, ও দক্ষিণ সীমা পতিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

শিরিশক্তা বিষয়ক।

১৮৮০ সাল ১১ ডিসেম্বর।

২১৭ নম্বর।—অবস্থিতির কথা।—মিলিটারী কার্য্য শাখা হইতে প্রেরিত প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ও, হেরমূলী সাহেব এ মাসের ১০ তারিখে কলিকাতায় রিপোর্ট করিয়া সদর চক্রে অবস্থাপিত হইলেন।

১৮৮০ সাল ১৪ ডিসেম্বর।

২১৮ নম্বর।—বিজ্ঞাপন পার্শ্বলিখিত আজ্ঞা পরিবর্ত্তন, করিয়া এই আজ্ঞা করা গেল। লেপ্টেনেন্ট শ্রীযুত আর, এচ-ব্রোন, আর, ই, সাহেবের কিয়ৎ কালীন চতুর্থ শ্রেণীর একসিকিউটিব ইঞ্জিনিয়রের পদভুক্ত হওন ১৮৮০ সালের ২৯ সেপ্টেম্বর অবধি না হইয়া ১৮৮০ সালের ২ সেপ্টেম্বর অবধি বলবৎ হইবে।

বঙ্গদেশে গবর্ণমেন্টের পবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের ১৮৮০ সালের ৬ ডিসেম্বরের ২১৩ নং বিজ্ঞাপন।

২১৯ নম্বর।—শ্রীযুত হেস ও মনিস সাহেব সম্পর্কীয় পার্শ্বলিখিত বিজ্ঞাপনের কিয়দংশ পরিবর্ত্তন করিয়া এই আদেশ করা গেল। শ্রীযুত হেস সাহেব ১৮৮০ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখ অবধি না হইয়া ১৮৮০ সালের ২ সেপ্টেম্বর অবধি এবং শ্রীযুত মনিস সাহেব ১১৮০ সালের ২৪ সেপ্টেম্বর অবধি পদে প্রত্যাগমন করিলেন। শ্রীযুত মনিস সাহেব পুনর্ব্বার ১৮৮০ সালের সেপ্টেম্বর মাসের ২৯ তারিখ অবধি অক্টোবর মাসের ৬ তারিখ পর্য্যন্ত চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন একসেকিউটিব ইঞ্জিনিয়রের পদ ধারণ করিয়া ১৮৮০ সালের ৭ অক্টোবর অবধি প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়রের স্থায়ি পদে প্রত্যাগমন করিলেন।

বঙ্গদেশের গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৮০ সালের ৬ ডিসেম্বরের ২১৪ নং বিজ্ঞাপন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২১ ডিসেম্বর।]

No 220 —*Postings* —Mr E T Faulkner, Assistant Engineer, Second Grade, is posted to the First Calcutta Division, which he joined on the forenoon of the 25th November 1880

No 221.—Mr L R Fraser, Assistant Engineer, Second Grade, is posted to the Patna Division, which he joined on the forenoon of the 30th November 1880

No. 222 —*Notification* —Mr A G Bremner, Assistant Engineer, First Grade, passed the Lower Standard Examination in Hindustanee on the 4th October 1880, and the Departmental Standard on the 23rd November 1880

No 223 —*Posting* —Mr W B Bestic, Assistant Engineer, Second Grade, is posted to the Dacca Division, which he joined on the forenoon of 4th December 1880

(CIVIL BUILDINGS)

The 14*th December* 1880

No 224 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for the site of a sub divisional residence at Magoorah in the sub division of Magoorah, pergunnah Mahamedshahye, zillah Jessore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, three (3) beeghas of standard measurement, bounded on the north by the road on the south of the dispensary tank, on the south by the main road leading to the bazar, on the east by Government land, and on the west by the lock up compound, is required within the aforesaid sub-division of Magoorah

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

(LOCAL COMMUNICATIONS)

The 14*th December* 1880

No 225 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for an approach road to the bridge over the Khurlah river at Julpigoree, in talook Kharia, pergunnah Bykuntpore, zillah Julpigoree, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 bigha 6 cottahs and 5 chittacks of standard measurement, bounded on the north by houses belonging to Baboos Kally Mohun Roy, Bissessor Banerjea, Gooroodoyal Chatterjea, and Chunder Nath Dutt, on the south by the burial-ground and Peerpal land belonging to Mohorum Khan and Sreekanto Sarma, and on the east and west by cantonment land, is required within the aforesaid talook Kharia

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

(CIVIL BUILDINGS)

The 14*th December* 1880

No 226 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for the Government Engineering College in the village of Shibpore Majrat, pergunnah Paikan, zillah Hooghly, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 31 bighas 16 cottahs 9 66 chittacks of standard measurement, bounded on the north and west by the road to the Botanical Garden, on the east by the road to Howrah; and on the south by the Engineering College compound, is required within the aforesaid village of Shibpore Majrat

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

F S STANTON, *Lieut-Col*, R E,
Offg. Secy. to the Govt of Bengal,
in the P. W Dept.

[*Government Gazette,* 21*st December* 1880]

২২০ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, টি কনকনর সাহেব কলিকাতার প্রথম খণ্ডে অবস্থাপিত হইয়া ১৮৮০ সালের ২৫ নবেম্বরের পূর্ব্বাহ্নে তথার কর্ম্ম গ্রহণ করিলেন।

২২১ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এল, আর, ক্রুসর সাহেব পাটনা খণ্ডে অবস্থাপিত হইয়া ১৮৮০ সালের ৩০ নবেম্বরের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

২২২ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জি, ক্রেমনর সাহেব ১৮৮০ সালের ৪ অক্টোবরে নিম্নস্তর কষ্টীমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়া ১৮৮০ সালের ২৩ নবেম্বরে কার্য্য বিভাগ সংক্রান্ত কষ্টিমত পরীক্ষায় উত্তীর্ণ হইলেন।

২২৩ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, বি, বেক্তি সাহেব ঢাকা খণ্ডে অবস্থাপিত হইয়া ১৮৮০ সালের ৪ ডিসেম্বরের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ১৪ ডিসেম্বর।

২২৪ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ যশোহর জিলার অন্তর্গত মহম্মদশাহি পরগনার মাগুরা মহকুমায় মাগুরা মহকুমার কর্তৃপক্ষের বাসস্থান প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মাগুরা মহকুমায় কষ্টিমতে ন্যূনাধিক ৩/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ডিস্পেন্সারির পুষ্করিণীর দক্ষিণ দিকের পথ, দক্ষিণ সীমা বাজারে যাইবার বড় রাস্তা, পূর্ব্বসীমা গবর্ণমেণ্টের ভূমি, ও পশ্চিম সীমা কাঁজিঘরের হাতা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৮০ সাল ১৪ ডিসেম্বর।

২২৫ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ জলপাইগুড়ি জিলার অন্তর্গত বৈকুণ্ঠপুর পরগনার খারিয়া তালুকে জলপাইগুড়ির খারলা নদীর উপর সাঁকোতে যাইবার পথের নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, উক্ত খারিয়া তালুকে কষ্টিমতে ন্যূনাধিক ১।১।/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা বাবু কালী মোহন রায়ের ও বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায়ের ও গুরুদয়াল চট্টোপাধ্যায়ের ও চন্দ্রনাথ দত্তের বাড়ী,

দক্ষিণ সীমা কবরস্থান এবং মহম্মদ খাঁর ও শ্রীকান্ত শর্ম্মার পীরপাল জমি, পূর্ব্ব ও পশ্চিম সীমা সেনানিবেশের জমী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

সিবিল অট্টালিকা বিষয়ক।

১৮৮০ সাল ১৪ ডিসেম্বর।

২২৬ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত পাইকান পরগনার শিবপুর মজিরাট গ্রামে গবর্ণমেণ্ট ইঞ্জিনিয়রিং কালেজের নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত শিবপুর মজিরাট গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৩১৬. কাঠা ১/৬৩ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা কোম্পানির বাগানে যাইবার পথ, পূর্ব্ব সীমা হাবড়ায় যাইবার পথ, দক্ষিণ সীমা ইঞ্জিনিয়রিং কালেজ বাড়ির হাতা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইন ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, এস, ষ্টাণ্টন, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২১ ডিসেম্বর।]

IRRIGATION.

NOTIFICATION—ESTABLISHMENT

Dated the 18th December 1880

No. 162.—*Postings*—With reference to the orders marginally noted, the undermentioned Assistant Engineers, Second Grade, are posted to the divisions mentioned opposite their names—

No 150, dated 22nd November 1880.

Mr J. P. Coy .. Northern Drainage and Embankment Division, which he joined on the forenoon of the 22nd ultimo.

" R O. Clayton ... Nuddea Rivers Division, which he joined on the afternoon of the 25th idem

" H. F. B. Frost... Arrah Division, which he joined on the forenoon of the 30th idem.

C. TAYLOR,
Offg Asst Secy, for Joint-Secy.
to the Govt. of Bengal, P. W Dept,
Irrigation Branch

জলসেচন সম্পর্কীয়।

সিবিলভা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৮০ সাল ১৩ ডিসেম্বর।

১৬৭ নম্বর।—অবস্থিতির কথা।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে নিম্নলিখিত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়রেরা।

১৮৮০ সালের ২২ নবেম্বর ১৫০ নং

আপন২ নামের পার্শ্বলিখিত খণ্ডে অবস্থাপিত হইলেন।

শ্রীযুত জে, পি, কর সাহেব ... উত্তর জল প্রণালী ও বাঁধ খণ্ডে অবস্থাপিত হইয়া গত মাসের ২২ তারিখের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

„ আর, ও, ক্লেটন সাহেব ... নদীয়ার নদী খণ্ডে অবস্থাপিত হইয়া ঐ মাসের ২৫ তারিখের অপরাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

„ এচ, এফ, বিগ্রুষ্ট সাহেব ... আরা খণ্ডে অবস্থাপিত হইয়া ঐ মাসের ৩০ তারিখের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে
সি, টেলর,
একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ১৩ জানুয়ারি।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯সালের ২৯ অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ১৮ আইন।

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইন।

নির্ঘণ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৩ জানুয়ারি।]

ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ। বাঙ্গালা, উত্তর পশ্চিম প্রদেশ, পঞ্জাব, অযোধ্যা ও মধ্য প্রদেশ ও আসামের ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় আইন সংগ্রহ ও সংশোধন করা, এবং অবশিষ্ট ব্রিটিষ ভারতবর্ষের প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্ট আপন আপন শাসনাধীন প্রদেশে এই আইনের যে অংশ প্রচলিত করা উচিত বোধ করেন উক্ত গবর্ণমেণ্টকে সেই অংশ চালাইবার ক্ষমতা প্রদান করা, বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা গেল :—

১ অধ্যায়।—উপক্রমণিকা।

সংক্ষেপ নাম। আরম্ভ। ১ ধারা। এই আইন "ব্যবহারাজীবিদিগের সম্বন্ধীয় ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইবে এবং ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবস অবধি প্রবল হইবে

স্থানীয় ব্যাপ্তি। এই ধারা এবং দ্বিতীয় ধারা সমুদয় ব্রিটিষ ভারতবর্ষের প্রতি বর্ত্তিবে।

এই আইনের অবশিষ্টভাগ প্রথমতঃ বাঙ্গালার ও উত্তর পশ্চিম প্রদেশের ও পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবদের, এবং অযোধ্যার ও মধ্যপ্রদেশের ও আসামের শ্রীযুত চীফ কমিশ্যনর সাহেবদের শাসনাধীনপ্রদেশের প্রতি বর্ত্তিবে। কিন্তু অন্য স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইনের অবশিষ্ট ভাগের সমুদয় কি কোন২ বিধান তদীয় শাসনাধীন প্রদেশের সমুদয় স্থানে কি কোন২ অংশে বর্ত্তাইতে পারিবেন।

যে যে আইন রহিত হইল তাহার কথা। ২ ধারা। ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবস অবধি এতৎ সংযুক্ত প্রথম তফসীলে যে যে আইনের উল্লেখ আছে তন্নির্দ্দিষ্ট পরিমাণে সেই সেই আইন রহিত হইল।

বিধি প্রভৃতি সংরক্ষণের কথা। এতদ্দ্বারা যে যে আইন রহিত করা গেল, সেই সেই আইন অনুসারে যে সমুদয় বিধি ও নিয়োগ কৃত, দণ্ড নির্দ্দিষ্ট, ফী নির্দ্ধারিত, ব্যক্তি গৃহীত, নাম তালিকা ভুক্ত, সর্টিফিকেট ও অনুমতি দত্ত ও আজ্ঞা প্রচারিত হইয়াছে, সেই সমুদয় যথাক্রমে এই আইন অনুসারে কৃত, নির্দ্দিষ্ট, নির্দ্ধারিত, গৃহীত, তালিকাভুক্ত, দত্ত ও প্রচারিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রহিত করা আইনের উল্লেখের কথা। যে কোন আইন এতদ্দ্বারা রহিত করা গেল, তৎপরবর্ত্তী বিধিবদ্ধ কোন আইনে কি ব্যবস্থায় কিম্বা প্রকাশিত বিজ্ঞাপনপত্রে তাহার উল্লেখ থাকিলে, সেই উল্লেখ যেন এই আইনের তদ্বিষয়ক বিধান সম্বন্ধে করা হইয়াছে এইরূপ পড়িতে হইবে।

অর্থকরণের ধারা। "বিচারপতি।" ৩ ধারা। বিষয় কি পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব প্রকাশ না হইলে, এই আইনে প্রত্যেক দেওয়ানী ও ফৌজদারী আদালতে যিনি বিচার বিষয়ক আধিপত্য কারি কার্য্যকারক তাঁহার যে কোন খ্যাতি হউক না কেন, "বিচারপতি" শব্দে তাঁহাকে বুঝাইবে।

"অধীন আদালত" শব্দে হাই কোর্টের অধীন সমুদয় আদালত, এবং ১৮৫০ সালের ৯ আইনবলে বা ১৮৬৫ সালের ১১ আইনবলে সংস্থাপিত ছোট আদালতও বুঝাইবে।

"অধীন আদালত।"

দেওয়ানী আদালত ভিন্ন যে সমুদয় আদালত প্রচলিত আইন অনুসারে ভূম্যধিকারী ও তদীয় প্রজা বা কর্ম্মকারক বিষয়ক মোকদ্দমার বিচার করেন "রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়" শব্দে সেই সমুদয় আদালতও বুঝাইবে।

"রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়।"

"ব্যবহারাজীবী" শব্দে কোন হাই কোর্টের আডবোকেট, উকীল বা আটর্নি, কিম্বা কোন প্লীডর, মোক্তার, বা রেবিনিউ এজেন্ট বুঝাইবে।

"ব্যবহারাজীবী।"

---

২ অধ্যায়।—আডবোকেট, উকীল ও আটর্নিদের কথা।

৪ ধারা। কোন হাই কোর্ট সংস্থাপন বিষয়ক প্রকাশ পত্রের বলে উক্ত হাই কোর্টের তালিকায় আডবোকেট বা উকীল বলিয়া, কিম্বা পঞ্জাবের চীফ কোর্টের তালিকায় আডবোকেট বলিয়া, যে ব্যক্তির নাম এক্ষণে লিখিত আছে কি ভবিষ্যতে হয়, তাঁহার নাম যে কোর্টের তালিকায় লিখিত থাকে সেই কোর্টের অধীন সমুদয় আদালতে, ও সেই কোর্টের আপীলসম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে স্থিত সমুদয় রাজস্বসংক্রান্ত কার্য্যালয়ে, তিনি কর্ম্ম করিতে অধিকারী হইবেন। কিন্তু উক্ত কোর্ট বা কার্য্যালয়কে সম্বোধন করিতে হইলে প্লীডর বা রেবিনিউ এজেন্টদিগের যে ভাষা ব্যবহার করিবার বিধি প্রচলিত থাকে, তাঁহাকে সেই বিধির নিয়মাধীন হইতে হইবে।

আডবোকেট ও উকীলদিগের কথা।

এবং যে ব্যক্তির নাম যে কোর্টের তালিকায় লিখিত থাকে, সেই ব্যক্তি সামান্যতঃ সেই কোর্টে কিম্বা তদধীন কোন আদালতে কর্ম্ম করিতে থাকিলে, এই আইনে বিপরীত কথা থাকিলেও, যে হাই কোর্টের তালিকায় তাঁহার নাম লিখিত হয় নাই সেই হাই কোর্ট ভিন্ন ব্রিটিষ ভারতবর্ষের সমুদয় আদালতে, কিম্বা এরূপ হাই কোর্টের সম্মতিক্রমে উক্ত কোর্টে এবং কোন রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে স্বীয় কর্ম্ম করিতে অধিকারী হইবেন।

কিন্তু এরূপ কোন উকীল এই ধারার বলে আদৌ-বিচারাধিপত্য সম্পর্কে কার্য্যকারী হাই কোর্টের কোন জজ বা ডিবিজন কোর্ট বা হাই কোর্ট সন্নিধানে কর্ম্ম করিতে অধিকারী হইবেন না।

৫ ধারা। কোন হাই কোর্টের তালিকায় আটর্নি বলিয়া যে ব্যক্তির নাম এক্ষণে লিখিত আছে কি ভবিষ্যতে হয়, তিনি উক্ত হাই কোর্টের অধীন সমুদয় আদালতে ও উক্ত হাই কোর্টের আপীল সম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে স্থিত সমুদয় রাজস্বসংক্রান্ত কার্য্যালয়ে কর্ম্ম করিতে অধিকারী হইবেন, এবং যে ব্যক্তির নাম যে কোর্টের তালিকায় তদ্রূপে লিখিত থাকে, সেই ব্যক্তি সামান্যতঃ সেই কোর্টে কিম্বা তদধীন আদালতে কর্ম্ম করিতে থাকিলে, এই আইনে বিপরীত কথা থাকিলেও রাজকীয় সনন্দ দ্বারা সংস্থাপিত যে হাই কোর্টের তালিকায় তাঁহার নাম লিখিত হয় নাই সেই হাই কোর্ট ব্যতিরিক্ত ব্রিটিষ ভারতবর্ষের যে কোন আদালতে ও যে কোন রাজস্ববিষয়ক কার্য্যালয়ে আটর্নির কর্ম্ম করিতে অধিকারী হইবেন।

হাই কোর্টের আটর্নিদিগের কথা।

এই ধারামতে কোন আটর্নি যে প্রদেশে কর্ম্ম করেন সেই প্রদেশের হাই কোর্ট তদ্রূপ কর্ম্মকারি আটর্নিদের কর্ম্ম ও ক্ষমতা ও কর্ত্তব্য নিৰ্দ্দেশ করিয়া সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

৩ অধ্যায়।—প্লীডর ও মোক্তারদিগের কথা।

৬ ধারা। এইং বিষয়ে হাই কোর্ট সময়ে২ এই আইন সঙ্গত বিধি করিতে পারিবেন,

প্লীডর ও মোক্তারদিগের যোগ্যতা নিরূপণ প্রভৃতি বিষয়ে বিধি প্রণয়ণ করিবার ক্ষমতার কথা।

(ক) অধীন আদালতের এবং আপীল সম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে স্থিত রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ের এবং রাজকীয় সনন্দ দ্বারা কোন হাই কোর্ট সংস্থাপিত না হইলে যে সকল ব্যক্তি উক্ত কোর্টের প্লীডর হইবার যোগ্য তাঁহাদিগের যোগ্যতা নিরূপণ, গ্রহণ ও সর্টিফিকেট বিষয়ে,

(খ) অধীন আদালতের, এবং কোন হাই কোর্ট রাজকীয় সনন্দবলে সংস্থাপিত না হইলে উক্ত কোর্টের মোক্তার হইতে যে সকল ব্যক্তি যোগ্য তাঁহাদিগের যোগ্যতানিরূপণ, গ্রহণ ও সর্টিফিকেট বিষয়ে,

(গ) ঐ সকল ব্যক্তির পরীক্ষা ও গ্রহণ জন্য যে যে ফী দিতে হইবে তদ্বিষয়ে, এবং

(ঘ) উক্ত প্লীডর ও মোক্তারদিগকে স্থগিত ও কর্ম্মচ্যুত করণ বিষয়ে।

এই সকল বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং প্রকাশ করা গেলে আইন তুল্য বলবৎ হইবে, কিন্তু যে সকল হাই কোর্ট রাজকীয় সনন্দদ্বারা সংস্থাপিত নহে, তাঁহাদিগের প্রণীত বিধি স্থানীয় গবর্ণমেণ্ট দ্বারা পূর্ব্বে অনুমোদিত হওয়া চাই।

বিধি প্রকাশ করিবার কথা।

৭ ধারা। ৬ ধারামতে কোন ব্যক্তি প্লীডর বা মোক্তার বলিয়া গ্রাহ্য হইলে পর হাই কোর্ট যে কার্য্যকারকে এই কার্য্যের জন্য সময়ে সময়ে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষরিত সর্টিফিকেট উক্ত ব্যক্তিকে দিয়া এরূপ ক্ষমতা দিবেন যে ঐ সর্টিফিকেটে যে যে আদালত এবং, প্লীডর হইলে, যে যে কার্য্যালয় নির্দ্দিষ্ট থাকে, চলিত সনের শেষ পর্য্যন্ত তিনি সেই সেই স্থানে কর্ম্ম করিতে পারিবেন।

প্লীডর ও মোক্তারদিগের সর্টিফিকেটের কথা।

উক্ত কাল গত হইলে পর সর্টিফিকেটধারী যদি কর্ম্ম চালাইতে অভিলাষী হন, তাহা হইলে যে জিলার আদালতের জজের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে তিনি সামান্যতঃ কর্ম্ম করেন অথবা এই কার্য্যের জন্য যে কার্য্যকারককে হাই কোর্ট সময়ে সময়ে নিযুক্ত করেন সেই জজ বা কার্য্যকারক দ্বারা তিনি, এতদর্থে হাই কোর্ট সময়ে২ এই আইনসঙ্গত যে বিধি করেন তাহার নিয়মাধীনে, সর্টিফিকেট নূতন করিয়া লইতে অধিকারী হইবেন।

এইরূপ প্রত্যেক বার নূতন করিয়া লইবার সময়ে ঐ উকীল বা মোখ্তারের কাছে যে সর্টিফিকেট থাকে উক্ত জজ বা কার্য্যকারক তাহা লইয়া অকর্ম্মণ্য করিয়া আপনার নিকটে রাখিবেন।

নূতন করিয়া দত্ত এরূপ প্রত্যেক সর্টিফিকেট উক্ত জজ বা কার্য্যকারক স্বাক্ষর করিবেন, এবং তাহা চলিত সনের শেষ পর্য্যন্ত বলবৎ থাকিবে।

কোন জজ বা কার্য্যকারক এইরূপে কোন সর্টিফিকেট নূতন করিয়া দিলে, তিনি হাই কোর্টে ইহার সংবাদ জানাইবেন।

নাম লিখান হইলে প্লীডরেরা আদালতে ও রাজস্ব সম্বন্ধীয় কার্য্যালয়ে কর্ম্ম করিতে পারিবেন ইহার কথা।

৮ ধারা। ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী প্লীডর তাঁহাকে যে হাই কোর্ট গ্রাহ্য করিয়াছেন সেই হাই কোর্টের আপীল সম্বন্ধীয় বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উক্ত সর্টিফিকেটের লিখিত আদালত বা রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন, এবং এতদর্থে হাই কোর্ট কিম্বা রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষ সময়ে২ যে বিধি প্রণয়ন করেন, তাহার নিয়মাধীনে আধিপত্যকারি জজ বা কার্য্যকারক তাঁহার নাম লিখিয়া লইবেন, এবং উক্ত রূপে নাম লিখান হইলে, তিনি উক্ত আদালত বা কার্য্যালয়ে বা তদধীন আদালতে বা কার্য্যালয়ে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন।

নাম লিখান হইলে মোখ্তারেরা আদালতে কর্ম্ম করিতে পারিবেন ইহার কথা।

৯ ধারা। ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী মোখ্তার সর্টিফিকেটে উল্লিখিত ও উক্ত সীমার মধ্যস্থিত দেওয়ানী কি ফৌজদারী আদালতে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন, এবং এতদর্থে হাই কোর্ট সময়ে২ যে বিধি প্রণয়ন করেন, তাহার নিয়মাধীনে আধিপত্যকারী জজ তাঁহার নাম লিখিয়া লইবেন, এবং নাম লিখান হইলে তিনি তদ্রূপ দেওয়ানী আদালতে ও তদধীন কোন আদালতে মোখ্তার স্বরূপকর্ম্ম করিতে পারিবেন এবং (ফৌজদারী কার্য্যপ্রণালী বিষয়ক আইনের বিধানের নিয়মাধীনে) তদ্রূপ ফৌজদারী আদালতে ও তদধীন কোন আদালতে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন।

যোগ্য না হইলে কোন ব্যক্তি প্লীডর কি মোখ্তারের কর্ম্ম করিতে পারিবেন না ইহার কথা।

১০ ধারা। এই আইনের অথবা অন্য কোন প্রচলিত আইনের বিহিত স্থল ভিন্ন কোন ব্যক্তি ৭ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেট না পাইয়া রাজকীয় সনন্দবলে সংস্থাপিত নহে এরূপ আদালতে অথবা উক্ত আদালত যে আদালতের অধীন সেই আদালতে নাম না লিখাইয়া, উক্ত আদালতে প্লীডর বা মোখ্তারস্বরূপ কর্ম্ম করিতে পারিবেন না।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৮০। ১৩ জানুয়ারি।]

কিন্তু বাঙ্গালার শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশে এই আইনক্রমে যে সকল ব্যক্তি ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসের পূর্ব্বে রেবিনিউ এজেণ্টের সার্টিফিকেট পান তাঁহারা উক্ত প্রদেশস্থ মুন্সেফের আদালতে ৯ ধারার বিধানমতে নাম লিখাইতে পারিবেন, ও নাম লিখাইলে। ভূম্যধিকারী ও প্রজার মোকদ্দমার কার্য্যপ্রণালী সংশোধনার্থ ১৮৬৯ সনের বঙ্গীয় ৮ আইনবলে অথবা ভূম্যধিকারী ও তদীয় প্রজা কি কর্ম্মকারকের মোকদ্দমার কার্য্যপ্রণালী নিয়ামক প্রচলিত অন্য আইন বলে যে সকল মোকদ্দমা হয় তাহাতে উক্ত আদালতে উপস্থিত হইতে, উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবেন।

১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনক্রমে মোকদ্দমায় রেবিনিউ এজেণ্টদের মুন্সেফী আদালতে উপস্থিত হইতে উত্তর প্রত্যুত্তর করিতে ও কার্য্য করিতে পারিবার কথা।

মোখ্তারদের কর্ম্ম নির্দ্দেশ করিবার ক্ষমতার কথা।

১১ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে বিপরীত কথা থাকিলেও, অধীন আদালতে, ও রাজকীয় সনন্দবলে সংস্থাপিত হাই কোর্ট না হইলে সেই কোর্টে, কর্ম্মকারি মোখ্তারদের কর্ম্ম, ক্ষমতা ও কর্ত্তব্য নির্দ্দেশ করিয়া হাই কোর্ট সময়েং বিধি প্রণয়ন করিতে পারিবেন।

ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে প্লীডর কি মোখ্তারের স্থগিত কি পদচ্যুত হইবার কথা।

১২ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী প্লীডরের কি মোখ্তারের যদি এমন ফৌজদারী অপরাধ সপ্রমাণ হয় যাহাতে প্লীডরের কি স্থলবিশেষে মোখ্তারের অযোগ্য চরিত্রগত দোষ প্রকাশ পায়, হাই কোর্ট তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

পদের অযোগ্য আচরণ করিলে প্লীডর কি মোখ্তারের স্থগিত কি পদচ্যুত হইবার কথা।

১৩ ধারা। উক্তরূপ সর্টিফিকেটধারী প্লীডর যে ব্যক্তির পক্ষে নিযুক্ত হন, সেই ব্যক্তি কিম্বা সেই ব্যক্তির স্বকীয় চাকর কিম্বা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের অভিপ্রায়ানুযায়ি সেই ব্যক্তির স্বীকৃত মোখ্তার ভিন্ন অন্য কাহারও নিকটে কোন মোকদ্দমার উপদেশ লইলে, কিম্বা

উক্তরূপ সর্টিফিকেটধারী প্লীডর কি মোখ্তার স্বীয় পদের কার্য্যোপলক্ষে প্রতারণা কি অতি অন্যায় আচরণ করিলে, অথবা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে হাই কোর্ট যে রূপ অনুসন্ধান উচিত বোধ করেন তাহা করিয়া উক্ত প্লীডর কি মোখ্তারকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

অধীন আদালতে বা রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে পদের অযোগ্য আচরণের অভিযোগ উপস্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা।

১৪ ধারা। যে প্লীডর কি মোখ্তার অধীন আদালতে কি রাজস্ব সম্বন্ধীয় কার্য্যালয়ে কর্ম্ম করেন, তাঁহার নামে উক্ত আদালতে বা কার্য্যালয়ে উক্তরূপ ব্যতিরেকস্থল ভিন্ন উপদেশ গ্রহণ ও উক্তরূপ অসদাচরণ জন্য অভিযোগ হইলে, তত্রত্য আধিপত্যপ্রাপ্ত কার্য্যকারক তাঁহাকে অভিযোগের একখণ্ড প্রতিলিপি পাঠাইবেন ও নোটিস দিবেন যে তন্নির্দ্দিষ্ট দিনে উক্ত অভিযোগের বিবেচনা হইবে।

উক্ত প্রতিলিপি ও নোটিস নির্দ্দিষ্ট দিনের অন্যূন পঞ্চদশদিন পূর্ব্বে ঐ প্লীডর কি মোক্তারকে দিতে হইবে।

উক্ত দিনে কিম্বা পরবর্ত্তী যে দিন পর্য্যন্ত অনুসন্ধান স্থগিত রাখা যায় সেই দিনে, অভিযোগের পোষকতায়, অথবা উক্ত প্লীডর কি মোক্তার কর্ত্তৃক যে সকল প্রমাণ যথাযোগ্যরূপে উপস্থিত করা হয় উক্ত আধিপত্যপ্রাপ্ত কার্য্যকারক সেই সমুদয় গ্রহণ করিয়া লিপিবদ্ধ করিবেন এবং অভিযোগ নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন।

যদি উক্ত কার্য্যকারক অভিযোগ সপ্রমাণ হইয়াছে স্থির করিয়া তন্নিমিত্ত উক্ত প্লীডরকে কি মোক্তারকে স্থগিত কি পদচ্যুত করা উচিত বিবেচনা করেন, তিনি আপন নিষ্পত্তি হেতুসহ লিপিবদ্ধ করিবেন ও তাহা হাই কোর্টে রিপোর্ট করিবেন এবং হাই কোর্ট উক্ত প্লীডরকে কি মোক্তারকে নির্দ্দোষী, স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

অনুসন্ধান শেষের অপেক্ষায় স্থগিত করণের কথা।

কোন জিলার জজ, কিম্বা তাঁহার অনুমতি গ্রহণপূর্ব্বক তদধীন কোন বিচারপতি ও কোন জিলার মাজিষ্ট্রেট কিম্বা তাহার অনুমতি গ্রহণপূর্ব্বক তদধীন কোন মাজিষ্ট্রেট, ও কালেক্টরের ন্যূনপদস্থ নহেন এমন কোন রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষ কিম্বা কালেক্টরের অনুমতি গ্রহণপূর্ব্বক তদধীন কোন রাজস্বসংক্রান্ত কার্য্যকারক, তৎসমুখে এই ধারামতে কোন প্লীডরের কি মোক্তারের নামে অভিযোগ হইলে, হাই কোর্টের অনুসন্ধান শেষ ও আদেশ হইবার অপেক্ষায় উক্ত প্লীডরের বা মোক্তারের কর্ম্ম করা স্থগিত করিতে পারিবেন।

এই ধারাক্রমে হাই কোর্টে যে যে রিপোর্ট করা হয় তাহা

(ক) জিলার জজের অধীন অন্য কোন দেওয়ানী বিচারপতি করিলে, উক্ত জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(খ) জিলার মাজিষ্ট্রেটের অধীন কোন মাজিষ্ট্রেট করিলে, জিলার মাজিষ্ট্রেট ও দওরার জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(গ) জিলার মাজিষ্ট্রেট করিলে, দায়রার জজ সাহেব দ্বারা করিতে হইবে।

(ঘ) রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষের অধীন রাজস্ববিষয়ক কোন কার্য্যকারক করিলে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষ সময়ে২ যেরূপ আদেশ করেন তদনুযায়ি রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষদিগের দ্বারা করিতে হইবে।

যে জজ কি মাজিষ্ট্রেট কি রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষের হস্ত দিয়া এরূপ রিপোর্ট যায় তৎসঙ্গে তাঁহাদিগের প্রত্যেকের মত পাঠাইতে হইবে।

১৪ ধারাক্রমে নির্দ্দোষী হইলে নথী তলব করিবার ক্ষমতার কথা।

১৫ ধারা। যে স্থলে কোন প্লীডর কি মোক্তার হাই কোর্টের আদেশ ভিন্ন অন্য প্রকারে ১৪ ধারাক্রমে নির্দ্দোষী সাব্যস্ত হয়, হাই কোর্ট নথী তলব করিয়া তাহার উপর যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ আদেশ করিতে পারিবেন।

। [গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৩ জানুয়ারি।]

হাই কোর্টের আপীলী বিভাগের মোক্তারদের সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

১৬ ধারা। প্রকাশ রাজপত্রে কিম্বা দেওয়ানী কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৭ ধারার (ক) প্রকরণে বিপরীত কথা থাকিলেও, রাজকীয় সনন্দ বলে সংস্থাপিত কোন হাই কোর্ট সময়ে২ পশ্চাল্লিখিত বিষয়সম্বন্ধে এই আইন সঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(ক) উক্ত কোর্টের আপীলীবিভাগে মোক্তারের কর্ম্ম করিবার জন্য যে সকল ব্যক্তি যোগ্য তাঁহাদিগের যোগ্যতা নিরূপণ ও গ্রহণ সম্বন্ধে,

(খ) উক্ত ব্যক্তিদিগের পরীক্ষার্থ ও গ্রহণার্থ যে ফী দিতে হইবে, তৎসম্বন্ধে

(গ) তাঁহাদিগের সততা ও সদাচরণ জন্য তাঁহাদিগের যে জামিন দিতে হইবে তৎসম্বন্ধে

(ঘ) উক্ত মোক্তারদের স্থগিত করণ ও পদচ্যুত করণ সম্বন্ধে, ও

(ঙ) তাঁহাদের কর্ম্ম ও ক্ষমতা ও কর্ত্তব্য কিরূপ হইবে, তৎসম্বন্ধে।

এরূপ বিধি অমান্য করিলে উক্ত কোর্ট ৫০০ পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড করিতে পারিবেন, এবং উক্তরূপ অর্থদণ্ড করা হইলে, আদৌ নিয়মিত ফৌজদারী বিচারাধিপত্য সম্পর্কে কার্য্য করিয়া হাই কোর্ট অর্থদণ্ড করিলে যেরূপে আদায় করা যায় তাহা তদ্রূপে আদায় করা যাইবে।

৪অধ্যায়।—রেবিনিউ এজেণ্টদিগের কথা।

রেবিনিউ এজেণ্টদের যোগ্যতা প্রভৃতি সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা।

১৭ ধারা। রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষ সময়ে২ পশ্চাল্লিখিত বিষয় সম্বন্ধে এই আইন সঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন,

(ক) যে সকল ব্যক্তি রেবিনিউ এজেণ্ট হইবার যোগ্য তাঁহাদিগের যোগ্যতা নিরূপণ, গ্রহণ ও সার্টিফিকেট সম্বন্ধে,

(খ) উক্ত ব্যক্তিদিগের পরীক্ষার্থ ও গ্রহণার্থ যে ফী দিতে হইবে তৎসম্বন্ধে,

(গ) তাঁহাদিগের স্থগিত করণ ও পদচ্যুতকরণসম্বন্ধে ও

(ঘ) তাঁহাদের কর্ম্ম ও ক্ষমতা ও কর্ত্তব্য কিরূপ হইবে তৎসম্বন্ধে।

বিধি প্রকাশ করিবার কথা।

এই সকল বিধি স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে, এবং প্রকাশিত হইলে আইনতুল্য বলবৎ হইবে।

রেবিনিউ এজেণ্টদের সার্টিফিকেটের কথা।

১৮ ধারা। ১৭ ধারাক্রমে কোন ব্যক্তি রেবিনিউ এজেণ্ট বলিয়া গ্রাহ্য হইলে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষ সময়ে২ এই কার্য্য করিতে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষরিত সার্টিফিকেট উক্ত ব্যক্তিকে দেওয়াইলে তাহাতে উল্লিখিত সনের শেষ পর্য্যন্ত তন্নির্দ্দিষ্ট কার্য্যালয়ে উক্ত ব্যক্তিকে কর্ম্ম করিবার অধিকার প্রদত্ত হইবে।

উক্ত মিয়াদ গত হইলে সার্টিফিকেটধারী কর্ম্ম চালাইতে অভিলাষী হইলে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষের সেক্রেটরীর দ্বারা কিম্বা এতৎসম্বন্ধে উক্ত কর্ত্তৃ

পক্ষ হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের দ্বারা আপনার সর্টিফিকেট নূতন করিয়া লইবার অধিকারী হইবেন।

এইরূপ প্রত্যেক বার নূতন করিয়া লইবার সময় উক্ত রেবিনিউ এজেন্টের কাছে যে সর্টিফিকেট থাকে উক্ত সেক্রেটরী কি অন্য কার্য্যকারক তাহা অকর্ম্মণ্য করিয়া আপনি রাখিয়া দিবেন।

এই রূপে নূতন করিয়া দত্ত প্রত্যেক সর্টিফিকেটে উক্ত সেক্রেটরী কি অন্য কার্য্যকারক স্বাক্ষর করিবেন এবং তাহা চলিত সনের শেষ পর্য্যন্ত বলবৎ থাকিবে।

এই রূপে সর্টিফিকেট নূতন করিয়া দিলে প্রত্যেক কার্য্যকারক তাহার সম্বাদ রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষকে দিবেন।

রেবিনিউ এজেন্টদের নাম লিখাইবার কথা।

১৯ ধারা। ১৮ ধারাক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী প্রত্যেক রেবিনিউ এজেন্ট সর্টিফিকেট নির্দ্দিষ্ট ও উক্ত রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের অধীন প্রদেশের মধ্যস্থিত যে কোন রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে নাম লিখাইবার প্রার্থনা করিতে পারিবেন, এবং এতদর্থে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষ সময়ে২ যে বিধি প্রণয়ন করেন, তাহার নিয়মাধীনে উক্ত কার্য্যালয়ের আধিপত্য প্রাপ্ত কার্য্যকারক তাঁহার নাম লিখিয়া লইবেন, এবং নাম লিখান হইলে তিনি উক্ত কার্য্যালয়ে ও তদধীন রাজস্ববিষয়ক কোন কার্য্যালয়ে রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিতে পারিবেন।

যোগ্য না হইলে কোন ব্যক্তি রাজস্ব বিষয়ক কার্য্যালয়ে এজেন্টের কর্ম্ম করিবেন না ইহার কথা।

২০ ধারা। এই আইনের কিম্বা যৎকালে যে আইন প্রচলিত থাকে তাহার বিধানক্রমে না হইলে, এই আইনের পূর্ব্বোক্ত বিধানানুসারে নিয়মিতরূপে যোগ্য প্রতিপন্ন ভিন্ন কোন ব্যক্তি, ১৮ ধারাক্রমে প্রদত্ত সার্টিফিকেট পাইয়া, কোন রাজস্বসংক্রান্ত কার্য্যালয়ে কিম্বা উক্ত কার্য্যালয় যে কার্য্যালয়ের অধীন সেই কার্য্যালয়ে নাম না লিখাইলে উক্ত কার্য্যালয়ে রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিবেন না।

কিন্তু এতৎপক্ষে নিয়মিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের কিম্বা এতৎ কার্য্যসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের অনুমোদনক্রমে রাজস্ব সংক্রান্ত কোন কার্য্যালয়ে তাঁহার নিয়োগকর্ত্তার যে সকল বা যে কোন কার্য্য করিতে হয় তাহা করিতে পারিবেন।

এই ধারার উল্লিখিত অনুমোদন সামান্য কি বিশেষ হইতে পারিবে এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ কি কার্য্যকারক তাহা যে কোন সময়ে রহিত কি স্থগিত করিতে পারিবেন।

কোন ফৌজদারী অপরাধ সপ্রমাণ হইলে রেবিনিউ এজেন্টের পদচ্যুত হইবার কথা।

২১ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন রেবিনিউ এজেন্টের যদি এমন কোন ফৌজদারী অপরাধ সপ্রমাণ হয় যাহাতে রেবিনিউ এজেন্টের অযোগ্য চরিত্রগত দোষ প্রকাশ পায়, তবে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০ ১৩ জানুয়ারি।]

পদের অযোগ্য আচরণ জন্য রেবিনিউ এজেন্টের পদচ্যুত হইবার কথা।

২২ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন রেবিনিউ এজেন্ট স্বীয় পদোপলক্ষে কার্য্যকালে প্রতারণা বা অন্যান্য অন্যায়াচরণ দোষে দূষিত হইলে কিম্বা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ যেরূপ অনুসন্ধান বিহিত বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইয়া উক্ত রেবিনিউ এজেন্টকে স্থগিত কি পদচ্যুত করিতে পারিবেন।

অধীন কার্য্যালয়ে রেবিনিউ এজেন্টের নামে উক্তরূপ অভিযোগ হইলে কার্য্যপ্রণালীর কথা।

২৩ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটধারীকে রেবিনিউ এজেন্টের নামে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধারক কর্তৃপক্ষের অধীন কোন কার্য্যালয়ে, কিম্বা কোন মুন্সেফের আদালতে উক্তরূপ আচরণ জন্য অভিযোগ হইলে, উক্ত কার্য্যালয়ের কর্তৃপক্ষ বা স্থল বিশেষে, উক্ত মুন্সেফ তাঁহাকে অভিযোগের এক খণ্ড প্রতিলিপি পাঠাইবেন ও নোটিস দিবেন যে তন্নির্দ্দিষ্ট দিনে উক্ত অভিযোগের বিবেচনা হইবে।

যে ব্যক্তির নামে অভিযোগ হইয়াছে, তাঁহাকে উক্ত নির্দ্দিষ্ট দিনের অন্যূন পঞ্চদশ দিন পূর্ব্বে উক্ত প্রতিলিপি ও নোটিস দেওয়া যাইবে। সেই দিনে কিম্বা অন্য যে দিন পর্য্যন্ত অনুসন্ধান স্থগিত রাখা হয় সেই দিনে, অভিযোগের পোষকতায় বা অভিযুক্ত ব্যক্তি দ্বারা নিয়মিতরূপে যে সকল প্রমাণ উপস্থিত করা হয় উক্ত কর্তৃপক্ষ বা মুন্সেফ তাহা গ্রহণ করিয়া অভিযোগের নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন।

অভিযোগ সপ্রমাণ হইয়াছে দেখিলে এবং তজ্জন্য অভিযুক্ত ব্যক্তির স্থগিত বা পদচ্যুত হওয়া উচিত উক্ত কর্তৃপক্ষ বা মুন্সেফ এরূপ বিবেচনা করিলে তিনি তাঁহার নিষ্পত্তি হেতুসহ লিপিবদ্ধ করিবেন, এবং রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের নিকটে তাহার রিপোর্ট করিবেন এবং উক্ত কর্তৃপক্ষ তাঁহাকে নির্দ্দোষী কি স্থগিত কি পদচ্যুত করিতে প্রবৃত্ত হইবেন।

কালেক্টরের ন্যূন পদস্থ নহেন এমন কোন রাজস্ববিষয়ক কার্য্যকারক, ও কালেক্টরের অনুমতি গ্রহণপূর্ব্বক তদধীন কোন রাজস্ব বিষয়ক কার্য্যকারক, কিম্বা কোন মুন্সেফ তাঁহার জিলায়, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের অনুসন্ধান শেষ ও আজ্ঞার অপেক্ষায় তৎসম্মুখে এই ধারামতে অভিযুক্ত কোন রেবিনিউ এজেন্টকে কর্ম্ম হইতে স্থগিত করিতে পারিবেন।

এই ধারানুসারে কার্য্যকারী কোন কর্তৃপক্ষ খণ্ডবিশেষের কমিশ্যনরের অধীন হইলে উক্ত রিপোর্ট তিনি কমিশ্যনর সাহেবের দ্বারা পাঠাইবেন, এবং তৎসঙ্গে কমিশ্যনর সাহেব মোকদ্দমা সম্বন্ধে আপনার মত লিখিয়া দিবেন।

রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের নথীতলব করিবার ক্ষমতার কথা।

২৪ ধারা। যে স্থলে রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের আদেশ ভিন্ন অন্যরূপে ২৩ ধারাক্রমে কোন রেবিনিউ এজেন্ট নির্দ্দোষী সাব্যস্ত হয়, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ নথীতলব করিয়া তাহার উপর যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন।

৫ অধ্যায়।—সর্টিফিকেটের কথা।

২৫ ধারা। মূলই হউক কি নূতন করিয়া দত্তই হউক, যে সর্টিফিকেট এই আইন বলে প্রদত্ত হয়, তাহা এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিত হইবে।

সর্টিফিকেটের ফীর কথা।

কিন্তু কোন বৎসর জুলাই মাসের প্রথম দিবসে বা তৎপরে যে সর্টিফিকেট দেওয়া যায় তাহা তদ্রূপ নির্দ্দিষ্ট মূল্যের অর্দ্ধেক মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইতে পারিবে।

২৬ ধারা। এই আইনক্রমে কোন প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট স্থগিত কি পদচ্যুত হইলে, তিনি যে আদালতে কি কার্য্যালয়ে স্থগিত কি পদচ্যুত হইবার সময়ে কর্ম্ম করিতে ছিলেন সেই আদালতে বা সেই কার্য্যালয়ের কর্তৃপক্ষের নিকটে, কিম্বা হাই কোর্ট কি, স্থলবিশেষে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ যে আদালত বা কর্তৃপক্ষের নিকটে সমর্পণ করিতে আজ্ঞা দেন সেই আদালত বা কর্তৃপক্ষের নিকটে, তৎক্ষণাৎ আপনার সর্টিফিকেট সমর্পণ করিবেন।

পদচ্যুত ব্যবহারাজীবী সর্টিফিকেট সমর্পণ করিবেন ইহার কথা।

৬ অধ্যায়।—প্লীডর, মোক্তার ও রেবিনিউ এজেন্টদিগের বেতনের কথা।

২৭ ধারা। (ক) হাই কোর্টের আপীলী বিভাগে ও (খ) হাই কোর্ট রাজকীয় সনন্দবলে সংস্থাপিত না হইলে, তাহার আদৌ বিচার বিভাগে, ও (গ) অধীন আদালতে যে সকল কার্য্য হয় তৎসম্বন্ধে বিপক্ষ পক্ষের আডবোকেটের কি প্লীডরের কি উকীলের কি মোক্তারের কি আর্টর্ণির যে ফী কোন পক্ষের দিতে হইবে, হাই কোর্ট সময়ে২ তাহা নির্দ্ধারিত ও নিয়মিত করিবেন।

দেওয়ানী ও রাজস্ববিষয়ক কার্য্যের ফী হাইকোর্ট ও রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ ধার্য্য করিবেন ইহার কথা।

রাজস্বসংক্রান্ত কার্য্যালয়ের সমুদয় আনুষ্ঠানিক কার্য্যসম্বন্ধে বিপক্ষের আডবোকেটকে কি প্লীডরকে কি উকীলকে কি আর্টর্ণিকে কি মোক্তারকে কি রেবিনিউ এজেন্টকে কোন পক্ষের যে ফী দিতে হইবে, রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ তাহা সময়ে২ নির্দ্ধারিত ও নিয়মিত করিবেন।

উক্তরূপ নির্দ্ধারিত ফীর তালিকা স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে।

২০ ধারার উপবিধানে যে কর্ম্মকারকদিগের উল্লেখ আছে তাঁহাদিগের প্রতি এই ধারার কোন কথা খাটিবে না।

২০ ধারায় লিখিত কর্ম্মকারকদের প্রতি না খাটিবার কথা।

২৮ ধারা। কোন প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট যে কর্ম্ম করিয়াছেন কি করিবেন, তৎসম্পর্কীয় বিগত কি ভাবী সমস্ত পরিশ্রমের, ফীর, ব্যয়ের কি খরচের কিম্বা তাহার কোন অংশের নিমিত্ত যত টাকা যে রূপে দিতে হইবে, যে ব্যক্তি তাঁহাকে কর্ম্মে রাখেন বা নিযুক্ত করেন, সেই ব্যক্তির সহিত এই বিষয়ে উক্ত প্লীডর, কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট যে চুক্তি করেন, তাহা লিখিত হইয়া উক্ত ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত না হইলে এবং সম্পাদিত হইবার তারিখ অবধি পনের দিন মধ্যে জিলার আদালতে অথবা যে কর্ম্মোপলক্ষে উহা সম্পাদিত হয় সেই কর্ম্মের কিয়দংশ যে কোন আদালতে হইয়াছে সে হউক সেই আদালতে দাখিল করা না গেলে, সিদ্ধ হইবে না।

মওক্কেলের সহিত চুক্তির কথা।

২৯ ধারা। উক্তরূপ কোন চুক্তি প্রবল করিবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি ঐ চুক্তি ন্যায়ানুগত ও যুক্তিসিদ্ধ বলিয়া প্রমাণ না হয়, তবে আদালত তৎক্রমে দেয় টাকা কমাইয়া দিতে পারিবেন, কিম্বা তাহা অসিদ্ধ করিয়া ঐ চুক্তি না হইয়া থাকিলে যে রূপে কৃত কর্ম্মোপলক্ষে খরচা ও ফী ও ব্যয় ও খরচ নির্ণয় করা যাইত সেই রূপে নির্ণয় করিবার আজ্ঞা করিতে পারিবেন।

চুক্তি পরিবর্ত্তন কি অসিদ্ধ করিবার ক্ষমতার কথা।

৩০ ধারা। যে কর্ম্মোপলক্ষে চুক্তি করা যায়, তাহা চালাইবার ও সম্পূর্ণ করিবার কোন পরিশ্রম কি ফী কি ব্যয় কি খরচ নিমিত্ত চুক্তি পত্রের নিয়মাতিরিক্ত প্লীডরের কি মোক্তারের কি রেবিনিউ এজেন্টের আর কোন দাওয়া উক্ত চুক্তি পত্র বলে ব্যর্থ হইবে। কিন্তু যে সকল (যদি কোন) পরিশ্রম কি ফী কি ব্যয় কি খরচ চুক্তিপত্রেই স্পষ্টবাক্যে বর্জ্জিত করা যায়, তৎসম্বন্ধে এই কথা খাটিবে না।

অতিরিক্ত দাওয়া চুক্তি পত্র বলে ব্যর্থ হইবার কথা।

৩১ ধারা। উক্তরূপ চুক্তি পত্রে যদি বিধান থাকে যে প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট শৈথিল্য জন্য দায়ী হইবেন না, অথবা প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট স্বরূপ প্রকারান্তরে তাহার যে কোন দায় থাকে তাহা হইতে তিনি মুক্ত হইবেন, তবে উক্ত বিধান একেবারে অসিদ্ধ হইবে।

শৈথিল্যজনিত দায় সংরক্ষণের কথা।

৭ অধ্যায়।—দণ্ডের কথা।

৩২ ধারা। ১০ ধারা কি ২০ ধারার বিধানের বিরুদ্ধে যে ব্যক্তি কোন আদালতে কি রাজস্ব সংক্রান্ত কার্য্যালয়ে কর্ম্ম করেন, আদালতের কি কার্য্যালয়ের কর্তৃপক্ষের আজ্ঞাক্রমে সেই ব্যক্তির উক্ত আদালতে কি কার্য্যালয়ে কর্ম্ম করিবার ক্ষমতা প্রদায়ক সর্টিফিকেট লইতে এই আইনের আদেশমতে যত টাকার ইষ্টাম্প দিতে হইত তাহার দশগুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে ছয়মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

অবৈধমতে কোন ব্যক্তি প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্টের কর্ম্ম করিলে তাহার দণ্ডের কথা।

তাহার সংকালে তিনি পূর্ব্বোক্ত দুই ধারার মধ্যে কোন ধারার বিধানের বিরুদ্ধে কার্য্য করিতেছিলেন তৎকালে প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্টস্বরূপ কোন কার্য্য কি খরচ করিয়া যে ফী কি পুরস্কার পাইতে পারিতেন তৎসম্বন্ধে কোন মোকদ্দমা চালাইতে কি কোন অধিকার বলবৎ করিতে পারিবেন না।

স্থগিত কি পদচ্যুত করা প্লীডর প্রভৃতি সর্টিফিকেট সমর্পণ না করিলে দণ্ডের কথা।

৩৩ ধারা। কোন প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট ২৬ ধারার আদেশমতে সর্টিফিকেট সমর্পণ না করিলে, যে আদালত কি কর্ত্তৃপক্ষ কি কার্য্যকারকের নিকট কি আজ্ঞাক্রমে সমর্পণ করা উচিত সেই আদালত কি কর্ত্তৃপক্ষ কি কার্য্যকারকের আজ্ঞাক্রমে তাঁহার দুইশত টাকার অনধিক অর্থদণ্ড এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে তিন মাস পর্য্যন্ত কারা দণ্ড হইতে পারিবে।

স্থগিত কি পদচ্যুত ব্যবহারাজীবী স্থগিত কি পদচ্যুত হইবার পরে কর্ম্ম করিলে দণ্ডের কথা।

৩৪ ধারা। যে প্লীডর কি মোক্তার কি রেবিনিউ এজেন্ট এই আইনের বিধানক্রমে স্থগিত কি পদচ্যুত হইয়া এই রূপ স্থগিত কি পদচ্যুত হইবার পরে কোন আদালতে কি কার্য্যালয়ে প্লীডরের কি মোক্তারের কি রেবিনিউ এজেন্টের কর্ম্ম করেন, উক্ত আদালতের কি কার্য্যালয়ের কর্ত্তৃপক্ষের আজ্ঞাক্রমে তাহার পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড এবং টাকা না দিলে দেওয়ানী কারাগারে ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

অর্থদণ্ডের পুনরালোচনার কথা।

৩৫ ধারা। ৩২ কি ৩৩ কি ৩৪ ধারা ক্রমে কোন আজ্ঞা করা গেলে উক্ত আজ্ঞা যে স্থলে অধীন আদালতের কৃত হয়, সেই স্থলে হাই কোর্টের এবং যে স্থলে রাজস্ব বিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের অধীন কার্য্যকারকের কৃত হয় সেই স্থলে উক্ত কর্ত্তৃপক্ষের, পুনরালোচনাধীন থাকিবে।

সনিশ্যন লইলে কি দণ্ডের কথা।

৩৬ ধারা। যে ব্যক্তি নিম্নলিখিত কোন অপরাধ করে, অর্থাৎ,

(ক) কোন আইনঘটিত কার্য্যে কোন ব্যবহারাজীবির নিয়োগ সাধন করিবে কিম্বা করিয়াছে বলিয়া তাঁহার নিকটে পারিতোষিক চাহে বা লয়,

(খ) কোন ব্যবহারাজীবিকে তদ্রূপ নিয়োগ নিমিত্ত যে বেতন প্রদত্ত কি অর্পিত হয় কিম্বা প্রদত্ত কি অর্পিত হইবার চুক্তি থাকে তাহা হইতে কোন পারিতোষিক রাখে,

(গ) আপনি ব্যবহারাজীবী হইয়া কোন আইনঘটিত কার্য্যে আপনার কিম্বা অন্য কোন ব্যবহারাজীবির নিয়োগ সাধন হইবে বা হইয়াছে বলিয়া কোন পারিতোষিক দিতে চাহে কি দেয় কি গ্রহণবিষয়ে সম্মতি দেয়,

তাহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড, কিম্বা ৫০০৲ পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড, অথবা উভয় দণ্ড হইবে।

৮ অধ্যায়।—বিবিধ।

স্থানীয় গবর্ণমেণ্ট পরীক্ষক নিযুক্ত করিবেন ইহার কথা।

৩৭ ধারা। ৬ ও ১৭ ধারায় যথাক্রমে যে যোগ্যতা নিরূপণের উল্লেখ আছে, তাহা সহজে সমাধা করিবার নিমিত্ত, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত উদ্দেশ্য সাধনার্থ সময়েং পরীক্ষক নিয়োগ করিবেন এবং পরীক্ষা গ্রহণার্থ নিয়মাদি করিবেন।

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৩ জানুয়ারি]

আইনের কোনং অংশ হাই কোর্টের ব্যবহারাজীবীদিগের প্রতি না খাটিবার কথা।

৩৮ ধারা। ৪, ৫, ১৬ ও ২৭ ও ৩২ ও ৩৬ ধারার বিধান স্থল ভিন্ন এই আইনের কোন কথা, যে প্রকাশ রাজপত্র দ্বারা কোন হাই কোর্ট সংস্থাপিত সেই পত্রবলে গ্রাহ্য ও তালিকাভুক্ত আডবোকেট, উকীল ও আটর্ণির প্রতি, কিম্বা উক্ত কোর্টে যে মোক্তারেরা কর্ম্ম করেন তাঁহাদিগের প্রতি, কিম্বা পঞ্জাবের চীফ কোর্টের তালিকাভুক্ত আডবোকেটদের প্রতি, বর্ত্তিবে না।

যে ব্যক্তি মোক্তারের ও রেবিনিউ এজেন্টের সর্টিফিকেটধারী, তাঁহার স্থগিত ও পদচ্যুত করণের কথা।

৩৯ ধারা। যে ব্যক্তি ৭ ধারামতে মোক্তারের সর্টিফিকেট ধারী ও ১৮ ধারামতে রেবিনিউ এজেন্টের সর্টিফিকেট ধারী হইয়া তদ্রূপ কোন এক কর্ম্মে স্থগিত কি পদচ্যুত হন, তিনি অন্য কর্ম্মেও স্থগিত কি, স্থলবিশেষে, পদচ্যুত হইয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

প্লীডর প্রভৃতির কথা না শুনিয়া তাঁহাদিগকে স্থগিত কি পদচ্যুত না করিবার কথা।

৪০ ধারা। এই আইনে বিপরীত কথা থাকিলেও, কোন প্লীডরকে কি মোক্তারকে কি রেবিনিউ এজেণ্টকে যে কর্ত্তৃপক্ষ স্থগিত কি পদচ্যুত করেন সেই কর্ত্তৃপক্ষের সম্মুখে তাঁহার আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়া এই আইনমতে তাঁহাকে স্থগিত কি পদচ্যুত করা যাইবে না।

পঞ্জাবের চীফ কোর্টের আডবোকেটদের কথা।

৪১ ধারা। পঞ্জাবের আদালত বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৪১ ধারার পরে পশ্চাল্লিখিত ধারাটী দিতে হইবে, যথা,—

"৪২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক চীফ কোর্ট উক্ত কোর্টের আডবোকেট হইবার যোগ্য ব্যক্তিদিগের যোগ্যতা নিরূপণ ও গ্রহণ সম্বন্ধে সময়েং বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত বিধির নিয়মাধীনে, চীফ কোর্ট যদ্রূপ ও যত জন উচিত বোধ করেন তদ্রূপ ও ততজন আডবোকেট গ্রহণ করিয়া তালিকাভুক্ত করিতে পারিবেন, এবং উক্ত আডবোকেটেরা ঐ আদালতের মোকদ্দমাকারি ব্যক্তিদের পক্ষে উপস্থিত হইতে ও উক্ত কোর্ট যে বিধি প্রণয়ন করেন তদনুসারে ও তাহার নিয়মাধীনে উত্তর প্রত্যুত্তর বা কর্ম্ম করিতে, অথবা উত্তর প্রত্যুত্তর ও কর্ম্ম করিতে, অধিকারী হইবেন।

চীফ কোর্ট উক্তরূপ তালিকাভুক্ত কোন আডবোকেটকে পদচ্যুত করিতে কিম্বা কর্ম্মহইতে স্থগিত করিতে পারিবেন।

কিন্তু তদ্রূপ কোন আডবোকেটকে চীফ কোর্টের সম্মুখে আত্মসমর্থন করিবার সুযোগ দেওয়া না গেলে, এই ধারামতে তাঁহাকে পদচ্যুত কি স্থগিত করা যাইবে না।"

১ম তফসীল।

যেং আইন রহিত হইল।

(২ ধারা দেখ।)

আইনের সংখ্যা ও সময়।	আখ্যা	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮৬৫ সা ২০ আ	প্লীডর ও মোক্তার বিষয়ক ব্যবস্থা সংশোধনের আইন।	সমুদয়।
১৮৬৫ সা, ২৯ আ	প্লীডর ও মোক্তার ও রাজস্ব সম্পর্কীয় এজেণ্টবিষয়ক আইন সংশোধনার্থ আইন।	যে অংশ রহিত হয় নাই।
১৮৬৬ সা, ৯ আ	'প্লীডর মোক্তার ও রেবিনিউ এজেণ্টবিষয়ক ১৮৬৫ সালের আইনের এবং ১৮৬৫ সালের ২৯ আইনের কোনং বিধান উত্তর পশ্চিম প্রদেশীয় সদর আদালতে বর্ত্তাইবার জন্য আইন।	সমুদয়।
১৮৭৩ সা, ৪ আ	রেবিনিউ এজেণ্টদের প্রতি বঙ্গদেশের দক্ষিণ প্রদেশস্থ মুন্সেফী আদালতে বিশেষং মোকদ্দমায় উকীলের কর্ম্ম করিবার ক্ষমতাপ্রদানার্থ আইন।	সমুদয়।
১৮৭৭ সা, ১৭ আ	পঞ্জাবের আদালতবিষয়ক ১৮৭৭ সালের আইন।	৪২ ও ৪৩ ও ৪৪ ও ৪৫ ধারা।

দ্বিতীয় তফসীল।

সর্টিফিকেটের ইষ্টাম্পের মূল্য।

(২৫ ধারা দেখ)

১

সর্টিফিকেটধারী প্লীডরের কর্ম্ম করিবার ক্ষমতা পাইলে,

(ক) হাই কোর্ট ও অধীন আদালতে, পঞ্চাশ টাকা।

(খ) কোন রাজধানীর ছোট আদালতে, পঁচিশ টাকা।

(গ) অন্যান্য অধীন আদালতে, পঁচিশ টাকা।

(ঘ) সবর্ডিনেট জজ, মুনসেফ আসিষ্টাণ্ট কমিশ্যনর, অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও তহসীলদার দিগের আদালতে, এবং রাজধানীর বহির্ভূত স্থানের ছোট আদালতে ও হাই কোর্টের অধীন সমুদয় ফৌজদারী আদালতে, পনের টাকা।

(ঙ) মুন্সেফের আদালতে এবং প্রথম বিচারের যে কোন দেওয়ানী কি ফৌজদারী আদালত ইহার পূর্ব্বে বিশেষ করিয়া উল্লিখিত হয় নাই, সেই আদালতে, পাঁচ টাকা।

২

সর্টিফিকেটধারী মোক্তারের কর্ম্ম করিবার ক্ষমতা পাইলে,

(চ) হাই কোর্ট ও অধীন আদালতে, পঁচিশ টাকা

(ছ) কোন রাজধানীর ছোট আদালতে, পনের টাকা।

(জ) অন্যান্য অধীন আদালতে, পনের টাকা।

(ঝ) সবর্ডিনেট জজ, মুনসেফ, আসিষ্টাণ্ট কমিশ্যনর, অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর ও তহসীলদার দিগের আদালতে, এবং রাজধানীর বহির্ভূত স্থানের ছোট আদালতে ও হাই কোর্টের অধীন সমুদয় ফৌজদারী আদালতে, দশ টাকা।

(ঞ) মুনসেফের আদালত এবং প্রথম বিচারের যেকোন দেওয়ানী কি ফৌজদারী আদালত ইহার পূর্ব্বে বিশেষ করিয়া উল্লিখিত হয় নাই, সেই আদালতে, পাঁচ টাকা।

৩

সর্টিফিকেটধারী রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করিতে ক্ষমতা পাইলে,

(ট) রাজস্ববিষয়ক প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষের কার্য্যালয়ে এবং উক্ত কর্ত্তৃপক্ষের অধীন কার্য্যালয়ে, পনের টাকা।

(ঠ) কমিশ্যনর সাহেবের কার্য্যালয়ে ও কমিশ্যনর সাহেবের অধীন কার্য্যালয়ে, দশ টাকা।

(ড) কালেক্টর সাহেবের কার্য্যালয়ে ও কালেক্টর সাহেবের অধীন কার্য্যালয়ে, পাঁচ টাকা।

ডি, ফিট্‌জ পাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ৩ ফেব্রুয়ারি।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্য বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত পশ্চাল্লিখিত আইন ১৮৮০ সালের ৯ জানুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ১ আইন।

ধর্ম্মসমাজের প্রতি কোন২ ক্ষমতা অর্পণ করিবার আইন।

ধর্ম্মোপাসনা কার্য্য চালাইবার নিমিত্ত সমবেত ব্যক্তিদিগের কোন২ সম্প্রদায় উক্ত কার্য্যার্থে প্রাপ্ত সম্পত্তি যে প্রণালীতে আপনাদের অধিকারে রাখিতে পারিবেন তাহা সরল করা, এবং উক্ত সম্প্রদায় ভঙ্গ হইবার ও তাঁহাদের বৈষয়িক ব্যাপারের বন্দোবস্ত হইবার ও উক্ত সম্প্রদায় সংক্রান্ত কোন২ প্রশ্নের নিষ্পত্তি হইবার বিধান করা আবশ্যক। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১ ধারা। এই আইন "ধর্ম্মসমাজ সংক্রান্ত ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে,

সংক্ষেপ নাম।

এই আইন অবিলম্বে চলবৎ হইবে, এবং

আরম্ভ।

ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে,

স্থানীয় ব্যাপ্তি।

কিন্তু এই আইনের কোন কথা হিন্দু কি মুসলমান কি বৌদ্ধদিগের প্রতি, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইনের কার্য্য হইতে যে সকল ব্যক্তিদিগকে মুক্ত করেন তাঁহাদের প্রতি বর্ত্তিবে না।

২ ধারা। ধর্ম্মোপাসনা কার্য্য চালাইবার নিমিত্ত সমবেত ব্যক্তিদিগের কোন সম্প্রদায় যদি কোন সম্পত্তি প্রাপ্ত হইয়া থাকেন বা ভবিষ্যতে প্রাপ্ত হন,

অন্যরূপ বিধান না থাকিলে ন্যাসধারী নিযুক্ত করিবার কথা।

এবং উক্ত সম্পত্তি উক্ত সম্প্রদায়ের ন্যাস্ত ধন স্বরূপ কোন ন্যাসধারির হস্তে অর্পিত হইয়া থাকে বা ভবিষ্যতে হয়,

এবং তদ্রূপ কোন ন্যাসধারির বা পশ্চাল্লিখিত মতে নিযুক্ত ন্যাসধারির স্থানে বা তদতিরিক্ত এক জন নূতন ন্যাসধারী নিয়োগ করা আবশ্যক হইয়া উঠে,

এবং যে নিদর্শনপত্রবলে ঐ সম্পত্তি উক্তরূপে অর্পিত হয় কিম্বা যে২ ন্যাস উপলক্ষে ঐ সম্পত্তি অধিকৃত হয় তাহা যে নিদর্শনপত্রে প্রকাশ থাকে, সেই নিদর্শনপত্রে যদি উক্তরূপ নূতন ন্যাসধারী নিয়োগ করিবার প্রণালী নির্দ্দিষ্ট না থাকে, অথবা কোন কারণে সেই নির্দ্দিষ্ট প্রণালীমতে উক্তরূপ নূতন ন্যাসধারী নিয়োগ করিতে না পারা যায়,

তবে উক্ত সম্প্রদায়ের সম্মত প্রণালীতে অথবা যে সভায় নিয়োগ করা যায় সেই সভায় প্রকৃতপক্ষে উক্ত সম্প্রদায়ের যত ব্যক্তি উপস্থিত থাকেন তন্মধ্যে অন্যূন তিন ভাগের দুই ভাগ যাহাতে সম্মতি দেন এরূপ প্রণালীতে উক্তরূপ নূতন ন্যাসধারিকে নিযুক্ত করা যাইতে পারিবে।

৩ ধারা। যে সভায় নিয়োগ করা যায়, সেই সভায় যিনি সভাপতি থাকেন, তাঁহার স্বাক্ষরিত স্মারক লিপিতে ২ ধারামত নূতন ন্যাসধারির নিয়োগ প্রদর্শিত হইবে।

২ ধারামত নিয়োগ সভাপতির স্বাক্ষরিত স্মারকলিপিতে লিখিত হইবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩ ফেব্রুয়ারি।]

উক্ত স্মারকলিপি এই আইনের তফসীলের পাঠে কিম্বা অবস্থামতে যত দূর হইতে পারে তত্তুল্য পাঠে, লিখিতে হইবে। উক্ত সভার সমক্ষে ঐ লিপি সম্পাদিত ও তাহাতে দুই বা তদধিক সাক্ষির স্বাক্ষর সংযুক্ত হইবে এবং তাহা ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের ১৭ ধারামতে রেজিষ্টরীকরণযোগ্য দলীল বলিয়া গণ্য হইবে।

৪ ধারা। পূর্ব্বোক্তরূপ কোন নিদর্শনপত্রের নির্দ্দিষ্ট প্রণালীতে কিম্বা পূর্ব্বলিখিত প্রণালীতে কোন নূতন ন্যাসধারী নিযুক্ত হইলে, ন্যস্ত সম্পত্তি যেং ন্যাস উপলক্ষে যেং ক্ষমতা ও বিধানের সহিত ও অধীনে পুরাতন ন্যাসধারিদের প্রতি অর্পিত ছিল, সেইং ন্যাস উপলক্ষে সেইং ক্ষমতা ও বিধানের সহিত ও অধীনে, তদ্রূপ কোন নিদর্শনপত্রে ভিন্নরূপ বিধান থাকিলেও, তৎক্ষণাৎ কোন হস্তান্তরপত্র বা অপর লেখ্য বিনা ঐ নূতন ন্যাসধারিদের প্রতি ও, পুরাতন ন্যাসধারি থাকিলে, তাঁহাদের প্রতি সংসৃষ্টভাবে, অথবা পুরাতন ন্যাসধারী না থাকিলে, ঐ নূতন ন্যাসধারিদের প্রতি সম্পূর্ণরূপে বর্ত্তিবে।

হস্তান্তরপত্র বিনা সম্পত্তি নূতন ন্যাসধারিদের প্রতি বর্ত্তিবার কথা।

৫ ধারা। আইনের আদেশমতে এপর্য্যন্ত যে প্রকারে করা যাইত, সেই প্রকারে ভবিষ্যতে নূতন ন্যাসধারি নিয়োগ করা বা কোন সম্পত্তি হস্তান্তর করা গেল, এই আইনের কোন কথায় তাহা অসিদ্ধ করা গেল এরূপ জ্ঞান হইবে না।

নিয়োগ ও হস্তান্তর করিবার বর্ত্তমান প্রণালী সংরক্ষণের কথা।

৬ ধারা। পূর্ব্বোক্তরূপ কোন সম্প্রদায়ের পাঁচ ভাগের তিন ভাগ লোক তদর্থে আহূত সভায় সমবেত হইয়া উক্ত সম্প্রদায় ভঙ্গ করিবার সঙ্কল্প করিতে পারিবেন, তাহা করিলে, তৎক্ষণাৎ কিম্বা যে সময় তৎকালে অবধারিত হয় সেই সময়ে ঐ সম্প্রদায় ভঙ্গ হইবে, এবং উক্ত সম্প্রদায়ের সম্পত্তি ও দাওয়া ও দায়ের বিলি বন্দোবস্ত করণার্থে ঐ সম্প্রদায়ের কোন বিধি থাকিলে তদনুসারে ও কোন বিধি না থাকিলে, উক্ত সম্প্রদায় ঐ সভায় যেরূপ সঙ্কল্প করেন তদনুসারে আবশ্যক উপায় অবলম্বিত হইবে।

সমাজ ভঙ্গ হইবার ও তাহাদের বিষয়ের বন্দোবস্ত হইবার বিধানের কথা।

কিন্তু উক্ত সম্প্রদায়ের ব্যক্তিগণের মধ্যে কোন বিবাদ উত্থিত হইলে, উক্ত সম্প্রদায়ের প্রধান পাকা বাটী যে জিলায় থাকে সেই জিলার আদালতী বিচারাধিপত্য প্রাপ্ত প্রধান আদালতের প্রতি তাঁহাদের ঐ বৈষয়িক ব্যাপারের মীমাংসা ভার অর্পিত হইবে, এবং ঐ আদালত তদ্বিষয়ে যেরূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

৭ ধারা। উক্তরূপ কোন সম্প্রদায় ভঙ্গ হইলে, তাঁহাদের সমুদয় ঋণের ও দায়ের টাকা পরিশোধ করিবার পর যদি কোন সম্পত্তি থাকে, তাহা উক্ত সম্প্রদায়ের ব্যক্তিদিগকে কি তাঁহাদের মধ্যে কি তাঁহাদের কাহাকে দেওয়া বা বিলি করিয়া দেওয়া যাইবে না, কিন্তু এতদর্থে সভা করা যত জন মেম্বর উপস্থিত থাকেন, তন্মধ্যে অন্যূন পাঁচ ভাগের তিন ভাগের মত ক্রমে তাঁহারা ধর্ম্মোপাসনা কার্য্য চালাইবার নিমিত্ত অথবা ধর্ম্ম বা দানসংক্রান্ত কার্য্য নিমিত্ত সংবেত অন্য কোন সম্প্রদায়কে ঐ সম্পত্তি দিবেন, কিম্বা তাঁহারা না দিলে পূর্ব্বোক্ত আদালত দিবেন।

সমাজভঙ্গ হইলে কোন মেম্বরের সম্পত্তি না পাইবার কথা।

৮ ধারা। উক্ত সম্প্রদায় ভঙ্গ হইবার সম্বন্ধে বা উক্ত সম্পত্তি দেওয়ার বা বিলি করিবার সম্বন্ধে কোন নিদর্শনপত্রে যে বিধান থাকে, ৬ ও ৭ ধারার কোন কথায় তাহার বিঘ্ন হইল এরূপ জ্ঞান হইবে না।

নিদর্শনপত্রের কোনং বিধান সংরক্ষণের কথা।

৯ ধারা। কোন বিশেষ ব্যক্তি পূর্ব্বোক্ত কোন সম্প্রদায়ের মেম্বর কি না, অথবা এই আইনমতে কোন বিশেষ নিয়োগ সিদ্ধ কি না, পূর্ব্বোল্লিখিত বিষয় সংক্রান্তে বা প্রকারান্তরে এরূপ কোন প্রশ্ন উত্থিত হইলে, উক্ত প্রশ্নে যে কোন ব্যক্তির স্বার্থ থাকে তিনি দরখাস্ত দ্বারা উক্ত প্রশ্ন সম্বন্ধে হাই কোর্টের মত প্রার্থনা করিতে পারিবেন। অন্য যে ব্যক্তিদিগের ঐ প্রশ্নে স্বার্থ আছে, তন্মধ্যে হাই কোর্ট যাঁহাদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে ঐ দরখাস্তের নকল দিবেন ও দরখাস্ত শ্রবণ সময়ে উপস্থিত হইতে দিবেন।

হাই কোর্টে প্রশ্ন অর্পণ করিতে পারিবার কথা।

এই ধারামত প্রার্থনাপত্রক্রমে উক্ত কোর্ট যে মত দেন, তাহা স্বত্বপ্রকাশক ডিক্রীর তুল্য বলবৎ বলিয়া গণ্য হইবে।

এই ধারামত প্রত্যেক প্রার্থনাপত্রের খরচা কোর্টের স্বেচ্ছাধীন থাকিবে।

তফসীল।

(৩ ধারা দেখ।)

অমুক স্থানের গির্জা, বা উপাসনাগৃহ এবং অন্য পাকা বাটী ও সম্পত্তির নূতন ন্যাসধারী নিয়োগ করণার্থে নিয়মমতরূপে সংবাদ দিয়া, ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে উক্ত গির্জা প্রভৃতির সংসৃষ্ট সভাগৃহে, ক, খ সভাপতি থাকিয়া, যে সভা করা যায় তাহাতে উক্তরূপ নিয়োগের এই স্মারকলিপি হয়।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যখন ন্যাসধারী নিরূপণ বা শেষবার নিয়োগ করা যায়, তখন যে সকল ন্যাসধারী ছিলেন, তাঁহাদের নাম ও বর্ণনা,—

(এইখানে দাও।)

উক্ত উপাসনাগৃহ ও সম্পত্তি এক্ষণে যে সকল ন্যাসধারিদের প্রতি আইনমতে বর্ত্তিল তাঁহাদের নাম ও বর্ণনা।

(১) পুরাতন যে ন্যাসধারিরা থাকিলেন;
(এইখানে তাঁহাদের নাম ও বর্ণনা দাও।)

(২) এক্ষণে যে ন্যাসধারিরা মনোনীত ও নিযুক্ত হইলেন,
(এইখানে তাঁহাদের নাম ও বর্ণনা দাও।)

১৮ সালের অমুক মাসের অমুক তারিখ।

উক্ত সভার সভাপতি ক, খ, পূর্ব্বোক্ত সালের ঐ তারিখে উক্ত সভার সকলের সম্মুখে ও নিম্নলিখিত ব্যক্তিদের সমক্ষে স্বাক্ষর করিলেন। }

গ, ঘ, ক, খ,
চ, ছ, উক্ত সভার সভাপতি

ডি, ফিট্‌জ পাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A AND B. L.,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৩ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ২ মার্চ।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ১৮ নবেম্বর তারিখে মহিমাবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ২১ আইন।

ভিন্নদেশের বিচারবিপত্তিবিষয়ক ও অপরাধিদিগকে স্বং দেশে প্রেরণ বিষয়ক ১৮৭৯ সালের আইন।

নির্ঘণ্ট।

হেতুবাদ।

ধারা।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

১। সংক্ষেপ নাম।
যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।
যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।
অন্য ব্যবস্থা ও সন্ধিপত্র সংরক্ষণের কথা।
২। যেং আইন রহিত হইল তাহার কথা।
৩। অর্থকরণের ধারা।

২ অধ্যায়।

ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে ব্রিটিষ কর্ত্তৃপক্ষদের ক্ষমতার কথা।

৪। ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতা কার্য্য করণের ও অন্যের প্রতি অর্পণের কথা।

ধারা।

৫। সেই ক্ষমতা যে কার্য্য করণের বা অর্পণের নোটিস দিবার কথা।
৬। শান্তিরক্ষার্থ জষ্টিস পদে নিয়োগ ও ক্ষমতা ও বিচারাধিপত্যের কথা।
৭। বর্ত্তমান পলিটিকাল এজেণ্ট ও জষ্টিসদের স্থায়ী হইবার কথা।
৮। অপরাধবিষয়ক ব্রিটিষ ভারতবর্ষের আইন ব্রিটিষ ভারতবর্ষের বাহিরে ব্রিটিষ প্রজাদের প্রতি বর্ত্তিবার কথা।

৩ অধ্যায়।

ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে ব্রিটিষ প্রজাদের কৃত অপরাধ বিষয়ে ব্রিটিষ ভারতবর্ষে অনুসন্ধান লইবার কথা।

৯। ব্রিটিষ প্রজারা ব্রিটিষ ভারতবর্ষের বাহিরে অপরাধ করিলে তাহাদের দায়ের কথা।
অভিযোগের অনুসন্ধান লওয়া উচিত এই বিষয়ে পলিটিকাল এজেণ্টের সার্টিফিকট দিবার কথা।
১০। সাক্ষ্যের ও দলীলের প্রতিলিপি প্রমাণস্বরূপ গ্রহণ করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৪ অধ্যায়।

অপরাধিদিগকে স্বং দেশে পাঠাইবার কথা।

১১। ইউরোপীয় ব্রিটিষ প্রজা ভিন্ন কোন ব্যক্তি ব্রিটিষ ভারতবর্ষে পলায়ন করিলে তাহাকে ধরিয়া লইয়া যাইবার কথা।
১২। পরওয়ানা যাহার নামে দিতে হইবে ও যে প্রকারে সাধন করা যাইবে তাহার কথা।

ধারা।

১৩। পলিটিকাল এজেন্ট সাহেবের স্বং মোকদ্দমা নিষ্পত্তি করিবার কিম্বা সাধারণ আদালতের বিচারার্থে ব্যক্তিকে সমর্পণ করিবার কথা।

১৪। ব্রিটিষ রাজ্যের কোন স্থানের কি ভিন্ন দেশের একস্‌কিউটিব কর্ম্মকারকদ্বারা ফিরিয়া পাঠাইবার আদেশ হইবার কথা।

১৫। ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে অপরাধ করিয়াছে বলিয়া যে ব্যক্তির নামে অভিযোগ হয় কোন২ স্থলে মাজিষ্ট্রেটের সেই ব্যক্তিকে ধরিবার পরওয়ানা দিতে পারিবার কথা।

মাজিষ্ট্রেটের পলিটিকাল এজেন্টকে ও স্থানীয় গবর্ণমেণ্টে সম্বাদ দিবার কথা।

১৬। যে ব্যক্তিকে ধরা যায় তদ্বিরুদ্ধে কার্য্যানুষ্ঠান করা না গেলে কিয়ৎকাল পরে তাহাকে ছাড়িয়া দিবার কথা।

১৭। ব্যক্তির জামিনের কথা।

৫ অধ্যায়।

বিবিধ।

১৮। বিধি করিবার ক্ষমতার কথা।

১৯। ভিন্নদেশীয় ফৌজদারী আদালত কমিশ্যন দিলে তদনুসারে কার্য্য করিবার কথা।

তফসীল।

ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে যে অপরাধ করা যায় তাহার বিচার হইবার এবং অপরাধিদিগকে স্বং দেশে পাঠাইবার বিধান করণার্থ আইন।

অনুবাদ।

সন্ধি ও নিয়ম ও সনন্দ ও দান ও আচার ও অনুমোদন প্রভৃতি বৈধ নানা উপায়দ্বারা ব্রিটিষ ভারতবর্ষের সীমার বহির্ভূত নানা স্থানের মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতা ও বিচারাধিপত্য আছে, এবং সেই ক্ষমতা ও বিচারাধিপত্য পলিটিকাল এজেন্ট সাহেবদের ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাধীনে কর্ম্মকারি অন্য ব্যক্তিদের প্রতি সময়ে অর্পিত হইয়াছে। সেই ক্ষমতা ও বিচারাধিপত্যানুসারে যে কার্য্য করা যায় তাহার উপর এবং অন্য ব্যক্তির প্রতি সেই ক্ষমতাদি সমর্পণরূপ কার্য্যের উপর ব্রিটিষ ভারতবর্ষের ব্যবস্থার যত দূর কর্তৃত্ব থাকে ও ঐ ব্যবস্থার উপর উক্ত কার্য্যের যত দূর নির্ভর থাকে এই বিষয়ে সন্দেহ হওয়াতে সেই সন্দেহ ভঞ্জন করণার্থ এবং ঐ ক্ষমতা ও বিচারাধিপত্যক্রমে কার্য্য করণ ও সেই ক্ষমতা অর্পণ করণ বিষয়ক এবং ব্রিটিষ প্রজারা ব্রিটিষ ভারতবর্ষের সীমার বহির্ভূত স্থানে অপরাধ করিলে তদ্বিষয়ক এবং অপরাধিদিগকে স্বং দেশে ফিরিয়া পাঠাইবার বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ ভিন্ন দেশের বিচারাধিপত্য বিষয়ক এবং অপরাধিদিগকে স্বং দেশে প্রেরণ বিষয়ক ১৮৭২ সালের আইন বিধিবদ্ধ হয়, এবং উক্ত আইন রহিত করিয়া পশ্চাল্লিখিতমত সংশোধনসহ তাহা পুনর্ব্বার বিধিবদ্ধ করা আবশ্যক। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।—

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২ মার্চ।]

---

১ অধ্যায়।

উপক্রমণিক।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "ভিন্নদেশের বিচারাধিপত্য-বিষয়ক এবং অপরাধিদিগকে স্বং দেশে প্রেরণবিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র খাটিবে,

এবং শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় যে প্রজারা ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করেন তাঁহাদের প্রতি

এবং ভারতবর্ষীয় যে রাজাগণ ও রাজ্যসমূহ শ্রীশ্রীমতীর সঙ্গে সন্ধিবদ্ধ আছেন তদধিকৃত দেশনিবাসি সমুদয় ইউরোপীয় ব্রিটিষ প্রজার প্রতি খাটিবে।

যেকালে প্রচলিত হইবে তাহার কথা।

এই আইন বিধিবদ্ধ হইলেই প্রচলিত হইবে।

অন্য ব্যবস্থা ও সন্ধিপত্র সংরক্ষণের কথা।

কিন্তু অপরাধিদিগকে স্বং দেশে পাঠাইবার যে কোন ব্যবস্থা বা সন্ধিপত্র যৎকালে বলবৎ থাকে, এই আইনের কোন কথায় তাহার বিধানের কোন ব্যতিক্রম হইবে না, এবং যে স্থলে তদ্রূপ কোন ব্যবস্থা বা সন্ধিপত্রের বিধান বর্ত্তে সেই স্থলে উক্ত ব্যবস্থার বা সন্ধিপত্রের নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী অবলম্বিত হইবে

যে আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। ভিন্নদেশের বিচারাধিপত্য বিষয়ক এবং অপরাধিদিগকে স্বং দেশে প্রেরণবিষয়ক ১৮৭২ সালের আইন রহিত করা গেল, কিন্তু উক্ত আইনমতে কৃত বর্ত্তমান সমুদয় নিয়োগ, অর্পণ, সর্টিফিকেট, অনুমতি ও বিধি, ও ঐ আইনমতে প্রদত্ত বর্ত্তমান সমুদয় বিজ্ঞাপন, সমন, পরওয়ানা, আজ্ঞা ও আদেশ যত দূর এই আইনসঙ্গত হয়, এই আইনমতে কৃত ও প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

অর্থকারক ধারা।
'পলিটিকাল এজেন্ট।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর প্রকাশ না হইলে, এই আইনে "পলিটিকাল এজেন্ট" শব্দে নিম্নলিখিত ব্যক্তিদিগকে বুঝাইবে ও তাঁহারা ঐ শব্দে গণ্য হইবেন,—

(১) ব্রিটিষ ভারতবর্ষের সীমার বহির্ভূত কোন দেশে কি স্থানে প্রধান যে কর্ত্তৃপক্ষ ব্রিটিষ ভারতবর্ষের গবর্ণমেণ্টের মূলাভিষিক্তস্বরূপ হন তিনি।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা মান্দ্রাজ কি বোম্বাই প্রেসিডেন্সীর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব এই আইনমতে ব্রিটিষ ভারত-

বর্ষের একাংশ ভিন্ন কোন দেশের পলিটিকাল এজেণ্টের সকল কি কোন ক্ষমতাক্রমে কর্ম্ম করণার্থে ব্রিটিষ ভারতের স্থয়ে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি।

"ইউরোপীয় ব্রিটিষ প্রজা" শব্দে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের নির্দ্দিষ্ট ইউরোপীয় ব্রিটিষ প্রজা বুঝাইবে।

"ইউরোপীয় ব্রিটিষ প্রজা।"

---

২ অধ্যায়।

ব্রিটিষ ভারতবর্ষের বাহির্ভূত স্থানে ব্রিটিষ কর্তৃপক্ষদের ক্ষমতার কথা।

৪ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের যৎকালে যে ক্ষমতা ও বিচারাধিপত্য থাকে, তিনি ব্রিটিষ ভারতবর্ষের সমাবর্হিভূত যে দেশে কি স্থানে সেই ক্ষমতা ও বিচারাধিপত্যক্রমে কর্ম্ম করিতে পারিবেন। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে যে প্রকারে ও যত দূর বিহিত বোধ করেন ব্রিটিষ ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের প্রতি সেই প্রকারে ও তত দূর সেই ক্ষমতা ও বিচারাধিপত্য অর্পণ করিতে পারিবেন।

ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতামত কার্য্য করণের ও অন্যের প্রতি অর্পণের কথা।

৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের উক্ত কোন ক্ষমতা কি বিচারাধিপত্যক্রমে কার্য্য করণের এবং কোন ব্যক্তির কি লোক সম্প্রদায়ের প্রতি সেই ক্ষমতা কি অর্পণ করণের, ও কার্য্যপ্রণালীর যে বিধি কল্পনা নিয়ম অনুসারে তাঁহাদের ঐ কার্য্য করিতে হইবে তদ্বিষয়ের, এবং স্থানীয় যে সীমার মধ্যে তাঁহাদের সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে হইবে তদ্বিষয়ের জ্ঞাপনপত্র কলিকাতা গেজেটে প্রকাশ হইলে কোন আদালতে সেই জ্ঞাপনপত্রের উল্লিখিত কথার সত্যতা বিষয়ে সেই জ্ঞাপনপত্রই সিদ্ধান্ত প্রমাণ হইবে।

সেই ক্ষমতামতে কার্য্য করণের বা অর্পণের নোটিস দিবার কথা।

৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উক্ত কোন দেশের কি স্থানের ইউরোপীয় কোন ব্রিটিষ প্রজার নাম করিয়া কিম্বা তাঁহার কোন পদোপলক্ষে তাঁহাকে তথায় শান্তিরক্ষার্থ জষ্টিসস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন। ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন অনুসারে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটেরা শান্তিরক্ষার্থ জষ্টিস ও ইউরোপীয় ব্রিটিষ প্রজা হইলে তাঁহাদের যে সকল ক্ষমতা থাকে, ইউরোপীয় ব্রিটিষ প্রজাদের বিরুদ্ধে কার্য্যানুষ্ঠানে অথবা তাঁহাদের সঙ্গে একত্র অপরাধ করিয়াছে বলিয়া যাহাদের নামে অভিযোগ হয় সেই ব্যক্তিদের বিরুদ্ধে কার্য্যানুষ্ঠানে শান্তিরক্ষার্থ উক্ত প্রত্যেক জষ্টিসের সেই ক্ষমতা থাকিবে।

শান্তিরক্ষার্থ জষ্টিসদের নিয়োগ ও ক্ষমতা ও বিচারাধিপত্যের কথা।

শান্তিরক্ষার্থ উক্ত জষ্টিস সাহেব ইউরোপীয় ব্রিটিষ প্রজাদের বিচারাধিপত্য বিশিষ্ট যে আদালতের বিচারার্থে তদ্রূপ ব্যক্তিদিগকে সমর্পণ করিতে পারিবেন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইহা নির্ণয় করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২ মার্চ।]

৭ ধারা। ১৮৭৮ সালের ২৫ আপ্রিল তারিখের পূর্ব্বে পূর্ব্বোক্ত কোন দেশে কি স্থানে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক কিম্বা মান্দ্রাজ কি বোম্বাই প্রেসিডেন্সীর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব কর্তৃক যতজন পলিটিকাল এজেণ্ট ও শান্তিরক্ষার্থ যত জন জষ্টিস নিযুক্ত করা হইয়াছে তাঁহারা এই আইনের বিধানমতে নিযুক্ত ও বিচারাধিপতি হইয়া আছেন ও ছিলেন এমত জ্ঞান হইবে।

বর্ত্তমান পলিটিকাল এজেণ্ট ও জষ্টিসদের স্থায়ী হইবার কথা।

৮ ধারা। অপরাধ ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক যে আইন যৎকালে ব্রিটিষ ভারতবর্ষের প্রচলিত থাকে তাহা কার্য্যপ্রণালী বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে যদ্রূপ পরিবর্ত্তন করিবার আজ্ঞা করেন তাহার নিয়মাধীনে সেই আইন

অপরাধ বিষয়ক ব্রিটিষ ভারতবর্ষের আইন ব্রিটিষ ভারতবর্ষের বাহিরে ব্রিটিষ প্রজাদের প্রতি বর্ত্তিবার কথা।

(ক) শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজা ও রাজ্য সমূহের অধিকারস্থ সমুদয় ইউরোপীয় ব্রিটিষ প্রজাদের প্রতি, ও

(খ) ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে ভারতবর্ষের সমুদয় দেশীয় প্রজাদের প্রতি বর্ত্তিবে।

---

৩ অধ্যায়।

ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে ব্রিটিষ প্রজাদের কৃত অপরাধ বিষয়ে ব্রিটিষ ভারতবর্ষে অনুসন্ধান লইবার কথা।

৯ ধারা। যদি কোন ইউরোপীয় ব্রিটিষ প্রজা শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার কি রাজ্যের অধিকারে অপরাধ করে, কিম্বা যদি শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় কোন দেশীয় প্রজা ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে অপরাধ করে, তবে ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত যে কোন স্থানে তাহাকে পাওয়া যায় সেই স্থানেই অপরাধ করার ন্যায় ব্রিটিষ ভারতবর্ষে তাহার সেই অপরাধহেতুক বিচারাদি হইতে পারিবে।

ব্রিটিষ প্রজারা ব্রিটিষ ভারতবর্ষের বাহিরে অপরাধ করিলে তাহাদের দায়ের কথা।

পরন্তু যে দেশে সেই অপরাধ করা গিয়াছে বলিয়া প্রকাশ হয় সেই দেশের পলিটিকাল এজেণ্ট সাহেব যদি লিখিয়া দেন যে তিনি ব্রিটিষ ভারতবর্ষে সেই অভিযোগের অনুসন্ধান করা উচিত বলেন তাপন অভিমতের সর্টিফিকেট না দিলে ব্রিটিষ ভারতবর্ষে উক্ত কোন অপরাধ বিষয়ক অভিযোগের অনুসন্ধান লওয়া যাইবে না।

অভিযোগের অনুসন্ধান লওয়া উচিত এই বিষয়ে পলিটিকাল এজেণ্টের সর্টিফিকেট দিবার কথা।

আরো এই ধারামতে কোন ব্যক্তির প্রতিকূলে কোন কার্য্যানুষ্ঠান হইলে পর, ব্রিটিষ ভারতবর্ষে সেই অপরাধ করা গেলে যদি সেই অপরাধের নিমিত্ত পশ্চাৎ সেই ব্যক্তির বিপক্ষে আর কার্য্যানুষ্ঠান হইতে না পারে তবে এই ধারামতে ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে সেই অপরাধের উপলক্ষে তাহার বিপক্ষে আর কার্য্যানুষ্ঠান হইতে পারিবে না।

১০ ধারা। ৯ ধারার যে প্রকারের অপরাধের উল্লেখ হইয়াছে তাহার অনুসন্ধান লওয়া যাইতেছে কিম্বা বিচার হইতেছে এমত সময়ে যে স্থানে অপরাধ করা গিয়াছে বলিয়া কথিত হয় তথায় পলিটিকাল এজেন্ট সাহেবের কিম্বা বিচারপতির সম্মুখে যে জোবানবন্দী লওয়া গেল কি যে দলীল উপস্থিত করা গেল তদনুসারে যাহি কি বিচারকারি আদালত যে কেবল মোকদ্দমায় সেই জোবানবন্দীর কি দলীলের লিখিত বিষয়ের সাক্ষ্য লইবার ক্ষমতা দিতে পারিতেন সেই মোকদ্দমায় সেই আদালত ঐ জোবানবন্দীর ও দলীলের প্রতিলিপি প্রমাণস্বরূপ গ্রহণ করিবেন স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে এমত আজ্ঞা করিতে পারিবেন।

(নাম ও দলীলের প্রতিলিপি প্রমাণস্বরূপ গ্রহণ করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।)

---

৪ অধ্যায়।

অপরাধিদিগকে স্বং দেশে পাঠাইবার কথা।

১১ ধারা। পূর্ব্বোক্ত কোন রাজ্যের মধ্যে ইউরোপীয় ব্রিটিশ প্রজাভিন্ন কোন ব্যক্তি ঐ রাজ্যের আইনের বিরুদ্ধে অপরাধ করণের কিম্বা অপরাধ করিয়াছে বলিয়া তাহার প্রতি সন্দেহ থাকিলে, এবং সেই ব্যক্তি পলায়ন করিয়া ব্রিটিশ ভারতবর্ষে আইলে কিম্বা তথায় থাকিলে, যদি পলিটিকাল এজেন্ট সাহেব উক্ত রাজ্যে সেই অপরাধের অনুসন্ধান করা উচিত বোধ করেন,

(ইউরোপীয় ব্রিটিশ প্রজাভিন্ন কোন ব্যক্তি ব্রিটিশ ভারতবর্ষে পলায়ন করিলে তাহাকে ধরিয়া লইয়া যাইবার কথা।)

এবং যে ক্রিয়া করা গিয়াছে বলিয়া কথিত হয় তাহা ব্রিটিশ ভারতবর্ষের মধ্যে করা গেলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের যেং ধারা এই আইনের তফসীলে উল্লিখিত হইয়াছে তাহার অন্তর্গত ধারামতে কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সময়ং ঐ আইনের কি অন্য কোন আইনের অন্য যেং ধারার উল্লেখ করেন তাহার কোন ধারামতে যদি অপরাধ বলিয়া জ্ঞান হইত,

তবে তিনি ঐ ব্যক্তিকে ধরিবার পরওয়ানা দিয়া ঐ পরওয়ানায় যে স্থানের ও যে ব্যক্তির নাম লেখা থাকে তথায় তাঁহার নিকটে সেই ব্যক্তিকে সমর্পণ করিবার আজ্ঞা দিতে পারিবেন।

১২ ধারা। অভিযুক্ত ব্যক্তির যে জিলায় থাকা অনুমান হয় পরওয়ানা সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে লেখা যাইতে পারিবে এবং পরওয়ানা জারী করিবার যে আইন যৎকালে প্রবল থাকে তদনুসারে সেই পরওয়ানা সাধন করা যাইবে, এবং অভিযুক্ত ব্যক্তিকে ধরা গেলে পরওয়ানায় যে স্থানের ও যে কর্ম্মকারকের নাম লেখা থাকে তথায় তাঁহার নিকট তাহাকে পাঠান যাইবে।

(পরওয়ানা যাহার নামে দিতে হইবে ও যে প্রকারে সাধন করা যাইবে তাহার কথা।)

১৩ ধারা। উক্ত পলিটিকাল এজেন্ট সাহেব আপনি সেই মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারিবেন অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা মান্দ্রাজ কি বোম্বাই প্রেসিডেন্সীর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব তাঁহাকে সাধারণ কি বিশেষ আজ্ঞা দিলে যে ব্যক্তিকে উক্তরূপে পাঠান যাইবে সে শ্রীশ্রীমতী ভারতবর্ষের দেশীয় প্রজা হউক কি না হউক যে রাজ্যের মধ্যে অপরাধ করা গেল সেই রাজ্যের সাধারণ আদালতে বিচার হইবার নিমিত্ত তাহাকে সমর্পণ করিতে পারিবেন।

(পলিটিকাল এজেন্ট সাহেবের স্বয়ং মোকদ্দমা নিষ্পত্তি করিবার কিম্বা সাধারণ আদালতের বিচারার্থে ব্যক্তিকে সমর্পণ করিবার কথা।)

১৪ ধারা। যৎকালে যে ব্যক্তিরা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত কোন দেশের কিম্বা ভিন্নদেশীয় কোন রাজার কি রাজ্যের দেশে শাসনসংক্রান্ত কর্ত্তৃত্ব কার্য্য সম্পাদন করেন সেই দেশের মধ্যে কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইয়াছে বলিয়া যদি তাঁহারা কি তাঁহাদের আজ্ঞাক্রমে অন্য ব্যক্তি যদি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় কোন গবর্ণমেণ্টের নামে ঐ ব্যক্তিকে সমর্পণ করিবার অনুজ্ঞাপত্র দেন, তবে কোন মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে ঐ অপরাধি থাকিলে যে মাজিষ্ট্রেট তাহার অনুসন্ধান লইবার ক্ষমতাপন্ন হইতেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থলবিশেষে উক্ত স্থানীয় গবর্ণমেণ্ট সেই মাজিষ্ট্রেটকে ঐ অপরাধের সত্যতার অনুসন্ধান লইবার আদেশ করিতে পারিবেন।

(ব্রিটিশ রাজ্যের কোন স্থানের কিম্বা ভিন্ন দেশের এক সেনিটির কর্ম্মকারকদের ফিরিয়া পাঠাইবার অনুজ্ঞা হইবার কথা।)

মাজিষ্ট্রেট উক্তরূপ আজ্ঞা পাইলে, কথিত অপরাধের নিমিত্ত সাধারণে যদি সমন বাহির হইয়া থাকে তবে তাহার নামে সমন দিয়া কিম্বা যদি পরওয়ানা বাহির হইয়া থাকে, তবে তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিয়া ঐ অভিযোগের সত্যতার অনুসন্ধান লইবেন এবং যে গবর্ণমেণ্ট তাঁহাকে অনুসন্ধান লইবার আজ্ঞা দেন তাঁহার নিকট ঐ বিষয়ের রিপোর্ট করিবেন। যাঁহারা পূর্ব্বোক্ত অনুজ্ঞাপত্র পাঠান তাঁহাদের হাতে অভিযুক্ত ব্যক্তিদিগকে সমর্পণ করা উচিত উক্ত গবর্ণমেণ্ট সেই রিপোর্ট পড়িয়া এমত জ্ঞান করিলে পরওয়ানা দিয়া অভিযুক্ত ব্যক্তিকে আবেধ করিয়া পাঠাইবার ও পরওয়ানার নির্দ্দিষ্ট স্থানে ঐ ব্যক্তির নিকটে সমর্পণ করিবার আজ্ঞা দিবেন।

এই ধারামতে যে অনুসন্ধান লওয়া যায় ১০ ধারার বিধান তাহার প্রতি বর্ত্তিবে।

১৫ ধারা। ব্রিটিশ ভারতবর্ষের বহির্ভূত স্থানে অপরাধ করিয়াছে বলিয়া যাহার নামে অভিযোগ কিম্বা যাহার প্রতি সন্দেহ হইয়াছে এরূপ কোন ব্যক্তি ব্রিটিশ ভারতবর্ষের কোন মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে থাকিলে, এবং ১১ ধারার বিধানমতে কোন রাজ্যের পলিটিকাল এজেন্ট উক্ত ব্যক্তিকে ধরিবার পরওয়ানা দিতে পারিতেন, অথবা

(ব্রিটিশ ভারতবর্ষের বহির্ভূত স্থানে অপরাধ করিয়াছে বলিয়া যে ব্যক্তির নামে অভিযোগ হয় কোং স্থলে মাজিষ্ট্রেটের সেই ব্যক্তিকে ধরিবার পরওয়ানা দিতে পারিবার কথা।)

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৮০ সাল ৪ মে।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভ দিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ১০ জানুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনু-মোদন করাতে তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৩ আইন।

অর্থাৎ

সেনানিবেশ বিষয়ক ১৮৮০ সালের আইন।

ধারার নির্ঘণ্ট।

ধারা।

৫ অধ্যায়।

উগ্র শরাবের কথা।

৬ অধ্যায়।

মুনিসিপল টাক্সের কথা।

৭ অধ্যায়।

আনুষঙ্গিক বিধি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

সেনানিবেশ সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধনার্থ আইন।

হেতুবাদ। সেনানিবেশ সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধন করা বিহিত, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। সংক্ষেপ নাম। এই আইন "সেনানিবেশ বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। এই ধারা ও ২ ধারা ও ২৪ ধারা ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে। এই আইনের অবশিষ্টাংশ মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেবের ও মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন দেশ ছাড়া ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে। মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেব বা মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেব, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, তাঁহার শাসনাধীন কোন স্থানে তদ্রূপ কোন অংশ চালাইতে পারিবেন, এবং যে তারিখে কোন স্থানে তদ্রূপ কোন অংশ উক্তরূপে চালান যায়, ঐ স্থানে উক্ত অংশের সহিত অসঙ্গত বা উহার বিরুদ্ধ যে কোন আইন তৎকালে প্রবল থাকে তাহা সেই তারিখ অবধি সেই স্থানে আর বলবৎ থাকিবে না।

মান্দ্রাজ ও বোম্বাইয়ের সেনানিবেশ স্থানে এই আইনের সহিত অসঙ্গত আইনের কথা।

২ ধারা। ১৮৬৪ সালের ২২ আইন রহিত হইবার কথা। সৈনিক ছাউনি স্থানের কার্য্যনির্ব্বাহের বিধান করণের ১৮৬৪ সালের ২২ আইন এতদ্দ্বারা রহিত করা গেল। কিন্তু উক্ত আইনমতে যে সকল আজ্ঞা বিজ্ঞাপন, বিধি ও বিধান কৃত, ক্ষমতা প্রদত্ত ও আদালত স্থাপিত হইয়াছে, তৎসমুদয় যথাক্রমে এই আইনমতে কৃত, প্রদত্ত ও স্থাপিত বলিয়া জ্ঞান হইবে।

১৮৬৪ সালের ২২ আইনের উল্লেখের কথা। পরচলিত বিধিবদ্ধ আইনে ১৮৬৪ সালের উক্ত ২২ আইনের উল্লেখ থাকিলে, ঐ উল্লেখ এই আইনের উল্লেখের ন্যায় পাঠ করিতে হইবে।

২ অধ্যায়।

ফৌজদারী বিচারাধিপতিত্বের কথা।

৩ ধারা। কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের কথা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনমতে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রত্যেক ব্যক্তিকে কোন সেনানিবেশের সীমান্তর্গত স্থানে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা দেন, সেই ব্যক্তিকে কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট বলা যাইবে, এবং উক্ত আইনের অর্থমত ও কার্য্যপক্ষে তাঁহাকে মফঃস্বলের অধ্যক্ষতাভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট বলিয়া জ্ঞান করা যাইবে।

তদ্রূপ কোন কান্টনমেন্ট ম্যাজিষ্ট্রেট অনুপস্থিত থাকিলে, অথবা কিয়ৎকালের নিমিত্ত তাঁহার পদ শূন্য থাকিলে, জিলার ম্যাজিষ্ট্রেট সাহেব উক্ত অনুপস্থিতি কালে অথবা যত কাল স্থানীয় গবর্ণমেন্ট উক্ত পদে কাহাকেও নিযুক্ত না করেন তত কাল পূর্ব্বোক্তমতে বিস্তৃত উক্ত আইনের বিধান ফলবৎ করিবেন।

১৩ ধারা। ১৮৫৬ সালের উক্ত ১০ আইনের বিধান যে সেনানিবেশস্থানে প্রচলিত করা যায়, স্থানীয় গবর্ণমেন্ট সেই সেনানিবেশস্থান কএক অংশে বিভাগ করিবার আজ্ঞা দিতে পারিবেন, ও তদ্রূপ প্রত্যেক অংশে উক্ত আইনের ১০ ধারামতে যে প্রকারের টেক্স আদায় করা যাইবে তাহা নিরূপণ করিতে পারিবেন।

সেনানিবেশস্থান প্রভৃতি বিভাগ করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

---

৫ অধ্যায়।

উগ্র শরাবের কথা।

১৪ ধারা। যে ব্যক্তি যুদ্ধ সম্পর্কীয় আইনক্রমে দণ্ডনীয় নহে, কিম্বা যে ব্যক্তি সৈনিকদের নিকটে ভক্ষ্যাদি বিক্রয় করে, এরূপ কোন ব্যক্তি অথবা কোন সেনাচর যদি কোন সেনানিবেশ স্থানের মধ্যে, কিম্বা ঐ সেনানিবেশ স্থানের চতুর্দ্দিগে স্থানীয় গবর্ণমেণ্টের নিরূপিত কোন সীমার মধ্যে, কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবের লিখিত অনুমতিপত্র কিম্বা তদ্রূপ অনুমতিপত্র দান করিতে যে ব্যক্তি সেই সেনানী সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার লিখিত অনুমতিপত্র না পাইয়া কোন ইউরোপীয় সৈনিকের নিকটে বা তাহার ব্যবহারার্থে, কিম্বা ইউরোপীয় বা ইউরেশীয় কোন সেনাচরের বা সৈনিকপত্নীর নিকটে বা তাহার ব্যবহারার্থে, কিছু উগ্রশরাব বা মদিরা বা মাদক দ্রব্য জানিয়াশুনিয়া বিনিময় বা বিক্রয় করে বা যোগায়, কিম্বা বিনিময় বা বিক্রয় করিতে বা যোগাইতে প্রস্তাব বা উদ্যোগ করে, তবে যে ব্যক্তি সেই উগ্র শরাব বা মদিরা বা মাদক দ্রব্য পূর্ব্বোক্তমতে বিনিময় বা বিক্রয় করে বা যোগায় কিম্বা বিনিময় বা বিক্রয় করিবার বা যোগাইবার প্রস্তাব বা উদ্যোগ করে, সেই ব্যক্তির ঐ দোষ প্রমাণ হইলে এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে, অথবা ঐ অর্থদণ্ডের বা কারাদণ্ডের পরিবর্ত্তে (কোনং স্থলে কশাঘাত করনের ক্ষমতা দানার্থে) ৮৬৪ সালের ৬ আইনের ২ ধারার লিখিত অপরাধের নিমিত্ত যেরূপ নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ আইনের সমুদয় বিধানের নিয়মাধীনে, সেইরূপ কশাঘাত দণ্ড হইতে পারিবে।

অনুমতি বিনা উগ্র শরাব বিক্রয়ের কথা।

১৫ ধারা। ১৪ ধারামতে যে ব্যক্তির অপরাধ সপ্রমাণ হইয়াছে, যদি সেই ব্যক্তির উক্ত ধারার লিখিত অপরাধের পুনশ্চ প্রমাণ হয় তবে সেই দ্বিতীয়বার ঐ অপরাধ করণ কালে ঐ সেনানিবেশের বা সীমার মধ্যে তাহারই বা তাহার নিকটে যে কিছু উগ্র শরাব বা মদিরা বা মাদকদ্রব্য থাকে, তাহা অন্য প্রমাণ বিনা ঐ ব্যক্তির নিকটে এই আইনের বিধানের বিরুদ্ধে ইউরোপীয় সৈনিকদিগকে যোগাইবার নিমিত্ত আছে বলিয়া জ্ঞান হইবে।

দ্বিতীয় বার অপরাধ প্রমাণ হইলে অনুমানের কথা।

১৬ ধারা। যদি কোন সেনাচর বা সৈনিক বৃত্তিভোগী বা কোন সৈনিকের বা সেনাচরের বা সৈনিক বৃত্তিভোগির স্ত্রী বা বিধবা পত্নী, কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবের অনুমতিপত্র, কিম্বা তিনি এই আইনমতে অনুমতিপত্র দানার্থে অন্য যে সৈন্যাধ্যক্ষ নিযুক্ত করেন তাঁহার অনুমতিপত্র না পাইয়া, উক্ত সেনানিবেশের বা সীমার মধ্যে এক সেরের বা কুয়ার্টের অধিক উগ্র শরাব বা মদিরা স্থানান্তর বা চালান করে বা নিকটে রাখে, তবে ঐ ব্যক্তির অপরাধ প্রমাণ হইলে পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড ও তৎপরে আবার সেই অপরাধ হইলে এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড, অথবা তিনমাস পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে। কিন্তু সনদপ্রাপ্ত কোন সৈন্যাধ্যক্ষের স্বীয় ব্যবহারার্থে যে শরাব সেনানিবেশ স্থানে আনা যায়, তৎপ্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

অনুমতিপত্রবিনা সেনানিবেশের মধ্যে কোনং ব্যক্তির নিকট কিয়ৎপরিমাণের অধিক উগ্র শরাবাদি থাকিলে, তাঁহাদের দণ্ডের কথা।

১৭ ধারা। এই আইনের বিধানমতে বিচার্য্য কোন ব্যক্তি ১৪ বা ১৬ ধারা লঙ্ঘন করিয়া কোন অপরাধ করিতেছে দৃষ্ট হইলে পোলীসের কোন কর্ম্মকারক পরওয়ানা না পাইয়াও তাহাকে তৎক্ষণাৎ ধরিতে পারিবেন, ও তাহার নিকটে যে কিছু উগ্রশরাব বা মদিরা বা মাদক দ্রব্য পাওয়া যায়, ও তাহা যে কোন পাত্রে থাকে ও তাহা স্থানান্তর বা চালান করিবার বা গোপনে রাখিবার জন্য যে কোন দ্রব্যের ব্যবহার হয়, তৎসমুদয় ধৃত করিয়া, উক্ত ব্যক্তিকে ঐ ধৃত দ্রব্য সহ কান্টনমেন্ট ম্যাজিষ্ট্রেটের কিম্বা ঐ অপরাধির দণ্ড করিবার ক্ষমতাপন্ন অন্য সৈন্যাধ্যক্ষের নিকটে অবিলম্বে লইয়া যাইবেন।

১৪ বা ১৬ ধারামতে অপরাধিদিগকে ধরিবার ও উগ্র শরাবাদি ধৃত করিবার কথা।

১৮ ধারা। ১৪ বা ১৬ ধারামত কোন অপরাধ সপ্রমাণ হইলে, যে শরাবের বা মদিরার বা মাদক দ্রব্যের সম্পর্কে অপরাধির অপরাধ প্রমাণ হইল ও সেই অপরাধ করণ কালে অন্য যে কিছু উগ্র শরাব বা মদিরা বা মাদকদ্রব্য তাহার নিকটে পাওয়া যায়, ও তাহা যে কোন পাত্রে থাকে, ও তাহা কি তাহার কোন অংশ চালান বা স্থানান্তর করিবার বা গোপনে রাখিবার নিমিত্ত যে কোন দ্রব্যের ব্যবহার হয়, তৎসমুদয় কান্টনমেন্ট ম্যাজিষ্ট্রেট বা অন্য সৈন্যাধ্যক্ষ জব্দ করিবার আজ্ঞা করিতে পারিবেন, এবং এই আইনমতে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহা আদায় হইলেই, যাহার স্থানে সংবাদ প্রাপ্ত হইয়া ঐ অপরাধের প্রমাণ হইল তাঁহাকে অথবা ঐ অপরাধিকে কিম্বা যে দ্রব্য জব্দ হইবার আজ্ঞা হইল সেই দ্রব্য যে কর্ম্মকারক ধৃত করে তাহাকে ঐ অর্থদণ্ডের সমুদয় কিম্বা কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

উক্ত শরাবাদি জব্দ করিবার কথা।

১৯ ধারা। ১৭ ধারামতে ধৃত যে কোন দ্রব্য সম্পর্কে এই আইনমত কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হয় সেই দ্রব্য যাহার নিকটে ধৃত হয়, যাবৎ সেই ব্যক্তির অপরাধ সপ্রমাণ বা নির্দ্দোষিতা প্রকাশ না হয়, সেই দ্রব্য আটক রাখিবার আজ্ঞা হইতে পারিবে।

ধৃত সম্পত্তি আটক করিয়া রাখিবার কথা।

উক্ত ব্যক্তিকে যদি নির্দ্দোষী করা যায়, তবে তদ্রূপ ধৃত দ্রব্য তাহাকে ফিরাইয়া দেওয়া যাইবে। যদি তাহার অপরাধ সপ্রমাণ হয়, তবে কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট বা অন্য সৈনাধ্যক্ষ তন্মধ্যে যে কোন দ্রব্য জপ্ত হইবার যোগ্য নয় বলিয়া প্রকাশ করেন সেই দ্রব্য ফিরাইয়া দেওয়া যাইবে। অবশিষ্ট দ্রব্য জপ্ত বলিয়া তৎসম্বন্ধে কার্য্য হইবে।

ধৃত সম্পত্তি লইয়া কার্য্য করিবার কথা।

২০ ধারা। কোন স্বীকৃত চিকিৎসক বা রসায়নবিদ বা ঔষধীয় দ্রব্য ব্যবসায়ী যে কোন দ্রব্য ঔষধ স্বরূপ বিক্রয় করেন বা যোগান, তৎপ্রতি পূর্ব্বোক্তি ধারা সমূহের বিধান বর্ত্তিবে না।

ঔষধ স্বরূপ যে দ্রব্য বিক্রয় করা বা যোগান যায়, তাহার সংরক্ষণের কথা।

৬ অধ্যায়।

মুনিসিপাল টাক্সের কথা।

২১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সময়েং রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া, উক্ত বিজ্ঞাপনের তারিখে প্রচলিত আইনক্রমে উক্ত গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের অন্তর্গত কোন মুনিসিপালিটিতে যে টাক্স ধার্য্য করা যায়, কোন সেনানিবেশ স্থানে সেই টাক্স ধার্য্য করিতে পারিবেন, এবং তদ্রূপ অনুমতি লইয়া ও তদ্রূপ বিজ্ঞাপন দিয়া উক্তরূপে ধার্য্যকৃত কোন টাক্স উঠাইয়া দিতে পারিবেন।

টাক্স লইবার সাধারণ ব্যবস্থার কথা।

২২ ধারা। ২১ ধারামতে কোন সেনানিবেশস্থানে যে কোন টাক্স আদায় করা যাইতে পারে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া উক্ত গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের অন্তর্গত কোন মুনিসিপালিটিতে কোন টাক্স ধার্য্য ও আদায় করণার্থ ঐ বিজ্ঞাপনের তারিখে প্রচলিত কোন আইনের বা বিধির বিধান ঐ সেনানিবেশ স্থানে বর্ত্তাইতে বা তাহার যোগ্য করিয়া লইতে পারিবেন।

টাক্স ধার্য্য ও আদায় করিবার বিধান করিতে পারিবার কথা।

২৩ ধারা। ২১ ধারামতে কোন সেনানিবেশ স্থানে যে সকল টাক্স আদায় করা যায় তদুৎপন্ন টাকা, তাহা ধার্য্য ও আদায় করিবার খরচ বাদে, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ মতে ঐ সেনানিবেশ স্থানে পোলীস দল রক্ষণার্থে এবং ২৫ ধারাক্রমে প্রণীত বিধিমতে কার্য্যসাধনার্থে প্রয়োজিত হইবে।

টাক্সের উৎপন্ন টাকা প্রয়োগের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

২৪ ধারা। যৎকালে যে কোন আইন প্রচলিত থাকে তাহাতে প্রকারান্তরের কথা থাকিলেও, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব লিখিত আজ্ঞা দিয়া কোন সেনানিবেশ স্থানে কোন টাক্সের সমুদয় বা কোন অংশ আদায় করা নিষেধ করিতে পারেন, অথবা কোন ব্যক্তিকে নামোল্লেখে বা আপন পদোপলক্ষে অথবা কোন শ্রেণীর লোকদিগকে তদ্রূপ কোন টাক্সের দায়াধিকার হইতে মুক্ত করিতে পারিবেন এবং তদ্রূপ আজ্ঞা দিয়া উক্তরূপ কোন নিষেধ বা মুক্তিপত্র রহিত করিতে পারিবেন।

সেনানিবেশ স্থানে টাক্স নিষেধ করিতে পারিবার কথা।

৭ অধ্যায়।

আনুষঙ্গিক বিধি।

২৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন সেনানিবেশ স্থানের সীমার মধ্যে পশ্চাল্লিখিত বিষয়ের বিধান করণার্থ সময়েং এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

সেনানিবেশ সংক্রান্ত বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

এই ধারামতে যে বিধি প্রণয়ন করা যায়, তাহা, স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে সাধারণরূপে তৎপ্রণয়নকারি স্থানীয় গবর্ণমেণ্টের শাসনাধীন সমুদয় সেনানিবেশ স্থানে কিম্বা বিশেষরূপে তদ্রূপ এক বা একাধিক সেনানিবেশস্থানে বর্ত্তিতে পারিবে।

ঐ বিধি সাধারণ বা বিশেষরূপ হইতে পারিবার কথা।

২৬ ধারা। ২৫ ধারামতে প্রণীত কোন বিধি যত কাল মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের দ্বারা দৃঢ় করা না যায় তত কাল ফলবৎ হইবে না। ঐ বিধি উক্তপ্রকারে দৃঢ় করা গেলে, ইংরাজী ভাষায় ও সেনানিবেশস্থানে এদেশীয় যে ভাষা অধিক চলিত সেই ভাষায় ঐ বিধির এক প্রস্থ কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যালয়ের কোন প্রকাশ্য স্থানে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট বা কর্তৃত্বকারি সেনানী সাহেব অন্য যে স্থান নিরূপণ করেন সেই স্থানে লটকান থাকিবে।

বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব দ্বারা দৃঢ় হইবার কথা।

২৭ ধারা। ২৫ ধারামতে প্রণীত বিধিতে পশ্চাল্লিখিত সকল বা কোন বিষয়ের বিধান হইতে পারিবে।

বিধিতে যেং বিষয়ের বিধান হইতে পারিবে, তাহার কথা।

প্রথম।—যদি সেনানিবেশ স্থানের সীমান্তর্গত ভূমি গবর্ণমেণ্টের সম্পত্তি হয়, ও সাধারণ ব্যক্তিদের দ্বারা তাহার যে ভোগ ও ব্যবহার হইতেছে তাহা কেবল অনুমতিক্রমে হয়, তবে যে নিয়মমতে সেই ভূমি ভোগ কি ব্যবহার করিবার অনুমতি হইতে পারে, ও গবর্ণমেণ্ট যে নিয়মমতে সেই ভূমির অধিকার পুনশ্চ লইতে পারেন; ও তদ্রূপ গৃহীত ভূমি যে ব্যক্তিরা ভোগ কি ব্যবহার করিতেন তাঁহাদের ক্ষতিপূরণ যে নিয়মমতে হইবে, তদ্বিষয়ের বিধান।

দ্বিতীয়।—সেনানিবেশ স্থানের সীমার মধ্যে যে স্থাবর সম্পত্তি থাকে তাহার উপযুক্ত রেজিষ্টর রাখিবার ও সেই সম্পত্তি হস্তান্তর হইলে তাহার রেজিষ্টরী করিবার বিধান।

তৃতীয়।—সেনানিবেশ স্থানের সীমার মধ্যে যে বাটী থাকে তাহা সৈন্যাধ্যক্ষ সাহেবদের বাসাদির জন্য লইবার প্রয়োজন হইলে, যে নিয়মমতে তাহা ক্রয় করা কি ভাড়া করিয়া লওয়া যাইতে পারিবে তাহার বিধান।

চতুর্থ।—সেনানিবেশ স্থানের সীমার মধ্যে সাধারণের উপকারার্থ কার্য্য করিবার কিম্বা ২৫ ধারামতে প্রণীত কোন বিধি বলবৎ করিবার জন্যে আইনক্রমে কি গবর্ণমেণ্টের দ্বারা যে টাকা নিরূপণ হয়, তৎসম্পর্কীয় কার্য্য করিবার ও সেই টাকা ব্যয় করিবার ও প্রয়োজনমত চাকর ও আমলাগণকে নিযুক্ত করিবার বিধান।

পঞ্চম।—সাধারণের অনিষ্টজনক বিষয় নিরূপণ ও নিবারণ করিবার বিধান।

ষষ্ঠ।—সেনানিবেশস্থান সাধারণতঃ উপযুক্ত স্বাস্থ্যাবস্থায় রাখিবার এবং রোগ নিবারণ ও প্রশমন করিবার এবং রাজকীয় পথের ও নগর পারিপাট্য ও জলপ্রণালী প্রভৃতির কার্য্য হইবার ও সুনিয়ম করিবার, এবং সর্ব্ব সাধারণের কি ব্যক্তি বিশেষের পাইখানা ও মূত্রকুণ্ড ও মলাধার ও নর্দ্দমাপ্রভৃতি যে সকল স্থানে জঞ্জাল কি আবর্জ্জনা ফেলা যায় তাহার ও কশাইখানার ও হাটের ও কবরস্থানের ও শ্মশানের এবং দুর্গন্ধ কি আশঙ্কাজনক সমুদয় ব্যবসায় ও কারবারের সুনিয়ম ও তত্ত্বাবধান করিবার বিধান।

সপ্তম।—বেশ্যালয়ের পরিদর্শন ও তত্ত্বাবধান করিবার ও উপদংশ রোগ নিবারণ করিবার বিধান।

অষ্টম।—কূপ ও পুষ্করিণী ও উৎস প্রভৃতি যে সকল স্থান হইতে সর্ব্ব সাধারণের ব্যবহার্য্য জল পাওয়া যায় কি যাইতে পারে, তাহার তত্ত্বাবধারণের ও সুনিয়মের বিধান।

নবম।—সাধারণের হিতকর ও সুবিধাজনক কার্য্য সম্পাদনের ও সম্বর্দ্ধনের বিধান।

দশম।—মৃত্যু রেজিষ্টরী করিবার ও সাধারণের স্বাস্থ্য ও স্বার্থ সংক্রান্ত প্রয়োজনীয় মন্তব্য কথা ও বৃত্তান্ত লিখিবার বিধান।

একাদশ।—কোন ব্যক্তির ২৫ ধারামতে প্রণীত কোন বিধি লঙ্ঘনদোষ প্রমাণ হইলে, তাহার দণ্ড ধার্য্য করিবার, এবং উক্ত বিধির লঙ্ঘন হইলে তাহার প্রথমস্থলীয় অনুসন্ধান কি বিচার কে করিবে ও সেই অনুসন্ধান কিরূপে করা যাইবে ইহার বিধান। কিন্তু উক্তরূপে যে দণ্ড ধার্য্য করা যায় তাহা পঞ্চাশ টাকা অর্থদণ্ডের কি আটদিনের কারাদণ্ডের অধিক হইবে না।

২৮ ধারা। কাণ্টনমেণ্ট ম্যাজিষ্ট্রেট থাকিলে, তিনি ২৫ ধারামতে প্রণীত কোন বিধি লঙ্ঘনের বিচার করিবেন, কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট কোন আসিষ্টাণ্ট কাণ্টনমেণ্ট ম্যাজিষ্ট্রেটকে কিম্বা অন্য কোন ব্যক্তিকে তদ্রূপ লঙ্ঘনাপরাধের বিচার করিবার ক্ষমতাপ্রদান করিয়া কাণ্টনমেণ্ট ম্যাজিষ্ট্রেটের অনধীনভাবে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবার শক্তিপ্রদান করিতে পারিবেন।

বিধিলঙ্ঘনের বিচার হইবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ৪ মে।]

এই ধারামতে কোন মোকদ্দমার বিচার হইলে তাহার উপর আপীল হইবে না, কিন্তু তদ্রূপ কোন মোকদ্দমার বিচারকারি প্রত্যেক ব্যক্তি ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২ অধ্যায়ের কার্য্যপক্ষে, হাই কোর্টের ও সেশন আদালতের ও জিলার ম্যাজিষ্ট্রেটের অধীন বলিয়া জ্ঞান হইবে।

২৯ ধারা। ২৫ ধারামতে প্রণীত কোন বিধিলঙ্ঘন করণাপরাধির অর্থদণ্ডের আজ্ঞা হইলে, যদি সেই দণ্ডের টাকা না দেওয়া যায়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে সেনানিবেশ স্থানের সীমার মধ্যে অপরাধির অস্থাবর যে কিছু সম্পত্তি পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ দণ্ডের টাকা আদায় করা যাইতে পারিবে।

অর্থদণ্ড যেরূপে আদায় করিতে হইবে তাহার কথা।

যদি উক্ত অর্থদণ্ড আদায়ের উপযুক্ত তদ্রূপ সম্পত্তি না পাওয়া যায়, তবে অপরাধির এক মাস পর্য্যন্ত সাদাকারাদণ্ড হইতে পারিবে।

অর্থদণ্ড আদায় করা না গেলে কারাদণ্ডের কথা।

৩০ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ করিলে, যদি অন্য কোন আইনক্রমে তাহার নামে অভিযোগ হইতে পারে, কিম্বা সেই অপরাধের যে দণ্ড এই আইনে নির্দ্ধারিত হইয়াছে, তদ্ভিন্ন বা ততোধিক দণ্ড যদি অন্য কোন আইনক্রমে হইতে পারে, তবে এই আইনের কিম্বা ২৫ ধারামতে প্রণীত কোন বিধির কোন কথা দ্বারা সেই অভিযোগের কি দণ্ডের বাধা হইবে না। কিন্তু একই অপরাধে কোন ব্যক্তির দুইবার দণ্ড হইবে না।

অন্যান্য আইনমত অভিযোগাদির কথা।

৩১ ধারা। কোন সেনানিবেশ স্থানে বেশ্যালয়ের পরিদর্শন ও সুবিধান করণার্থ ও উপদংশ রোগের সঞ্চার নিবারণার্থ যে বিধি প্রণয়ন করা যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই সেনানিবেশ স্থানের সৈনিকদের স্বাস্থ্য রক্ষার্থে আবশ্যক জ্ঞান করিলে, সেই সমুদয় বা তন্মধ্যে কোন২ বিধি সেই সেনানিবেশ স্থানের সীমার বহির্ভূত ও তন্নিকটস্থ কোন স্থানে প্রচলিত করিতে ও সেই বিষয়ের বিধানার্থ এই আইনসঙ্গত অতিরিক্ত বিধি প্রণয়ন করিতে এবং সেই বিধি কি অতিরিক্ত বিধি ঐ সেনানিবেশ স্থানের চতুর্দ্দিগে যত দূর পর্য্যন্ত প্রবল হইবে তদ্রূপ সীমা নিরূপণ করিতে পারিবেন।

বেশ্যালয় ও উপদংশ রোগসংক্রান্ত বিধি বর্ত্তাইবার কথা।

৩২ ধারা। ঐ বিধি ও পূর্ব্বোক্তমতে প্রণীত অতিরিক্ত বিধি উক্ত সেনানিবেশ স্থানের বহির্ভূত কোন স্থানে ৩১ ধারাক্রমে প্রচলিত করা গেলে সেই বিধির লঙ্ঘন হইলে যে দণ্ড হইবে ও সেই বিধি লঙ্ঘনাপরাধের অনুসন্ধান ও বিচার যেরূপে ও যে ব্যক্তিদের দ্বারা হইবে তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ২৭ ধারার ১১ প্রকরণের নির্দ্দিষ্টমতে নির্দ্ধার্য্য করিতে পারিবেন।

যে স্থানে বিধি বর্ত্তান যায় তথায় বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

পূর্ব্বপ্রচলিত আইনের উপর সেনানিবেশ সংক্রান্ত বিধির ফলের কথা ।

৩৩ ধারা । কোন সেনানিবেশ স্থানে ২৫ ধারামত বিধি প্রণয়ন করা গেলে, কোন আইনের যে সকল কথাক্রমে কর্ত্তৃত্বকারি সেনানী সাহেবকে স্থানবিশেষে সৈন্য সম্পর্কীয় বিষয় ভিন্ন অন্য বিষয়ের বিধান করিবার ক্ষমতাপন্ন বলিয়া বোধ হয়, সেই সকল কথা উক্ত সেনানিবেশ স্থানে বলবৎ থাকিবে না, এবং কোন সেনানিবেশ স্থানের নিমিত্ত ২৫ ধারামতে প্রণীত বিধি প্রচারিত হইবার পূর্ব্বে তথায় যে সকল স্থানীয় বিধান করা যায়, তৎসমুদয়ও বলবৎ থাকিবে না।

কোর্ট মার্শ্যাল প্রভৃতির বিচারাধিপত্য সংরক্ষণের কথা ।

৩৪ ধারা । যুদ্ধ বিষয়ক বিধিমতে কোর্ট মার্শ্যালের অথবা সেনানিবেশ স্থানের কি সৈন্যদলের কি তাহার ন্যূনাধিক অংশের কর্ত্তৃত্বকারি সেনানীদের যে বিচারাধিপত্য কি সেনাসংক্রান্ত ক্ষমতা আছে, অথবা ভারতবর্ষে শ্রীশ্রীমতীর সৈন্য দলভুক্ত জমাদারেরা ও সিপাহিরা বিদ্রোহী কি পলাতক হইলে তাহাদের দণ্ড করিবার যে কোন রাজব্যবস্থা আছে, পূর্ব্ববর্ত্তি ধারাগুলির কোন কথায় তাহার ব্যতিক্রম হইবে না। উক্ত অপরাধ সম্পর্কে কান্টনমেন্ট মাজিষ্ট্রেটের কোন রূপ বিচার করিবার ক্ষমতা থাকিবে না।

কিন্তু যদি স্থানীয় গবর্ণমেন্ট কান্টনমেন্ট মাজিষ্ট্রেটকে কিম্বা কর্ত্তৃত্বকারি সেনানী ভিন্ন অন্য কোন সৈন্যাধ্যক্ষকে সেনানিবেশ স্থানের মধ্যে ২৫ ধারাক্রমে প্রণীত কোন বিধিমত মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করেন, তবে ঐ সেনানিবেশ স্থানের নিমিত্ত ২৫ ধারামতে ঐ বিধি প্রণীত হইলে, ও সেই বিধি লঙ্ঘনের দণ্ড নির্দ্ধারিত হইলে পর কর্ত্তৃত্বকারি সেনানী সাহেব উক্ত বিধিক্রমে উল্লিখিত কোন মোকদ্দমা সম্পর্কে ভারতবর্ষীয় যুদ্ধ বিষয়ক বিধির তৃতীয় খণ্ডের (গ) প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন না ।

উক্ত বিধি শেষোক্ত প্রকরণের উল্লিখিত বিধি বলিয়া জ্ঞান হইবে, এবং উক্ত প্রকরণের যে অংশে সেনানিবেশ সংক্রান্ত ব্যবস্থা লঙ্ঘন করিবার দণ্ড নির্দ্ধার্য্য হইয়াছে সেই অংশ সেই সময় অবধি উক্ত সেনানিবেশ স্থানে বলবৎ থাকিবে না ।

১৮৫৬ সালের ২০ আইন মতে যে টাকা তোলা যায় তাহার ব্যয় সংক্রান্ত বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

৩৫ ধারা । উক্ত ১৮৫৬ সালের ২০ আইনমতে যে কোন তহবীলের টাকা তোলা যায় এই আইনের সাধারণ কার্য্যোপলক্ষে তাহার ব্যয় বিধানার্থে স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত ১৮৫৬ সালের ২০ আইনের ৩৬ ধারার নির্দ্দিষ্ট কার্য্যের অতিরিক্ত বা তৎপরিবর্ত্তে, এই আইনের ২৫ কি ৩১ ধারামতে প্রণীত কোন বিধিমত কার্য্য সাধনোদ্দেশে ঐ টাকা ব্যয় করা যাইতে পারিবে ।

ডি ফিটজ প্যাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী ।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ১৯ অক্টোবর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ১১ মার্চ তারিখে উক্ত মহিমবর সাহেব অনুমোদন করাতে তৎসাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ৭ আইন।

ভারতবর্ষীয় সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৮০ সালের আইন।

সূচীপত্র।

ধারা।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকদের কথা।

১১। আটক করিয়া রাখিবার কার্য্যকারকদের কথা। সাধারণতঃ তাঁহাদের ক্ষমতার কথা।

১২। তাঁহাদের কিয়ৎকালের নিমিত্ত জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকের গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।

সর্ব্বে কোর্টের ও তথায় আপীল ও বিবাদার্পণ হইবার কথা।

১৩। সর্ব্বে কোর্টের সংগঠনের কথা।

১৪। বিচারপতির কথা।

১৫। আসেসরদের কথা।

১৬। বিচারপতির আসেসরদিগকে সমন করিবার কথা।

১৭। খোলা আদালতে মোকদ্দমা শুনিবার কথা।

১৮। বিচারপতির ও আসেসরদের ক্ষমতার কথা।

১৯। বিচারপতির পরীক্ষক নিযুক্ত করিতে পারিবার কথা।

২০। পরীক্ষাকালে স্বামির বা কাপ্তানের উপস্থিত থাকিতে পারিবার কথা।

২১। বিচারপতির জাহাজ আটক করিয়া রাখিবার বা ছাড়িয়া দিবার ক্ষমতার কথা।

২২। কোর্টের স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।

২৩। সর্ব্বে কোর্ট সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

বৈজ্ঞানিক সালীসদের কথা।

২৪। আপীল শুনিবার নিমিত্ত সালীস নিযুক্ত করিতে পারিবার কথা।

২৫। আপীলাণ্টের সালীস নিযুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবার কথা।

২৬। সালীসের সর্ব্বে কোর্টের মত ক্ষমতা থাকিবার কথা।

আটক করিয়া রাখিবার খরচ ও তদানুষঙ্গিক ক্ষতিপূরণের কথা।

২৭। অন্যায় পূর্ব্বক জাহাজ আটক করিয়া রাখা গেলে গবর্ণমেণ্টের খরচার ও ক্ষতিপূরণের দায়ের কথা।

২৮। জাহাজ উচিতমতে আটক করিয়া রাখা গেলে জাহাজের স্বামির খরচার দায়ের কথা।

২৯। আটক করিয়া পরীক্ষা করিবার খরচার মধ্যে যাহা ধরিতে হইবে তাহার কথা।

৩০। খরচা প্রভৃতির জন্য বাদির নিকট জামিন চাহিতে পারিবার কথা।

মাল্লাদের চতুর্থাংশ লোকে নালিশ করিলে উপাবধানের কথা।

৩১। গবর্ণমেণ্টের যে খরচা প্রভৃতি দিতে হয় তাহা বাদির স্থানে আদায় হইতে পারিবার কথা।

শস্যাদি মালের কথা।

৩২। শস্যাদি মাল রাখিবার কথা।

ঐ মাল অনুপযুক্ত ভাবে রাখিলে, দণ্ডের কথা।

ডুতকের ও বোঝাইর রেখা।

৩৩। ডুতকের রেখা অঙ্কিত করিবার কথা।

৩৪। বোঝাইর রেখা অঙ্কিত করিবার কথা।

ধারা।

৩৫। বাহিরে যাইবার দরখাস্তে কষ্টমের কার্য্যকারকের নিকট বোঝাইর রেখার অবস্থান সম্বন্ধীয় বর্ণনাপত্রের কথা।

৩৬। এই বর্ণনাপত্রের প্রতিলিপি টপনামার ও মাল্লাদের সহিত নিয়মপত্রে লিখিবার কথা।

৩৭। জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৩৮। সমুদ্রকূলগামী জাহাজ হইলে, বোঝাইর রেখা অঙ্কিত করিবার কথা।

৩৯। বোঝাইর রেখার অবস্থান সম্বন্ধে বার্ষিক বর্ণনা-পত্রের কথা।

৪০। জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৪১। অঙ্কিত করিতে উপেক্ষা করিলে বা বোঝাইর রেখা ডুবিতে দিলে দণ্ডের কথা।

৪২। ভ্রান্তিজনক চিহ্ন রাখিলে, স্বামির ও কাপ্তানের দণ্ডের কথা।

৪৩। ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যে চিহ্নিত জাহাজের প্রতি না বর্ত্তিবার কথা।

পরিশিষ্ট বিধান।

৪৪। স্থানীয় গবর্ণমেণ্টের কোন সময়ে জাহাজ ছাড়িয়া দিবার কথা।

৪৫। কে জাহাজ আটক করিয়া রাখিবার আজ্ঞা প্রবল করিতে পারে, ইহার কথা।

৪৬। আটক করিলে পর সমুদ্রে গেলে দণ্ডের কথা।

৪৭। আপন কর্ম্ম সম্পাদনে নিযুক্ত কর্ম্মচারিকে সমুদ্রে লইয়া গেলে, দণ্ডের কথা।

৪৮। ব্রিটিষ রেজিষ্টরী ফুরাইয়া গিয়াছে বলিয়া আটক করা জাহাজ ছাড়িয়া দিতে না হইবার কথা।

৪৯। যে ব্যক্তি জাহাজ পরীক্ষা করিতে পারেন, তাঁহার ক্ষমতার কথা।

৫০। কোন২ ব্যক্তি রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবার কথা।

৫১। কাপ্তান বা নাসেন্দা স্বামি প্রভৃতি না থাকিলে আজ্ঞা জারী করিবার কথা।

৫২। আজ্ঞাদি যেরূপে জারী করিতে হইবে তাহার কথা।

৫৩। বন্দরের কমিশনর প্রভৃতির প্রতি ক্ষমতা অর্পণ করিবার কথা।

---

৩ অধ্যায়।

দুঃস্থ নাবিকদের কথা।

৫৪। এই অধ্যায় ১৮৫৯ সালের ১ আইনের অংশ বলিয়া গণ্য হইবার কথা।

১৮৫৪ ও ১৮৫৫ সালের সওদাগরী জাহাজ বিষয়ক আইনের বিধান সংরক্ষণের কথা।

স্থানীয় কর্তৃপক্ষ।

স্থগিত বা পদচ্যুত করিবার ক্ষমতার কথা।

৫৫। ভারতবর্ষীয় বন্দর সমূহে দুঃস্থ নাবিকদের কষ্ট নিবারণ করিবার কথা।

৫৬। যে ব্রিটিষ জাহাজে মাল্লাদের সংখ্যা পূরণার্থে লোকাভাব থাকে সেই জাহাজে দুঃস্থ নাবিকদিগকে দেশে পাঠাইবার কথা।

৫৭। ঐরূপ জাহাজ পাওয়া না গেলে, অন্য জাহাজে পাঠাইবার কথা।

সওদাগরী জাহাজ ও অন্যান্য বিষয় সম্পর্কীয় আইন সংশোধনার্থ আইন।

প্রস্তাব।

ব্রিটিষ ভারতবর্ষ হইতে কোনং জাহাজ চলিয়া যাইতে না পারে ইহার বিধান করা বাঞ্ছনীয়,

এবং ব্রিটিষ ভারতবর্ষের বন্দরে যে সকল নাবিক ও শিক্ষানবিশ কষ্টে পড়ে তাহাদের কষ্ট নিবারণার্থ, এবং যে স্থলে সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১১ ধারা ও সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৬২ সালের আইনের ১৬ ধারা অবলে বর্ত্তে না সেই স্থলে নাবিকদের ও শিক্ষানবিশদের প্রাপ্য বেতন ও তাহাদের নিমিত্ত যে খরচ পড়ে তাহা আদায় করণার্থ, বিধান করা বাঞ্ছনীয়,

এবং সওদাগরী জাহাজ নিয়ম ও কর্ত্তৃত্বাধীন করণার্থ পশ্চাল্লিখিতমত অন্য প্রকারের বিধান করাও বাঞ্ছনীয়, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

১ অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় সওদাগর জাহাজ বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে,

আরম্ভ।

এবং ইহা ১৮৮০ সালের জুন মাসের প্রথম দিবস অবধি প্রচলিত হইবে।

অর্থকরণের ধারা।

২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব দৃষ্ট না হইলে, এই আইনে—

'জাহাজ'।

দাঁড় দ্বারা টানা না গিয়া যে কোন প্রকারের যান জলপথে ব্যবহৃত হয়, তাহাই "জাহাজ" শব্দে গণ্য।

'কাপ্তান'।

আড়কাটী বা হারবর মাষ্টর ভিন্ন যে কোন ব্যক্তির হস্তে যখন কোন জাহাজের অধ্যক্ষতা বা কর্ত্তৃত্বভার থাকে, "কাপ্তান" শব্দে তখন সেই ব্যক্তিকে বুঝাইবে।

'বন্দর'।

কোন বন্দরে যাইবার কোন নদীর বা জলপ্রণালীর যে কোন অংশ এই আইনের কোন বিধানের অভিপ্রায়ে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া উক্ত বন্দরের অন্তর্গত বলিয়া প্রকাশ করেন, উক্ত বিধানের অন্তর্গত "বন্দর" শব্দে সেই অংশও গণ্য।

২ অধ্যায়।

সমুদ্রগমনের অযোগ্য ও আশঙ্কাজনক জাহাজ বিষয়ক বিধি।

সংরক্ষণের ধারা।

৩ ধারা। এই অধ্যায়ের কোন কথা

(ক) শ্রীশ্রীমতী মহারাণীর অথবা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের কোন জাহাজের প্রতি, কিম্বা তাঁহারা যে জাহাজ ভাড়া করেন, তাহার প্রতি,

(খ) একশত পঞ্চাশ টনের কম বোঝাই ধরে বলিয়া যে কোন জাহাজ রেজিষ্টরী করা যায় ও যাহা কেবল মৎস্য ধরিতে বা ভারতবর্ষ ও সিংহলের বন্দর সমূহের মধ্যে কূলের নিকটে২ গমনাগমন করিতে নিযুক্ত থাকে, তৎপ্রতি, বা

(গ) বিলাসতরীর প্রতি বর্ত্তিবে না।

অর্থকরণের ধারা।

"ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজ"।

৪ ধারা। এই অধ্যায়ে "ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজ" শব্দে ১৮৩৮ সালের ১৯ আইন বা ১৮৪১ সালের ১০ আইন বা ১৮৫০ সালের ১১ আইন অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত ভারতবর্ষে জাহাজ রেজিষ্টরী করিবার জন্য যে আইন যৎকালে বলবৎ থাকে সেই আইনমতে রেজেষ্টরী করা জাহাজ বুঝাইবে।

"ব্রিটিষ জাহাজ"।

"ব্রিটিষ জাহাজ" শব্দে ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজও গণ্য।

'নির্দ্দিষ্ট প্রকার'।

স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক সময়ে২ রাজকীয় গেজেটে বিধি প্রকাশ করিয়া যে প্রকার নির্দ্দেশ করেন, "নির্দ্দিষ্ট প্রকার" শব্দে সেই প্রকার বুঝাইবে।

"সমুদ্রগমনের অযোগ্য"।

যখন কোন জাহাজের উপাদান ও গঠন, কাপ্তানের যোগ্যতা, মাল্লাদের সংখ্যা ও প্রকার, মালের ওজন ও প্রকার ও স্থাপন, এবং সাজ ও পাইল ও রসাবসী ও দ্রব্য সামগ্রী ও নিয়ম ও অন্য সরঞ্জাম সাধারণতঃ ঐরূপ না থাকে যে ঐ জাহাজ প্রস্তাবিত সমুদ্রযাত্রা বা কর্ম্ম জন্য সর্ব্ব প্রকারে উপযোগী বলিয়া গণ্য হইতে পারে, তখন এই অধ্যায়ের মর্ম্মানুসারে ঐ জাহাজ "সমুদ্রগমনের অযোগ্য"।

"আশঙ্কাজনক"।

যখন কোন জাহাজের খোলের, সরঞ্জামের বা কলের মন্দ অবস্থা হেতুক, অথবা অত্যন্ত বা অনুপযুক্ত বোঝাই হেতুক ঐ জাহাজ, তাহার উদ্দিষ্ট কর্ম্মের প্রকৃতি বিবেচনা করিয়া দেখিলে, মানব জীবনহানির গুরুতর আশঙ্কা উৎপাদন না করিয়া সমুদ্রে যাইতে পারে না, তখন এই অধ্যায়ের মর্ম্মানুসারে ঐ জাহাজ "আশঙ্কাজনক"।

সমুদ্রগমনের অযোগ্য জাহাজ সমুদ্রে পাঠাইবার বা লইয়া যাইবার কথা।

কোন ব্যক্তি সমুদ্রগমনের অযোগ্য জাহাজ সমুদ্রে পাঠাইলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।

৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজ এরূপ সমুদ্রগমনের অযোগ্য অবস্থায় সমুদ্রে পাঠান বা পাঠাইবার উদ্যোগ করেন যে তদ্দ্বারা কোন ব্যক্তির প্রাণহানির সম্ভাবনা হয়, তবে যদি তিনি প্রমাণ করিতে না পারেন যে ঐ জাহাজ সমুদ্রগমনযোগ্য অবস্থায় সমুদ্রে পাঠাইবার নিমিত্ত সমুদয় যুক্তিসঙ্গত উপায় অবলম্বন করিয়াছিলেন, অথবা উক্তরূপ সমুদ্রগমনের অযোগ্য অবস্থায় সমুদ্রে যাওয়া ঘটনাচক্র নিবন্ধন যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত হইয়াছিল, তাহা হইলে তাঁহার ছয়মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ১০০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ড হইতে পারিবে।

সমুদ্রগমনের অযোগ্য জাহাজ কাপ্তান সমুদ্রে লইয়া গেলে, তাঁহার দণ্ড হইতে পারিবার কথা।

যদি কোন ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজের কাপ্তান জানিয়া শুনিয়া সমুদ্রগমনের অযোগ্য এরূপ অবস্থায় ঐ জাহাজ সমুদ্রে লইয়া যান যে তাহাতে কোন ব্যক্তির প্রাণহানির সম্ভাবনা হয়, তবে যদি তিনি প্রমাণ করিতে না পারেন যে সমুদ্রগমনের অযোগ্য ঐরূপ অবস্থায় সমুদ্রে যাওয়া তাৎকালিক ঘটনা পরম্পরাক্রমে যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত হইয়াছিল, তাহা হইলে তাঁহার ছয় মাস পর্য্যন্ত কারাদণ্ড বা ১০০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ড হইতে পারিবে।

উক্ত প্রমাণ দিবার কার্য্যাপক্ষে এই ধারামতে অভিযুক্ত কোন ব্যক্তি অন্য সাক্ষির ন্যায় সাক্ষ্য দিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা বা সম্মতিক্রমে অভিযোগ হইবার কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট দ্বারা বা তাহার সম্মতিক্রমে না হইলে, এই ধারামত কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না।

কর্ম্ম করিবার চুক্তির মধ্যে সমুদ্রগমনযোগ্যতার নিয়ম উহ্য থাকিবার কথা।

সমুদ্রগমনযোগ্যতা সম্বন্ধে মাল্লাদের নিকট স্বামির দায়ের কথা।

৬ ধারা। স্পষ্টতঃ বা ভাবতঃ কোন ব্রিটিষ জাহাজের স্বামির সহিত তাহার কাপ্তান বা নাবিকের কর্ম্ম করিবার যে চুক্তি হয়, তাহাতে এবং যে শিক্ষানবিশীপত্র বলে কোন ব্যক্তি তদ্রূপ কোন জাহাজে শিক্ষানবিশরূপ কর্ম্ম করিতে আবদ্ধ হয়, তাহাতে বিপরীত ভাবের নিয়ম থাকিলেও, স্বামির প্রতি ভাবতঃ এই ভার বর্ত্তিবে

যে উক্ত স্বামী ও কাপ্তান, এবং ঐ জাহাজ বোঝাই করিবার ও সমুদ্রে অন্য প্রস্তুত করিবার ও সমুদ্রে পাঠাইবার ভারপ্রাপ্ত প্রত্যেক কর্মকারক, যে সময় সমুদ্রযাত্রা আরম্ভ হয় সেই সময়ে ঐ জাহাজের সমুদ্রগমনযোগ্যতা নিশ্চয়ার্থ সমুদয় যুক্তিযুক্ত উপায় অবলম্বন করিবেন, এবং প্রযাত্রার যত কাল লাগে তত কাল ঐ জাহাজ সমুদ্রগমনযোগ্য অবস্থায় রাখিবেন।

উপবিধান। কিন্তু বিশেষ ঘটনাক্রমে যে স্থলে সমুদ্রগমনের অযোগ্য অবস্থায় ঐ জাহাজ সমুদ্রে পাঠান কর্মিদক ও যাহার পক্ষে যুক্তিসঙ্গত হয়, সেই স্থলে ঐরূপ অবস্থায় ঐ জাহাজ সমুদ্রে পাঠাইয়াছেন বলিয়া, এই ধারার কোন কথাক্রমে উক্ত স্বামির প্রতি কোন দায় বর্ত্তিবে না।

আশঙ্কাজনক জাহাজ স্থানীয় গবর্ণমেণ্টের আটক করিয়া রাখিতে পারিবার কথা।

৭ ধারা। নালিশ উপস্থিত হওয়াতে বা অন্যপ্রকারে, স্থানীয় গবর্ণমেণ্ট যদি এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে, সময়ে এই ধারা বিশেষ করিয়া যে কোন বন্দরে প্রচলিত করেন সেই বন্দরের কোন ব্রিটিস জাহাজ আশঙ্কাজনক, তাহা হইলে পরীক্ষিত হইবার নিমিত্ত ঐ জাহাজ কিয়ৎকাল আটক করিয়া রাখিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের কিয়ৎকাল জাহাজ আটক করিয়া রাখিবার কথা।

কাপ্তানকে হেতুর বর্ণনা পত্র দিবার কথা। ঐরূপ আটক করিয়া রাখিবার হেতুর বর্ণনাপত্র ঐ জাহাজের কাপ্তানকে তৎক্ষণাৎ দেওয়া যাইবে।

৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন জাহাজ কিয়ৎকাল আটক করিয়া রাখিবার আজ্ঞা দিলে, উক্ত জাহাজ পরীক্ষা করিয়া তদ্বিষয়ে রিপোর্ট করিবার নিমিত্ত কোন উপযুক্ত ব্যক্তিকে অবিলম্বে নিযুক্ত করিবেন, এবং তাঁহার রিপোর্ট পাইলে, হয় ঐ জাহাজ ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে, নয় আপন মতে উক্ত জাহাজ আশঙ্কাজনক বোধ হইলে উহা আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞা করিতে পারিবেন।

পরীক্ষক নিযুক্ত করিতে পারিবার কথা।

তাঁহার রিপোর্ট পাইলে ইতিকর্ত্তব্যতার কথা।

এই ধারামতে আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞা হয় অখণ্ডনীয় হইবে, নয় স্থানীয় গবর্ণমেণ্ট মানবজীবন রক্ষণার্থে মেরামত বা পরিবর্ত্তন সম্বন্ধে, অথবা মাল নামান বা পুনর্ব্বার বোঝাই দেওয়া সম্বন্ধে যেহ নিয়ম করা আবশ্যক জ্ঞান করেন, সেইহ নিয়ম পালন সাপেক্ষ থাকিবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ উক্ত আজ্ঞা পরিবর্ত্তিত বা পরিবর্দ্ধিত করিতে পারিবেন।

আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

কাপ্তানকে রিপোর্ট দিবার ও সর্ব্বে কোর্টে আপীল হইবার কথা। কিন্তু আটক করিয়া রাখিবার চূড়ান্ত আজ্ঞা করিবার পূর্ব্বে, রিপোর্টের এক খণ্ড প্রতিলিপি জাহাজের কাপ্তানকে দেওয়া যাইবে, এবং দেওয়া গেলে পর সাত দিনের মধ্যে জাহাজের স্বামী বা কাপ্তান, যে বন্দরে ঐ জাহাজ আটক করিয়া রাখা যায় সেই বন্দরের (পশ্চাল্লিখিত) সর্ব্বে কোর্টে নির্দ্দিষ্ট প্রকারে ঐ রিপোর্টের বিরুদ্ধে আপীল করিতে পারিবেন।

৯ ধারা। যদি কোন জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখা যায় এবং ৮ ধারামতে কোন ব্যক্তি ঐ জাহাজ পরীক্ষা করিতে নিযুক্ত হইয়া থাকেন, তবে ঐ জাহাজের স্বামী বা কাপ্তান, উক্ত ব্যক্তি কর্তৃক ঐরূপ পরীক্ষা হইবার পূর্ব্বে কোন সময়ে, এই প্রার্থনা করিতে পারিবেন যে ঐ স্বামী বা কাপ্তান যাঁহাকে আসেসর স্বরূপ মনোনীত করেন তাঁহাকে সঙ্গে করিয়া ঐ ব্যক্তি ঐ কার্য্য করেন। যাঁহাকে আসেসর স্বরূপ মনোনীত করা যায়, ১৫ ধারামতে যে আসেসরদের তালিকা প্রস্তুত হয় তন্মধ্যে তাঁহার নাম থাকা চাই, অথবা ঐরূপ তালিকা না থাকিলে, কিম্বা ঐ তালিকায় যাঁহাদের নাম থাকে তন্মধ্যে কাহাকেও উপস্থিত করা অসাধ্য হইলে, নাবিক বা ইঞ্জিনিয়রী বিদ্যায় পারদর্শী কোন ব্যক্তিকে কিম্বা যাঁহার অন্য কোন বিশেষ প্রকারের বিদ্যা ও অভিজ্ঞতা আছে তাঁহাকে আসেসর স্বরূপ মনোনীত করিতে হইবে।

পরীক্ষকের সঙ্গে কার্য্য করিবার নিমিত্ত স্বামির বা কাপ্তানের আসেসর নিযুক্ত করিতে পারিবার কথা।

পরীক্ষক ও আসেসর একমত হইলে কার্য্যপ্রণালীর কথা। তাহা হইলে, যদি উক্ত পরীক্ষক ও আসেসর একমত হইয়া বলেন যে জাহাজ আটক করিয়া রাখা উচিত বা ছাড়িয়া দেওয়া উচিত, স্থানীয় গবর্ণমেণ্ট তদনুসারে উক্ত জাহাজ আটক করিয়া রাখাইবেন বা ছাড়িয়া দেওয়াইবেন, এবং স্বামী বা কাপ্তান আপীল করিতে পারিবেন না।

ভিন্নমত হইলে কার্য্যপ্রণালীর কথা। কিন্তু যদি পরীক্ষক ও আসেসর আপনাদের রিপোর্টে ভিন্ন২ মত প্রকাশ করেন, পূর্ব্বোক্ত প্রার্থনা না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপে কার্য্য করিতেন সেইরূপে কার্য্য করিবেন, এবং পূর্ব্বলিখিত বিধানমতে পরীক্ষকের রিপোর্ট সম্বন্ধে স্বামী বা কাপ্তান যেরূপ আপীল করিতে পারিতেন সেইরূপ করিতে পারিবেন।

১০ ধারা। ৮ ধারার প্রকারান্তরের বিধান থাকিলেও স্থানীয় গবর্ণমেণ্ট, কোন জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখা গেলে পর, যে কোন সময়ে পূর্ব্বলিখিত কার্য্যপ্রণালী অবলম্বন না করিয়া, জাহাজ যে বন্দরে আটক করিয়া রাখা হয় সেই বন্দরের সর্ব্বে কোর্টে উক্ত বিষয় অর্পণ করিতে পারিবেন।

সর্ব্বে কোর্টে কোন বিষয় অর্পণ করিতে পারিবার কথা।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকদের কথা।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকদের কথা।

১১ ধারা। এই অধ্যায়মতে ভালরূপ কার্য্য হইবার নিমিত্ত, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ প্রচুর সংখ্যক উপযুক্ত ব্যক্তিদিগকে কার্য্যকারকস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন ও উঁহাদের কোন জনকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

সাধারণতঃ উঁহাদের ক্ষমতার কথা।

অতঃপর আটক করিয়া রাখিবার কার্য্যকারক বলিয়া উল্লিখিত উক্তরূপে নিযুক্ত প্রত্যেক কার্য্যকারক এই অধ্যায়মত আপন কর্ম্মোপলক্ষে নিম্নলিখিত ক্ষমতা প্রাপ্ত হইবেন, অর্থাৎ,

(ক) তিনি কোন ব্রিটিষ জাহাজের উপরে উঠিয়া তাহা বা তাহার কোন অংশ, অথবা তথায় যে কল সরঞ্জাম ও মাল থাকে তাহা পরীক্ষা করিতে পারিবেন, এবং কোন মাল বা নিলম বা রসীরশাদি নামাইয়া ফেলিবার বা অপসৃত করিবার আদেশ দিতে পারিবেন, কিন্তু অনাবশ্যকরূপ আটক করিয়া রাখিবেন না কিম্বা জাহাজ খালি করিতে বা মাল নামাইতে বা কোন সমুদ্রযাত্রা করিতে অনাবশ্যক বিলম্ব হইতে দিবেন না।

(খ) তিনি যে সকল ব্যক্তিকে আপনার সম্মুখে ডাকা উচিত বোধ করেন, আপনার স্বাক্ষরিত সমন দ্বারা তাহাদের উপস্থিত হইবার আজ্ঞা করিতে ও তাহাদের জবানবন্দী লইতে পারিবেন এবং যে অনুসন্ধান লওয়া উচিত বোধ করেন, উক্তরূপ সমন দিয়া তাহার লিখিত বিবরণ দিবার আদেশ করিতে পারিবেন।

(গ) তিনি যে সকল বহী বা কাগজপত্র বা দলীল প্রয়োজনীয় জ্ঞান করেন তাহা উপস্থিত করিবার আদেশ দিতে ও উপস্থিত করাইতে পারিবেন।

(ঘ) তিনি শপথ দিতে পারিবেন, কিম্বা যে প্রত্যেক ব্যক্তির জবানবন্দী লন তাহাকে শপথ না দিয়া এই আদেশ দিতে পারিবেন যে ঐ ব্যক্তি আপন জবানবন্দীতে যে সকল কথা বলেন তাহার সত্যতার নির্দ্দেশবাক্য লিখিয়া তাহাতে স্বাক্ষর করেন।

উঁহাদের কিয়ৎকালের নিমিত্ত জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

২ ধারা। আটক করিয়া রাখিবার প্রত্যেক কার্য্যকারক পূর্ব্বপ্রদত্ত ক্ষমতার অতিরিক্ত স্থানীয় গবর্ণমেন্টের ন্যায় ৭ ও ৮ ধারামতে যথাক্রমে পরীক্ষিত হইবার নিমিত্ত কোন জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে ও ঐ জাহাজ পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, এবং উক্তরূপে তিনি যে জাহাজ আটক করিয়া রাখেন তাহা আশঙ্কাজনক নহে বলিয়া বিবেচনা করিলে, ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

আটক করিয়া রাখিবার কার্য্যকারকের গবর্ণমেন্টে রিপোর্ট করিবার কথা।

উক্তরূপ প্রত্যেক কার্য্যকারক কোন জাহাজ আটক করিয়া রাখিবার বা ছাড়িয়া দিবার আজ্ঞা করিলে, অবিলম্বে তদ্বিষয়ে স্থানীয় গবর্ণমেন্টে রিপোর্ট করিবেন।

সর্ভে কোর্টের ও তথায় আপীল ও বিবাদার্পণ হইবার কথা।

সর্ভেকোর্টের সংগঠনের কথা।

১৩ ধারা। দুইজন আসেসরের সহিত অধিবিষ্ট একজন বিচারপতি লইয়া কোন বন্দরের সর্ভে কোর্ট হইবে।

বিচারপতির কথা।

১৪ ধারা। জিলার জজ সাহেব, কিম্বা একজন ছোট আদালতের জজ বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট, বা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট কিম্বা এই কার্য্য নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্ট সাধারণতঃ বা স্থলবিশেষে অন্য যে উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি বিচারপতি হইবেন।

আসেসরদের কথা।

১৫ ধারা। যাঁহারা নাবিক বা হস্তিমিস্ত্রী বিদ্যায় পারদর্শী বা যাঁহাদের অন্য কোন রূপ বিশেষ বিদ্যা ও অভিজ্ঞতা আছে, তাঁহারা আসেসর হইবেন।

স্থানীয় গবর্ণমেন্ট সাধারণতঃ বা প্রত্যেক স্থলে একজন আসেসর নিযুক্ত করিবেন, এবং স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ এতদর্থে যে সকল ব্যক্তির নামের তালিকা প্রস্তুত করিয়া রাজকীয় গেজেটে প্রকাশ করেন, বিচারপতি তাঁহাদের মধ্য হইতে নির্দ্দিষ্ট প্রকারে আর একজন আসেসরকে সমন দিয়া আহ্বান করিবেন। অথবা যদি উক্তরূপ তালিকা না থাকে কিম্বা তালিকায় যাঁহার নাম আছে এমন কোন ব্যক্তিকে উপস্থিত করা অসাধ্য হয় তবে বিচারপতি একজন আসেসর নিযুক্ত করিবেন।

বিচারপতির আসেসরদিগকে সমন করিবার কথা।

১৬ ধারা। কোন আপীল হইবার বা স্থানীয় গবর্ণমেন্ট কর্ত্তৃক বিবাদার্পণ হইবার নোটিস পাইলে, বিচারপতি অবিলম্বে নির্দ্দিষ্ট প্রকারে আসেসরদের উপস্থিত হইবার সমন দিবেন।

খোলা আদালতে মোকদ্দমা শুনিবার কথা।

১৭ ধারা। উক্তরূপ প্রত্যেক আপীল ও অর্পিত বিষয় খোলা আদালতে শুনা যাইবে।

বিচারপতির ও আসেসরদের ক্ষমতার কথা।

১৮ ধারা। ১১ ধারায় আটক করিয়া রাখিবার কার্য্যকারকের প্রতি যে সকল ক্ষমতা অর্পিত হইয়াছে এই অধ্যায়ের কার্য্য পক্ষে বিচারপতির ও প্রত্যেক আসেসরের সেই সকল ক্ষমতা থাকিবে।

বিচারপতির পরীক্ষক নিযুক্ত করিতে পারিবার কথা।

১৯ ধারা। বিচারপতি জাহাজ পরীক্ষা করিয়া তৎসম্বন্ধে কোর্টে রিপোর্ট করিবার নিমিত্ত কোন উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

পরীক্ষা কালে স্বামীর বা কাপ্তানের উপস্থিত থাকিতে পারিবার কথা।

২০ ধারা। ১৮ বা ১৯ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতামত বা তদনুযায়ী পরিদর্শন বা পরীক্ষা কালে জাহাজের স্বামী ও কাপ্তান ও স্বামির বা কাপ্তানের নিযুক্ত কোন ব্যক্তি এবং স্থানীয় গবর্ণমেন্টের নিযুক্ত কোন ব্যক্তি উপস্থিত থাকিতে পারিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

বিচারপতির জাহাজ আটক করিয়া রাখিবার বা ছাড়িয়া দিবার ক্ষমতার কথা।

২১ ধারা। বিচারপতির স্থানীয় গবর্ণমেণ্টের ন্যায় কোন জাহাজ ছাড়িয়া দিবার বা চূড়ান্তরূপ আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে পারিবেন, কিন্তু জাহাজ আটক করিয়া রাখিবার আজ্ঞায় একজন অ্যাসেসরও সম্মতি না দিলে, জাহাজ ছাড়িয়া দেওয়া যাইবে।

কোর্টের স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবার কথা।

২২ ধারা। বিচারপতি প্রত্যেক মোকদ্দমায় কোর্টের কার্য্যানুষ্ঠানের রিপোর্ট নির্দ্দিষ্ট প্রকারে স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন, এবং প্রত্যেক অ্যাসেসর হয় ঐ রিপোর্টে স্বাক্ষর করিবেন অথবা তাঁহার মতভেদের কারণ স্থানীয় গবর্ণমেণ্টকে জানাইবেন।

সর্ভে কোর্ট সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

২৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক সর্ভে কোর্ট সম্বন্ধীয় এই অধ্যায়ের বিধান কার্য্যে পরিণত করিবার নিমিত্ত ও বিশেষতঃ নিম্নলিখিত বিষয় সম্বন্ধে অর্থাৎ,

(ক) কোর্টের কার্য্যপ্রণালী সম্বন্ধে,

(খ) আপীল হইলে, খরচার ও ক্ষতিপূরণের জামিন চাহিবার সম্বন্ধে,

(গ) যত ফী দিতে হইবে ও তাহা যেরূপে প্রয়োগ করা যাইবে তৎসম্বন্ধে, ও

(ঘ) বিশেষ স্থলে এই অধ্যায়মত খরচার উপযুক্ত পরিমাণ নির্ণয় সম্বন্ধে, সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

এই সকল বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।

বৈজ্ঞানিক সালীসদের কথা।

আপীল শুনিবার নিমিত্ত সালীস নিযুক্ত করিতে পারিবার কথা।

২৪ ধারা। যদি স্থানীয় গবর্ণমেণ্ট বিবেচনা করেন যে এই অধ্যায়মত কোন আপীলে গঠনের বা কল্পনার বা কঠিন বৈজ্ঞানিক তত্ত্বের বা প্রয়োজনীয় মূলসূত্রের প্রশ্ন উঠিবে, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে বৈজ্ঞানিক সালীসদের নামের তালিকা প্রস্তুত করিয়া রাখেন, স্থলবিশেষে যেরূপ বিশেষ গুণ থাকা আবশ্যক তাঁহাদের মধ্য হইতে সেইরূপ গুণসম্পন্ন দেখিয়া এক বা একাধিক ব্যক্তির নিকট ঐ প্রশ্ন অর্পণ করিতে পারিবেন। বন্দরের কর্ত্তৃপক্ষ ও আপীলান্ট একমত হইয়া ঐ ব্যক্তিকে বা ব্যক্তিগণকে মনোনীত করিতে পারিবেন, অথবা ঐরূপ ঐকমত্য না হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট নিযুক্ত করিবেন। তাহা হইলে সর্ভে কোর্টের পরিবর্ত্তে ঐ সালীস বা সালীসেরা আপীলের নিষ্পত্তি করিবেন।

আপীলান্টের সালীস নিযুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবার কথা।

২৫ ধারা। কোন আপীলে আপীলান্ট প্রার্থনা করিলে এবং প্রশ্নার্পণের ও তদানুষঙ্গিক খরচা দিবার যথোচিত জামিন দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট উক্তরূপ মনোনীত সালীসের বা সালীসদের প্রতি আপীল অর্পণ করিবেন।

সালীসের সর্ভে কোর্টের মত ক্ষমতা থাকিবার কথা।

২৬ ধারা। সর্ভে কোর্টের বিচারপতির যেই ক্ষমতা আছে, ২৪ বা ২৫ ধারামতে যে সালীসের বা সালীসদের প্রতি কোন আপীল অর্পণ করা যায়, তাঁহার বা তাঁহাদের সেইং ক্ষমতা থাকিবে।

আটক করিয়া রাখিবার খরচ, ও তদানুষঙ্গিক ক্ষতিপূরণের কথা।

অন্যায় পূর্ব্বক জাহাজ আটক করিয়া রাখা গেলে গবর্ণমেণ্টের খরচার ও ক্ষতিপূরণের দায়ের কথা।

২৭ ধারা। যদি দেখা যায় যে জাহাজের অবস্থাহেতুক অথবা স্বামির কার্য্য বা ত্রুটিহেতুক জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখিবার যুক্তিসিদ্ধ ও সঙ্গত কারণ ছিল না, তাহা হইলে জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার ও তদানুষঙ্গিক যে খরচ ঐ জাহাজের স্বামির দিতে হয় তাহা, এবং আটক করিয়া রাখা বা পরীক্ষা করা প্রযুক্ত তাঁহার যে ক্ষতি বা হানি হয় তাহা পূরণ করিবার টাকা দিতে ঐ গবর্ণমেণ্ট দায়ী হইবেন।

জাহাজ উচিতমতে আটক করিয়া রাখা গেলে জাহাজের স্বামির খরচার দায়ের কথা।

২৮ ধারা। যদি কোন জাহাজ এই অধ্যায়মতে চূড়ান্তরূপে আটক করিয়া রাখা যায় অথবা যদি দেখা যায় যে যে জাহাজ কিয়ৎকালের নিমিত্ত আটক করিয়া রাখা যায় তাহা তদ্রূপ আটক করিয়া রাখিবার সময় আশঙ্কাজনক ছিল, তাহা হইলে ঐ জাহাজের স্বামী তাহা আটক করিয়া পরীক্ষা করিবার ও তদানুষঙ্গিক খরচ গবর্ণমেণ্টকে দিতে দায়ী হইবেন, এবং ঐ খরচ অন্য প্রতিকারের বাধা না হইয়া, জরিমানা রক্ষা করিবার পুরস্কারের টাকার ন্যায় আদায় করা যাইতে পারিবে।

আটক করিয়া পরীক্ষা করিবার খরচার মধ্যে যাহা ধরিতে হইবে তাহার কথা।

২৯ ধারা। এই অধ্যায়ের তাৎপর্য্যে সর্ভে কোর্টের কোন আনুষ্ঠানিক কার্য্যের ও তদানুষঙ্গিক খরচ, এবং স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত পরীক্ষকের বা কার্য্যকারকের পারিশ্রমিক স্বরূপ যুক্তিমত টাকা, জাহাজ আটক করিয়া পরীক্ষা করিবার খরচের একাংশ বলিয়া গণ্য হইবে।

খরচা প্রভৃতির জন্য বাদির নিকট জামিন চাহিতে পারিবার কথা।

৩০ ধারা। কোন ব্রিটিশ জাহাজ আশঙ্কাজনক বলিয়া স্থানীয় গবর্ণমেণ্টের বা আটক করিয়া রাখিবার কার্য্যকারকের নিকট নালিশ হইলে, পশ্চাল্লিখিতমতে বাদির যে খরচার ও ক্ষতিপূরণের দায় ঘটিতে পারে, ঐ গবর্ণমেণ্ট বা স্থলবিশেষে ঐ কার্য্যকারক স্বীয় বিবেচনামতে ঐ বাদির প্রতি সেই খরচার ও ক্ষতিপূরণের আপন যথোচিত জামিন দিবার আদেশ করিতে পারিবেন।

মল্লাদের চতুর্থাংশ লোকে নালিশ করিলে উপবিধানের কথা।

কিন্তু যদি জাহাজের মল্লাদের চতুর্থাংশ লোকে নালিশ করে ও তাহারা তিন জনের কম না হয় এবং ঐ নালিশ উক্ত গবর্ণমেণ্টের বা কার্য্যকারকের মতে তুচ্ছ বা বিরক্তিকর বোধ না হয় তবে জামিন দিবার আদেশ করা যাইবে না, এবং যদি ঐ জাহাজ চলিয়া যাইবার পূর্ব্বে যথেষ্ট সময় থাকিতে নালিশ করা যায়, তবে উক্ত

গবর্ণমেণ্ট বা কার্য্যকারক, ঐ জাহাজ এই অধ্যায়মতে আটক করিয়া রাখা উচিত কি না ইহা নির্ণয় করিবার যথাযোগ্য উপায় অবলম্বন করিবেন।

গবর্ণমেণ্টের যে খরচা প্রভৃতি দিতে হয়, তাহা বাণিজ্য জাহাজের স্বামিকে দিতে হইবার কথা।

৩১ ধারা। যদি কোন ব্যক্তি নালিশক্রমে কোন জাহাজ আটক করিয়া রাখা যায়, এবং যদ্যপি এইরূপ হয় যে গবর্ণমেণ্ট এই অধ্যায়মতে ঐ জাহাজের স্বামিকে কোন খরচা বা ক্ষতিপূরণের টাকা দিতে দায়ী হন, তাহা হইলে ঐ জাহাজ আটক করার পরীক্ষা করণ উপলক্ষে গবর্ণমেণ্টের যে সকল খরচা পড়ে ও যে ক্ষতি পূরণের টাকা দিতে হয়, ঐ ব্যক্তি গবর্ণমেণ্টকে সেই সকল খরচার ও ক্ষতিপূরণের টাকা দিতে হইবে।

শস্যাদি মালের কথা।

শস্যাদি মাল রাখিবার কথা।

৩২ ধারা। যে মালের তৃতীয়াংশের অধিক কোন প্রকার দানা, শস্য, চাউল, ধান, দাইল, বীচি, আঁটি বা আঁটির শাঁস হয় (ইহা পরে শস্যাদি মাল বলিয়া উল্লিখিত হইবে), তাহা বস্তার বা থলিয়ার বা পিপার মধ্যে আবদ্ধ না থাকিলে, কিম্বা সরিয়া না যাইতে পারে এরূপে তক্তাবন্দী বা কাষ্ঠের ব্যবধান দ্বারা বা প্রকারান্তরে বদ্ধ না হইলে, কোন ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজে করিয়া লইয়া যাওয়া যাইবে না।

ঐ মাল অনুপযুক্ত ভাবে রাখিলে, দণ্ডের কথা।

কোন জাহাজের স্বামী বা কাপ্তান, অথবা উক্ত জাহাজ বোঝাই করিবার বা সমুদ্রে পাঠাইবার ভারপ্রাপ্ত ঐ স্বামীর কোন কর্ম্মকারক জানিয়া শুনিয়া এই ধারার বিধান লঙ্ঘনপূর্ব্বক ঐ জাহাজে লইয়া যাইবার নিমিত্ত কোন শস্যাদি মাল বা তাহার কিয়দংশ উঠাইতে দিলে, তাঁহার তিন হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

ভুড়কের ও বোঝাইর রেখা।

ভুড়কের রেখা অঙ্কিত করিবার কথা।

৩৩ ধারা। প্রত্যেক ব্রিটিষ ভারতবর্ষীয় জাহাজের মধ্যখানের উভয় পার্শ্বে অথবা যত দূর সাধ্য তাহার নিকটে অন্যূন ১২ ইঞ্চ দীর্ঘ ও এক ইঞ্চি প্রস্থ চিরস্থায়ী ও পরিদৃশ্যমান রেখা সকল জাহাজের লম্বালম্বিভাবে চিত্রিত করিয়া অঙ্কিত করিতে হইবে, জলের উপরে যে প্রত্যেক ভুড়ক থাকে তাহার স্থান এই প্রকার রেখাদ্বারা সূচিত হইবে।

এইরূপ প্রত্যেক রেখার উপরিভাগ জলপথের নিকটস্থ চিহ্নিত স্থানে যে ভুড়কের তক্তা থাকে তাহার উপরি ভাগের সহিত মিলিবে। রেখাগুলি হয় কাল জমির উপর শাদা বা পীত রঙ্গের, নয় শাদা জমির উপর কাল রঙ্গের হইবে।

বোঝাইর রেখা অঙ্কিত করিবার কথা।

৩৪ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের মর্ম্মানুযায়ী সমুদ্রকূলগামী জাহাজ না হইলে, প্রত্যেক ব্রিটিষ জাহাজের স্বামী, ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে তাঁহার জাহাজ বাহিরে যাইবার কথা লিখিত হইবার পূর্ব্বে, অথবা তৎপরে যত শীঘ্র হইতে পারে, জাহাজের মধ্যখানের বহিঃস্থ উভয় পার্শ্বে অথবা যথাসাধ্য তাহার নিকটে কাল জমির উপর শাদা বা পীত রঙ্গে কিম্বা শাদা জমির উপর কাল রঙ্গে বার ইঞ্চি ব্যাস বিশিষ্ট একটি চক্র অঙ্কিত করিবেন, এবং ঐ চক্রের কেন্দ্র দিয়া ৮ ইঞ্চি দীর্ঘ জলপৃষ্ঠের সমান্তরাল একটি রেখা টানিবেন।

ঐ যাত্রার লোণা জলে গেলে উক্ত জাহাজে যত দূর বোঝাই করিবার অভিপ্রায় থাকে, ঐ চক্রের কেন্দ্র দ্বারা তাহার অত্যূর্দ্ধ সীমার রেখা সূচিত হইবে।

বাহিরে যাইবার দরখাস্তে কষ্টমের কালেক্টরকে দিবার বোঝাইর রেখার অবস্থান সম্বন্ধীয় বর্ণনাপত্রের কথা।

৩৫ ধারা। যে ব্যক্তি কোন জাহাজ বাহিরে যাইবার নিমিত্ত লিখিত হইবার প্রার্থনা করেন, তিনি কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে যে দরখাস্ত দেন, তন্মধ্যে একটি বর্ণনাপত্র দিবেন, বর্ণনাপত্রে পূর্ব্বোক্ত চক্রের কেন্দ্র ও তদুপরিস্থিত জাহাজের প্রত্যেক ভুড়কের অবস্থানসূচক রেখার উপরিভাগের দূরত্ব ফুট ও ইঞ্চি-মানে লেখা থাকিবে। এই বর্ণনাপত্র দিতে ত্রুটি হইলে, কষ্টমের কালেক্টর সাহেব জাহাজ বাহিরে যাইবার কথা লিখিতে অস্বীকার করিতে পারিবেন।

এই বর্ণনাপত্রের প্রতিলিপি উপনামায় ও মল্লাদের সহিত নিয়মপত্রে লিখিতে হইবার কথা।

৩৬ ধারা। মল্লাদের সঙ্গে যে নিয়মপত্র হয়, তাহাদের দলের কোন লোকে তাহাতে স্বাক্ষর করিবার পূর্ব্বে উক্ত বর্ণনাপত্রের প্রতিলিপি তন্মধ্যে লিখিতে হইবে, এবং তাহা লিখিত না হইলে, কোন শিপিং মাষ্টর মল্লাদের নিয়োগ করিতে প্রবৃত্ত হইবেন না।

ঐ শিপিং মাষ্টর উক্ত বর্ণনাপত্রের প্রতিলিপি সরকারী উপনামা থাকিলে তাহাতে লিখিয়া রাখিবেন।

জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৩৭ ধারা। ৩৪ ধারামতে কোন জাহাজ অঙ্কিত করা গেলে, যাবৎ ঐ জাহাজ ব্রিটিষ ভারতবর্ষের কোন বোঝাই নামাইবার বন্দরে ফিরিয়া না আইসে বা ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যের কোন বন্দরে উপস্থিত না হয়, তাবৎ ঐরূপ অঙ্কিত থাকিবে।

সমুদ্রকূলগামী জাহাজ হইলে, বোঝাইর রেখা অঙ্কিত করিবার কথা।

৩৮ ধারা। যে ব্রিটিষ জাহাজ সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের মর্ম্মানুযায়ী সমুদ্রকূলগামী জাহাজ হয়, তাহার কাপ্তান কোন বন্দর হইতে সমুদ্রে যাইবার পূর্ব্বে ঐ জাহাজের মাঝখানের বহিঃস্থ উভয় পার্শ্বে অথবা যত দূর সাধ্য তাহার নিকটে, কাল জমির উপর শাদা বা পীত রঙ্গে, কিম্বা শাদা জমির উপর কাল রঙ্গে, বার ইঞ্চ ব্যাস বিশিষ্ট একটি চক্র অঙ্কিত করিবেন, এবং উহার কেন্দ্র দিয়া ১৮ ইঞ্চি দীর্ঘ একটি রেখা জলপৃষ্ঠের সমান্তরাল করিয়া টানিবেন।

জাহাজ লোণাজলে গেলে তাহা যত দূর বোঝাই করিবার অভিপ্রায় থাকে, স্থানের পরিবর্ত্তনের নোটিস না দেওয়া যায়, এই চক্রের কেন্দ্র দ্বারা তাহার অত্যূর্দ্ধ রেখা সূচিত হইবে।

বোঝাইর রেখার অবস্থান সম্বন্ধে বার্ষিক বর্ণনাপত্রের কথা।

৩৯ ধারা। জাহাজ সমুদ্রে যাইবার অব্যবহিত পূর্ব্বে ঐ কাপ্তান বার মাসান্তর একবার করিয়া কালেক্টর সাহেবের নিকট, অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এই কার্য্যার্থে এ বন্দরের নিমিত্ত কষ্টমের জন্য যে প্রধান কর্ম্মচারিকে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

নিযুক্ত করেন তাঁহার নিকট একখণ্ড বর্ণনাপত্র পাঠাইবেন বা অর্পণ করিবেন, ঐ বর্ণনাপত্রে উক্ত চক্রের কেন্দ্র এবং ঐ কেন্দ্রোপরিস্থ তাহাদের প্রত্যেক ভুজকের অবস্থানসূচক রেখার উপরিভাগের দূরত্ব ফুট ও ইঞ্চিমানে লেখা থাকিবে।

চক্র নূতন করিয়া লইবার বা পরিবর্ত্তন করিবার পর জাহাজ সমুদ্রে যাইবার পূর্ব্বে, কাপ্তান উক্তরূপ নূতন করিয়া লইবার বা পরিবর্ত্তন করিবার লিখিত নোটিস ও চক্রের কেন্দ্র হইতে প্রত্যেক ভুজক রেখার উপরিভাগের দূরত্বের পূর্ব্বোল্লিখিত বর্ণনাপত্র পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের বা কষ্টমের প্রধান কর্ম্মচারির নিকট পাঠাইবেন বা অর্পণ করিবেন।

এই ধারামতে যে কোন নোটিস বা বর্ণনাপত্র পাঠাইবার বা অর্পণ করিবার আদেশ থাকে তাহা পাঠাইতে বা অর্পণ করিতে ত্রুটি হইলে, কাপ্তানের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

জাহাজ অঙ্কিত রাখিতে হইবার কথা।

৪০ ধারা। ৩৮ ধারার আদেশমতে কোন জাহাজ অঙ্কিত করা গেলে, যাবৎ পরিবর্ত্তনের নোটিস না দেওয়া যায়, ঐ জাহাজ ঐ রূপে অঙ্কিত রাখিতে হইবে।

অঙ্কিত করিতে উপেক্ষা করিলে বা বোঝাইর রেখা ডুবিতে দিলে, দণ্ডের কথা।

৪১ ধারা। কোন জাহাজের কাপ্তান যদি এই অধ্যায়ের আদেশমতে আপন জাহাজ অঙ্কিত করাইতে বা ঐ রূপে অঙ্কিত রাখিতে উপেক্ষা করেন, অথবা আপন জাহাজ এরূপে বোঝাই করিতে দেন যে সম্পূর্ণরূপ প্রশান্ত লোণাজলে চক্রের কেন্দ্র ডুবিয়া যায়,

এবং কোন চিহ্ন দ্বারা যেং বিষয় সূচিত হয় বিধিমতে তাহা পরিবর্ত্তন করা না গেলে, অথবা শত্রুর হস্ত হইতে পলাইবার উদ্দেশে না হইলে, যদি কোন ব্যক্তি উক্তরূপ কোনচিহ্ন গোপন বা স্থানান্তর বা পরিবর্ত্তন বা বিকৃত বা বিলুপ্ত করেন, অথবা আপনার কর্ত্তৃত্বাধীন কোন ব্যক্তিকে গোপন বা স্থানান্তর বা পরিবর্ত্তন বা বিকৃত বা বিলুপ্ত করিতে দেন,

তাহা হইলে উক্তরূপ প্রত্যেক অপরাধ নিমিত্ত তাঁহার এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

ভ্রান্তিজনক চিহ্ন রাখিলে, কাপ্তানের দণ্ডের কথা।

৪২ ধারা। যদি এই অধ্যায়ের আদেশমত কোন চিহ্ন কোন অংশে এরূপ অশুদ্ধ হয় যে তাহাতে ভ্রান্তি জন্মিবার সম্ভাবনা, তবে জাহাজের কাপ্তানের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যে চিহ্নিত জাহাজের প্রতি না বর্ত্তিবার কথা।

৪৩ ধারা। ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যের বন্দর হইতে যেং জাহাজ আইসে এবং তথায় তৎকালে যে আইন বলবৎ থাকে তাহার বিধানানুযায়ী বোঝাইর রেখাদ্বারা চিহ্নিত হয়, সেইং জাহাজের প্রতি বোঝাইর রেখা সম্বন্ধীয় এই অধ্যায়ের বিধান বর্ত্তিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

পরিশিষ্ট বিধান।

স্থানীয় গবর্ণমেণ্টের কোন সময়ে জাহাজ ছাড়িয়া দিবার কথা।

৪৪ ধারা। এই অধ্যায়মতে যে জাহাজ আটক করিয়া রাখা যায়, তাহা আশঙ্কাজনক নহে, স্থানীয় গবর্ণমেণ্ট ইহা অভিমতে বুঝিলে যে কোন সময়ে নিয়মাধীনে বা নিয়ম বিনা ঐ জাহাজ ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

কে জাহাজ আটক করিয়া রাখিবার আজ্ঞা প্রবল করিতে পারে, ইহার কথা।

৪৫ ধারা। এই অধ্যায়মতে কোন জাহাজ আটক করিয়া রাখিবার অনুমতি বা আজ্ঞা হইলে, শ্রীশ্রীমতী মহারাণীর নাবিক বা সৈনিক দলের পূর্ণবেতনভোগী সনদপ্রাপ্ত কোন কর্ম্মচারী, অথবা শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের জাহাজের কোন অধ্যক্ষ বা প্রধান কর্ম্মচারী, কিম্বা কোন বন্দরের কর্ত্তৃপক্ষ বা হারবর মাষ্টর বা বন্দররক্ষক বা কষ্টমের কর্ম্মচারী ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

আটক করিলে পর সমুদ্রে গেলে, দণ্ডের কথা।

৪৬ ধারা। উক্তরূপে আটক করিয়া রাখা গেলে পর অথবা উক্তরূপ আটক করিয়া রাখিবার কোন নোটিস বা আজ্ঞা কাপ্তানকে দেওয়া গেলে পর, যদি কোন জাহাজ উপযুক্ত কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক মুক্ত হইবার পূর্ব্বে সমুদ্রে যায়, তবে ঐ জাহাজের কাপ্তানের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

আপন কর্ম্ম সম্পাদনে নিযুক্ত কর্ম্মচারিকে সমুদ্রে লইয়া গেলে, দণ্ডের কথা।

৪৭ ধারা। যে ব্যক্তি এই অধ্যায়মতে জাহাজ আটক করিয়া রাখিতে বা পরীক্ষা করিয়া দেখিতে ক্ষমতাপন্ন হন, তিনি স্বীয় কর্ম্মসম্পাদনার্থে জাহাজে থাকিলে, উক্তরূপে সমুদ্রগামী জাহাজ তাঁহাকে লইয়া সমুদ্রে গেলে উক্ত ব্যক্তিকে ঐরূপে সমুদ্রে লইয়া যাইবার ও তদানুষঙ্গিক সমুদয় খরচ দিতে ঐ জাহাজের স্বামী ও কাপ্তান স্বতন্ত্র২ দায়ী হইবেন, এবং তাঁহাদের প্রত্যেকের এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

এই ধারামতে কোন স্বামির বা কাপ্তানের অপরাধ নির্ণয় হইলে, এই ধারামতে খরচের হিসাবে উক্ত স্বামির বা কাপ্তানের যত টাকা দিতে হইবে, অপরাধনির্ণয়কারী মাজিষ্ট্রেট তাহা অনুসন্ধান লইয়া নিরূপণ করিতে পারিবেন, এবং অর্থদণ্ড আদায় করিবার বিধানমতে তাহা আদায় করা যাইবে এরূপ আজ্ঞা করিতে পারিবেন।

ব্রিটিষ রেজিষ্টরী ফুরাইয়া গিয়াছে বলিয়া আটককরা জাহাজ ছাড়িয়া দিতে না হইবার কথা।

৪৮ ধারা। এই অধ্যায়মতে কোন জাহাজ আটক করিয়া রাখা গেলে, পরে ঐ জাহাজের ব্রিটিষ বা ব্রিটিষ ভারতবর্ষীয় রেজিষ্টর ফুরাইয়া গিয়াছে বলিয়া, ঐ জাহাজ ছাড়িয়া দেওয়া যাইবে না।

যে ব্যক্তি জাহাজ পরীক্ষা করিতে পারেন, তাঁহার ক্ষমতার কথা।

৪৯ ধারা। এই অধ্যায়মতে কোন জাহাজের পরীক্ষা নিমিত্ত তৎকার্য্যক্ষম কোন ব্যক্তি জাহাজের উপর উঠিয়া তাহা ও তাহার প্রত্যেক অংশ, ও কল, সরঞ্জাম ও মাল পরিদর্শন করিতে পারিবেন, এবং কোন মাল, বিলম্ব না

রুমারণী প্রভৃতি নামাইবার বা স্থানান্তর করিবার আদেশ করিতে পারিবেন।

৫০ ধারা। এই অধ্যায়মত প্রত্যেক বিচারপতি, আসেসর, কর্ম্মচারী বা পরীক্ষক তাঁহারা দণ্ডবিধির আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

কোনং ব্যক্তি রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবার কথা।

৫১ ধারা। যদি এই অধ্যায়ের কোন বিধানের কর্ত্তা পক্ষে কোন আজ্ঞা, নোটিস, বর্ণনাপত্র বা দলীল কোন জাহাজের কাপ্তানের উপর জারী করিতে হয়, তবে জাহাজের কাপ্তান না থাকিলে, যে বন্দরে জাহাজ আটক করিয়া রাখা যায় সেই বন্দরে জাহাজস্বামী যদি থাকেন তাঁহার উপর, অথবা তিনি তথায় না থাকিলে, তত্রত্য তাঁহার কোন কর্ম্মকারকের উপর ঐ আজ্ঞা প্রভৃতি জারী করা যাইবে; অথবা উক্তরূপ স্বামী বা কর্ম্মকারক না জানা থাকিলে বা পাওয়া না গেলে, উক্ত আজ্ঞার, নোটিসের, বর্ণনাপত্রের বা দলীলের এককেতা নকল জাহাজের মাস্তুলে লাগাইয়া দেওয়া যাইবে, এবং তাহা হইলে নিয়মিতরূপে জারী করা হইল বলিয়া জ্ঞান হইবে।

কাপ্তান বা বন্দরে স্বামী প্রভৃতি না থাকিলে আজ্ঞা জারী করিবার কথা।

৫২ ধারা। উক্তরূপ কোন আজ্ঞা, নোটিস, বর্ণনাপত্র বা দলীল যে ব্যক্তির উপর জারী করিতে হইবে, নিজ তাঁহাকে উহার এককেতা নকল দিয়া, অথবা তাহা তাঁহার শেষ বাসস্থানে রাখিয়া, কিম্বা কাপ্তানের সম্বন্ধ হইলে, যে ব্যক্তির প্রতি জাহাজের অধ্যক্ষতা বা ভার থাকে বা আছে বলিয়া দেখা যায় তাঁহার নিমিত্ত তাঁহার নিকটে রাখিয়া, ঐ আজ্ঞাপ্রভৃতি জারী করা যাইবে।

আজ্ঞাদি যেরূপে জারী করিতে হইবে, তাহার কথা।

৫৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কে বন্দরের কার্য্য নির্ব্বাহার্থে নিযুক্ত কমিশ্যনর বা ট্রষ্টিগণের প্রতি অবিচ্ছিন্ন ভাবে অথবা যেরূপ নিয়ম বা সীমা নির্দ্ধারণ করা উচিত বোধ করেন তাহার অধীনে, ১৪ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা ও ১৫ ধারামতে আসেসরদের তালিকা প্রস্তুত করিবার ক্ষমতা ও বিধি প্রণয়ন করিবার ক্ষমতা ভিন্ন, এই আইনের পূর্ব্বের ধারামত স্থানীয় গবর্ণমেণ্টের সমুদয় বা কোন ক্ষমতা অর্পণ করিতে ও সমুদয় বা কোন কর্ম্ম সম্পাদন করিবার আদেশ করিতে পারিবেন, এবং উক্তরূপ কোন জ্ঞাপনপত্র রহিত করিতে পারিবেন।

বন্দরের কমিশ্যনর প্রভৃতির প্রতি ক্ষমতা অর্পণ করিবার কথা।

যৎকালে উক্তরূপ কোন জ্ঞাপনপত্র বলবৎ থাকে, যে সকল খরচা ও ক্ষতিপূরণের টাকা গবর্ণমেণ্টের দ্বারা বা গবর্ণমেণ্টের স্থানে অন্যথা এই আইনমতে আদায় করা যাইত, তৎসমুদয় উক্ত বন্দরের দ্বারা বা তাঁহাদের স্থানে সেই প্রকারে আদায় করা যাইতে পারিবে, এবং এক্ষণে যে কোন আইন প্রচলিত আছে তাহাতে প্রকারান্তরের কথা থাকিলেও, তাঁহাদের পদোপলক্ষে ন্যস্ত ধন স্বরূপ তাঁহাদের হস্তে যে তহবীল থাকে, তাঁহারা কোন খরচার বা ক্ষতিপূরণের টাকা সেই তহবীলে জমা করিতে অথবা, স্থলবিশেষে, সেই তহবীল হইতে দিতে পারিবেন।

---

৩ অধ্যায়।

দুঃস্থ নাবিকদের কথা।

৫৪ ধারা। এই অধ্যায় সওদাগরী জাহাজী লোকদের আইন সংশোধনের ১৮৫৯ সালের ১ আইনের সহিত পঠিত হইবে ও তাহার একাংশ বলিয়া গণ্য হইবে।

এই অধ্যায় ১৮৫৯ সালের ১ আইনের অংশ বলিয়া গণ্য হইবার কথা।

কিন্তু যে নাবিকদের বা শিক্ষানবিশদের প্রতি সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১১ ধারা, অথবা সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৫৫ সালের আইনের ১৬ ধারার বিধান খাটে, এই অধ্যায়ের কোন কথা তাঁহাদের প্রতি খাটিবে না।

১৮৫৪ ও ১৮৫৫ সালের সওদাগরী জাহাজ বিষয়ক আইনের বিধান সংরক্ষণের কথা।

'স্থানীয় কর্ত্তৃপক্ষ।'

এই অধ্যায়মতে স্থানীয় কর্ত্তৃপক্ষের প্রতি যে২ ক্ষমতা ও যে২ কর্ম্মের ভার অর্পিত হইল, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্তৃত্বাধীনে যে ব্যক্তিকে নামোল্লেখে বা আপন পদোপলক্ষে সেই২ ক্ষমতানুসারে সেই২ কর্ম্ম করিতে নিযুক্ত করেন, এই অধ্যায়ে 'স্থানীয় কর্ত্তৃপক্ষ' শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

উক্তরূপে যে প্রত্যেক ব্যক্তি নিযুক্ত হন যে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে নিযুক্ত করেন সেই গবর্ণমেণ্ট তাঁহাকে স্থগিত বা পদচ্যুত করিতে পারিবেন।

স্থগিত বা পদচ্যুত করিবার ক্ষমতার কথা।

৫৫ ধারা। (ক) যে সকল নাবিক ও শিক্ষানবিশ শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা, ও যাহারা সওদাগরী কার্য্যে নিযুক্ত কোন ব্রিটিষ জাহাজ হইতে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজ হইতে ব্রিটিষ ভারতবর্ষের কোন স্থানে যানভঙ্গ, পদচ্যুত বা পরিত্যক্ত হইয়া থাকে, অথবা যাহাদিগকে কোন বিদেশীয় গবর্ণমেণ্টের বা বিদেশীয় গবর্ণমেণ্টের প্রজার জাহাজে কর্ম্ম করিবার নিমিত্ত কোন ব্যক্তি কর্ত্তাস্বরূপ বা কর্ম্মকারক স্বরূপ কার্য্য করিয়া নিযুক্ত করিয়া থাকেন, এবং যাহারা উক্ত স্থানে কষ্টে পড়িয়া থাকে, এবং

ভারতবর্ষীয় বন্দর সমূহে দুঃস্থ নাবিকদের কষ্টনিবারণ করিবার কথা।

(খ) যে সকল নাবিক ও শিক্ষানবিশ শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা নহে, ও যাহারা ব্রিটিষ ভারতবর্ষে রেজিষ্টরী করা কোন ব্রিটিষ জাহাজ হইতে ব্রিটিষ ভারতবর্ষের কোন স্থানে যানভঙ্গ, পদচ্যুত বা পরিত্যক্ত হইয়া থাকে, এবং যাহারা উক্ত স্থানে কষ্টে পড়িয়া থাকে,

স্থানীয় কর্ত্তৃপক্ষ পশ্চাল্লিখিত বিধানমতে যত কাল তাহাদের স্বদেশ যাত্রার বিধান করিতে না পারেন, তত কাল পশ্চাল্লিখিত নিয়মাধীনে তাহাদের আহারাদির ব্যবস্থা করিতে পারিবেন।

৫৬ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজার জাহাজে মাল্লাদের সংখ্যা পুরণার্থে লোকাভাব থাকিলে, এবং

যে ব্রিটিষ জাহাজে মাল্লাদের সংখ্যা পূরণার্থে লোকাভাব থাকে, সেই জাহাজে দুঃস্থ নাবিকগণকে দেশে পাঠাইবার কথা।

(ক) উক্ত নাবিকেরা বা শিক্ষানবিশেরা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা হইলে, যদি ঐ জাহাজ তাহাদের দেশে বা তাহাদের দেশের নিকটস্থ কোন বন্দরে যাইতে বদ্ধ থাকে, এবং

(খ) অন্য প্রকারের ব্রিটিষ নাবিক বা শিক্ষানবিশ হইলে, যদি ঐ জাহাজ ইংলণ্ডাদি সংযুক্ত রাজ্যের কোন বন্দরে অথবা তাহারা ব্রিটিষ সাম্রাজ্যের যে স্থান নিবাসী হয় (প্রয়োজনমত) সেই স্থানের কোন বন্দরে যাইতে বদ্ধ থাকে, এবং

(গ) নাবিকেরা বা শিক্ষানবিশেরা শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা না হইলে, স্থানীয় কর্তৃপক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্তৃত্বাধীনে প্রত্যেক স্থলে যে স্থান নিরূপণ করেন, ঐ জাহাজ যদি সেই স্থানে যাইতে বদ্ধ থাকে,

তবে পূর্ব্বোক্ত নিয়মাধীনে ঐ স্থানীয় কর্তৃপক্ষ উক্ত নাবিক বা শিক্ষানবিশদিগকে ঐ জাহাজে উঠাইয়া দিতে পারিবেন।

৫৭ ধারা। উক্তরূপ কোন জাহাজ পাওয়া না গেলে ব্রিটিষ বা বিদেশীয় কোন জাহাজ ঐ স্থানে যাইতে বদ্ধ থাকিলে, স্থানীয় কর্তৃপক্ষ পূর্ব্বোক্ত নিয়মাধীনে শেষোক্ত জাহাজে ঐ নাবিক বা শিক্ষানবিশদের স্বদেশ যাত্রার বিধান করিতে পারিবেন।

ঐরূপ জাহাজ পাওয়া না গেলে, অন্য জাহাজে পাঠাইবার কথা।

৫৮ ধারা। ৫৬ বা ৫৭ ধারামতে যে ব্রিটিষ জাহাজে কোন নাবিক বা শিক্ষানবিশকে পাঠান যায়, স্থানীয় কর্তৃপক্ষ সেই ব্রিটিষ জাহাজের নিয়ম পত্রের পৃষ্ঠে উক্তরূপে প্রেরিত প্রত্যেক ব্যক্তির নাম এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়২ বিধি করিয়া যাহার নির্দ্দেশ করেন প্রত্যেক স্থলীয় সেই সকল বৃত্তান্ত লিখবেন।

নাবিকদের নাম ও তাহাদের অন্যান্য বৃত্তান্ত ব্রিটিষ জাহাজের নিয়ম পত্রের পৃষ্ঠে লিখিবার কথা।

৫৯ ধারা। প্রত্যেক পঞ্চাশ টন বোঝাই প্রতি এক জনের অনধিক যতজন নাবিক ও শিক্ষানবিশকে পূর্ব্বোক্তরূপ বন্দরলক্ষ্য কোন ব্রিটিষ জাহাজের কাপ্তান ৫৬ বা ৫৭ ধারার বিধানমতে আপন জাহাজে তুলিয়া লইতে আদেশ প্রাপ্ত হন, তিনি তাহাদিগকে লইয়া তাহাদের যাত্রার ও আহারাদির ব্যবস্থা করিবেন, এবং ঐ যাত্রায় উক্তরূপ প্রত্যেক নাবিককে বা শিক্ষানবিশকে সমুদ্র ও ঝড়বৃষ্টি হইতে উত্তমরূপে সংরক্ষিত একটি উপযুক্ত শয়নস্থান দিবেন।

ব্রিটিষ জাহাজের কাপ্তেনের উক্তরূপ নাবিকদিগকে লইয়া যাইতে ও আহারাদি দিতে হইবার কথা।

৬০ ধারা। উক্তরূপ কোন জাহাজের কাপ্তান ৫৯ ধারার বিধান লঙ্ঘন করিয়া উক্তরূপ কোন নাবিককে বা শিক্ষানবিশকে আপনার জাহাজে তুলিয়া লইতে, অথবা তাহার যাত্রার বা আহারাদির ব্যবস্থা করিতে, অথবা অন্য বিধান করিতে ত্রুটি বা অস্বীকার করিলে, যে প্রত্যেক নাবিকের ও শিক্ষানবিশের সম্বন্ধে তিনি উক্তরূপ ত্রুটি বা অস্বীকার করেন তাহার জন্য তাঁহার এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে অথবা ব্রিটিষ ভারতবর্ষের বাহিরে কোন স্থানে তাঁহার বিচার হইলে, ঐ স্থানের প্রচলিত মুদ্রায় তাঁহার এক হাজার টাকার তুল্য অর্থদণ্ড হইতে পারিবে।

তাহা করিতে অস্বীকার করিলে, দণ্ডের কথা।

৬১ ধারা। কোন ব্রিটিষ জাহাজের কাপ্তান এই অধ্যায়মতে কোন স্থানীয় কর্তৃপক্ষের আদেশক্রমে আপনার মাল্লাদের সংখ্যা পূরণার্থে যত (যদি কোন) জনের প্রয়োজন, তদতিরিক্ত কোন নাবিককে বা শিক্ষানবিশকে কোন স্থানে লইয়া গেলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রী গবর্ণর জেনরল সাহেব সময়২ দিন প্রতি যত টাকা নিরূপণ করেন, উক্ত নাবিকের বা শিক্ষানবিশের আহারাদির খরচের জন্য ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেটসেক্রেটরী সাহেবের স্থানে ঐ কাপ্তান তত টাকা পাইতে পারিবেন।

যে নিয়মের অধীনে কাপ্তান টাকার দাওয়া করিতে পারেন, তাহার কথা।

কিন্তু নিম্নলিখিত দলীল গুলি উপস্থিত করা না গেলে এই ধারামত কোন টাকা দেওয়া যাইবে না, অর্থাৎ

(ক) যে স্থানীয় কর্তৃপক্ষের আদেশক্রমে উক্ত নাবিককে বা শিক্ষানবিশকে জাহাজে তুলিয়া লওয়া যায়, সেই কর্তৃপক্ষের স্বাক্ষরিত সর্টিফিকেট, তাহাতে উক্ত নাবিকের বা শিক্ষানবিশের নাম এবং যে সময়ে তাহাকে জাহাজে তুলিয়া লওয়া যায় তাহা নির্দ্দিষ্ট থাকিবে,

(খ) পশ্চাল্লিখিত বিধানমতে লিখিত ও সত্যপাঠযুক্ত উক্ত কাপ্তানের প্রতিজ্ঞাপত্র, তাহাতে এই২ কথা লেখা থাকিবে, যথা,

(১) যত দিন ঐ নাবিক বা শিক্ষানবিশ ঐ জাহাজে আহারাদি ও পূর্ব্বোক্তরূপ বিহিত বন্দোবস্ত প্রাপ্ত হইয়াছিল,

(২) যত জন পূর্ণবয়স্ক পুরুষ ও বালক লইয়া তাঁহার মাল্লাদল পূর্ণ হয়,

(৩) উক্ত নাবিক বা শিক্ষানবিশ যৎকালে জাহাজে ছিল, তৎকালে যত জন নাবিক ও শিক্ষানবিশ জাহাজে নিযুক্ত ছিল, এবং

(৪) তাহাদের সংখ্যার কোন পরিবর্ত্তন হইয়া থাকিলে তাহা।

কোন জাহাজ শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজাদিগকে ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দরে লইয়া গেলে, কোন শিপিং মাষ্টরের সম্মুখে কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার সম্মুখে এই ধারার আদেশমত প্রতিজ্ঞাপত্র সম্পাদন করিতে হইবে। সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১২ ধারামতে যে প্রকারে প্রতিজ্ঞাপত্র সম্পাদন করিতে হয়, অন্যান্য স্থলে উক্ত প্রতিজ্ঞাপত্র সেই প্রকারে সম্পাদন করিয়া সত্যপাঠযুক্ত করিতে হইবে।

৬২ ধারা। (ক) যদি কোন নাবিক বা শিক্ষানবিশ শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা ও কোন ব্রিটিষ জাহাজের লোক হয়, এবং ব্রিটিষ ভারতবর্ষের কোন স্থানে পদচ্যুত বা পরিত্যক্ত হয়, আর তৎসম্বন্ধে যথাস্থলে যে আইন

দুঃস্থ নাবিকদের বেতন ও খরচ, তাহারা যে জাহাজের লোক, কোন২ স্থলে সেই জাহাজের প্রতি বর্ত্তিবার কথা।

প্রচলিত থাকে কাপ্তানের পক্ষে তাহার সমুদয় বিধানের সম্পূর্ণরূপ পালন না হইয়া থাকে, এবং উক্ত নাবিক বা শিক্ষানবিশ কষ্টে পড়িয়া এই অধ্যায়ের বিধানমতে উপকার প্রাপ্ত হয়, অথবা

(খ) কোন ব্যক্তি কর্ত্তা বা কর্ম্মকারকস্বরূপ কার্য্য করিয়া উক্তরূপ কোন নাবিককে বা শিক্ষানবিশকে কোন বিদেশীয় গবর্ণমেণ্টের বা তদীয় প্রজার জাহাজে কর্ম্ম করণার্থে নিযুক্ত করিলে পর, যদি ঐ নাবিক বা শিক্ষানবিশ কষ্টে পড়িয়া পূর্ব্বোক্তরূপে উপকার প্রাপ্ত হয়, অথবা।

(গ) ব্রিটিশ ভারতবর্ষে রেজিষ্টরী করা কোন ব্রিটিশ জাহাজের কোন নাবিক বা শিক্ষানবিশ যদি শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ দেশীয় প্রজা না হয়, এবং পূর্ব্বোক্ত সম্পূর্ণরূপ বিধান পালন ব্যতিরেকে ব্রিটিশ ভারতবর্ষের কোন স্থানে পদচ্যুত বা পরিত্যক্ত হয়, এবং কষ্টে পড়িয়া পূর্ব্বোক্তরূপে উপকার প্রাপ্ত হয়, তবে উক্ত নাবিকের বা শিক্ষানবিশের বেতন পাওনা থাকিলে তাহা, এবং তাহার আহারাদি ও আবশ্যক বস্ত্র জন্য ও তাহাকে দেশে লইয়া যাইবার জন্য যে খরচ পড়ে তাহা, এবং দেশে পঁহুছিবার পূর্ব্বে তাহার মৃত্যু হইলে, তাহার অন্ত্যেষ্টি ক্রিয়ার খরচ, সে পূর্ব্বোক্ত মতে যে জাহাজে ছিল, সেই জাহাজ ব্রিটিশ জাহাজই হউক বা বিদেশীয় জাহাজই হউক, সেই জাহাজের প্রতি দায়স্বরূপ বর্ত্তিবে।

উক্ত বেতন ও খরচ আদায় করিবার প্রণালীর কথা।

৬৩ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের পাওনা অন্য ঋণের টাকা যে প্রকারে আদায় করা যায়, অথবা কোন নাবিকের বা শিক্ষানবিশের পাওনা বেতনের টাকা সে যে প্রকারে, যে উপায়ে ও যে প্রণালীমতে আদায় করিতে পারে, সেই প্রকারে, উপায়ে ও প্রণালীমতে উক্ত সমুদয় বেতন ও খরচ খরচা সাধারণ ঐ জাহাজের কাপ্তানের স্থানে, কিম্বা তৎকালে যিনি স্বামী থাকেন তাঁহার স্থানে, অথবা বিদেশীয় জাহাজে কর্ম্মকরণার্থ নিয়োগ হইলে, উক্ত কাপ্তানের বা স্বামির স্থানে, কিম্বা যে ব্যক্তি নিয়োগ করেন তাঁহার স্থানে, আদায় করা যাইতে পারিবে।

তাহা আদায় করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের কোনং ব্যক্তিকে ক্ষমতা দিতে পারিবার কথা।

৬৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন, তাঁহাদের প্রতি উক্তরূপ বেতনের ও খরচের নিমিত্ত মোকদ্দমা করিয়া তাহা আদায় করিবার সাধারণ বা বিশেষ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

উক্ত ব্যক্তিগণ রাজকীয় পদভুক্ত ব্যক্তি বলিয়া গণ্য হইবার কথা।

যে প্রত্যেক ব্যক্তি উক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত হন তিনি তদনুসারে মোকদ্দমা করিয়া টাকা আদায় করিতে পারিবেন, এবং ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক ১৮৭২ সালের আইনের ৫৭ ধারার ৭ প্রকরণের মর্ম্মানুযায়ী রাজকীয় পদভুক্ত ব্যক্তি বলিয়া গণ্য হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

কোনং স্থলে বোর্ড অব ট্রেডের ঐ টাকা কাপ্তানের বা স্বামির স্থানে আদায় করিতে পারিবার কথা।

৬৫ ধারা। যদি উক্তরূপ কোন বেতন ও খরচ ৬২ ধারার (গ) প্রকরণের লিখিত কোন নাবিকের বা শিক্ষানবিশের বা তদ্রূপলক্ষে পাওনা হয়, তবে ৬৪ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি দ্বারা আদায় না হইয়া সওদাগরী জাহাজবিষয়ক ১৮৫৪ সালের আইনের ২১৩ ধারার নির্দ্দিষ্ট প্রকারে বোর্ড অব্‌ট্রেড তাহা আদায় করিতে পারিবেন, এবং তদ্রূপে আদায় করা গেলে উক্ত বোর্ড তাহা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে দিবেন।

কষ্টের ও খরচের কিরূপ প্রমাণ দিতে হইবে তাহার কথা।

৬৬ ধারা। যে কর্ত্তৃপক্ষ এই অধ্যায়মতে সর্টিফিকেটের লিখিত কোন নাবিকের বা শিক্ষানবিশের কষ্ট নিবারণ করেন বা তজ্জন্য খরচ পত্র করেন, ভারতবর্ষেই হউক আর অন্যত্রই হউক, এই অধ্যায়মত সমুদয় আনুষ্ঠানিক কার্য্যে, যদি সেই কর্ত্তৃপক্ষের স্বাক্ষরিত এই মর্ম্মের সর্টিফিকেট উপস্থিত করা যায় যে, উক্ত নাবিক বা শিক্ষানবিশ কষ্টে পড়িয়াছিল, এবং ঐ নাবিক বা শিক্ষানবিশ সম্বন্ধে ঐ খরচ হইয়াছিল, তবে ভারতবর্ষের রাজস্ব ব্যয় করিয়া যে উক্ত নাবিকের কষ্ট নিবারণ করা হয় অথবা, স্থল বিশেষে, তাহাকে দেশে পাঠান হয় বা তাহার অন্ত্যেষ্টি ক্রিয়া করা হয়, ঐ সর্টিফিকেটই ইহার প্রচুর প্রমাণ বলিয়া গণ্য হইবে।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

৬৭ ধারা। কিরূপ অবস্থায় ও কিরূপ নিয়মে এই অধ্যায়মতে নাবিক বা শিক্ষানবিশদিগের কষ্ট নিবারণ করা যাইবে ও তাহাদের স্বদেশ যাত্রার বিধান করা যাইবে ও সাধারণতঃ এই অধ্যায়ের বিধান বলবৎ করা যাইবে, ইহা নিরূপণ করিবার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্তরূপ সমুদয় বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।

৪ অধ্যায়।

জাহাজ পরীক্ষকদের কথা।

স্থানীয় গবর্ণমেণ্টের পরীক্ষক নিযুক্ত করিবার ও জাহাজ পরীক্ষকের যোগ্যতা প্রভৃতি সম্বন্ধে বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

৬৮ ধারা। কোন স্থানীয় গবর্ণমেণ্টের শাসনাধীন প্রদেশের অন্তর্গত কোন বন্দরে যে সকল ব্যক্তি জাহাজ পরীক্ষকের কর্ম্ম করিতে চাহেন, তাঁহাদের যোগ্যতা পরীক্ষা করিবার নিমিত্ত উক্ত গবর্ণমেণ্ট সময়ে২ উপযুক্ত লোক নিযুক্ত করিতে পারিবেন এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীনে নিম্নলিখিত বিষয় সম্বন্ধে বিধি প্রণয়ন করিতে পারিবেন, যথা,

(ক) উক্ত পরীক্ষাকার্য্য চালাইবার প্রণালী ও আবশ্যক যোগ্যতা সম্বন্ধে;

(খ) যোগ্য ব্যক্তিদিগকে সর্টিফিকেট দিবার সম্বন্ধে,

(গ) উক্ত পরীক্ষা ও সর্টিফিকেট নিমিত্ত যে ফী দিতে হইবে তৎ সম্বন্ধে,

(ঘ) উক্ত সর্টিফিকেটধারীদের নামে অযোগ্যতা বা অসদাচরণের অভিযোগ হইলে, তদ্বিষয়ে অনুসন্ধান লইবার সম্বন্ধে, এবং

(ঙ) ঐ সর্টিফিকেট স্থগিত বা রহিত করণ সম্বন্ধে।

বিধি প্রকাশ করিবার কথা।

উক্তরূপ সমুদয় বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।

যোগ্য না হইলে কোন ব্যক্তির জাহাজপরীক্ষকের কর্ম্ম না করিবার কথা।

৬৯ ধারা। কোন ব্যক্তি ৬৮ ধারামতে প্রদত্ত সর্টিফিকেটধারী না হইলে, যে বন্দরে উক্ত ধারামতে প্রদত্ত সর্টিফিকেটধারী কোন ব্যক্তি জাহাজ পরীক্ষকের কর্ম্ম করেন সেই বন্দরে উক্ত কর্ম্ম করিবেন না।

লইডের ও বেরিটসের নিযুক্ত পরীক্ষকদের কথা।

কিন্তু এই ধারার কোন কথায় লইড সাহেবের ব্রিটিষ ও বিদেশীয় জাহাজের রেজেস্টরীক্রমে কিম্বা বুরো বেরিটসের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তির আপন কর্ম্মের কোন কার্য্য করিবার বাধা হইবে না, এবং এই ধারার কার্য্য হইতে স্থানীয় গবর্ণমেন্ট বিশেষরূপে যে ব্যক্তিদিগকে মুক্ত করেন তাঁহাদের প্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

সর্টিফিকেট বিনা জাহাজ পরীক্ষকের কর্ম্ম করিলে দণ্ডের কথা।

৭০ ধারা। কোন ব্যক্তি ৬৯ ধারার বিধান লঙ্ঘন করিয়া জাহাজ পরীক্ষকের কর্ম্ম করিলে, তাঁহার এক হাজার টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং ঐ কর্ম্মকরণকালে তিনি যাহা কিছু করিয়া থাকেন তাহার ফী বা পুরস্কার নিমিত্ত মোকদ্দমা চালাইতে পারিবেন না।

---

৫ অধ্যায়।

মৌতজগ্রাহকদেরকথা।

"মৌতজ" শব্দের অর্থ।

৭১ ধারা। সমুদ্রে বা জোয়ার ভাটা বিশিষ্ট জলে বা তাহার তীরে নিম্নলিখিত কোন দ্রব্য পাওয়া গেলে এই অধ্যায়ে "মৌতজ" শব্দে তাহা বুঝাইবে, অর্থাৎ,

যে সকল মাল সমুদ্রে নিক্ষিপ্ত হয়, এবং ডুবিয়া গিয়া জলের নীচে থাকে,

যে সকল মাল সমুদ্রে নিক্ষিপ্ত বা পতিত হয় এবং জলের উপর ভাসিতে থাকে,

যে সকল মাল সমুদ্রে ডুবিয়া থাকে, কিন্তু পরে পাওয়া যাইবার নিমিত্ত কোন ভাসমানপদার্থে সংলগ্ন থাকে,

যে সকল মাল নিক্ষিপ্ত বা পরিত্যক্ত হয়, এবং যে জলযান পুনঃপ্রাপ্তির আশা বা অভিপ্রায় না রাখিয়া পরিত্যাগ করা যায়।

ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৫ অধ্যায় রহিত হইবার কথা।

৭২ ধারা। ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইনের পঞ্চম অধ্যায়, এবং (কোন২ নাবিকদের ও আপ্রেন্টিসদের প্রাপ্য বেতন ও তাঁহাদের অন্য খরচ কর টাকা ব্রিটনীয় ভারতবর্ষে আদায় করিবার বিধান করণার্থ, ও ভারতবর্ষীয় সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৭২ সালের আইন ও ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইন সংশোধন করণার্থ ১৮৭৮ সালের ১৩ আইনের ৫ ধারা এতদ্দারা রহিত করা গেল।

কিন্তু এই ধারার কোন কথাক্রমে ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৫০ ধারায় যে কোন ব্যতিক্রম হইল, এরূপ জ্ঞান করিতে হইবে না, এবং কোন ব্যক্তি ঐ ধারার বিধান লংঘন করিয়া জাহাজভাঙ্গা দিয়া বা জাল টানিয়া কোন দ্রব্য প্রাপ্ত হইলে তৎসম্বন্ধে পুরস্কার পাইবার স্বত্ববান্ হইবেন না।

গ্রাহক নিযুক্ত করিবার কথা।

৭৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন সেই ব্যক্তিদিগকে, উক্ত গবর্ণমেন্ট সময়ে২ যে স্থানীয় সীমা নির্দ্দেশ করেন তাহার মধ্যে, মৌতজ গ্রহণ করিয়া অধিকারে রাখিবার নিমিত্ত ও পশ্চাল্লিখিতমতে তৎসংক্রান্ত কর্ত্তব্য পালন করিবার নিমিত্ত নিযুক্ত করিতে পারিবেন।

যে ব্যক্তিদিগকে উক্তরূপে নিযুক্ত করা যায়, তাঁহারা মৌতজ গ্রাহক নামে খ্যাত হইবেন।

যে ব্যক্তি মৌতজ প্রাপ্ত হন তাঁহার যে নিয়ম পালন করিতে হইবে, তাহার কথা।

৭৪ ধারা। যে স্থানীয় সীমার নিমিত্ত উক্তরূপে মৌতজ গ্রাহক নিযুক্ত করা গিয়াছে, সেই সীমার মধ্যে কোন ব্যক্তি কোন মৌতজ পাইয়া অধিকারে লইলে, যত শীঘ্র পারেন তত শীঘ্র,

তিনি স্বামী হইলে,

(ক) তিনি উহার স্বামী হইলে, ঐ মৌতজ পাইবার এবং যে চিহ্নদ্বারা উহা চিনা যায় তাহার নোটিস লিখিয়া, মৌতজগ্রাহককে দিবেন,

তিনি স্বামী না হইলে,

(খ) তিনি ঐ মৌতজের স্বামী না হইলে, উক্ত মৌতজ গ্রাহকের হস্তে সমর্পণ করিবেন।

গবর্ণমেন্ট বা কোন ব্যক্তি মৌতজ প্রাপ্ত হইলে পুরস্কার পাইতে অধিকারী হইবার কথা।

৭৫ ধারা। মৌতজগ্রাহক কোন মৌতজ প্রাপ্ত হইলে, কিম্বা ৭৪ ধারার বিধানমতে স্বামী ভিন্ন কোন ব্যক্তি উহা তাঁহার হস্তে সমর্পণ করিলে, গবর্ণমেন্ট কিম্বা স্থলবিশেষে মৌতজ সমর্পণকারী ঐ ব্যক্তি, সমুদয় অবস্থার প্রতি দৃষ্টি করিলে যত টাকা যুক্তিসিদ্ধ বোধ হয়, ঐ দ্রব্য রক্ষা করিবার পুরস্কার স্বরূপ তত টাকা পাইতে পারিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

এই ধারামত পাওনা টাকা সম্বন্ধে কোন বিবাদ উপস্থিত হইলে, বিবাদী পক্ষ দ্বয় মধ্যে কোন পক্ষ কোন মাজিষ্ট্রেটের নিকটে তৎসম্বন্ধে প্রার্থনা করিলে, ঐ মাজিষ্ট্রেট তাহার নিষ্পত্তি করিবেন।

পুরস্কারের টাকা সম্বন্ধে বিবাদ হইলে, তদ্বিষয়ের কথা।

৭৬ ধারা। নৌভঙ্গগ্রাহক কোন নৌভঙ্গ অধিকারে লইলে, তাহার বর্ণন এবং উহা যে সময়ে যে স্থানে পাওয়া যায় তাহা লিখিয়া জ্ঞাপনপত্র প্রকাশ করিবেন, স্থানীয় গবর্ণমেন্ট সময়েং এতদর্থে যেরূপ নির্দ্দেশ করেন, সেইরূপ নির্দ্দিষ্ট প্রকারে ও স্থানে জ্ঞাপনপত্র প্রকাশ করিতে হইবে।

গ্রাহকের সংবাদ দিতে হইবার কথা।

৭৭ ধারা। উক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর কেহ উক্ত নৌভঙ্গের দাওয়া না করিলে,

কোনং স্থলে নৌভঙ্গ বিক্রীত হইতে পারিবার কথা।

অথবা দাওয়াকারী ব্যক্তি পুরস্কারের টাকা ও তৎসম্বন্ধে নৌভঙ্গগ্রাহকের যে খরচ হয় তাহা না দিলে,

নৌভঙ্গগ্রাহক প্রকাশ্য নীলামে ধরিয়া, ঐ নৌভঙ্গ আশুক্ষয়শীল হইলে অবিলম্বে, এবং আশুক্ষয়শীল না হইলে, পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ছয় মাসের অন্যূন কোন সময়ে, বিক্রয় করিতে পারিবেন।

৭৮ ধারা। উক্ত বিক্রয়ের উৎপন্ন টাকা আদায় হইলে, পূর্ব্বোক্তরূপ পুরস্কারের ও খরচের প্রাপ্য টাকা বিক্রয়ের খরচা সমেত তাহা হইতে কাটিয়া লওয়া যাইবে এবং অবশিষ্ট টাকা নৌভঙ্গের স্বামিকে দেওয়া যাইবে। অথবা তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত হইয়া দাওয়া না করিলে, টাকা আমানত করিয়া রাখা যাইবে, এবং পরে কোন ব্যক্তি উহাতে আপনার স্বত্ব সাব্যস্ত করিলে, বিনাসুদে তাঁহাকে দেওয়া যাইবে।

বিক্রয়োৎপন্ন টাকা কিরূপে প্রয়োগ করিতে হইবে, তাহার কথা।

কিন্তু বিক্রয়ের তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ ব্যক্তির দাওয়া করা চাই।

৭৯ ধারা। কোন ব্যক্তি ৭৫ ধারার আদেশ মতে নৌভঙ্গগ্রাহককে কোন নৌভঙ্গ পাইবার নোটিস না দিলে অথবা তাহা সমর্পণ না করিলে, ঐ ব্যক্তির এক হাজার টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে এবং নৌভঙ্গ সমর্পণ করিতে ত্রুটি হইলে, ঐ অর্থদণ্ডের অতিরিক্ত, তাঁহার পুরস্কারের দাওয়ার টাকা দণ্ড হইবে, এবং ঐ নৌভঙ্গের দাওয়া হইলে স্বামিকে ও দাওয়া না হইলে গবর্ণমেন্টকে ঐ নৌভঙ্গের মূল্যের দ্বিগুণের অনধিক অর্থদণ্ড ঐ ব্যক্তির দিতে হইবে।

নৌভঙ্গ গ্রাহককে নৌভঙ্গ পাইবার নোটিস বা উহা না দিলে, দণ্ডের কথা।

গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

৬ অধ্যায়।

আলোক ও কুয়াসার সিকনেল সম্বন্ধে জাহাজের পরিদর্শনের কথা।

৮০ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর অথবা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের কোন জাহাজের কিম্বা তাঁহাদের ভাড়া করা কোন জাহাজের প্রতি অথবা কোন বিদেশীয় রাজার বা রাজ্যের কোন জাহাজের প্রতি এই অধ্যায়ের কোন কথা বর্ত্তিবে না।

সংরক্ষণের ধারা।

৮১ ধারা। সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধন করণার্থ ১৮৬২ সালের আইনের, অথবা তদ্রূপ অন্য যে আইন যৎকালে বলবৎ থাকে তাহার বিধানক্রমে প্রচারিত সমুদ্রে জাহাজের ধাক্কা লাগা নিবারণের বিধিবেং জাহাজের প্রতি বর্ত্তে, কোন বন্দরের সেইং জাহাজ পরিদর্শন করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্ট সময়েং লোক নিযুক্ত করিতে পারিবেন। তাঁহারা দেখিবেন যে ঐ সকল জাহাজে উক্ত বিধি বা আইনমতে উপযুক্ত আলোক ও কুয়াসার সিকনেল করিবার উপায় আছে। উক্তরূপে যে কোন ব্যক্তি নিযুক্ত হন স্থানীয় গবর্ণমেন্ট তাঁহাকে কর্ম্ম হইতে স্থগিত বা অবসৃত করিতে পারিবেন।

আলোক ও কুয়াসার সিকনেল পরিদর্শক নিযুক্ত করিবার কথা।

উক্তরূপে নিযুক্ত কোন ব্যক্তি যে বন্দরের নিমিত্ত নিযুক্ত হন, সেই বন্দরে উক্ত পরিদর্শন কার্য্যার্থে, ১১ ধারার আটক করিয়া রাখিবার কার্য্যকারকদের প্রতিযেং ক্ষমতা প্রদত্ত হইয়াছে, সেইং ক্ষমতা প্রাপ্ত হইবেন।

৮২ ধারা। যদি তদ্রূপ কোন ব্যক্তি দেখেন যে কোন জাহাজে উক্তরূপ ব্যবস্থা নাই, তাহা হইলে তিনি যাহার অভাব থাকে তাহা নির্দ্দেশ করিয়া কাপ্তানকে বা স্বামিকে লিখিত নোটিস দিবেন এবং তাঁহার বিবেচনায় প্রতিকারের নিমিত্ত যাহা আবশ্যক বোধ হয় তাহাও জানাইবেন।

যাহার অভাব থাকে, পরিদর্শকদের তাহার নোটিস কাপ্তানকে বা স্বামিকে দিবার কথা।

৮৩ ধারা। উক্তরূপে যে প্রত্যেক নোটিস দেওয়া যায় তাহা, ঐ জাহাজ যে কোন বন্দর হইতে খুলিয়া যাইবার চেষ্টা হয়, সেই বন্দরের কষ্টমের কালেক্টর সাহেবের নিকট স্থানীয় গবর্ণমেন্ট যে প্রকারে পাঠাইবার আদেশ করেন সেই প্রকারে পাঠান যাইবে, এবং যে কষ্টমের কালেক্টর সাহেবের নিকট উহা পাঠান যায় তিনি যাবৎ পূর্ব্বোক্তরূপে নিযুক্ত কোন ব্যক্তির স্বাক্ষরিত এই মর্ম্মের সর্টিফিকেট না পান যে ঐ জাহাজে উক্ত বিধি বা আইনমত উপযুক্ত আলোক ও কুয়াসার সিকনেল করিবার উপায় আছে, তাবৎ ঐ জাহাজ খুলিয়া যাইবার অনুমতিপত্র দিবেন না কিম্বা তাহাকে সমুদ্রে যাইতে দিবেন না।

জাহাজে উপযুক্ত আলোকাদি আছে, যাবৎ পরিদর্শক এই মর্ম্মের সার্টিফিকেট না দেন, কষ্টমের কালেক্টর সাহেবের জাহাজ খুলিয়া যাইতে না দিবার কথা।

৭ অধ্যায়।

বিবিধ।

৮৪ ধারা। যে জিলায় বা রাজধানী নগরে অপরাধিকে পাওয়া যায়, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে তৎক্রমে যে জিলায় বা রাজধানী নগরে অপরাধের বিচার হইতে পারে, সেই জিলায় বা রাজধানী নগরে ২ বা ৩ বা ৫ অধ্যায়মতে দণ্ডনীয় অপরাধের বিচার হইতে পারিবে।

যে খানে অপরাধিকে পাওয়া যায়, সেই খানে অপরাধের বিচার হইতে পারিবার কথা।

৮৫ ধারা। আডমিরল্টী বা বৈস আডমিরল্টী বিচারাধিপত্য প্রাপ্ত আদালতে কোন২ মোকদ্দমায় আসেসরদের সাহায্যের বিধান করা বাঞ্ছনীয়, এ নিমিত্ত এতদ্দ্বারা আর এই বিধান করা গেল।—

দ্রব্যাদি রক্ষা করিবার পুরস্কারাদির মোকদ্দমায় আসেসরদের কথা।

দ্রব্যাদি রক্ষা করিবার বা জাহাজাদি টানিয়া লইয়া যাইবার বা জাহাজে২ ধাক্কা লাগিবার কোন আডমিরল্টীর বা বৈস আডমিরল্টীর মোকদ্দমায় আদালত, প্রথম মফঃস্বলীয় বিচারাধিপত্য বা আপীলী বিচারাধিপত্য ক্রমে কার্য্য করিবার সময়ে, উচিত বোধ করিলে, সময়ে২ আজ্ঞা করিয়া যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে আপনার সাহায্যার্থে দুই জন উপযুক্ত আসেসর সমন করিতে পারিবেন, এবং ঐ মোকদ্দমায় কোন পক্ষ প্রার্থনা করিলে অবশ্য২ সমন করিবেন, এবং তদনুসারে উক্ত আসেসরেরা উপস্থিত হইয়া সাহায্য করিবেন।

আদালত আজ্ঞা করিয়া যে ফী নির্দ্দিষ্ট করেন, উপস্থিত হইবার নিমিত্ত উক্তরূপ প্রত্যেক জন আসেসর সেই ফী পাইবেন। প্রত্যেক স্থলে আদালত যাঁহাদের প্রতি আদেশ করেন, মোকদ্দমাকারী সেই ব্যক্তিরা ঐ ফী দিবেন।

ডি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৯ অক্টোবর।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ২৩ নবেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮০ সালের ৩ নবেম্বর তারিখে উক্ত মহিমবর সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতিনিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৮০ সালের ১৪ আইন।

লোকসংখ্যা গ্রহণ সম্পর্কে কোন২ বিষয়ের বিধান করণার্থ আইন।

হেতুবাদ।

ব্রিটিষ ভারতবর্ষের লোকসংখ্যা গ্রহণ করা স্থির হওয়াতে সেই লোকসংখ্যা গ্রহণ সম্পর্কে কোন২ বিষয়ের বিধান করা বিহিত, এই হেতু পশ্চাল্লিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নাম। আরম্ভ।

১ ধারা। এই আইন "ভারতবর্ষের লোকসংখ্যা গ্রহণ বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ও বিধিবদ্ধ হইবার তারিখ অবধি প্রবল হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

২ ধারা। এই ধারা এবং ৩, ৪ ও ১৩ ধারা ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে। অবশিষ্ট সমুদয় ধারা স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে সময়ে২ বিজ্ঞাপন প্রকাশ করিয়া ব্রিটিষ ভারতবর্ষের যেং স্থানে প্রচলিত হইবার আজ্ঞা করেন কেবল সেই২ স্থানে প্রচলিত হইবে।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারী নিযুক্ত করিবার কথা।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন নির্দ্দিষ্ট স্থানের মধ্যে নামোল্লেখে বা পদোপলক্ষে কোন ব্যক্তিকে লোকসংখ্যা গ্রহণ বা তৎকার্য্যের সাহায্য বা তত্ত্বাবধান করিবার নিমিত্ত নিযুক্ত করিতে পারিবেন।

উক্ত রূপে নিযুক্ত ব্যক্তিকে "লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারী" বলা যাইবে।

এই ধারাক্রমে যে ক্ষমতা প্রদত্ত হইল, স্থানীয় গবর্ণমেণ্ট যে কর্ত্তৃপক্ষকে উপযুক্ত জ্ঞান করেন সেই কর্ত্তৃপক্ষের প্রতি সেই ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারির নিয়োগের প্রমাণের কথা।

৪ ধারা। কোন ব্যক্তি কোন স্থানের লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারির পদে উপযুক্তমতে নিযুক্ত হইয়াছেন বলিয়া স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষের স্বাক্ষর করা লিখিত নিয়োগপত্রই সেই নিয়োগের সিদ্ধান্ত প্রমাণ হইবে।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিরা রাজকীয় কার্য্যকারক বলিয়া জ্ঞান হইবার কথা।

লোকসংখ্যা গ্রহণার্থ সকল কর্ম্মচারী ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

জিলার লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের যে রূপ কার্য্য করিতে হইবে তাহার কথা।

৫ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি লোকসংখ্যা গ্রহণ সম্বন্ধে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারির যে২ কার্য্য করিবার আদেশ করেন,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৩ নবেম্বর।]

(ক) শ্রীশ্রীমতী মহারাণীর কোন সামরিক বা নাবিক দলের বা কোন যুদ্ধ জাহাজের অধ্যক্ষতাভারপ্রাপ্ত প্রত্যেক সামরিক বা নাবিক কর্ম্মচারী, ও

(খ) আড়কাটি বা হার্ব্বর-মাষ্টর ভিন্ন জাহাজের অধ্যক্ষতা বা কর্তৃত্ব করণের কার্য্য ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি, ও

(গ) ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর, হাস্পাতালের, খাটনী বাড়ীর, কারাগারের, চরিত্র সংশোধনালয়ের বা কাঁজি ঘরের কিম্বা সাধারণ বা পরোপকারার্থ বা ধর্ম্মার্থ বা বিদ্যাশিক্ষার্থ আলয়ের অধ্যক্ষতা ভার প্রাপ্ত প্রত্যেক ব্যক্তি, ও

(ঘ) কোন সরাই, হোটেল, বোর্ডিং হৌস বা বাসা বাড়ী বা ক্লব রক্ষক প্রত্যেক ব্যক্তি এবং

(ঙ) লোকসংখ্যা গ্রহণকালে যাহার অধীনে কোন স্থাবর সম্পত্তির উপরে বা মধ্যে পঞ্চাশের অন্যূন ব্যক্তি কর্ম্ম করে উক্ত সম্পত্তির সেই দখলীকার

লোকসংখ্যা গ্রহণকালে আপন আজ্ঞা ও তত্ত্বাধীন কিম্বা আপন বাটীর ব্যক্তিদের সম্পর্কে কিম্বা ঐ সম্পত্তির উপরে বা মধ্যে উপস্থিত ব্যক্তিদের সম্পর্কে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বা কার্য্যকারকের লিখিত বা ছাপা বা লিথোগ্রাফ করা আজ্ঞানুসারে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারির সেই২ কর্ম্ম করিবেন।

লোকসংখ্যা গ্রহণের কার্য্য যাঁহারা করিতেছেন সেই কর্ম্মকরণকালে তাঁহাদের প্রতি লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারী সম্বন্ধীয় এই আইনের বিধান যতদূর বর্ত্তিতে পারে তত দূর বর্ত্তিবে, এবং উক্ত কোন ব্যক্তিকে এই ধারামতে কোন কার্য্য করিতে আদেশ করা গেলে, তিনি তাহা করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮৭ ধারামত অপরাধ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

জিলার মাজিষ্ট্রেট সাহেবের কোন২ ব্যক্তিকে সাহায্য দিবার আদেশ করিতে পারিবার কথা।

৬ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব লিখিত বা ছাপা বা লিথোগ্রাফ করা অনুজ্ঞাপত্র দিয়া আপন জিলার ভূমির স্বামী ও দখলীকারদিগকে, ও তালুকদার ও ইজারদারদিগকে এবং ব্রহ্মদেশীয় জলকর বিষয়ক ১৮৭৫ সালের আইনমত ভূরাজস্বের আসেনী ও জলকরের পাট্টাদারদিগকে ও তাঁহাদের গোমাস্তাদিগকে ও (গ্রাম্য চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসন্ন করিবার ও তাহাদের ভরণপোষণের বিধান করণার্থ) ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনমতে আপন জিলায় নিযুক্ত পঞ্চায়তের সভ্যদিগকে উক্ত সংখ্যাগ্রহণ সময়ে উক্ত স্বামির, দখীলকারের, তালুকদারের, ইজারদারের ও আসেনীর ভূমিতে, বা জলকরের সীমার মধ্যে, কিম্বা স্থল বিশেষে পঞ্চায়ত যে২ গ্রাম জন্য নিযুক্ত সেই২ গ্রামে যাহারা থাকে তাহাদের সংখ্যা গ্রহণ কার্য্যে প্রয়োজনমত সাহায্য করিবার আদেশ দিবেন।

যে প্রকারের সাহায্য প্রয়োজন ঐ অনুজ্ঞাপত্রে তাহা নির্দ্দিষ্ট থাকিবে, এবং উক্ত স্বামী, দখীলকার, তালুকদার, ইজারদার, আসেনী, পাট্টাদার ও তাঁহাদের গোমাশতা, ও উক্ত পঞ্চায়তের সভ্যেরা ঐ পত্রানুসারে কার্য্য করিতে বাধ্য হইবেন।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের প্রশ্ন করিবার ক্ষমতার কথা।

৭ ধারা। এই কার্য্য নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্ট যে উপদেশ দেন তাহাতে লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারির প্রতি যে২ প্রশ্ন জিজ্ঞাসা করিবার আদেশ থাকে, তিনি যে স্থানের নিমিত্ত নিযুক্ত হন তদন্তর্গত সকল ব্যক্তিকে সেই২ প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারিবেন। উক্তরূপ সমুদয় উপদেশ রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

প্রশ্নের উত্তর দিতে হইবার কথা।

৮ ধারা। লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী যে কোন ব্যক্তিকে উক্তরূপ কোন প্রশ্ন জিজ্ঞাসা করেন, তিনি আপন জ্ঞান বা বিশ্বাসমতে উক্ত প্রশ্নের উত্তর দিতে আইনমতে বাধ্য হইবেন। কিন্তু কোন ব্যক্তি আপন পরিবারস্থ কোন স্ত্রীলোকের নাম বলিতে আইনমতে বাধ্য হইবেন না, এবং কোন স্ত্রীলোক তাহার স্বামির বা মৃত স্বামির নাম বলিতে বাধ্য হইবেন না।

বাটীপ্রভৃতির দখিলকারের গমনাগমন করিতে দিবার কথা।

৯ ধারা। যে ব্যক্তির দখলে কোন বাটী, ঘেরা স্থান জলযান বা অন্য স্থান থাকে, লোকসংখ্যাগ্রহণার্থে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের দেশাচারের প্রতি দৃষ্টি রাখিয়া তথায় যুক্তিমত যেরূপ গমনাগমন করিবার প্রয়োজন হয়, তিনি তাঁহাদিগকে সেইরূপ গমনাগমন করিতে দিবেন।

গৃহের দখিলকারের ফর্দ্দ পূরণ করিতে হইবার কথা।

১০ ধারা। এতৎপক্ষে স্থানীয় গবর্ণমেন্ট যে আজ্ঞা প্রচার করেন তদধীনে, লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী যে স্থানের নিমিত্ত নিযুক্ত হন সেই স্থানের মধ্যে কোন বাসগৃহে উক্ত গৃহের বা তাহার নির্দ্দিষ্ট কোন অংশের দখীলকারের দ্বারা পূরণ করাইবার নিমিত্ত একখান ফর্দ্দ রাখিয়া আসিতে বা রাখাইয়া দিতে পারিবেন। লোক সংখ্যা গ্রহণের সময় ঐ গৃহে বা গৃহের অংশে যে সকল ব্যক্তি উপস্থিত থাকেন, তাঁহাদের সংক্রান্ত যে সকল বিবরণ দিতে স্থানীয় গবর্ণমেন্ট আদেশ করেন, ঐ ফর্দ্দে তৎসমুদয় লিখিতে হইবে।

উক্তরূপ কোন ফর্দ্দ রাখা গেলে, উহা যে গৃহের বা গৃহাংশের সম্পর্কীয় হয়, সেই গৃহের বা গৃহাংশের দখীলকার পূর্ব্বোক্ত সময়ে উক্ত গৃহে বা, স্থল বিশেষে, গৃহাংশে যে সকল ব্যক্তি উপস্থিত থাকেন তাঁহাদের সম্বন্ধে আপন জ্ঞান বা বিশ্বাস মতে ঐ ফর্দ্দ পূরণ করিবেন এবং তাহাতে আপনার নাম স্বাক্ষর করিবেন, এবং আদেশ প্রাপ্ত হইলে, উক্তরূপে পূরিত ও স্বাক্ষরিত ফর্দ্দ লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারিকে অথবা তাঁহার আদেশমত ব্যক্তিকে দিবেন।

ফর্দ্দাদি পূরণ না করিলে বা মিথ্যা রিটর্ণ দিলে দণ্ডের কথা।

কোন বাসগৃহের বা তাহার কোন অংশের দখীলকার জ্ঞানপূর্ব্বক ও যথোপযুক্ত কারণ বিনা এই ধারার বিধানমত কার্য্য না করিলে, কিম্বা এতৎক্রমে মিথ্যা রিটর্ণ দিলে, যদি উহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিধানের অন্তর্গত কোন অপরাধ বলিয়া গণ্য হইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৩ নবেম্বর।]

লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের অসদাচরণ নিমিত্ত দণ্ডের কথা।

১১ ধারা। লোকসংখ্যা গ্রহণের কোন কর্ম্মচারী, জ্ঞান পূর্ব্বক ও যথোপযুক্ত কারণ বিনা ৭ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রকাশিত উপদেশ অমান্য করিলে কিম্বা বিরক্তিকর বা অন্যায় প্রশ্ন জিজ্ঞাসা করিলে, কিম্বা মিথ্যা রিটর্ণ দিলে, যদি উহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিধানের অন্তর্গত কোন অপরাধ বলিয়া গণ্য হইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধ নিমিত্ত উক্ত কর্ম্মচারির পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

১২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া,

অভিযোগসংক্রান্ত বিচারাধিপত্যের কথা।

(ক) নির্দ্দেশ করিতে পারিবেন, যে, কোন্২ শ্রেণীর মাজিষ্ট্রেটদের সম্মুখে এই আইনমত অভিযোগ অথবা এই আইনের আদেশমত কোন কর্ম্ম করিতে উপেক্ষা বা অস্বীকার করা গেলে তদ্বিষয়ক অভিযোগ উপস্থিত করিতে হইবে,

(খ) আদেশ করিতে পারিবেন যে উক্ত গবর্ণমেণ্টের অনুমতি কিম্বা এতদর্থে উক্ত গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারির অনুমতি পূর্ব্বে না লইয়া উক্তরূপ কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না।

যদি ও যাবৎ এই ধারার (ক) প্রকরণমত জ্ঞাপনপত্র প্রকাশ করা না যায়, এই ধারামত সমুদয় অভিযোগ, কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইনগরে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে, এবং অন্যত্র জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, উপস্থিত করিতে হইবে।

লোক সংখ্যাগ্রহণের কাগজ পত্র কোন২ আনুষ্ঠানিক কার্য্যে সাক্ষ্য স্বরূপ গ্রাহ্য হইতে না পারিবার কথা।

১৩ ধারা। ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের আইনে প্রকারান্তরের কথা থাকিলেও, লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী স্বীয় কর্ম্মোপলক্ষে কোন বহীতে, রেজিষ্টরে, বা কাগজপত্রে যে কোন কথা লিখেন, তাহা কোন দেওয়ানী আনুষ্ঠানিক কার্য্যে কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪০ বা ৪১ অধ্যায়মত কিম্বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৭ সালের আইনের ১৮ অধ্যায়মত কোন আনুষ্ঠানিক কার্য্যে সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে না।

ডি, ফিটজ পাট্রিক।
ব্যবস্থাপন কার্য্য বিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ১৮ মে।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপন কার্য্য বিভাগ ।

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট তাঁহাদের স্থিরীকৃত পাণ্ডুলিপিসমেত আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ২ মার্চ তারিখে উপস্থিত করা যায়।

সিলেক্ট কমিটীর নিম্নস্বাক্ষরকারী সভা আমাদের হস্তে কারখানার খাটনির নিধানার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়, আমরা তৎসম্বন্ধে সসম্ভ্রমে রিপোর্ট করিতেছি যে আমরা উক্ত পাণ্ডুলিপি ও পাশ্বলিখিত কাগজপত্র বিবেচনা করিয়া দেখিয়াছি।

পঞ্জাব গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৩ ডিসেম্বরের ৪৩৪৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১ নং কাগজ পত্র]
উত্তর—পশ্চিম প্রদেশের ও অযোধ্যার গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ১৬ ডিসেম্বরের ১২৬ B নং পত্র [২ নং কাগজপত্র]
রাজস্ব ও কৃষিকার্য্যসম্পর্কীয় কার্য্যবিভাগের ১৮৭৯ সালের ২৬ ডিসেম্বরের ১৯৩৮ নং পত্র [৩ নং কাগজপত্র]
হায়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের বেরারের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২৫ ডিসেম্বরের ২০ নং পত্র [৪ নং কাগজপত্র]
হোম রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগের ১৮৮০ সালের ৩ জানুয়ারির ৩ নং পত্র [৫ নং কাগজপত্র]
আসামের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২৯ ডিসেম্বরের ২৩২৯ নং পত্র [৬ নং কাগজ পত্র]
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৮০ সালের ৫ জানুয়ারির ৩৪ জি নং পত্র [৭ নং কাগজপত্র]
রাজস্ব ও কৃষিকার্য্যসম্পর্কীয় কার্য্যবিভাগের '৮৮০ সালের ১৭ জানুয়ারির পৃষ্ঠলিপি ও তৎসহিত কাগজপত্রাদি [৮ নং কাগজ পত্র]
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ৮ জানুয়ারির ৯ নং পত্র ও তৎসহিত পত্রাদি [৯ নং কাগজ পত্র]
কুর্গের প্রধান কমিশ্যনর সাহেবের সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ৩ জানুয়ারির ১৬৪—৩ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১০ নং কাগজপত্র]
বোম্বাই গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ৩১ ডিসেম্বরের ৩৫৮৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি, [১১ নং কাগজপত্র]
মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ৮ জানুয়ারির ৯৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১২ নং কাগজপত্র]
মহিশূরের প্রধান কমিশনর সাহেবের সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২২ ডিসেম্বরের ৬৬৯০ ১২০ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৩ নং কাগজপত্র]
মান্দ্রাজের গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ২৩ ডিসেম্বরের ৩২৬৪ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৪ নং কাগজ পত্র]
মান্দ্রাজের গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ১০ জানুয়ারির ৯০ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৫ নং কাগজপত্র]
বোম্বাই গবর্ণমেণ্টের একটিং প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ২২ জানুয়ারির ৪৫১ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৬ নং কাগজপত্র]
ব্রিটিষ ব্রহ্মদেশের প্রধান কমিশ্যনর সাহেবের দ্বিতীয় সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ২৩ জানুয়ারির ৪৮৩ $\frac{১৫}{১০}$ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৭ নং কাগজপত্র]
বোম্বাই গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী সাহেবের ১৮৮০ সালের ২৬ জানুয়ারির ৫৩৭ নং পত্র ও তৎসহিত পত্রাদি [১৮ নং কাগজপত্র]
মান্যবর শ্রীযুত টি, সি, হোপ সাহেবের ১৮৮০ সালের ২৩ জানুয়ারির মন্তব্যপত্র [১৯ নং কাগজপত্র]
ব্যবস্থাপন কার্য্যবিভাগে বোম্বাই গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী সাহেবের প্রতি বোম্বাই মিলওনার্স আসোসিএশনের ১৮৮০ সালের ২৩ ফেব্রুয়ারির পত্র [২০ নং কাগজপত্র]

২। পাণ্ডুলিপি যে আকারে প্রথমে উপস্থিত করা যায়, তাহাতে উহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ দেশের যে২ ভাগে বর্ত্তাইতেন সেই ২ ভাগেই বর্ত্তিত। আমরা এক্ষণে উহা এরূপে সংশোধন করিয়াছি যে উহা একেবারেই ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে।

এই পরিবর্ত্তন প্রথমে দেখিতে যত গুরুতর বোধ হয় বস্তুতঃ তত গুরুতর নহে, এই আমাদের বিশ্বাস। মূল পাণ্ডুলিপিতে যে ক্ষমতা অর্পিত হইয়াছিল, বোম্বাই গবর্ণমেণ্ট নিঃসন্দেহ তদনুসারে কার্য্য করিতেন, কারণ উক্ত গবর্ণমেণ্ট ইহা অপেক্ষাও বলবৎ বিধানের পক্ষপাতী ছিলেন। আর ইহাও বিশ্বাস করা কঠিন যে, বোম্বাই প্রেসিডেন্সীর শিল্পকর্ম্ম একবার নিয়মাধীনে সংস্থাপিত হইলে, অন্য প্রদেশের কারখানাগুলি অধিককাল এই আইনের বিধান হইতে রক্ষণরূপ মুক্তিলাভ পাইতে পারিত।

সে যাহা হউক, আমাদের বিবেচনা এই যে, এক প্রদেশের কারখানা যে২ নিয়মহইতে মুক্ত অন্য প্রদেশের কারখানা যদি আমরা সেই ২ নিয়মের অধীন করিতে দিতাম, তাহা হইলে কেবল যে অন্যায় করা হইত এমন নহে, ভারতবর্ষে শিল্প কর্ম্মের স্বাভাবিক উন্নতির পথেও বাধা জন্মিত।

আমাদের মতে কেহই বলিতে পারেন না যে, এই সংশোধিত পাণ্ডুলিপিতে যে সামান্য নিয়ম নির্দ্ধারিত হইয়াছে, তাহা দেশের কোন অংশের প্রয়োজনাতিরিক্ত।

৩। যে স্থানে বাষ্প বা জল বা অন্য যন্ত্রবল ব্যবহৃত হয়, এবং যে খানে অন্যূন একশত জন লোক কর্ম্ম করে, বিশেষ করিয়া তৎ প্রতি আবদ্ধ করিয়া আমারা "কারখানা" শব্দের অর্থ সঙ্কোচ করিয়াছি।

৪। অন্য দিকে, আমরা (১৯ ধারায়) স্পষ্ট করিয়া বিধান করিয়াছি যে এই পাণ্ডুলিপির বিধান রাজকীয় কারখানার প্রতিও বর্ত্তিবে। এরূপ স্পষ্ট বিধান না থাকিলে ঐ কারখানাগুলি হয়ত এই

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

আইনের বিধান হইতে মুক্ত বলিয়া গণ্য হইত। উক্ত কারখানাগুলির অনুকূলে আমরা কেবল এই অনুগ্রহের প্রস্তাব করিয়াছি যে, সরকারী কার্য্যোপলক্ষে অত্যন্ত প্রয়োজন হইলে, এই আইনের বিধান হইতে তাহাদিগকে মুক্ত করা যাইতে পারিবে। এই বিষয়ে আমরা ইংলণ্ডীয় কারখানার আইনের অনুবর্ত্তন করিয়াছি।

৫। খাটনির ঘন্টা নিয়মিত করিবার বিধানে আমরা কএকটি গুরুতর পরিবর্ত্তন করিয়াছি। পাণ্ডুলিপি যে আকারে প্রথমে উপস্থিত করা যায় তাহাতে দুই শ্রেণীর ব্যক্তিভেদ ছিল, যথা, "শিশু" (অর্থাৎ বার বৎসরের কমবয়স্ক ব্যক্তি) ও "বালক বালিকা" (অর্থাৎ বার ও ষোল বৎসরের মধ্যগত ব্যক্তি), আর বিধান ছিল প্রথমোক্ত ব্যক্তিদিগকে ছয় ঘন্টার অধিক ও শেষোক্ত ব্যক্তিদিগকে আট ঘন্টার অধিক প্রতিদিন কর্ম্ম করিতে দেওয়া যাইবে না। কিন্তু শিশুদের ও বালক বালিকাদের মধ্যে খাটনির ঘন্টা লইয়া কোনরূপ প্রভেদ করিবার প্রয়োজন নাই, আমাদের জ্ঞানমতে ইহার যুক্তি প্রদর্শিত হওয়াতে, এই দুই শ্রেণীর ভেদ রাখিবার প্রয়োজন নাই।

এই নিমিত্ত এই পাণ্ডুলিপি একণে আমাদের দ্বারা সংশোধিত হইয়া ইহাতে কেবল এক শ্রেণীর অর্থাৎ "শিশুদের কথা" আছে। চৌদ্দবৎসরের কম বয়স্ক ব্যক্তি বলিয়া শিশু শব্দের অর্থ করা গিয়াছে। আমরা (৬ ধারায়) কর্ম্ম করিবার অতি কম বয়স আটবৎসর রাখিয়াছি, এবং পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলে পর এক বৎসর কাল সাত বৎসর বয়স্ক শিশুদের কর্ম্ম করিবার অনুমতি যে প্রকরণে ছিল আমরা সেই প্রকরণটি উঠাইয়া দিয়াছি, কারণ আমাদের নিকটে এইরূপ বর্ণনা আসিয়াছে যে, সাত অবধি আট বৎসর পর্য্যন্ত বয়ঃক্রমের যে শিশুরা একণে কর্ম্ম করে তাহাদের সংখ্যা এত অল্প যে তাহাদের অনুকূলে বিধি শিথিল করিবার প্রয়োজন নাই। আট অবধি চৌদ্দবৎসর পর্য্যন্ত বয়ঃক্রমের শিশুদের সম্বন্ধে পাণ্ডুলিপিতে প্রতিদিন নয় ঘন্টা কর্ম্ম করিবার অনুমতি আছে (৭ ধারা), কিন্তু মাসে তাহাদিগকে চারিদিন অবকাশ দিতে হইবে এই আদেশ আছে (৮ ধারা)।

৬। প্রথম পাণ্ডুলিপিতে যাহার কোন কথা ছিল না, এই পাণ্ডুলিপিতে এরূপ একটি বিষয়ের বিধান করা গিয়াছে, অর্থাৎ কতক্ষণ কার্য্য হইতে নিবৃত্তি পাওয়া যাইতে পারিবে, এবং বিশ্রাম ও আহারার্থে কি অবকাশ দেওয়া যাইবে। কিন্তু এবিষয়ের বিধান করিতে হইলে দেশের ভিন্ন২ স্থানে লোকদের বিশেষ২ অভ্যাস ও কারখানার কর্ম্ম চালাইবার ভিন্ন২ প্রণালীর প্রতি দৃষ্টিকরা আবশ্যক। এনিমিত্ত আমরা (৭ ধারায়) বিধান করিয়াছি যে, কোন দিন গড়ে এক ঘন্টার কম না হয় এরূপ বিশ্রামের অবকাশ না দিয়া কোন শিশুকে কর্ম্মে নিযুক্ত রাখিতে হইবে না, এবং দিনের কোন্ সময়ে ঐ অবকাশ দেওয়া যাইবে, প্রচলিত রীতি ও নিয়োগকর্ত্তাদের ইচ্ছার প্রতি দৃষ্টি রাখিয়া, ইহা নিরূপণ করিবার ভার আমরা স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি দিয়াছি।

৭। পাণ্ডুলিপির প্রধান বিধানের অন্য যে পরিবর্ত্তনের কথা উল্লেখ করা আমাদের আবশ্যক বোধ হইতেছে, তাহা ১২ ও ১৩ ধারায় দৃষ্ট হইবে। ১২ ধারায় বেড়া দিবার বিধি অধিক পরিমাণে ইংলণ্ডের আইনের অনুরূপ করা গিয়াছে। কোন ব্যক্তি যদি এরূপ আহত হয় যে আটচল্লিশ ঘন্টার মধ্যে স্বীয় কর্ম্মে প্রত্যাবর্ত্তন করিতে না পারে, তাহা হইলেই আমরা ১৩ ধারায় দুর্ঘটনা রিপোর্ট করিবার নিয়ম করিয়াছি।

৮। আমরা পাণ্ডুলিপিতে অন্যান্য কএকটি সংশোধন ও সংযোগ করিয়াছি, কিন্তু সেগুলি কেবল আনুষঙ্গিক বিষয় বলিয়া, কিম্বা রচনার উৎকর্ষসাধনমাত্র বলিয়া সংক্ষেপে বলা যাইতে পারে। যথা, ৪ ধারায় আমরা পরিদর্শককে এই আইনের কার্য্যপক্ষে আবশ্যক তদন্ত করিবার ক্ষমতা, এবং চিকিৎসকের নিকটে বয়সের সার্টিফিকেট না পাওয়া গেলে, যে ব্যক্তির নিয়মিত বয়স হয় নাই বলিয়া বোধ হয় তাহার কর্ম্ম করা বা পূর্ণবয়স্কস্বরূপ কর্ম্মকরা বারণ করিবার ক্ষমতা দিয়াছি।

৯। আবার, আমরা (১১ ধারায়) স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এই ক্ষমতা দিয়াছি যে, কোন কারখানায় যে শিশুরা কর্ম্ম করে, ঐ কারখানার দখলীকার পরিদর্শকের অবগতি নিমিত্ত তাহাদের রেজিষ্টর রাখিবেন উক্ত গবর্ণমেণ্ট এই আজ্ঞা দিতে পারিবেন। এই ক্ষমতা অনুসারে যে অনেক সময়ে কার্য্য করা যাইবে, আমরা এরূপ অনুমান করি না, কিন্তু যে স্থলে আইন লঙ্ঘন হইতেছে বলিয়া সন্দেহ করিবার কারণ থাকে, সেই স্থলে এই ক্ষমতা পরীক্ষাকরণ কার্য্যে বিশেষ ফলদায়ক হইবে।

১০। ১৪ ধারায় আমরা আদেশ করিয়াছি যে, কোন কারখানা কোন ব্যক্তির দখলে আইলে, তিনি পরিদর্শককে নোটিস দিবেন, ঐ নোটিসে যে প্রকারের কার্য্য করা যাইবে, যে চালকশক্তি ব্যবহৃত হইবে ও অন্যান্য কএকটি কথা লেখা থাকিবে।

১১। শেষকথা, যে কর্ত্তৃপক্ষদের পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে, তাঁহাদের মধ্যে অনেকে শিশুদের বয়ঃক্রম নিরূপণ সম্বন্ধে যে সঙ্কটের আশঙ্কা করেন, তন্নিবারণার্থ আমরা ১৬ ধারায় সাক্ষ্য সম্বন্ধীয় দুইটি

বয়ান দিয়াছি। আদালতের মতে শিশু কমবয়স্ক বলিয়া বোধ হইলে, প্রথম বিধানক্রমে প্রমাণের ভার কারখানার দখলীকারের উপর পড়িবে, দ্বিতীয় বিধানক্রমে চিকিৎসকের প্রদত্ত বয়সের সর্টিফিকেট সাক্ষ্যমধ্যে গৃহীত হইতে পারিবে।

১২। মন্ত্রিসভা যে প্রকাশ করণের আজ্ঞা দেন তাহা হইয়াছে, এবং আমাদের পরামর্শ এই যে, সংশোধিত পাণ্ডুলিপি বিধিবদ্ধ হউক, কিন্তু বিধিবদ্ধ হইবার পূর্ব্বে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায়।

বি, ডবলিউ, কলবিন।
এ, জে, আরবথনট।
উইটলী ষ্টোক্স।
রিবর্স টমসন।
যতীন্দ্রমোহন ঠাকুর।*
চার্লস গ্রাণ্ট।
ই, সি, মর্গান।†
এচ, জে, রেনলডস।‡

১৮৮০ সাল ২৮ ফেব্রুয়ারি।

রিপোর্টের ৬ দফা ও পাণ্ডুলিপির ৭ ধারা ভিন্ন উক্ত রিপোর্ট ও পাণ্ডুলিপিতে আমি সম্মতি দিলাম। আমার বিবেচনায় বিশ্রাম ও আমোদার্থ মোট এক ঘণ্টা অবকাশ যুক্ত নব ঘণ্টা কাল কর্ম্ম করিবার নিয়মিত কাল হওয়া উচিত ও যাহারা কলে খাটে তাহারা অন্যূন আধ ঘণ্টা ছুটী না লইয়া ৪॥০ ঘণ্টার অধিক কাল অবিচ্ছেদে কর্ম্ম করিবে না, ইহ পরবর্ত্তী আইনের এই নিয়মাধীনে কলস্বামিদের হাতে পরস্পরের সুবিধামতে ঐ অবকাশ পাইতে পারিবে। এই প্রণালী সামান্যতঃ ১৮৭৫ সালের বোম্বাই কমিশ্যনের ও সোরাবজী বেঙ্গালীর আইনের পাণ্ডুলিপির ও বোম্বাই গবর্ণমেণ্টের অভিপ্রায়ের ও কলিকাতার অনেক কলের রীতির সহিত মিলিবে। এবং বোম্বাইস্থ মিলওনার্স আসোসিএশনের পত্রের মর্ম্ম যদি আমি যথার্থ বুঝিয়া থাকি তাহা হইলে তাহা তাঁহাদেরও গ্রাহ্য হইবে।

টি, সি, হোপ।

১৮৮০ সাল ২ মার্চ।

---

* পাণ্ডুলিপির অনুমতিপ্রদানাত্মকতার পরিবর্ত্তনে আমার আপত্তি আছে। আমি অক্ষুণ্ণভাবে রিপোর্টে স্বাক্ষর করিতে পারিলাম না।

যতীন্দ্রমোহন ঠাকুর।

---

† ২ দফায় আমার সম্মতি নাই।

ই, সি, মর্গান

---

‡ দুইদফার শেষপ্রকরণে ও ৫ ও ১২ দফায় আমার সম্মতি নাই।

এচ, জে, রেনলডস

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

২ নম্বর।

কারখানা বিষয়ক ১৮৮০সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

হেতুবাদ।

উপক্রমণিকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১৮ মে।]

২ নম্বর।

কারখানায় খাটুনির বিধানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। কারখানায় খাটুনির বিধান করা আবশ্যক, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম। ১ ধারা। এই আইন 'ভারতবর্ষীয় কারখানা বিষয়ক ১৮৮০ সালের আইন' নামে খ্যাত হইতে পারিবে।

স্থানীয় ব্যাপ্তি। এই আইন ব্রিটিস ভারতবর্ষের সর্ব্বত্র চলিবে।

অর্থকরণের ধারা। ২ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব প্রকাশ না হইলে, এই আইনে

"কারখানা।" কোন দ্রব্য কি তাহার অংশ প্রস্তুত বা পরিবর্ত্তিত বা মেরামত বা ভূষিত বা সম্পূর্ণ বা প্রকারান্তরে ব্যবহারোপযোগী করণের কিম্বা তদানুষঙ্গিক কোন কার্য্য বৎসরের মধ্যে গড়ে অন্যূন চারি মাস কাল যে বাটীপ্রভৃতিতে চালান যায়, এবং

(ক) যেখানে তদ্রূপ কার্য্যের সাহায্যার্থে বাষ্প বা জল বা অন্য যন্ত্র চালক শক্তির ব্যবহার হয়, এবং

(খ) যেখানে তদ্রূপ কোন কার্য্য কিম্বা তাহার আনুষঙ্গিক কোন কার্য্য করণার্থ একই দিনে এক কালে অন্যূন একশত জন লোক কোনরূপ শারীরিক পরিশ্রম করিতে নিযুক্ত থাকে, "কারখানা" শব্দে সেই বাটী প্রভৃতি বুঝাইবে।

এবং কেবল বাসগৃহরূপে ব্যবহৃত অংশভিন্ন কারখানার প্রত্যেক অংশ কারখানা বলিয়া জ্ঞান হইবে।

"শিশু।" "শিশু" শব্দে চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক ব্যক্তি বুঝাইবে।

'কলের সরঞ্জাম। খাড়া কি তেরচা কি ভূমির সমান্তরাল যে শিকদ্বারা ও যে চক্র কি চক্রাকার যন্ত্র কি কপিযন্ত্র কি রসি কি পরিচালক ষ্ট্রাপ বা বক্রমরজ্জুদ্বারা আদ্য চালক শক্তির গতি কোন কলে পরিচালিত হয়, "কলের সরঞ্জাম" বলিতে তাহাও বুঝাইবে।

'কর্ম্ম করা। বেতন লইয়াই হউক বা না হউক, যে শিশু কোন কারখানার যন্ত্র বা হস্ত দ্বারা কোন দ্রব্য প্রস্তুত করিতে, কিম্বা যন্ত্র বা হস্ত দ্বারা কোন দ্রব্য প্রস্তুত করিবার কারখানার কোন অংশ পরিষ্কার করিতে, অথবা কলের কোন অংশ পরিষ্কার করিতে বা তাহাতে তৈল দিতে, অথবা যন্ত্র বা হস্ত দ্বারা কোন দ্রব্য প্রস্তুত করিবার আনুষঙ্গিক বা তৎসংক্রান্ত কোনরূপ কর্ম্ম অথবা প্রস্তুতীকৃত দ্রব্য সংক্রান্ত অথবা প্রকারান্তরে যন্ত্র বা হস্ত দ্বারা প্রস্তুত করণ কার্য্যের বিষয়ীভূত কোন কর্ম্ম করিতে থাকে, সে এই আইনের অর্থমতে কর্ম্ম করে বলিয়া, জ্ঞান হইবে।

পরিদর্শকদের ও সর্টিফিকেটদারি চিকিৎসকদের কথা।

পরিদর্শকদের কথা।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া, যে সক ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন, তাহাদিগকে যে কোন স্থানীয় সীমা নিরূপণ করেন তন্মধ্যে কারখানার পরিদর্শকের পদে নিযুক্ত করিতে পারিবেন, এবং তদ্রূপে নিযুক্ত কোন ব্যক্তিকে স্থগিত ও পদচ্যুত করিতে পারিবেন।

উক্তরূপ নিয়োগ না করা গেলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব স্বীয় পদে পদস্থ থাকিয়া ঐ জিলায় কোন কারখানা থাকিলে সমুদয় কারখানার পরিদর্শক হইবেন।

উক্ত পরিদর্শকেরা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অভিপ্রায়ানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে কর্ত্তৃপক্ষ নির্দ্দেশ করেন পদ সম্বন্ধে তাঁহার অধীন হইবেন।

পরিদর্শকদের ক্ষমতার কথা।

৪ ধারা। যে স্থলের নিমিত্ত কোন কারখানার পরিদর্শক নিযুক্ত হন, সেই স্থানের সীমার মধ্যে তিনি

(ক) সহকারী থাকিলে তন্মধ্যে যাহাদিগকে লওয়া উচিত বোধ করেন তাহাদিগকে লইয়া যে কোন কারখানায় কেহ কর্ম্ম করে বলিয়া বিশ্বাস করিবার কারণ দেখেন তথায় প্রবেশ করিতে পারিবেন।

(খ) আইনের বিধান সফল করণার্থে যদ্রূপ আবশ্যক জ্ঞান করেন, বাটীর ও কলের ও পশ্চাল্লিখিতমতে নির্দ্দিষ্ট রেজিষ্টরের তদ্রূপ পরীক্ষা করিতে এবং সেই স্থানেতে বা অন্যরূপে কোন ব্যক্তির তদ্রূপ সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন।

(গ) কোন ব্যক্তিকে কর্ম্ম করিতে দেওয়া এই আইনের বিরুদ্ধ তাঁহার এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে,

উক্ত ব্যক্তির বয়স আটবৎসরের অধিক পশ্চাল্লিখিত মতে এই সর্টিফিকেট যাবৎ না দেওয়া যায়,

অথবা তাহার বয়স চৌদ্দ বৎসরের অধিক যাবৎ উক্তরূপে এই সর্টিফিকেট না দেওয়া যায়, তাবৎ এই আইনমতে শিশুদের কর্ম্ম করিবার যে সময়ের অনুমতি আছে তদধিক কাল,

উক্ত ব্যক্তিকে কারখানায় কর্ম্ম করিতে দেওয়া যাইবে না এই আজ্ঞা করিতে পারিবেন।

সর্টিফিকেটদারি চিকিৎসকদের কথা।

৫ ধারা। সিবিল চিকিৎসক অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ কোন স্থানের নিমিত্ত এতদর্থে ঔষধ বা অস্ত্রচিকিৎসা ব্যবসায়ী অন্য যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি (ইনি পরে সর্টিফিকেটদারি চিকিৎসক বলিয়া অভিহিত হইয়াছেন) ঐ স্থানের অন্তর্গত কোন কারখানায় কর্ম্ম করে বা কর্ম্ম করিতে অভিলাষী এমন কোন ব্যক্তির, অথবা উক্তরূপ ব্যক্তির তত্ত্বাবধারক বা অভিভাবকের, অনুরোধক্রমে উক্ত ব্যক্তিকে পরীক্ষা করিয়া সর্টিফিকেট দিতে পারিবেন। উক্ত পরীক্ষা দ্বারা যত দূর জানিতে পারা যায়, তাহাতে ঐ ব্যক্তির বয়স আট বৎসরের বা স্থলবিশেষে চৌদ্দবৎসরের [illegible] ঐ সর্টিফিকেটে এই কথা লেখা থাকিবে।

কর্ম্ম করিবার বয়সের কথা।

৬ ধারা। আট বৎসরের কম বয়স্ক হইলে কোন শিশু কোন কারখানায় কর্ম্ম করিতে পারিবে না।

শিশুরা যত ঘণ্টা কর্ম্ম করিবে, তাহার কথা।

৭ ধারা। কোন দিন কোন কারখানায় কোন শিশু প্রকৃত প্রস্তাবে নয় ঘণ্টার অধিক কর্ম্ম করিবে না।

আহার ও বিশ্রামার্থে মাঝে২ অবকাশ দিয়া প্রতিদিন গড়ে একঘণ্টা সময় না দিয়া কোন শিশুকে কোন কারখানার কর্ম্মে নিযুক্ত রাখা যাইবে না।

যে২ সময়ে ঐ অবকাশ দেওয়া যাইবে এবং প্রত্যেক অবকাশ যে পরিমাণের হইবে, ইহা স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক কারখানার বর্ত্তমান রীতি ও দখলীকারের ইচ্ছা যতদূর জানিতে পারা যায় জানিয়া স্থির করিবেন।

দখলীকার কারখানার কোন সুপ্রকাশ স্থানে ইংরাজী ভাষায় ও কারখানা যে জিলায় থাকে তথাকার সমুদয় চলিত ভাষায় মুদ্রিত বা লিখিত নোটিস লটকাইয়া রাখিবেন, যে২ সময়ে ঐ অবকাশ দেওয়া যাইবে ও প্রত্যেক অবকাশ যে পরিমাণের হইবে, ঐ নোটিসে তাহা প্রকাশ থাকিবে।

আহার বা বিশ্রামার্থ যে অবকাশ দেওয়া যায় সেই সময়ে এই ধারার প্রথম প্রকরণের অর্থমতে শিশু কর্ম্ম করিতেছে বলিয়া জ্ঞান হইবে না।

শিশুদিগকে অবকাশের দিন দিতে হইবার কথা।

৮ ধারা। যে কোন কারখানায় শিশুরা কর্ম্ম করে তাহার দখলীকার প্রত্যেক মাসারম্ভের পূর্ব্বে উক্ত মাসে চারিদিনের অন্যূন যে কএক দিন শিশুরা ঐ কারখানায় কর্ম্ম করিবে না তাহা স্থির করিবেন, এবং এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কার্য্যকারককে নিযুক্ত করেন ঐ স্থিরীকৃত দিনের নোটিস অবিলম্বে সেই কার্য্যকারককে দিবেন।

এই ধারামতে যে কোন দিন স্থির করা যায় কোন কারখানার দখলীকার পরিদর্শকের অনুমতি গ্রহণপূর্ব্বক সেই দিনের পরিবর্ত্তে সেই মাসের অন্য কোন দিন ধার্য্য করিতে পারিবেন।

এই ধারামতে কোন দিন স্থির করা গেলে, পূর্ব্বোক্ত মতে যদি ঐ দিনের পরিবর্ত্তে অন্য দিন ধার্য্য করা না যায়, ঐ স্থিরীকৃত দিনে কোন শিশু ঐ কারখানায় কর্ম্ম করিবে না। তৎপরিবর্ত্তে অন্য দিন ধার্য্য হইলে, ঐ ধার্য্যকৃত দিনে কোন শিশু ঐ কারখানায় কর্ম্ম করিবে না।

একই দিনে দুই কারখানায় কর্ম্ম না করিতে হইবার কথা।

৯ ধারা। কোন শিশু কোন দিন অন্য কোন কারখানায় কর্ম্ম করিয়াছে, কোন কারখানার দখলীকার ইহা জানিলে, সেই দিনে সেই শিশুকে আপন কারখানায় কর্ম্ম করিতে দিবেন না।

শিশু কোন২ আশঙ্কাজনক কার্য্যে নিযুক্ত না হইবার কথা।

১০ ধারা। কারখানা যাঁহার দখলে থাকে তিনি যৎকালে উক্ত কারখানার কারুকর্ম্মের কল চালিত হইতেছে তৎকালে কোন শিশুকে [illegible] অথবা যৎকালে [illegible]

বিবিধ।

স্থানীয় গবর্ণমেণ্টের বিধি প্রণয়ন করিতে পারিবার কথা।

১৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট

(ক) কারখানার কল ও কলের সরঞ্জাম বেড়া দিয়া রাখিবার, ও

(খ) কারখানা পরিদর্শন করিবার, ও

(গ) যে প্রকারে এই আইনমতে আপীল উপস্থিত করা ও শুনা যাইবে তাহার, ও

(ঘ) প্রকারান্তরে এই আইনের বিধান ফলবৎ করিবার,

বিধানার্থ সময়ে২ এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন।

উক্ত বিধি রাজকীয় গেজেটে প্রকাশিত হইবে ও প্রকাশিত হইবামাত্র আইনতুল্য বলবৎ হইবে।

রাজকীয় কারখানার কথা।

১৯ ধারা। এই আইন রাজকীয় কারখানার প্রতি বর্ত্তিবে, কিন্তু সরকারী কার্য্যের পক্ষে অত্যন্ত প্রয়োজন হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব বা স্থানীয় গবর্ণমেণ্ট লিখিত আজ্ঞা দিয়া ঐরূপ কোন কারখানা যে পরিমাণে ও যে সময়ের জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব বা, স্থলবিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করেন, সেই পরিমাণে ও সেই সময়ের জন্য এই আইনের বিধান হইতে মুক্ত করিতে পারিবেন।

ডি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ১০ আগষ্ট।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের ৩০ মে তারিখে উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ৮ নম্বর।

কোন২ ব্যক্তিকে ও কোন২ সম্পত্তি মুনিসিপল টাক্স হইতে মুক্ত করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

মুনিসিপালিটীর অন্তর্বর্ত্তি কোন২ ব্যক্তিকে ও কোন২ সম্পত্তি টাক্স হইতে মুক্ত করিবার ক্ষমতা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি অর্পণ করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

টাক্স হইতে মুক্ত করিবার ক্ষমতার কথা।

১ ধারা। যৎকালে যে আইন প্রবল থাকে তাহাতে প্রকারান্তরের বিধান থাকিলেও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব লিখিত আজ্ঞা দিয়া,

(ক) সেনাদিগের সুশিক্ষা ও সুবিধান বিষয়ক ১৮৭৯ সালের আইনের অথবা ভারতবর্ষীয় যুদ্ধবিষয়ক বিধির অধীন কোন ব্যক্তির উপর, কিম্বা

(খ) শ্রীশ্রীমতী মহারাণীর কোন সম্পত্তির উপর, কোন মুনিসিপল কমিটী কর্ত্তৃক কোন টাক্স আদায় নিষেধ করিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তদ্রূপ আজ্ঞা দিয়া উক্তরূপ কোন নিষেধ বাক্য রহিত করিতে পারিবেন।

"মুনিসিপল কমিটী" শব্দের অর্থ।

২ ধারা। যৎকালে যে আইন প্রবল থাকে, তাহার বিধানমতে বা তদ্দারা যে মুনিসিপল সমবায়িত সমাজ বা মুনিসিপল কমিশ্যনরদের যে দল সংস্থাপিত হয়, এই আইনে "মুনিসিপল কমিটী" শব্দে তাহা গণ্য হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ১০ আগষ্ট।]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

সেনানিবেশ বিষয়ক ১৮৮০ সালের আইনের ২৪ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেনানিবেশ স্থানে কোন টাক্স আদায় নিষেধ করিতে পারেন, অথবা তথায় যে টাক্স আদায় হইতে পারে তাহার দায় হইতে কোন ব্যক্তিকে বা কোন শ্রেণীর লোকদিগকে মুক্ত করিতে পারেন।

২। মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সেনানিবেশ স্থানে যে সকল সৈনিক পুরুষ থাকেন কোন২ প্রকার মুনিসিপল টাক্স হইতে তাঁহাদিগকে মুক্ত করিবার অভিপ্রায়েই মুখ্যতঃ এই ক্ষমতা অর্পিত হয়। কিন্তু এরূপ স্থলও আছে যে স্থলে সেনানিবেশের মধ্যে থাকিবার স্থান না থাকাতে অথবা অন্য কোন কারণে সৈনিক পুরুষেরা সেনানিবেশের বাহিরে কোন মুনিসিপালিটীর সীমান্তর্গত স্থানে বাস করিতে বাধ্য হন। এরূপ স্থলে উক্ত ক্ষমতার প্রয়োগ হইতে পারে না, এনিমিত্ত সেনানিবেশ বিষয়ক আইনের পাণ্ডুলিপি যে সিলেক্ট কমিটীর হস্তে ছিল, তাঁহারা প্রস্তাব করেন যে মুনিসিপল টাক্স নিয়মিত করিবার আইনের যে পাণ্ডুলিপি তৎকালে মন্ত্রিসভায় উপস্থিত করিবার অনুমতি হইয়াছিল, সেই পাণ্ডুলিপিতে একটি বিধান বিন্যস্ত করিয়া ঐ দোষের প্রতীকার করা হয়।

৩। কিন্তু এক্ষণে উক্ত পাণ্ডুলিপি সম্বন্ধে কোন কার্য্য হইতেছে না। অতএব একটি স্বতন্ত্র পাণ্ডুলিপিতে আবশ্যক বিধান করা বাঞ্ছনীয় বোধ হইয়াছে। এজন্য তদনুসারে বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে।

৪। পাণ্ডুলিপিতে গবর্ণমেণ্টের সম্পত্তি মুনিসিপল টাক্স হইতে মুক্ত করিবারও বিধান আছে, এরূপ ক্ষমতা দেওয়া যে আবশ্যক ইদানীং তাহা দর্শন দ্বারা জানা গিয়াছে।

সিমলা,
১৮৮০ সাল, ২৭ মে।

সি, গ্রান্ট।

ডি, ফিটজপাট্রিক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ২৮ সেপ্টেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮০ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখে উপস্থিত করা গেলে তাহা সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সাল ১৬ নম্বর।

লোকসংখ্যা গ্রহণ সম্পর্কে কোনং বিষয়ের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ব্রিটিষ ভারতবর্ষের লোকসংখ্যা গ্রহণ করা স্থির হওয়াতে সেই লোকসংখ্যা গ্রহণ সম্পর্কে কোনং বিষয়ের বিধান করা বিহিত, এই হেতু পশ্চাল্লিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নাম।
আরম্ভ।

১ ধারা। এই আইন "ভারতবর্ষের লোকসংখ্যা গ্রহণ বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ও বিধিবদ্ধ হইবার তারিখ অবধি প্রচল হইবে।

স্থানীয় ব্যাপ্তি।

২ ধারা। এই আইনের ৩ ও ১২ ধারা ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে। অবশিষ্ট সমুদয় ধারা স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে সময়েং বিজ্ঞাপন প্রকাশ করিয়া ব্রিটিষ ভারতবর্ষের যেং স্থানে প্রচলিত হইবার আজ্ঞা করেন কেবল সেইং স্থানে প্রচলিত হইবে।

"লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারী" শব্দের অর্থ।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট নির্দ্দিষ্ট স্থানীয় চক্রের মধ্যে নামোল্লেখে বা পদোপলক্ষে যাঁহাকে লোকসংখ্যা গ্রহণ বা তৎকার্য্যের সাহায্য বা তত্ত্বাবধান করিতে নিযুক্ত করেন এই আইনে "লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারী" শব্দে তাঁহাকে বুঝাইবে।

লোক সংখ্যাগ্রহণের কর্ম্মচারির নিয়োগের প্রমাণের কথা।

৪ ধারা। কোন ব্যক্তি কোন স্থানীয় চক্রের লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারির পদে উপযুক্তমতে নিযুক্ত হইয়াছেন বলিয়া স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষের স্বাক্ষর করা লিখিত নিয়োগপত্রই সেই নিয়োগের সিদ্ধান্ত প্রমাণ হইবে।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিরা রাজকীয় কার্য্যকারক বলিয়া জ্ঞান হইবার কথা।

লোকসংখ্যা গ্রহণার্থ সকল কর্ম্মচারী ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন।

স্থলবিশেষে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের যে রূপে কার্য্য করিতে হইবে তাহার কথা।

৫ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কলিকাতা মান্দ্রাজ ও বোম্বাই নগরে স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি লোকসংখ্যা গ্রহণ সম্বন্ধে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারির যেং কার্য্য করিবার আদেশ করেন, শ্রীশ্রীমতী মহারাণীর কোন সৈনিক ও নাবিকদলের বা কোন যুদ্ধ জাহাজের অধ্যক্ষতাভারপ্রাপ্ত প্রত্যেক সামরিক বা নাবিক কর্ম্মচারী ও আড়কাটি বা হার্ব্বর-মাস্টর ভিন্ন জাহাজের অধ্যক্ষতা বা কর্ত্তৃত্ব করণের কার্য্য ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি ও ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর, হাস্পাতালের, কারখানা বাড়ীর, কারাগারের, চরিত্র সংশোধনালয়ের বা কাঁজিঘরের কিম্বা সাধারণ বা পরোপকারার্থ বা বিদ্যাশিক্ষার্থ আলয়ের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি এবং কোন সরাই, হোটেল, বোর্ডিং হৌস বা বাসাবাড়ী রক্ষক প্রত্যেক ব্যক্তি লোক সংখ্যা গ্রহণকালে আপন আজ্ঞা ও তত্ত্বাধীন কিম্বা আপন বাটীর ব্যক্তিদের সম্পর্কে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বা কার্য্যকারকের লিখিত আজ্ঞানুসারে লোকসংখ্যাগ্রহণের কর্ম্মচারির সেইং কর্ম্ম করিবেন।

লোকসংখ্যা গ্রহণের কার্য্য যাঁহারা করিতেছেন সেই র্ম্মকরণকালে তাঁহাদের প্রতি লোকসংখ্যা গ্রহণের র্ম্মচারী সম্বন্ধীয় এই আইনের বিধান যতদূর বর্ত্তিতে রে তত দূর বর্ত্তিবে, এবং উক্ত কোন ব্যক্তিকে এই নমতে কোন কার্য্য করিতে আদেশ করা গেলে তিনি াহা করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ১৮৭ ধারামত অপরাধ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে।

জিলার মাজিষ্ট্রেট সাহেবের কোন২ ব্যক্তিকে সাহায্য দিবার আদেশ করিতে পারিবার কথা।

৬ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব অনুজ্ঞা পত্র লিখিয়া আপন জিলার জমীদার ও তালুকদার ও ইজারদার সকলকে ও তাঁহাদের গোমাস্তাদিগকে উক্ত সংখ্যা গ্রহণ সময়ে আপন২ প্রজাদের সংখ্যা গ্রহণ কার্য্যে প্রয়োজনমত সাহায্য করিবার আদেশ দিবেন। যে প্রকারের সাহায্য প্রয়োজন ঐ অনুজ্ঞাপত্রে তাহা নির্দ্দিষ্ট থাকিবে।

এই ধারামতে জিলার মাজিষ্ট্রেট সাহেব যেপ্রকার ও যে পরিমাণ সাহায্য করিবার আদেশ দিতে পারিবেন, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিধি প্রকাশ করিয়া তাহা নির্দ্দিষ্ট করিতে পারিবেন।

লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের প্রশ্ন করিবার ক্ষমতার কথা।

৭ ধারা। এই কার্য্য নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট যে উপদেশ দেন তাহাতে লোকসংখ্যা গ্রহণের কোন কর্ম্মচারির প্রতি যে২ প্রশ্ন জিজ্ঞাসা করিবার আদেশ থাকে, তিনি যে স্থানীয় চক্রের নিমিত্ত নিযুক্ত হন তদন্তর্গত সকল ব্যক্তিকে সেই২ প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারিবেন।

উক্তরূপ সমুদয় উপদেশ স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে প্রকাশ করিবেন।

লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিকে সংবাদ দিতে হইবার কথা।

৮ ধারা। লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী যে কোন ব্যক্তিকে উক্তরূপ কোন প্রশ্ন জিজ্ঞাসা করেন, তিনি আপন জ্ঞান বা বিশ্বাসমতে উক্ত প্রশ্নের উত্তর দিতে আইনমতে বাধ্য হইবেন।

কিন্তু কোন ব্যক্তি আপন পরিবারস্থ কোন স্ত্রীলোকের নাম বলিতে আইনমতে বাধ্য হইবেন না।

বাটীপ্রভৃতির দখিলকারের গমনাগমন করিতে দিবার কথা।

৯ ধারা। যে ব্যক্তির দখলে কোন বাটী, ঘেরা স্থান, জলযান বা অন্য স্থান থাকে, লোকসংখ্যাগ্রহণার্থে লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের তথায় যুক্তিমত যেরূপ গমনাগমন করিবার প্রয়োজন হয়, তিনি তাঁহাদিগকে সেইরূপ গমনাগমন করিতে দিবেন।

লোক সংখ্যা গ্রহণের কর্ম্মচারিদের অনবধানতা নিমিত্ত দণ্ডের কথা।

১০ ধারা। লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী, জ্ঞান পূর্ব্বক ও যথোপযুক্ত কারণ বিনা ৭ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রকাশিত উপদেশ অমান্য করিলে কিম্বা ইচ্ছাপূর্ব্বক উক্ত উপদেশের অননুমত কোন প্রশ্ন জিজ্ঞাসা করিলে, কিম্বা মিথ্যা রিটর্ণ দিলে যদি উহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের বিধানের অন্তর্গত কোন অপরাধ বলিয়া গণ্য হইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধ নিমিত্ত উক্ত কর্ম্মচারির পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

অভিযোগসংক্রান্ত বিচারাধিপত্যের কথা।

১১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া,

(১) নির্দ্দেশ করিতে পারিবেন, কোন২ শ্রেণীর মাজিষ্ট্রেটদের সম্মুখে এই আইনমত অভিযোগ অথবা এই আইনের আদেশমত কোন কর্ম্ম করিতে উপেক্ষা বা অস্বীকার করা গেলে তদ্বিষয়ক অভিযোগ উপস্থিত করিতে হইবে,

(২) আদেশ করিতে পারিবেন যে উক্ত গবর্ণমেণ্টের অনুমতি কিম্বা এতদর্থে উক্ত গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারির অনুমতি পূর্ব্বে না লইয়া উক্তরূপ কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না।

যদি ও যাবৎ এই ধারার (১) প্রকরণমত জ্ঞাপনপত্র প্রকাশ করা না যায়, এই ধারামত সমুদয় অভিযোগ, কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইনগরে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে, এবং অন্যত্র জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, উপস্থিত করিতে হইবে।

লোকসংখ্যাগ্রহণের কাগজপত্র সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হইতে না পারিবার কথা।

১২ ধারা। ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের আইনে প্রকারান্তরের কথা থাকিলেও, লোকসংখ্যাগ্রহণের কোন কর্ম্মচারী স্বীয় কর্ম্মোপলক্ষে কোন বহীতে, রেজিষ্টরে, বা কাগজপত্রে যে কোন কথা লিখেন, তাহা বিচারসম্পর্কীয় কোন আনুষ্ঠানিক কার্য্যে সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে না।

কিন্তু এই ধারার কোন কথা এই আইনমত আনুষ্ঠানিক কার্য্যের প্রতি বর্ত্তে বলিয়া জ্ঞান হইবে না।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১৮৮১ সালের ফেব্রুয়ারি মাসে ব্রিটিষ ভারতবর্ষের সাধারণ লোক সংখ্যাগ্রহণ করিতে হইবে, স্থির হইয়াছে। লোকসংখ্যাগ্রহণের বন্দোবস্ত বিষয়ক রিপোর্ট করিতে যে কমিটী নিযুক্ত করা যায়, তাঁহারা পরামর্শ দেন যে, নিম্নলিখিত বিষয়ের অর্থাৎ,

(ক) লোক সংখ্যা গ্রহণার্থ স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এক বা অধিক ব্যক্তির নিয়োগের,

(খ) গণনাকারী ও তত্ত্বাবধারক নিয়োগার্থে জিলার কর্ম্মসম্পাদক প্রধান কর্ত্তৃপক্ষের প্রতি ক্ষমতাদানের,

(গ) স্থানীয় কর্ত্তৃপক্ষ যেরূপ সাহায্য করিবার আদেশ দেন জমীদার ও তালুকদার ও ইজারদারদের ও তাঁহাদের গোমস্তাদের প্রতি তদ্রূপ সাহায্য করিতে হইবার নিয়মের,

(ঘ) প্রাপ্ত উপদেশানুসারে প্রশ্ন করিবার ও গণনাকার্য্যসাধনার্থ ঘেরা স্থানে প্রবেশ করিবার ক্ষমতা গণনাকারিদিগকে প্রদান করণের;

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮০। ২৮ সেপ্টেম্বর।]

(ঙ) সংবাদ দিতে ত্রুটি হইলে দণ্ড করণের,

(চ) গণনাকারিদের অসদাচরণ নিমিত্ত দণ্ড করণের,

(ছ) কাহার দ্বারা ও কাহার সম্মুখে এই আইনমত অভিযোগ উপস্থিত করিতে হইবে, তাহা নির্দ্দেশ করণের,

বিধান করণার্থ সমস্ত ভারতবর্ষের নিমিত্ত একটি আইন বিধিবদ্ধ করা উচিত।

কমিটীর সভাপতি সাহেব বিবেচনা করেন যে, যদি এই প্রকারের একটি সাধারণ আইন বিধিবদ্ধ হয়, কোন বিশেষ প্রদেশে উহা প্রচলিত করিবার অনুমতি থাকিলেই হইবে, সর্ব্বত্র প্রচলিত করিবার প্রয়োজন নাই। স্থানীয় গবর্ণমেণ্টদিগকে এইরূপ ক্ষমতা দিলেই চলে যে তাঁহারা আপন ২ কর্তৃত্বাধীন দেশের সমুদয় বা কোন অংশে এই আইন প্রচলিত করিতে পারিবেন।

এই সকল প্রস্তাব সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টদের ও শাসনকর্তৃপক্ষদের সহিত পরামর্শ করা হইয়াছে, এবং তাঁহাদের মধ্যে অধিকাংশই আইন প্রণয়নের পক্ষ।

২। এই নিমিত্ত বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত হইয়াছে। ইহাতে প্রধানতঃ কমিটীর পরামর্শগুলি গৃহীত হইয়াছে, কিন্তু কার্য্যসম্পাদক অনুজ্ঞাদ্বারা যাহা করিতে পারা যায় ব্যবস্থা দ্বারা তাহার বিধান করা আবশ্যকীয় নয় বলিয়া পূর্ব্বোল্লিখিত প্রথম ও দ্বিতীয় বিষয়ে সম্বন্ধে কোন বিধান করা যায় নাই। পরন্তু লোকসংখ্যা গ্রহণের কর্ম্মচারিদিগকে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুযায়ী রাজকীয় কার্য্যকারক বলিয়া ব্যক্ত করা গিয়াছে, ইহাতে তাঁহারা যেমন উক্ত কার্য্যকারকদের সম্বন্ধে ঐ আইনে প্রদত্ত আশ্রয় প্রাপ্ত হইবেন, তেমনই অপরাধ করিলে ঐ আইনমত দণ্ডও পাইতে পারিবেন। কমিটী যে২ বিধান করিবার পরামর্শ দেন তদতিরিক্ত কথা কেবল ৫, ১১ ও ১২ ধারায় আছে। ৫ ধারা ১৮৭১ সালের বঙ্গীয় ১১ আইনের ৮ ধারানুযায়ী। ইহাতে সৈনিক ও নাবিক কর্ম্মচারিদিগকে, জাহাজের কাপ্তানদিগকে, হোটেল রক্ষকদিগকে এবং সাধারণ দাতব্যালয়ের ও বিদ্যালয়ের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ব্যক্তিদিগকে লোকসংখ্যাগ্রহণকার্য্যে সাহায্য করিবার আদেশ দিবার ক্ষমতা প্রদত্ত হইয়াছে। পঞ্জাব গবর্ণমেণ্টের পরামর্শমতে ১১ ধারার (১) প্রকরণে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ইহা নির্দ্দেশ করিবার ক্ষমতা দেওয়া আছে যে ঐ গবর্ণমেণ্টের অনুমতি না লইয়া এই আইনমত অভিযোগ উপস্থিত করা যাইবে না। পরিশেষে ১২ ধারায় বিধান আছে যে লোকসংখ্যাগ্রহণ সংক্রান্ত মোকদ্দমা ভিন্ন অন্য কোন স্থলে লোকসংখ্যাগ্রহণের কাগজপত্র সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে না। ভারতবর্ষের পক্ষে শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব এই মর্ম্মের পরামর্শ দেওয়াতেই, এই বিধানটি সন্নিবিষ্ট হইয়াছে।

সি, গ্রাণ্ট।

১৮৮০ সাল, ১ সেপ্টেম্বর।

ডি, ফিটজপাট্রিক,

ব্যবস্থাপন কার্য্যবিভাগে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L, *Bengali Translator*.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮০ সাল ৫ অক্টোবর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮০ সালের ২৩ জুলাই তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে, তাহা সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

১৮৮০ সালের ১২ নম্বর।

পেট্রোলিয়ম বিষয়ক ১৮৮০ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

তদ্রূপ অন্যান্য দ্রব্য আমদানী করিবার, চালান করিবার বিধান করণার্থ আইনের

ও তদ্রূপ অন্যান্য দ্রব্য আমদানী করিবার, নিকটে রাখিবার ও চালান করিবার বিধান করা অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

উপক্রমণিকা।

১ ধারা। সংক্ষেপ নাম। এই আইন "পেট্রোলিয়ম বিষয়ক ১৮৮০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে;

আরম্ভ। এবং ইহা ১৮৮১ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

স্থানীয় ব্যাপ্তি। (ক) আশঙ্কা জনক পেট্রোলিয়ম সংক্রান্ত এবং (খ) প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম আমদানী সংক্রান্ত,

এই আইনের বিধান ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যেং স্থান নির্দ্দেশ করেন, এই আইনের অবশিষ্ট বিধান কেবল সেইং স্থানে বর্ত্তিবে।

২ ধারা। যেং আইন রহিত হইল, তাহার কথা। ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৩৭ ধারা এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন প্রদেশের অন্তর্গত বন্দরে অগ্নিজন্য হানি নিবারণের আরো উপযুক্ত নিয়ম করণার্থ এবং উক্ত প্রদেশের অন্তর্গত বন্দরে ও স্থানে আশুজ্বলনশীল তৈল নিরাপদে রাখিবার বিধান করণার্থ ১৮৬৫ সালের বঙ্গীয় ৩ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

৩ ধারা। অর্থকরণের ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথা দ্বারা বিপরীত ভাব না বুঝাইলে,

'পেট্রোলিয়ম"। যে সকল তরল পদার্থ মাটিয়া তৈল, রাঙ্গুন তৈল, ব্রহ্মদেশীয় তৈল, কেরোসাইন, প্যারাফাইন তৈল, খনিজ তৈল, পেট্রোলাইন, গ্যাসোলাইন, বেনজোল, বেনজোলাইন ও বেনজাইন নামে সাধারণতঃ খ্যাত এবং যে কোন আশুজ্বলনশীল তরল পদার্থ পেট্রোলিয়ম বা পাথরিয়া কয়লা বা স্লেটাকার প্রস্তর বা উদ্ভিজ্জবস্তু জাত মৃত্তিকাদি বা অন্য কোন অ লকাতরাতুল্য দ্রব্য বা পেট্রোলিয়মজাত কোন বস্তু হইতে প্রস্তুত হয়, "পেট্রোলিয়ম" শব্দে তাহাও গণ্য।

কিন্তু যে কোন তৈল সামান্যতঃ মর্দ্দন করিবার নিমিত্ত ব্যবহৃত হয়, এবং যাহার প্রভানির্গমস্থল কারণছিটের তাপমান যন্ত্রের দুইশত পঞ্চাশ অংশে বা তদুপরি হয়, পেট্রোলিয়ম শব্দে তদ্রূপ কোন তৈল বুঝায় না।

ব্যাখ্যা।—নিম্নতম যে তাপাংশে পেট্রোলিয়ম হইতে এরূপ বাষ্প নির্গত হয়, যাহা, এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট যন্ত্রদ্বারা ও তন্নির্দ্দিষ্ট প্রকারে পরীক্ষিত হইলে ক্ষণিক প্রভা বা শিখা উৎপাদন করে, পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল বলিতে সেই তাপাংশ বুঝায়।

"প্রথম শ্রেণীর পেট্রোলিয়ম।" যে পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল কারণছিটের তাপমান যন্ত্রের ১০৩ অংশে বা তদুপরি হয়, "প্রথম শ্রেণীর পেট্রোলিয়ম" বলিতে সেই পেট্রোলিয়ম বুঝায়।

"দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম।" যে পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল কারণছিটের তাপমান যন্ত্রের ৮৩ অংশে বা তদুপরি কিন্তু ১০৩ অংশের নীচে হয়, "দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম" বলিতে সেই পেট্রোলিয়ম বুঝায়।

"আশঙ্কাজনক পেট্রোলিয়ম।" যে পেট্রোলিয়মের প্রভানির্গমস্থল কারণছিটের তাপমান যন্ত্রের ৮৩ অংশের নীচে হয়, "আশঙ্কাজনক পেট্রোলিয়ম" বলিতে সেই পেট্রোলিয়ম বুঝায়।

"আমদানী করা" "আমদানী করা" শব্দে সমুদ্রপথে বা স্থলপথে ব্রিটিষ ভারতবর্ষে আনা বুঝায়।

এবং "আমদানী" শব্দে পূর্ব্বোক্তরূপে ব্রিটিষ ভারতবর্ষে আনয়ন বুঝায়।

"চালান করা।" "চালান করা" শব্দ ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে এক স্থান হইতে স্থানান্তরে লইয়া যাওয়া বুঝায়।

"জাহাজ।" জলপথে মনুষ্য বা সম্পত্তি লইয়া যাইবার নিমিত্ত যাহা কিছু নির্ম্মিত হয়, "জাহাজ" শব্দে তাহাও গণ্য।

"কাপ্তান" আড়কাটী বা হার্ব্বর মাষ্টর ভিন্ন যখন যে কোন ব্যক্তির হস্তে বা কর্ত্তৃত্বাধীনে কোন জাহাজ থাকে, "কাপ্তান" শব্দে তদ্রূপ প্রত্যেক ব্যক্তি গণ্য।

"মাজিষ্ট্রেট।" "মাজিষ্ট্রেট" শব্দে রাজধানীনগরসমূহে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ও অন্যত্র প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট কিম্বা (এই আইনমতে মোকদ্দমার বিচার করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইলে) দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট বুঝাইবে।

"স্বামী"। যে কর্ম্মকারকের নামে কোন জাহাজের মাল পাঠান যায়, "স্বামী" শব্দে সেই কর্ম্মকারকও গণ্য।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়মের কথা।

৪ ধারা। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম আমদানী সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়মের আমদানী নিয়মিত করণার্থে, বিশেষতঃ নিম্নলিখিত কার্য্য নিমিত্ত, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং বিধি প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ

(ক) কোন জাহাজে উক্তরূপ কোন পেট্রোলিয়ম থাকিলে, তাহার পরিমাণ ও প্রকার নির্ণয় নিমিত্ত,

(খ) উক্ত পেট্রোলিয়ম জাহাজ হইতে নামাইবার পূর্ব্বে জাহাজের কাপ্তান কর্তৃক ঐ পেট্রোলিয়মের নমুনা দিতে হইবার ও উহার পরীক্ষা হইবার বিধান নিমিত্ত,

(গ) কেবল যেহ স্থানে উক্ত পেট্রোলিয়ম নামান যাইতে পারিবে তাহার নির্দ্দিষ্ট নিমিত্ত, এবং

(ঘ) উক্তরূপ কোন পেট্রোলিয়ম নামাইবার বা অন্য জাহাজে তুলিয়া দিবার সময়ের ও উপায়ের, এবং পূর্ব্বে সাবধান হইয়া যেহ নিয়ম অবলম্বন করিতে হইবে তাহার, বিধান নিমিত্ত।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম নিকটে রাখিবার ও চালান করিবার কথা।

৫ ধারা। এই আইনমতে দত্ত লাইসেন্সক্রমে ও তাহার নিয়মানুসারে না হইলে, পাঁচ শত গ্যালনের অধিক প্রথম শ্রেণীর পেট্রোলিয়ম, এবং

চল্লিশ গ্যালনের অধিক দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম,

কোন এক ব্যক্তি কর্তৃক অথবা একই বাটীতে রাখা যাইবে না অথবা চালান করা যাইবে না।

ঐরূপে নিকটে রাখিবার ও চালান করিবার সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। আইনমতে যেহ স্থলে লাইসেন্সের প্রয়োজন, সেইহ স্থলে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম নিকটে রাখিবার বা চালান করিবার লাইসেন্স দান সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েহ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

ঐ বিধিতে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়ের বিধান থাকিতে পারিবে, অর্থাৎ,

পেট্রোলিয়ম নিকটে রাখিবার লাইসেন্স হইলে,

(ক) যে প্রকারের বাটী ও তাহার যে রূপ অবস্থান হইলে ঐ লাইসেন্স দেওয়া যাইবে এবং

(খ) লাইসেন্স করা বাটী যে প্রকারে পরিদর্শন করা যাইবে ও তথায় যে পেট্রোলিয়ম পাওয়া যায় তাহা যে প্রকারে পরীক্ষা করিতে হইবে।

পেট্রোলিয়ম চালান করিবার লাইসেন্স হইলে,

(গ) ঐ পেট্রোলিয়ম যে প্রকারে বন্ধ করিয়া দিতে হইবে, যে উপায়ে স্থানান্তরে চালান করিতে হইবে, এবং যে পথ দিয়া উহা লইয়া যাইতে হইবে, এবং

(ঘ) পথে গমন কালে উহা যে প্রকারে থামান ও পরিদর্শন করা যাইবে।

উভয় প্রকার লাইসেন্সের বেলা,

(ঙ) যে কর্তৃপক্ষ কর্তৃক ঐ লাইসেন্স দেওয়া যাইবে,

(চ) উহার নিমিত্ত যে মাসুল দিতে হইবে,

(ছ) উহাতে যত পেট্রোলিয়ম ধরা যাইবে,

(জ) উহাতে যেহ নিয়ম থাকিতে পারিবে,

(ঝ) উহা যতকাল প্রবল থাকিবে, এবং

(ঞ) উহা যে প্রকারে নূতন করিয়া লইতে হইবে।

আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

৪০ গ্যালনের অধিক আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

৭ ধারা। পশ্চাল্লিখিত বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রদত্ত কোন লাইসেন্সক্রমে ও তাহার নিয়মানুসারে না হইলে, চল্লিশ গ্যালনের অধিক আশঙ্কাজনক পেট্রোলিয়ম আমদানী বা [illegible] করা, কিম্বা কোন এক ব্যক্তি কর্তৃক বা একই [illegible] রাখা, যাইবে না।

উক্তরূপ পেট্রোলিয়ম আমদানী বা চালান করিবার বা নিকটে রাখিবার লাইসেন্স পাইবার দরখাস্তের কথা।

উক্তরূপ লাই[illegible] পাইবার দরখাস্ত [illegible] করিতে হইবে, এবং তা[illegible] এইহ কথা প্রকাশ থা[illegible] অর্থাৎ, (ক) উক্তরূপ যতগুলে[illegible] লিয়ম আমদানী করিবা[illegible] স্থল বশেষে চালান করি[illegible] বা নিকটে রাখিবার ইচ্ছা থাকে,

(খ) যে কার্য্য নিমিত্ত ঐ পেট্রোলিয়মের ব্যবহ[illegible] হইবে বলিয়া দরখাস্তকারী বিশ্বাস করেন; এবং

(গ) ঐ কার্য্য নিমিত্ত আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভি[illegible] অন্য পেট্রোলিয়ম ব্যবহার করা যাইতে পারে না।

লাইসেন্স দিবার অধিকার কথা।

যদি স্থানীয় গবর্ণমেণ্ট এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে ঐ পেট্রোলিয়[illegible] উক্ত কার্য্য নিমিত্ত ব্যবহৃত হইবে এবং ঐ কার্য্য নিমিত্ত আশঙ্কাজনক পেট্রোলিয়ম ভিন্ন অন্য পেট্রোলিয়ম ব্যবহার করা যাইতে পারে না, তবে নিয়ম বিনা অথবা যেরূপ নিয়ম উচিত বোধ করেন সেইরূপ নিয়মাধীনে [illegible] পেট্রোলিয়ম আমদানী করিবার বা, স্থলবিশেষে, চালান করিবার বা নিকটে রাখিবার লাইসেন্স দিতে পারিবেন।

চল্লিশ গ্যালনের অনধিক পরিমাণের আশঙ্কাজনক পেট্রোলিয়মের কথা।

৮ ধারা। চল্লিশ গ্যালন তুল্য বা তদধিক পরিমাণের আশঙ্কাজনক পেট্রোলিয়ম লাইসেন্স বিনা রাখা [illegible] চালান করা যাইবে না।

কিন্তু যে পরিমাণ ঐরূপ পেট্রোলিয়ম কোন এক ব্যক্তি কর্তৃক বা এক বাটীতে রাখা যায় বা চালান করা যায় তাহা যদি তিন গ্যালনের অনধিক হয়, এবং যে প্রত্যেক স্বতন্ত্র কাচ নির্ম্মিত বা মৃন্ময় বা ধাতুনির্ম্মিত পাত্রে এক পাইন্টের অধিক ধরে না ও যাহা সাবধানে বদ্ধ ঐ পেট্রোলিয়ম যদি তাহাতে রাখা যায়, তবে এই ধারার কোন কথা তৎপ্রতি বর্ত্তিবে না।

৪ ও ৬ ধারা খাটিবার কথা।

৯ ধারা। ইহার পূর্ব্বের বিহিত মত না হইলে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়ম সম্বন্ধে ৪ ও ৬ ধারার যেহ বিধান আছে সেইহ বিধান আশঙ্কাজনক পেট্রোলিয়মেরও প্রতি বর্ত্তিবে।

সাধারণতঃ পেট্রোলিয়মের কথা।

পেট্রোলিয়ম যে পাত্রে থাকে তাহা চিহ্নিত করিবার কথা।

১০ ধারা। যে পেট্রোলিয়ম [illegible] আমদানী হইবার তারিখ অবধি সাতদিনের পর কোন স্থানে রাখা যায়, বা (খ) চালান করা যায়, কিম্বা (গ) বিক্রয় করা যায় বা বিক্রয় নিমিত্ত দেখান যায়, তাহা যে পাত্রে রাখা যায়, তাহার উপর পরিস্ফুট বাঙ্গালা অক্ষরে একটি স্থায়ী চিহ্ন ব[illegible] দিতে হইবে। উহাতে লেখা থাকিবে, ঐ পেট্রোলিয়ম এই আইনের নির্দ্দিষ্ট কোন্ প্রকারের পেট্রো[illegible]